ইংরেজী শিক্ষা
B.B.

বাংলার মাধ্যমে ইংরেজী শিক্ষা

ENGLISH THROUGH BENGALI

বাংলার মাধ্যমে ইংরেজী শিক্ষা

ENGLISH THROUGH BENGALI

CALLING ALL BEGINNERS

আর যাঁরা আবার আরম্ভ করতে চান

বেতার ও গ্রামোফোন রেকর্ডে
সহজে ইংরেজী শিক্ষা

লেখক :
ডেভিড্ হিক্স

বাংলায় পুনর্লিখন :
কণিকা বসু, বি এ (কলকাতা), মণ্ট. ডিপ্ (লণ্ডন)
টি এস. (লণ্ডন)

চিত্রন :
"গ্যাস"

English By Radio
বি-বি-সির "ইংলিস বাই রেডিও" অনুষ্ঠানের
জন্যে লিখিত

ভূমিকা

বি-বি-সির "ইংলিশ বাই রেডিও"—বেতারে ইংরেজী শিক্ষার জন্যে এই পুস্তক লেখা হয়েছে। ইংরেজী শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রাথমিক ও উচ্চ-শিক্ষার জন্যে বি-বি-সি নানা পাঠের ব্যবস্থা করেছেন। সব পাঠ অধ্যয়ন করতে কয়েক বছর লাগবে। এই পাঠ্য-বিষয় প্রথম শিক্ষার্থীদের জন্যে, বিশেষ ক'রে যাঁরা খুব বেশী সময় নিয়োগ করতে পারবেন না অথচ স্বল্প সময়ে কার্য্যকরী ইংরেজী ভাষা শিখতে চান তাঁদের জন্যে। ৫২টি পাঠে ইংরেজী ভাষার প্রয়োজনীয় বিষয়ের আলোচনা করা হয়েছে। এ বই নতুন শিক্ষার্থীদের জন্যে; কিন্তু যাঁরা ইংরেজী ভাষা আগে শিখেছেন অথচ অভ্যাস রাখেন নি, তাঁরাও এ বই থেকে সহজে আবার পাঠ ক'রে নিতে পারবেন।

বি-বি-সির বেতার থেকে গৃহীত কয়েকটি রেকর্ড সহযোগে এই গ্রন্থ অনুশীলন করতে হবে। রেকর্ড আর বই নিয়ে যে কেউ সম্পূর্ণ শিক্ষা লাভ করতে পারবেন।

বি-বি-সির কর্ম্মীরা এ সব রেকর্ড সযত্নে তৈরী করেছেন। বিশুদ্ধ বাচন ভঙ্গী আর রেকর্ডের যান্ত্রিক উৎকর্ষতা বি-বি-সির উচ্চ মান অনুযায়ী সম্পূর্ণ বজায় রাখা হয়েছে।

৫২টি পাঠের শেষে দৈনন্দিন কাজে যে ইংরেজী ভাষার প্রয়োজন হয় তা আয়ত্ত করতে পারবেন। যদি আরো অনুশীলন করতে উৎসুক হন তাহ'লে বাড়ীতে অন্য রেকর্ড নিয়ে পাঠ কিংবা বেতারে ইংরেজী শিক্ষার অনুষ্ঠান শুনতে পারেন।

অন্য রেকর্ড কি কি পাওয়া যায় তা গ্রামোফোন দোকানে খোঁজ করলে জানতে পারবেন। বেতারে ইংরেজী শিক্ষা অনুষ্ঠানের খবর পেতে হ'লে নিচের ঠিকানায় লিখুন :

"ইংলিশ বাই রেডিও"
বি-বি-সি,
লণ্ডন, ডব্লু. সি. দুই।

পরিচয়

অনেকের অভ্যাস আছে, পুস্তক পাঠ শেষ করার পর গ্রন্থ-পরিচয় দেখা। এক্ষেত্রে তা করলে মারাত্মক ভুল হবে।

কোন কিছু করার আগে, সর্ব্ব প্রথমে প্রয়োজন পুস্তকের পরিচয় পাঠ করা আর তা যে পূর্ণভাবে বুঝছেন সে সম্বন্ধে স্থিরনিশ্চিত হওয়া।

প্রথম অংশ

ইংরেজী লেখা ও পড়া

বইটি সার্থকভাবে কাজে লাগাতে হ'লে, ইংরেজী অক্ষর লিখতে ও পড়তে পারা প্রয়োজন। যদি আপনার ইংরেজী অক্ষর জ্ঞান না থাকে, তাহ'লে সেটা জানা আপনার সর্ব্ব প্রথম দরকার।

ইংরেজী বর্ণমালায় ছাব্বিশটি অক্ষর আছে। পরে এই অক্ষরগুলি দেওয়া হ'ল। প্রথম রেকর্ডের প্রথম অংশ শুনে আপনি শিখতে পারবেন, প্রত্যেকটি অক্ষর কিভাবে উচ্চারণ করতে হয়।

পরে দেওয়া বর্ণমালায় দেখবেন যে ছাপা আর হাতের লেখা প্রত্যেক অক্ষরের দু'টি ক'রে আকৃতি আছে। ছাপা ও হাতের লেখা অক্ষরের মধ্যে পার্থক্য আছে। উভয় ক্ষেত্রেই প্রথমে, অক্ষরের যে আকৃতি দেওয়া আছে তা হ'চ্ছে ক্যাপিটল বা বড় অক্ষর। এটা বাক্যের প্রথমে বা নামের প্রথম অক্ষর রূপে ব্যবহৃত হয়। উপাধিতেও কথার পরিবর্ত্তে বড় অক্ষর ব্যবহৃত হয়। অক্ষরের অন্য আকৃতি ছোট অক্ষর রূপে পরিচিত। এই ছোট অক্ষর অন্যান্য সকল ক্ষেত্রে ব্যবহৃত হয়।

রেকর্ডের বক্তার সঙ্গে অনেকবার এ বর্ণমালা অভ্যাস করুন। যখন বক্তা প্রত্যেক অক্ষরের নাম উচ্চারণ করবেন, তখন সেই অক্ষরের ছাপার আকৃতি ভাল ক'রে লক্ষ্য করুন। যতদিন না স্থিরনিশ্চিত জানবেন যে অক্ষরগুলি ওলোট পালট অবস্থায় থাকলেও আপনি তা চিনতে পারছেন আর অক্ষরের নাম বলতে পারছেন, ততদিন বক্তার সঙ্গে অক্ষরগুলি অভ্যাস করুন। কেমন অক্ষর চিনেছেন তা আপনি নিজেই পরীক্ষা করুন। এ পুস্তকের যে কোন পাতায় ছাপা ইংরেজী অক্ষর বার করুন আর সে অক্ষরের নাম নিজে নিজে উচ্চারণ করুন।

ছাপা অক্ষর Printed Form.			হাতের লেখা Handwritten Form.		ছাপা অক্ষর Printed Form			হাতের লেখা Handwritten Form.	
1.	A	a	A	a	14.	N	n	N	n
2.	B	b	B	b	15.	O	o	O	o
3.	C	c	C	c	16.	P	p	P	p
4.	D	d	D	d	17.	Q	q	Q	q
5.	E	e	E	e	18.	R	r	R	r
6.	F	f	F	f	19.	S	s	S	s
7.	G	g	G	g	20.	T	t	T	t
8.	H	h	H	h	21.	U	u	U	u
9.	I	i	I	i	22.	V	v	V	v
10.	J	j	J	j	23.	W	w	W	w
11.	K	k	K	k	24.	X	x	X	x
12.	L	l	L	l	25.	Y	y	Y	y
13.	M	m	M	m	26.	Z	z	Z	z

এর পর হাতের লেখা অক্ষরের আকৃতি কি রকম হয় তা রপ্ত ক'রে নিন। প্রত্যেকটি হাতে লেখা অক্ষরের আকৃতি আপনি নিজে নিজে লেখা অভ্যাস করুন। এই রকম ভাবে লিখে চলুন। যখন দেখবেন যে অপরে ওলোট পালট ভাবে নাম করলেও আপনি বিনা দ্বিধায় অক্ষরগুলি লিখে যাচ্ছেন,

তখন বুঝবেন যে হাতের লেখা অক্ষরের সঙ্গে আপনার পরিচয় হয়েছে। যখন লেখা অভ্যাস করবেন তখন যে অক্ষর লিখছেন তার নাম উচ্চারণ ক'রে লিখলে আপনার সুবিধা হবে। শব্দ ও বাক্য লিখনে প্রত্যেক শব্দের অক্ষরগুলি সাধারণতঃ এক সঙ্গে যোগ রেখে লেখা হয়। অক্ষর পরিচয় শেষ করার আগে ৩০নং পাঠে ছাপা চিঠিটি নিজের হাতে লিখে ফেলুন।

Dear Mrs. Young,
I didn't forget to write to you. We are having a splendid time here in Edinburgh. The weather seems to be kind. John wants to walk up to the top of "Arthur's Seat" this afternoon. (That's a hill near here.) But I refuse to go with him. Perhaps I am lazy: I don't really like walking. He says I ought to have more exercise.

দ্বিতীয় অংশ

ইংরেজী উচ্চারণ

ভাল ইংরেজী উচ্চারণে অভ্যস্ত হ'তে গেলে একান্ত প্রয়োজন হচ্ছে খুব মন দিয়ে শোনা আর যত্নের সঙ্গে অনুকরণ করা।

কিন্তু কি শোনা দরকার তা জানাও অত্যন্ত প্রয়োজন। তা না হ'লে একান্ত প্রয়োজনীয় নির্দ্দেশ ধরতে ভুল হবে। কিছু উপদেশ এখানে দেওয়া হচ্ছে, এতে আপনার সুবিধা হবে।

উচ্চারণের মূল সূত্র হচ্ছে তিনটি। **ছন্দ**—যেমনভাবে কয়েকটি শব্দাংশের উচ্চারণে বেশ জোর দেওয়া হয় আর অন্য শব্দাংশের উচ্চারণ হাল্কাভাবে করা হয়—কথার মধ্যে যেন ছন্দের সমাবেশ। **স্বরভঙ্গী**—কথা বলার সময় যেমন গলার স্বর উঠা নামা করে। এতে শব্দের অর্থ পরিস্ফুট হয়। **শব্দগুণ**—যেভাবে কণ্ঠ হ'তে শব্দবিশেষের আওয়াজ বার হয়। ভাল ইংরেজী উচ্চারণ করতে হ'লে এই তিন মূল সূত্রের প্রত্যেকটির প্রয়োজন আছে, শুধু একটি হ'লেই চলবে না।

(ক) ছন্দ

ইংরেজী শব্দের উচ্চারণে কতকগুলি শব্দাংশের উপর জোর দেওয়া হয় আর কতকগুলির উপর জোর দেওয়া হয় না। জোর দেওয়া শব্দাংশগুলি, জোর না দেওয়া শব্দাংশের চেয়ে উচ্চস্বরে বা তীব্র ভাবে বলা হয়। এ রকম ভাবে বলতে সঙ্কোচ করবেন না। প্রথমে মনে হতে পারে যে আপনি একটু অতিরঞ্জন করছেন—কিন্তু সত্যিই তা সম্ভব নয়।

কোন্ বিশেষ শব্দের উচ্চারণে কোন্ শব্দাংশের উপর জোর দিতে হবে তা অবশ্য আপনার জানা প্রয়োজন। যখনই কোন নতুন কথা পাবেন তখন এ বিষয়ে বিশেষ লক্ষ্য দেবেন। আপনার সাহায্যের জন্যে আমরা জোর দেওয়া শব্দাংশের আগে ' চিহ্ন দেব। (নিম্নে (গ) দ্রষ্টব্য)

শব্দাংশের উপর জোর দেওয়া ছাড়াও আপনি আরো লক্ষ্য করবেন যে বাক্যের মধ্যে কয়েকটি কথা অন্য কথার চেয়ে দৃঢ়ভাবে বলা হয়। সাধারণতঃ, বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়াগুলি সর্ব্বাপেক্ষা উচ্চস্বরে বলা হয়। এ বিষয়ে বিশেষ লক্ষ্য দেবেন কারণ ঠিক ছন্দ ও উচ্চারণে এটী অত্যাবশ্যক।

(খ) **স্বরভঙ্গী**

স্বরভঙ্গী সম্পর্কে এখানে বিস্তৃত আলোচনা সম্ভব নয়। তাহ'লেও বিশেষ ক'রে এই লক্ষণগুলি শোনার চেষ্টা করুন।

বাক্যের শেষে কণ্ঠস্বর হঠাৎ খুব নিচু হ'য়ে যেতে পারে, বিশেষ ক'রে যখন কোন বিবৃতি দেওয়া হয়। বাক্যের শেষে গলার স্বর হঠাৎ খুব উঁচু হতে পারে—বিশেষ ক'রে কোন প্রশ্ন জিজ্ঞাসার শেষে।

উঁচু সুরে বা নিচু সুরে কথা বলা আরম্ভ হতে পারে। একটি শব্দাংশের উচ্চারণে সুর উঁচুতে উঠতে পারে বা নামতে পারে। আবার কয়েকটী শব্দাংশের উচ্চারণের মধ্যে সুর ক্রমশঃ উঠতে বা নামতে পারে।

যে শব্দ বা শব্দাংশের উচ্চারণে জোর দেওয়া হয়, সে শব্দ বা শব্দাংশের সুর আগে ও পরের শব্দ বা শব্দাংশের চেয়ে উঁচু সুরে হতে পারে, আবার নিচু সুরেও হ'তে পারে।

এই সব পরিবর্ত্তনের নিজস্ব অর্থ আছে। সুতরাং খুব মনোযোগ দিয়ে ইংরেজী কণ্ঠস্বরের উঠানামা শুনুন আর তা অনুকরণ করুন।

(গ) **শব্দগুণ**

শব্দের আওয়াজ মনে রাখার জন্যে আর সহজে চিনবার জন্যে আমরা আন্তর্জ্জাতিক স্বরবিজ্ঞান সমিতির বর্ণমালা ব্যবহার করব।

পরিচয়ের প্রথম দিকে আপনি সাধারণ ইংরেজী বর্ণমালা শিখেছেন। লেখা ও পড়ার জন্যে এ বর্ণমালা সম্পূর্ণ হ'লেও, উচ্চারণ নির্দ্দেশের পক্ষে খুব সন্তোষজনক নয়। কয়েকটি অক্ষরের উচ্চারণ নানা রকম হ'তে পারে। কতকগুলি কথার আওয়াজ আবার ভিন্নভাবে লেখা সম্ভব হ'তে পারে। এ অসুবিধা দূর করার জন্যে আর সঠিক উচ্চারণের নির্দ্দেশ দেবার জন্যে স্বরবিজ্ঞান অনুযায়ী বর্ণমালা পরিকল্পনা করা হয়েছে। এতে এক একটি আওয়াজের জন্যে এক একটি সঙ্কেত ঠিক করা হয়েছে।

স্বরবিজ্ঞানের বর্ণমালায় সাধারণ বর্ণমালার কয়েকটি সঙ্কেত ছাড়াও অতিরিক্ত কয়েকটি সঙ্কেত আছে। পরে দেওয়া তালিকায় (List of Phonetic Symbols) সব সঙ্কেতগুলি একত্রে দেওয়া হয়েছে—প্রথমে স্বরবর্ণের সঙ্কেত পরে ব্যঞ্জনবর্ণের সঙ্কেত। প্রত্যেক সঙ্কেতের অপর দিকে

সঙ্কেতের উচ্চারণ অনুযায়ী কয়েকটী কথার উদাহরণ দেওয়া হয়েছে। কথা-গুলি সাধারণ ইংরেজী বর্ণমালার অক্ষরে লেখা হয়েছে। স্বরবিজ্ঞানের অক্ষরে লেখা হয়েছে ( ) চিহ্নের মধ্যে। লক্ষ্য করলে দেখবেন যে সাধারণ অক্ষরে বানানের পরিবর্ত্তন হ'লেও স্বরবিজ্ঞানের অক্ষরে বানান একই রকম।

এ উদাহরণগুলি রেকর্ডের দ্বিতীয় ও তৃতীয় অংশে বাণীবদ্ধ করা হয়েছে। রেকর্ড শুনে আর সঙ্গে সঙ্গে সাধারণ ও স্বরবিজ্ঞানের বানান তুলনা ক'রে দেখুন। আপনি প্রথমে ইংরেজী কথার আওয়াজ ও পরে, ইংরেজী কথাগুলি কিভাবে বানান করা হয় তা ভালভাবে জেনে নিন।

পুস্তকের শেষে ইংরেজী সাধারণ শব্দ-সংগ্রহের কথাগুলি স্বরবিজ্ঞানের বানানে দেওয়া হয়েছে।

স্বরবিজ্ঞানের বানানে, কোন শব্দাংশের আগে ' চিহ্ন থাকলে শব্দাংশ উচ্চারণে জোর দেওয়ার ইঙ্গিত করে। স্বরবর্ণের পরে : চিহ্ন, দীর্ঘ স্বরের সঙ্কেত জানায়। * চিহ্নে বোঝায় যে এ শব্দগুলির শেষে যদি কোন শব্দ, স্বরবর্ণের আওয়াজে আরম্ভ হয়, তাহ'লে চিহ্নিত শব্দগুলির শেষে *r* যোগ করা যেতে পারে।

LIST OF PHONETIC SYMBOLS

VOWELS

i: east (i:st), he (hi:), three (θri:), seat (si:t), these (ði:z).
i is (iz), city ('siti), this (ðis).
e end (end), yes (jes), head (hed), letter ('letə*).
æ ass (æs), hat (hæt), hand (hænd).
ɑ: ask (ɑ:sk), father ('fɑ:ðə*), car (kɑ:).
ɔ on (ɔn), off (ɔf), dog (dɔg).
ɔ: all (ɔ:l), saw (sɔ:), more (mɔ:*), four (fɔ:*), thought (θɔ:t), caught (kɔ:t).
u foot (fut), book (buk), put (put).
u: do (du:), you (ju:), food (fu:d).
ʌ us (ʌs), come (kʌm), son (sʌn), mother ('mʌðə*).
ə: early ('ə:li), her (hə:*), bird (bə:d), church (tʃə:tʃ).
ə a (ə), about (ə'baut), the (ðə), father ('fɑ:ðə*).
ei April ('eipril), they (ðei), play (plei), name (neim).
ou over ('ouvə*), own (oun), go (gou), window ('windou), those (ðouz), road (roud).
ai I (ai), my (mai), five (faiv).
au our (auə*), now (nau), house (haus).
ɔi oil (ɔil), boy (bɔi), noise (nɔiz).
iə ear (iə*), here, hear (hiə*), beer (biə*), beard (biəd).
ɛə air (ɛə*), hair (hɛə*), there, their (ðɛə*).
uə poor (puə*), sure (ʃuə*).

CONSONANTS

p pen (pen), top (tɔp), paper ('peipə*).
b be (bi:), knob (nɔb), baby ('beibi).
t tea (ti:), eat (i:t), water ('wɔ:tə*).
d day (dei), bed (bed), order ('ɔ:də*).
k cake (keik), clock (klɔk), worker ('wə:kə*).
g go (gou), bag (bæg), egg (eg), sugar ('ʃugə*), bigger ('bigə*).
m my (mai), ham (hæm), home (houm), small (smɔ:l), common ('kɔmən).
n no (nou), on (ɔn), rain (rein), corner ('kɔ:nə*), dinner ('dinə*).
ŋ ring (riŋ), ink (iŋk), longer ('lɔŋgə*).
l low (lou) bell (bel), table ('teibl), field (fi:ld), cellar ('selə*).
r red (red), radio ('reidiou), fruit (fru:t), sorry ('sɔri).
f face (feis), wife (waif), off (ɔf), different ('difrənt).
v very ('veri), live (liv), of (ɔv), river ('rivə*).
θ think (θiŋk), three (θri:), both (bouθ), nothing ('nʌθiŋ).
ð this (ðis), with (wið), brother ('brʌðə*).
s son, sun (sʌn), yes (jes), sister ('sistə*).
z is (iz), was (wɔz), lazy ('leizi).
ʃ she (ʃi:), wash (wɔʃ), fashion ('fæʃən), station ('steiʃən).
ʒ pleasure ('pleʒə*), usual ('ju:ʒuəl).
h he (hi:), his (hiz), who (hu:), behind (bi'haind).
j you (ju:), few (fju:), cure (kjuə*), beautiful ('bju:tiful).
w we (wi:), what (wɔt), away (ə'wei), language ('læŋgwidʒ).
tʃ choose (tʃu:z), church (tʃɔ:tʃ), picture ('piktʃə*).
dʒ jug (dʒʌg), June (dʒu:n), bridge (bridʒ), enjoy (in'dʒɔi).

তৃতীয় অংশ

এ পুস্তক ব্যবহারে সাধারণ কয়েকটী উপদেশ

দৈনন্দিন ব্যবহারে যে ইংরেজী ভাষা আপনার সবচেয়ে বেশী কাজে লাগবে, সেই রকম ইংরেজী যতদূর সম্ভব ভাল ভাবে বলতে শেখাতে আমরা আপনাকে সাহায্য করতে চাই। আমাদের সাধারণ উপদেশ হচ্ছে : এই পাঠের স্থরু থেকেই,

যত পারেন ততই নিজে ইংরেজীতে কথা বলুন।

যে সব অনুশীলন দেওয়া হয়েছে তা সবগুলিই করুন আর সেগুলি উচ্চস্বরে বলুন। রেকর্ডে যা কিছু বলা হয়েছে তা আপনি নিজে উচ্চারণ করুন। যতদিন না আপনি ইংরেজ বক্তার মত বাক্যগুলি উচ্চারণ করছেন ততদিন সন্তুষ্ট হবেন না।

যদি কোন অনুশীলনের উদ্দেশ্য হয় লেখা, তাহ'লেও তা আপনি উচ্চস্বরে বলুন। যত পারবেন, অভ্যাস করুন। কেউ বলবেন না ইংরেজী উচ্চারণ সহজ। কিন্তু যদি মন দিয়ে শোনেন আর বারবার অভ্যাস করেন তাহ'লে নিশ্চয় আপনি ঠিক মত উচ্চারণ করতে পারবেন।

এসব পাঠে আপনি কি পাবেন

এবারে পাঠ সম্বন্ধে কথা। পুস্তকে পাঠ যেমন ভাবে সমাবেশ হয়েছে, পরপর তেমনি ভাবে বলব। পরে খোঁজার সুবিধার জন্যে, প্রথমে দেওয়া হবে পাঠে ব্যবহৃত নতুন কথাগুলি। এর পরে, পাঠে ব্যবহৃত বাক্য-বিন্যাস ও ব্যাকরণের ব্যাখ্যা, প্রয়োজনীয় "বদল তালিকা" (পরে দেওয়া হয়েছে) আর অভ্যাসের জন্যে কয়েকটী অনুশীলন। এর পরে থাকবে রেকর্ডের লিখিত ভাষ্য। প্রথম কয়েকটি পাঠের জন্যে "অভ্যাস বাক্য" থাকবে। অর্থাৎ বাণীবদ্ধ করা আদর্শস্বরূপ কয়েকটি ইংরেজী বাক্য আর এর মাঝে মাঝে বিরতি, যাতে আপনি ইংরেজ বক্তাদের অনুকরণ করার সময় পান। কিন্তু পঞ্চম পাঠের পরের পাঠ থেকে, প্রত্যেক পাঠে অবিচ্ছিন্নভাবে কথোপকথন থাকবে। এ কথোপকথনে ইয়ং নামে ইংরেজ পরিবার আর বিদেশ থেকে আগত অতিথি বেনেডিক্‌ট্‌দের কথা থাকবে। প্রত্যেক দ্বিতীয় কথাবার্ত্তার পর আরো থাকবে অভ্যাসের জন্যে বাক্যসমষ্টি।

প্রথমে কি করবেন

বিদেশী ভাষা শেখার সময় কেউ কেউ ব্যাকরণের নিয়মকানুন নিয়ে মাথা ঘামাবার আগে, শুধু ভাষা শুনে আর অনুকরণ ক'রে আরম্ভ করতে চান। যদি আপনার রেকর্ড থাকে তাহ'লে আপনি এরকম করতে পারেন—বিশেষ ক'রে শেষের দিকের পাঠগুলিতে। কিন্তু সাধারণতঃ দেখবেন আপনার সুবিধা হবে যদি কথোপকথন ও অভ্যাস বাক্যগুলি অধ্যয়নের পূর্ব্বে, ব্যাকরণের ব্যাখ্যাগুলি প্রথমে একবার তাড়াতাড়ি পড়ে নেন। তাহ'লে পাঠে ব্যবহৃত পদ-বিন্যাসগুলি সহজেই বোঝা সম্ভব হবে। অপর দিকে শব্দ-সংগ্রহের কথাগুলি মুখস্থ করার চেষ্টা করবেন না। যতক্ষণ না কোন বাক্যে কথাগুলির ব্যবহার শুনছেন ততক্ষণ অপেক্ষা করুন। তা না হ'লে আপনি সহজেই কথার ভুল অর্থ ও ভুল ব্যবহার বুঝে বসবেন।

শব্দ ও বাক্য-বিন্যাসগুলি আগে ব্যবহৃত হতে শুনুন, তারপর তা শিখুন।

রেকর্ডে বাণীবদ্ধ পাঠ শোনা শেষ করার পর, মনোযোগ দিয়ে তা আবার শুনুন যতক্ষণ না আপনি প্রত্যেকটি শব্দ বুঝতে পারছেন। পরে অনুশীলনগুলি নিজে করুন। পুস্তকের শেষে অনুশীলনের উত্তর দেওয়া আছে।

রেকর্ড

আগে যেমন বলেছি প্রত্যেক পাঠের সঙ্গে সংশ্লিষ্ট কথোপকথন আর অভ্যাসের জন্যে বাক্য রেকর্ডে বাণীবদ্ধ করা আছে। প্রথমে তা শুনুন, হাতে রাখুন লিখিত ভাষ্য। বেশ কয়েকবার রেকর্ড বাজিয়ে শুনুন যতক্ষণ না প্রত্যেক কথার আওয়াজের সঙ্গে আপনি ভালভাবে পরিচিত হন। তারপর লিখিত ভাষ্য না দেখে শুনুন, বুঝুন আপনি পূর্ণভাবে অর্থ উপলব্ধি করতে পারছেন কিনা। যখনই দেখবেন কোন বাক্যাংশের অর্থ আপনার কাছে পরিষ্কার নয়, তখন রেকর্ড থামিয়ে বই দেখে নিন। মানে বোঝা ঠিকমত হ'লে, লিখিত ভাষ্য দেখে আপনি নিজে নিজে কথাগুলি বলুন। যদি কথোপকথন হয়, তাহ'লে ইংরেজ বক্তাদের সঙ্গে সঙ্গে বলুন আর যদি অভ্যাসের জন্যে বাক্য সমষ্টি থাকে, তাহ'লে বক্তাদের বলার পর বলুন। শেষে রেকর্ডটি, একটি বা দুটিমাত্র বাক্যের জন্যে বাজান আর কি শুনলেন তা না দেখে নিজে লিখুন। পরে পুস্তকের লেখার সঙ্গে মিলিয়ে দেখুন। যদি আপনি সাবধান থাকেন তাহ'লে রেকর্ড থেকে পিন্ না তুলেই আপনি রেকর্ডটি চালাতে ও থামাতে পারবেন। তা না হ'লে আপনি গ্রামোফোনের দোকানে খোঁজ করুন তাঁরা আপনাকে এমন যন্ত্র দিতে পারবেন যাতে আপনি রেকর্ডের যে কোন জায়গা থেকে সাউণ্ড-বক্সের পিন্ তুলে রাখতে পারবেন।

লক্ষ্য করবেন যে অভ্যাসের জন্যে বাক্যের পরে বিরতি অল্প। তাহ'লেও বিরতির এমন সময় দেওয়া আছে যাতে আপনি কথাগুলি নিজে বলতে পারেন। ইচ্ছে ক'রেই অল্প সময় রাখা হয়েছে যাতে আপনি যা শুনবেন তা ভুল না ক'রেই, তাড়াতাড়ি ও অনায়াসে বলা শিখতে পারেন। আপনি আরো লক্ষ্য করবেন যে সমগ্র পাঠে বাক্য ও কথোপকথনের গতি ক্রমশঃ

দ্রুত করা হয়েছে, যাতে শেষের দিকে আপনি স্বাভাবিক ইংরেজী কথোপ-কথনের ধারায় ও ইংরেজী শব্দের স্বাভাবিক সংক্ষেপকরণের সঙ্গে অভ্যস্ত হ'তে পারেন।

"বিনিময় তালিকা"

এ পুস্তকের অনেকগুলি পাঠে, বিশেষ ক'রে প্রথম দিকের পাঠে লক্ষ্য করবেন যে আমরা 'বিনিময় তালিকা' দিয়েছি। এ তালিকা থেকে বুঝতে পারবেন কেমন ভাবে অনেক কথা পদ-বিন্যাসে ব্যবহার করা যায়।

কি রকম ক'রে এ তালিকা ব্যবহার করতে হবে, তা আপনাদের বোঝবার সুবিধার জন্যে এখানে একটি বাংলা তালিকা দেওয়া হ'ল। ধরুন আমরা এখানে "আমার বই হচ্ছে লাল" এই পদ-বিন্যাস ব্যবহার করছি। এতে আছে সম্বন্ধ পদ, "আমার", তারপর বিশেষ্য, "পুস্তক" আর তার পরে ক্রিয়াপদ, "হচ্ছে" (বাংলায় ক্রিয়াপদ মাঝে মাঝে বাদ দেওয়া চলে কিন্তু ইংরেজী ভাষার রচনায় ক্রিয়াপদ ব্যবহার করতেই হবে)। সর্ব্বশেষে বিশেষণ, "লাল"।

এখানে একটি সম্ভাব্য 'বিনিময় তালিকা' দেওয়া হ'ল :

১	২	৩	৪
আমার	বই		লাল
আপনার	পেনসিল		সাদা
তাঁর	বাড়ী		নীল
আমাদের	দরজা	হচ্ছে	বড়
আপনাদের	কাগজ		চমৎকার
তাঁদের	(আর যে কোন		খারাপ
এটা	সাধারণ বিশেষ্য)		(আরো যে কোন
ওটা			গুণবাচক বিশেষণ)

তালিকা দেখে বুঝবেন "বিনিময় তালিকার" অর্থ হচ্ছে এটী এমনভাবে সাজান হয়েছে যাতে প্রতিটি ঘরের শব্দগুলি প্রথম কথার বদলে ব্যবহার

ক'রে নতুন বাক্য ও নতুন অর্থ সৃষ্টি করা যায়। "আমার" এই কথার বদলে এক নম্বর ঘরের অন্য যে কোন সম্বন্ধপদ কিংবা প্রতিপাদক "এটা", "ওটা" ব্যবহার করতে পারি। "পুস্তক"-এর বদলে অন্য বিশেষ্য বা অন্য জিনিষের নাম দিতে পারি। "লাল" কথার পরিবর্ত্তে অন্য বিশেষণ লাগাতে পারি।

অবশ্য সব শব্দই এ তালিকায় ঠিক সমানভাবে ব্যবহার করা যায় না। আর তালিকা থেকে রচিত সকল বাক্যেরই অর্থ না হ'তে পারে। যেমন ধরুন এই বাক্য "তাঁর পেনসিল খুসী"। এ বাক্যের অর্থ বোঝাতে হলে অনেক ব্যাখ্যার প্রয়োজন! তাহ'লেও আপনি সহজেই দেখবেন যে কেমন ভাবে বিনিময় তালিকার সাহায্যে পদ-বিন্যাসের সাধারণ ব্যবহার বোঝা যায় আর কেমনভাবে শব্দগুলি ঠিক ধারায় রাখা যায়।

পুস্তকে যখন এই রকম কোন তালিকা দেখবেন, তখন যতগুলি সম্ভব যুক্তিসঙ্গত ইংরেজী বাক্য তৈরী ক'রে আপনাকে পড়তে বলা হবে।

পুস্তকের শেষের দিকে বিষয়-বস্তু আরো জটিল হ'য়ে উঠবে। প্রত্যেক নতুন রচনার জন্যে তালিকা করতে গেলে পুস্তকে স্থানাভাব হবে। তাহ'লেও তালিকা তৈরী করার বেশ সার্থকতা আছে। ঠিকমত বুঝলে আপনি নিজেই এই রকম তালিকা তৈরী ক'রে নিতে পারবেন। এ রকম করলে, আপনি যখন কোন নতুন বিশেষ্য, ক্রিয়া বা বিশেষণ দেখবেন, তখন তা আপনার আগে হতে জানা পদ-বিন্যাসে সাজাতে পারবেন। তাহ'লে আপনি অতি শীঘ্রই সে নতুন শব্দ সাধারণ ও কার্য্যকরী ভাবে ব্যবহার করতে পারবেন!

যদি আপনি নিজে কোন বিনিময় তালিকা তৈরী না করেন, তাহ'লেও বিনিময় তালিকার পদ্ধতিটি ভালই বলতে হবে। পুস্তক অধ্যয়নের শেষের দিকে যখনই আপনি নতুন কোন শব্দ পাবেন, তখনই প্রথম দিককার পাঠগুলি আবার দেখে নেবেন। আরো দেখবেন যে পদ-বিন্যাস ইতিপূর্ব্বেই আপনি শিখেছেন সে পদ-বিন্যাসে নতুন কথাটি কেমন ভাবে ব্যবহার করা যায়। এই রকমে আপনি ইংরেজী ভাষা ও শব্দের ব্যবহার সম্বন্ধে আপনার জ্ঞান বাড়িয়ে ফেলতে পারবেন। এ বই পড়ে যতখানি বাড়ান সম্ভব তার চেয়েও অনেক বেশী।

আবার যখন আপনি নতুন পদ-বিন্যাস পাবেন, তখন আগেকার শব্দ-সংগ্রহগুলি দেখবেন, দেখবেন যে শব্দগুলি আপনার ইতিপূর্ব্বেই জানা আছে, সেগুলি নতুন পদ-বিন্যাসে কেমনভাবে লাগান যায়।

ইংরেজী অভিধান

প্রত্যেক পাঠের প্রথমেই যে শব্দ-সংগ্রহ আছে আর পুস্তকের শেষের দিকে যে সাধারণ শব্দ-মালা দেওয়া হয়েছে তা থেকে, এই গ্রন্থে শব্দগুলি যে ভাবে ব্যবহৃত হয়েছে তার অর্থ পাবেন। তবে ভুলে যাবেন না যে কথাগুলির অন্য অর্থও থাকতে পারে। যদি আপনি কোন ইংরেজী অভিধান কেনেন, তাহ'লে এমন একটী কিনবেন যাতে ইংরেজী কথার শুধু অর্থই দেওয়া নেই—ভিন্ন অর্থ মত কথার ব্যবহারও দেওয়া আছে। যদি আপনার পক্ষে সম্ভব হয় তাহ'লে তিনটী অভিধান কিনুন—একটিতে ইংরেজী থেকে বাংলা আর অন্যটিতে বাংলা থেকে ইংরেজী অর্থ দেওয়া আছে আর একটা সম্পূর্ণ ইংরেজীতে। পরেরটী থেকে, আপনি আপনার ইংরেজী ভাষা-জ্ঞান বাড়ার সঙ্গে সঙ্গে, ইংরেজী ভাষার বৈশিষ্ট্য অনুযায়ী বহু কথার ঠিকমত ব্যবহার শিখতে পারবেন, কারণ সব কথার সম্পূর্ণ সন্তোষজনক অনুবাদ সম্ভব নয়।

পাঠ-সূচী

পাঠ		পৃষ্ঠা

পাঠ—১

শব্দ-সংগ্রহ

a—একটি
an—একটি
aeroplane—বিমান
bell—ঘণ্টা
book—বই, পুস্তক
dog—কুকুর
door—দরজা
goodbye—বিদায় সম্ভাষণ
hello—হ্যালো, এই যে
is—হয়
orange—কমলা
pen—কলম
telephone—টেলিফোন
that—ওটা, ঐ
this—এটা, এই
what—কি

সহজ ধরনের বাক্য

ইংরেজী ভাষা ঠিক যে রকম ভাবে ব্যবহৃত হয়, সেই রকম ইংরেজী আপনাকে শেখাব। এর মানে হচ্ছে—বাক্যের মধ্যে শব্দের যে ব্যবহার হয়, সেই শব্দ শেখাব। বাক্যে যখন শব্দ ব্যবহৃত হয় তখনই শব্দের যথার্থ কার্য্যকারিতা উপলব্ধি হয়। সুতরাং আপনার ইংরেজী শেখায় প্রধান কাজ হ'ল—কি ক'রে ঠিক মত ইংরেজী বাক্য রচনা করা যায় তা শেখা।

সহজ ধরনের একটা বাক্য নিয়ে আরম্ভ করা যাক। এ বাক্যে আমরা কোন কিছু নির্দ্দেশ ক'রে দেখাই আর বলি জিনিষটা কি। বাংলাতে বলি "এটা (একটা) কলম" কিংবা "ওটা একটা কুকুর।" ইংরেজীতে বলব—This is a pen. That is a dog.

[বাংলায় বাক্যে সব সময় ক্রিয়ার ব্যবহার না হ'লেও চলে কিন্তু ইংরেজী ভাষার বাক্যে ক্রিয়াপদ ব্যবহার করতেই হবে।]

ইংরেজীতে বাক্যগুলি কি ক'রে গঠন করা হয়। প্রথমে আমাদের প্রয়োজন একটা শব্দ যা নির্দ্দেশ করবে কোন্ জিনিষ বা বস্তু সম্বন্ধে আমরা কথা বলছি। যদি জিনিষটা হাতের কাছে থাকে তা'হলে আমরা ব্যবহার করি This—"এটা" ; যদি কিছু দূরে থাকে তাহ'লে বলি That—"ওটা"।

এর পরে ক্রিয়া পদ। ক্রিয়াপদ is—"হয়" বা "হচ্ছে"। Be বা "হওয়া" ক্রিয়াপদ প্রথম পুরুষে এই আকার নেয়। অর্থাৎ, "তিনি" বা "আমার বন্ধু" বা "টেবিলটি", এই রকম কোন একটা কথার সঙ্গে ব্যবহার করা যেতে পারে।

সবার শেষে আসে জিনিষের নাম অর্থাৎ বিশেষ্য। এর সঙ্গে সব সময় থাকে অনির্দ্দেশক পদবাচক শব্দ অর্থাৎ a—"একটী"। যে বস্তু সম্বন্ধে কথা বলছি তা যদি গণনা করা সম্ভব হয় আর তাদের মধ্যে মাত্র একটী সম্বন্ধে আমরা আলোচনা করি তা'হলে আমাদের অনির্দ্দিষ্ট পদবাচক শব্দ ব্যবহার

করতেই হবে। যেমন—"একটী কুকুর।" বাংলার মত যদি ইংরেজীতে বলি—This is dog, তাহ'লে ভুল হ'বে। আমাদের বলতে হ'বে—This is *a* dog.

যদি বিশেষ্যটির আরম্ভ হয় স্বরব্যঞ্জক শব্দে, তা'হলে আমাদের a-র পরিবর্তে an শব্দ ব্যবহার করতে হবে। উদ্দেশ্য যাতে উচ্চারণ করা সহজ হয়। যথা an orange—একটী কমলা লেবু।

"বিনিময় তালিকা"

আপনার আরো উদাহরণ দরকার হবে। অনেকগুলি উদাহরণ পৃথক পৃথক ভাবে না দিয়ে আমরা একটী বিনিময় তালিকা দিচ্ছি। এ দিয়ে আপনি নিজেই নিজের উদাহরণ তৈরী ক'রে নিতে পারবেন। প্রথম ঘরের দু'টী কথার মধ্যে একটী কথা নিন, তার পরে দ্বিতীয় ঘরের কথা, তৃতীয় ঘরের একটী কথা আর চতুর্থ ঘরের একটী কথা। এগুলি দিয়েই একটি বাক্য তৈরী হয়ে যাবে।

তালিকা—১নং

১	২	৩	৪	
This	is	a	bell	
			book	(কিংবা যে কোন সাধারণ বিশেষ্য, যার প্রথম অক্ষর ব্যঞ্জন বর্ণ।)
			dog	
			door	
That			pen	
			telephone	
		an	aeroplane	(কিংবা যে কোন সাধারণ বিশেষ্য, যা স্বরবর্ণের আওয়াজে আরম্ভ হয়।)
			orange	

অনুশীলন

১নং তালিকার চারটী ঘরের শব্দ ব্যবহার ক'রে, নানা বাক্য সৃষ্টি করুন। বাক্যগুলি নিজের কাছেই জোরে জোরে বলুন। কথা বলার সময় that is-কে সংক্ষিপ্ত ক'রে উচ্চারণ করুন that's.

"ওটা কি ?"

"ওটা কি ?" প্রশ্নের মত আমরা প্রশ্ন জিজ্ঞাসা করতে পারি প্রশ্ন-শব্দ what—কি, শব্দ ব্যবহার ক'রে। ইংরেজীতে প্রশ্ন খুব সহজেই গঠন করা যায়। প্রথমে আসে প্রশ্ন-শব্দ what, তারপর কর্তা ও ক্রিয়া—১নং তালিকায় যে ধারায় ব্যবহার হয়েছে তার বিপরীত ধারায় আসে, অর্থাৎ প্রথমে ক্রিয়া তার পরে কর্তা। What is that ? What is this ?

প্রতিদিনকার কথ্য ভাষায় what is, সাধারণতঃ সংক্ষিপ্ত ক'রে বলা হয় What's—What's this ?

সংযুক্ত বিশেষ্য

কখন কখন একাধিক বিশেষ্য সংযুক্ত করা হয়। যেমন—A telephone bell হচ্ছে—"একটী টেলিফোনের ঘণ্টা।" A telephone book হচ্ছে—"টেলিফোনের বই।" (নাম ধাম ও টেলিফোনের নম্বর প্রদর্শিকা)। An aeroplane book হবে—বিমান সম্বন্ধীয় পুস্তক, সম্ভবতঃ ছেলেদের জন্যে।

What's that ?
That's a telephone bell.

রেকর্ডের লিখিত ভাষ্য

অভ্যাসের জন্যে বাক্য

Hello. That is a telephone bell .... That's a telephone bell .... That is a pen .... That is a book .... That's a pen .... That's a book .... This is a dog .... This is a telephone .... This is a door .... A dog, a book, an orange .... This is an orange .... An aeroplane .... That is an aeroplane .... What is this ? ... That is a pen .... What is that ? This is a book .... What is this ? ... That is a door .... That's a door ... What is that ? .... This is a bell .... Goodbye. Goodbye ...

Goodbye.

পাঠ—২

শব্দ-সংগ্রহ

and—এবং, আর
are—হয়
box—বাক্স
lamp—আলো
listener—শ্রোতা
match—দেশলাইয়ের কাঠি
pencil—পেনসিল
room—ঘর
these—এগুলি
those—ওগুলি
wall—দেওয়াল.
window—জানালা

বহুবচন

This is a dog এবং That is an aeroplane বাক্যের মত বাক্য তৈরী করতে আপনি শিখেছেন। এরকম দুটী বাক্য একসঙ্গে যোগ দিতে পারি and—এবং শব্দের সাহায্যে। যেমন—এটী একটী বই এবং ওটা একটী কলম—বাক্য দুটী বলা হবে This is a book and that is a pen. (সাধারণত: উচ্চারণের সময় সংক্ষিপ্ত ক'রে বলা হবে That's a pen.)

মনে করুন একটী সামগ্রীর পরিবর্ত্তে আমরা কয়েকটী সামগ্রীর কথা বলছি, তখন আমরা ঐ বিশেষ্যের শেষে একটী s লাগিয়ে দেব। এটাই হচ্ছে বহুবচনের চিহ্ন। তখন আর আমরা ঐ বিশেষ্যের শেষে একটী অনির্দ্দিষ্ট পদবাচক শব্দ a কিংবা an ব্যবহার করি না, কারণ একথা দুটীর অর্থ হচ্ছে —"একটী"। সুতরাং a dog বহুবচনে হবে—dogs.

যদি বিশেষ্যটী (s) আওয়াজে শেষ হয়, তাহ'লে আমরা শুধু -s যোগ করি না, যোগ করি -es। যেমন, a box, একবচনে একটি বাক্স, বহুবচনে হবে—boxes. যদি বিশেষ্যটি 'tch' অক্ষরের আওয়াজে শেষ হয় তাহলেও es যোগ করতে হবে বহুবচনে। যেমন, a match—একটী দেশলাইয়ের কাঠি, বহুবচনে—matches.

প্রতিপাদক শব্দ this বহুবচনে রূপ নেবে these—অর্থাৎ এগুলি। That শব্দের বহুবচনে রূপ হবে those মানে ওগুলি। বক্তার নিকটে যে সামগ্রীগুলি আছে সে সম্পর্কে these শব্দ ব্যবহৃত হবে এবং those কথা

ব্যবহৃত হবে যে সামগ্রীগুলি বক্তার কাছ থেকে কিছু দূরে, সে সমগ্রীগুলি সম্পর্কে।

These are books.

ক্রিয়াপদ is অর্থাৎ হয়—কথার পরিবর্ত্তন ক'রে বহুবচনে করা হবে are—হয় (প্রথম পুরুষ—বহুবচন)।

আমরা এখন এই রকম বাক্য তৈরী করতে পারি: These are matches—এগুলি হচ্ছে দেশলাইয়ের কাঠি। Those are boxes—ওগুলি (হচ্ছে) বাক্স।

এখানে একটা বিনিময় তালিকা দেওয়া হ'ল, এই রকম কতকগুলি সম্ভাব্য বাক্য এ তালিকা থেকে তৈরী করা সম্ভব হবে।

তালিকা—২নং

These	are	bells	dogs
		books	telephones
Those		pens	listeners
		doors	pencils
		rooms	oranges
		walls	boxes
		lamps	matches

What is that? অর্থাৎ ওটা কি? এই প্রশ্নের অনুরূপ বহুবচনে হবে—What are those? অর্থাৎ ওগুলি কি? সেই রকম What is this? অর্থাৎ এটা কি? বহুবচনে হবে—What are these? অর্থাৎ এগুলি কি?

উচ্চারণ সম্পর্কে নির্দেশ

অধিকাংশ ক্ষেত্রে বিশেষ্যের শেষে বহুবচনের s উচ্চারণ করা হয় (z)-এর মত। এই উদাহরণগুলিতে সেই রকম আওয়াজ পাবেন—bells, pens, doors, rooms, walls, dogs, telephones, listeners, pencils.

কিন্তু (k), (p), (t) এবং (f) আওয়াজের পর বহুবচনের s উচ্চারণ করা হয় (s)-এর মত। যেমন, books, lamps.

আমরা ইতিপূর্ব্বে লক্ষ্য করেছি যে যদি বিশেষ্য (s) আওয়াজে কিংবা (ts) আওয়াজে সমাপ্ত হয় তাহ'লে শুধু s-এর পরিবর্ত্তে আমরা es যোগ করি এবং সেটা উচ্চারণ করি (iz)। এই রকমই হবে যখন বিশেষ্যের আওয়াজ (z) কিংবা (dʒ)-এ শেষ হবে। পরে উল্লিখিত (dʒ) সমাপ্তি, orange কথাটির মধ্যে পাবেন। যেহেতু কথাটির বানান e অক্ষরে শেষ হয়েছে, সেজন্যে আমাদের শুধু s যোগ করলেই চলবে। কিন্তু এতে যে শব্দ তৈরী হবে তার উচ্চারণ হবে ('ɔrindʒiz).

অনুশীলন—১

২নং তালিকা ব্যবহার ক'রে, These are bells-এর মত যতগুলি পারেন বাক্য তৈরী করুন এবং অভ্যাসের জন্যে সেগুলি জোরে জোরে বলুন।

অনুশীলন—২

এবারে প্রত্যেক বাক্যগুলি একবচনে পরিবর্ত্তন করুন; এই রকমে—These are bells পরিবর্ত্তিত হ'য়ে হবে—This is a bell.

অনুশীলন—৩

দু'জনে যদি একসঙ্গে পড়েন তাহ'লে পালা ক'রে একজন অপর জনকে এই ধরনের প্রশ্ন করুন, What is this? What is that? What are these? অথবা What are those? প্রশ্ন করার সঙ্গে সঙ্গে বিভিন্ন সামগ্রীর দিকে আঙ্গুল দিয়ে অবশ্য দেখাবেন। অপরজন প্রশ্নের উত্তর দেবেন। অবশ্য যে সব সামগ্রীর ইংরেজী নাম জানেন সেগুলি নিয়েই

What are those?
Those are oranges.

অনুশীলন করতে হবে।

আপনি যদি একলা পড়েন তাহ'লে বিশেষ সামগ্রীর দিকে লক্ষ্য দিয়ে দিয়ে নিজেকে প্রশ্ন করুন আর নিজেই উত্তর দিন। যেমন—What is that? উত্তরে বলুন That is a book. এইরকম ভাবেই অভ্যাস করুন।

রেকর্ডের লিখিত ভাষ্য
অভ্যাসের জন্যে বাক্য

This is a room... That's a wall... That's a window... This is a lamp... This is a pen, and this is a pencil... That is a box... These are bells... A bell...bells... This is a dog... These are dogs... This is; these are... That is; those are... That is an aeroplane··· Those are aeroplanes ·· A book; books...These are books···A match; matches ···This is a match··· These are matches···That is a box··· Those are boxes··· What are these ?··· What are those ?···Those are dogs··· What are those ?... These are pencils··· What are these ?··· Those are oranges··· An orange; oranges···These are walls, and those are windows··· This is a telephone bell, and those are aeroplanes···

Those are listeners.

পাঠ—৩

শব্দ-সংগ্রহ

aren't—হয় না
bird—পাখী
glass—গেলাস
isn't—হয় না
it—এটা
no—না
not—না, নয়
they—তাঁরা
train—রেলগাড়ী
yes—হ্যাঁ

প্রশ্ন

এবারে বস্তুগুলি কি সে সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করা আপনাকে শিখতে হ'বে। This is a dog—এই নিশ্চয়াত্মক বাক্যটি প্রশ্নে রূপান্তরিত করতে হ'লে, যা কিছু করা প্রয়োজন তা হ'ল is ক্রিয়াপদটি তুলে নিয়ে প্রথম দিকে কর্ত্তার পূর্ব্বে রাখতে হ'বে।

Is that a dog ?—ওটা কি কুকুর ?

Is this a pen ?—এটা কি কলম ?

বহুবচনের ক্ষেত্রেও এই নিয়ম চলবে—যেমন নিম্নের বিনিময় তালিকায় দেখবেন।

তালিকা—৩নং

Is	this that	a bell ? a bird ? a glass ? a train ? etc.
Are	these those	bells ? birds ? glasses ? trains ? etc.

যদি কেউ ঐ রকম প্রশ্ন করেন, তার উত্তরে আমরা বলতে পারি—হ্যাঁ কিংবা না—yes কিংবা no. কিন্তু ইংরেজীতে সাধারণতঃ আমরা শুধু—"হ্যাঁ" কিংবা "না" কথার পরে এক সংক্ষিপ্ত বাক্য জুড়ে দিই। যেমন :

Is this a bird ? Yes, it is.

বাংলায় যদি ওরকম ভাবে কিংবা কথার কথার মানে ক'রে বলি তাহ'লে বলব—হ্যাঁ, এটী হয়। It শব্দটি, অমনুষ্য সম্বন্ধীয় বস্তুর ক্ষেত্রে সর্ব্বনাম রূপে ব্যবহৃত হয় আর সংক্ষিপ্ত উত্তরে this কিংবা that শব্দের স্থান গ্রহণ করে। উত্তর সমাপ্ত হয় is ক্রিয়া পদে।

Is that a train ?

Is that a train ?

Yes, it is.

যদি উত্তর হয় "না", তাহ'লে আমরা না-বাচক শব্দ not ব্যবহার করি ক্রিয়াপদের পরে। যেমন :

Is this a bird ?—No, it is not.

Is that a train ?—No, it is not.

বলার সময়, it is not সাধারণতঃ সংক্ষিপ্ত ক'রে বলা হয় it's not.

Are those aeroplanes ?
No, they aren't ; they are birds.

বহুবচনে, it শব্দের পরিবর্ত্তে আমরা ব্যক্তিগত সর্ব্বনামের বহুবচন পদ they ব্যবহার করি। অবশ্য are, is-এর স্থান গ্রহণ করে।

Are these glasses ?
—Yes, they are.

Are those aeroplanes ?
—Yes, they are.

না-সূচক বাক্যে not কথাটী আগের মত ক্রিয়াপদের পরেই আসে—are not ; আর কথা বলার সময় আগের মতই সংক্ষিপ্ত ক'রে বলা হয় :

Are these glasses ?—No, they aren't (are not).

Are those aeroplanes ?—No, they aren't (are not).

অন্য ধরনের প্রশ্ন সাধারণতঃ প্রশ্ন-বাচক শব্দে আরম্ভ হয়। যেমন, What are these ? কিংবা What is this ? এর উত্তর "হ্যাঁ" কিংবা "না" ব'লে দেওয়া চলে না, উত্তরে নতুন কিছু খবর দেওয়া হয়। উত্তর আরম্ভ হতে পারে this, that, these কিংবা those এই নির্দেশক শব্দগুলির মধ্যে একটী দিয়ে। কিংবা it বা they এই ব্যক্তিগত সর্ব্বনাম দিয়েও উত্তর আরম্ভ হতে পারে। পরবর্ত্তী তালিকায় সাধারণ ধরনের উত্তর দেওয়া হ'ল।

তালিকা—৪নং

What is	this ? that ?	It (That) (This)	is	a bell a bird a glass a train etc.
What are	these ? those ?	They (Those) (These)	are	bells birds glasses trains etc.

উচ্চারণ সম্পর্কে নির্দেশ

নিশ্চয়াত্মক বাক্যগুলিতে ক্রিয়াপদ is এবং are খুব দৃঢ়ভাবে উচ্চারিত হয় না, কারণ শব্দ-স্থিত-জোর পড়ে অন্যত্র। ইংরেজরা সাধারণতঃ বলেন না—That *is* a book. তাঁরা বলেন—*That* is a *book* কিংবা *That's* a *book.* তাঁরা বলেন না—These *are* birds, তাঁরা বলেন—*These* are *birds.*

It is a ······ সাধারণতঃ রূপ নেয় It's a······

স্বরভঙ্গী

ইংরেজ বক্তাদের কথা শোনার সময় বিশেষ প্রয়োজন হয়—প্রত্যেক বাক্যে স্বরভঙ্গী লক্ষ্য করা আর তা নকল করা। নিশ্চয়াত্মক বিবৃতিতে কণ্ঠস্বর সাধারণতঃ শেষের দিকে তীব্রভাবে নেমে যায়। নিশ্চয়াত্মক বিবৃতিতেও

কণ্ঠস্বর শেষের দিকে অর্থাৎ শেষের জোর-দেওয়া-শব্দাংশের পর থেকে নেমে যায়।

What প্রভৃতি প্রশ্নাত্মক শব্দে যে সব প্রশ্ন আরম্ভ হয়, সে সব বাক্যে শেষের দিকে কণ্ঠস্বর নেমে যায়। যেমন, What are these?—এই প্রশ্নে কণ্ঠস্বর these শব্দের পর তীব্রভাবে নেমে যায়।

কিন্তু "হ্যাঁ" বা "না" উত্তরের প্রশ্নে অর্থাৎ যে প্রশ্নের প্রথমে ক্রিয়াপদ থাকে, সেখানে স্বরভঙ্গী বা সুর বিভিন্ন হয়। ক্রিয়াপদের ওপর বেশ জোর দিয়ে আরম্ভ করুন, তারপর সারা প্রশ্ন ধরে কণ্ঠস্বর ক্রমশঃ নামাতে থাকুন, যতক্ষণ না পর্য্যন্ত যতদূর সম্ভব নিচু সুরে, শেষের জোর-দেওয়া-শব্দাংশ পর্য্যন্ত পৌঁছান। তার পরে স্বর আবার তীব্র ভাবে উঠান।

অনুশীলন—১

৩নং তালিকা ব্যবহার ক'রে—Is this (কিংবা that) a bell?—এই ধরনের যতগুলি পারেন প্রশ্ন তৈরী করুন। এ পর্য্যন্ত যতগুলি বিশেষ্য পদ শিখেছেন, সেগুলি একবচনে ব্যবহার করুন। এর পরে, are these (কিংবা those) bells? এই ধরনের বিশেষ্য পদগুলি আবার বহুবচনে ব্যবহার করুন।

অনুশীলন—২

যে সব বহুবিধ জিনিষ দেখবেন বা যে জিনিষের কথা শুনবেন, সেগুলি নির্দ্দেশ ক'রে, আপনি আপনাকে প্রশ্ন ক'রে আরো অভ্যাস নিজে নিজে করতে পারেন। যেমন, একটী গেলাসের দিকে দেখুন আর নিজেকে প্রশ্ন করুন – Is this a glass? তারপর নিজেই উত্তর দিন—Yes, it is. কিংবা কুকুরের ডাক শুনে আপনি নিজেকে প্রশ্ন করুন—Are those birds? তার পরে আপনার নিজের প্রশ্নের উত্তর নিজেই দিন—No, they aren't. এগুলি সব উচ্চ কণ্ঠে বলতে হবে। যদি না একলা শেখেন তাহ'লে আরো ভাল হয় যদি একজন শিক্ষার্থী প্রশ্ন করেন আর অপর জন উত্তর দেন।

অনুশীলন—৩

আপনার আশে পাশে যেসব সামগ্রী আছে তার মধ্যে যেগুলির ইংরেজী শব্দ জানা আছে, সেগুলি আবার নির্দ্দেশ ক'রে আপনি নিজেকে নিজে What is that (this)? কিংবা What are those (these)? এই ধরনের

প্রশ্ন জিজ্ঞাসা করুন। তারপর আপনার নিজের প্রশ্নের উত্তর নিজেই দিন, বলুন—It's a dog কিংবা They are aeroplanes.

উদাহরণের জন্য ৪নং তালিকা দেখুন।

রেকর্ডের লিখিত ভাষ্য

অভ্যাসের জন্যে বাক্য

This is a window...	Is this a window ?...	
That is a door...	Is that a door ?...	
These are oranges...	Are these oranges ?...	
Is that a bird ?...	Yes, it is...	
Are these bells ?...	Yes, they are...	
Are those lamps ?...	Yes, they are...	
Is this a glass ?...	No, it is nct...	No, it isn't...
Are those glasses...	No, they are not...	No, they aren't...
What is this ?...	It's a match...	
What is that ?...	It's a pencil...	
What are these ?...	They are walls...	
What are those ?...	They are windows...	

পাঠ—৪

শব্দ-সংগ্রহ

business man, men—ব্যবসায়ী, ব্যবসায়িগণ
doctor (Dr.)—ডাক্তার, চিকিৎসক
he—তিনি, সে
housewife, housewives—গৃহিণী, গৃহিণীরা
man, men—লোক, লোকগুলি
Miss—কুমারী
Mr.—শ্রীযুক্ত
Mrs.—শ্রীমতী
she—তিনি, সে
student—ছাত্র
who—কে
wife, wives—স্ত্রী, স্ত্রীরা
woman, women—স্ত্রীলোক, স্ত্রীলোকেরা

ব্যক্তি সম্বন্ধে কথা

সামগ্রী সম্বন্ধে যেভাবে বিবৃতি ও প্রশ্ন করতে শিখেছেন, ব্যক্তি সম্বন্ধেও সেই রকমের বিবৃতি ও প্রশ্ন এই পাঠে শেখান হবে। শেষের দিকের পাঠে

যেসব চরিত্রের দেখা পাবেন, নিম্নের উদাহরণে তাঁদের মধ্যে কয়েকটী চরিত্রের নামের সঙ্গে আপনার পরিচয় করিয়ে দেব।

Who ?—কে ? (What যেমন সামগ্রী সম্বন্ধে ব্যবহৃত হয়, Who তেমনি ব্যক্তি সম্বন্ধে ব্যবহৃত হয়)

He—তিনি (লোক বা বালকের পরিবর্ত্তে ব্যবহৃত পুংলিঙ্গের সর্ব্বনাম)

She—তিনি (মহিলা বা বালিকার পরিবর্ত্তে ব্যবহৃত স্ত্রীলিঙ্গের সর্ব্বনাম)

লক্ষ্য করবেন ইংরেজীতে ব্যাকরণগত লিঙ্গের ব্যবহার নেই। যদি কোন বিশেষ্য মহিলা বা বালিকার কথা ইঙ্গিত করে সেটীকে আমরা বলি স্ত্রীলিঙ্গ ; যদি কোন বিশেষ্য পুরুষ বা বালককে বোঝায় সে বিশেষ্যকে আমরা বলি পুংলিঙ্গ ; যদি বিশেষ্য টেবিল প্রভৃতির মত কোন জড়-পদার্থকে ইঙ্গিত করে, সেটীকে আমরা বলি ক্লীবলিঙ্গ। He এই সর্ব্বনাম, পুংলিঙ্গ বিশেষ্যের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। She এই সর্ব্বনাম, স্ত্রীলিঙ্গ বিশেষ্যের আর It এই সর্ব্বনাম, ক্লীবলিঙ্গ বিশেষ্যের পরিবর্ত্তে ব্যবহার করা হয়। পশুর ক্ষেত্রে আমরা সাধারণতঃ it কথাটি ব্যবহার ক'রে থাকি, যদি না স্থিরনিশ্চিত জানি পশু কোন্ লিঙ্গের। নিশ্চিত ক্ষেত্রে আমরা পশু সম্বন্ধে he বা she ব্যবহার করতে পারি।

বিশেষ্য যে কোন লিঙ্গের হোক না কেন a কিংবা an এই অনির্দ্দিষ্ট কথার একেবারে কোন পরিবর্ত্তন হয় না। যেমন, 'a man', 'a woman', 'a pencil' ; a থেকে an-এ পরিবর্ত্তন করা হয় একটি মাত্র কারণে, তা হচ্ছে—কোন কথার প্রথমে স্বরবর্ণ থাকলে। যেমন, 'an orange'.

'পুরুষ' ও 'স্ত্রীলোক'—এই ইংরেজী শব্দের বহুবচনে রীতি-ব্যতিক্রম দেখা যায় অর্থাৎ সাধারণ বিশেষ্যের মত s যোগ করলেই বহুবচনে রূপান্তরিত হয় না। যেমন, man, men, woman ('wumn), women ('wimin). Wife—স্ত্রী শব্দের বহুবচনে wives (waivz).

তালিকা—৫নং

This		a man
	is	John Benedict
That		Dr. Young
		Mrs. Benedict
		Elsa

তালিকা—৬নং

Is	this	John Benedict ?	Yes, it is.
	that	Dr. Young ?	No, it isn't.
		etc.	

তালিকা—৭নং

Who	is	this ?	It	is	John Benedict.
		that ?			Dr. Young.
					etc.

Who is that ?
It's John Benedict ;
he's a businessman.

তালিকা—৮নং

Who	is	this man ?	He	is	John Benedict.
		that woman ?			Dr. Young.
		he ?			Elsa.
		she ?			etc.
	are	these men ?	They	are	Tom and John.
		those women ?			Helen and Elsa.
		they ?			etc.

দ্রষ্টব্য : "উপরুক্ত তালিকাগুলিতে লক্ষ্য করবেন যে *this, that, these* এবং *those* কথাগুলি, কোন পরিবর্ত্তন না ক'রেই কোন বিশেষ্যের পূর্ব্বে ব্যবহার করা যায়। আরো লক্ষ্য করবেন যে যদি আমরা জিজ্ঞাসা করি—Who is this ? তাহ'লে উত্তর আরম্ভ হ'বে ক্লীবলিঙ্গ সর্ব্বনাম—it দিয়ে। কিন্তু যদি আমরা জিজ্ঞাসা করি—Who is this man ?—তাহ'লে উত্তর আরম্ভ হয় পুংলিঙ্গ সর্ব্বনাম—he দিয়ে।

তালিকা—৯নং

Tom Young He Mrs.Benedict She This man That woman	is isn't	a doctor a student a housewife a business man
John and Helen They These men These women	are aren't	doctors housewives students business men

Tom Young is a Doctor.

তালিকা—১০নং

Is	Tom Young he Mrs. Benedict she this man this woman	a doctor ? a student ? a housewife ? etc.	Yes No	he is she is he isn't she
Are	Tom and Elsa they these men those women	doctors ? students ? housewives ? etc.	Yes No	they are they aren't

তালিকা—১১নং

What	is	Tom Young ? he ? that woman ? she ?	He She	is	a doctor a student a business man etc.
	are	John and Helen ? they ? these men ? those women ?	They	are	doctors students business men etc.

লক্ষ্য করবেন যে, যখন আপনি কোন ব্যক্তির সম্পর্কে who ব'লে প্রশ্ন করছেন, তখন আপনি তাঁর পরিচয় জানতে চাইছেন। কিন্তু যখন আপনি ব্যক্তির সম্পর্কে what ব'লে প্রশ্ন করবেন, তখন আপনি সেই ব্যক্তির সম্পর্কে বিবরণ, যেমন, কি তাঁর কাজ, তা জানতে চাইছেন।

অনুশীলন—১

৫নং থেকে ১১নং তালিকাগুলি যত্নের সঙ্গে পড়ুন। যতগুলি সম্ভব বাক্য তৈরী ক'রে, উচ্চস্বরে বলুন। দু'একটা বাক্যের কোন অর্থ হবে না। যেমন, He is a housewife. কিন্তু She is a doctor—বাক্যটি সম্পূর্ণ ঠিক হবে।

অনুশীলন—২

নিম্নলিখিত বাক্যগুলি বহুবচনে রূপান্তরিত করুন : (a) Who is that ? (b) That woman is a housewife. (c) She is a student. (d) Is that woman a doctor ? (e) No, she isn't. (f) What is that man ? (g) He isn't a business man.

অনুশীলন—৩

যে সব বাক্য-রীতি ব্যবহার আপনি ইতিপূর্ব্বেই শিখেছেন তা ব্যবহার ক'রে এই প্রশ্নগুলির সহজ উত্তর দিন। তার পরে যাঁদের আপনি জানেন তাঁদের কথা ভাবুন আর তাঁদের সম্বন্ধে আপনি নিজেকে প্রশ্ন করুন। আপনার উত্তরগুলি যতদূর সম্ভব বাস্তব করার চেষ্টা করুন।

(a) Who is that ? (b) Is that Mr. Smith ? (c) Who is this woman ? (d) Who are those men ? (e) What is Tom Young ? (f) What is Mrs. Benedict ? (g) Is Elsa a student ? (h) What are those men and women ? (i) Are Mr. and Mrs. Benedict doctors ?

রেকর্ডের লিখিত ভাষ্য
অভ্যাসের জন্যে বাক্য

What is Mr. Benedict ?...
He is a man...
What is Mrs. Benedict ?...
She is a woman...
What are Dr. Young and Mr. Benedict ?...
They are men...
Are Mrs. Benedict and Elsa Benedict women ?...
Yes, they are...
Mr. Benedict is a business man...
Mrs. Benedict is a housewlfe...
Elsa is a student...She isn't a doctor...

Helen Benedict and Dorothy Young are housewives.

Who is this ?
It is Tom Young...he is a doctor...
Who is that ?...
It is Mrs. Young...she isn't a doctor...
Mrs. Benedict and Mrs. Young aren't doctors...they are housewives...
That man is a student...
This woman is a doctor...
Those men are business men...
Those women are housewives...

পাঠ—৫

শব্দ-সংগ্রহ

am—হই
be—হওয়া
daughter—মেয়ে, কন্যা
father—পিতা
good morning—সুপ্রভাত
her—তাঁর (স্ত্রীলিঙ্গে)
his—তাঁর (পুংলিঙ্গে)
house—বাড়ী
I—আমি
its – এটার
lesson—পাঠ
mother—মাতা
my—আমার
name—নাম
our—আমাদের
son—পুত্র
sorry—দুঃখিত
teacher—শিক্ষক, শিক্ষয়িত্রী
their—তাঁদের
you—আপনি, আপনারা
your—আপনার, আপনাদের
we—আমরা

আপনি এবং আমি

এর আগে আমরা অপর লোকের সম্বন্ধে কথা বলতে শিখেছি। এখন আমরা শিখব অপর লোকের **সঙ্গে** কথা বলতে আর কথা বলব আমাদের সম্বন্ধে। আমাদের অবশ্য আরো কয়েকটি সর্ব্বনাম শিখতে হবে।

উত্তম পুরুষ, একবচনে—I (আমি) ; বহুবচনে—We (আমরা)

মধ্যম পুরুষ, একবচনে—You (আপনি) ; বহুবচনেও একই রকম—You (আপনারা)

উদাহরণঃ I am a man and you are a woman—"আমি পুরুষ আর আপনি স্ত্রীলোক।" We are men and you are women—"আমরা হচ্ছি পুরুষ আর আপনারা স্ত্রীলোক।"

Be (হওয়া) ক্রিয়াপদ, নিশ্চয়াত্মক ও না-সূচক, বর্ত্তমান কাল।

তালিকা—১২নং ক

I am You are He is She is It is	not	We are You are They are	not

এই ক্রিয়াপদগুলির পরে বিশেষ্য আসতে পারে : He is a teacher (একজন শিক্ষক)। She is not a student. I am Tom Young.

এই ক্রিয়াপদগুলির পরে বিশেষণও আসতে পারে। এখানে একটি উদাহরণ দেওয়া হ'ল : I am sorry (আমি দুঃখিত)।

উপরের তালিকায় যেমন দেখান হয়েছে সেই মত শব্দের আকার হয় বেশীর ভাগ ক্ষেত্রে লেখবার সময়। কিন্তু কথা বলার সময় বা কথোপকথন লেখার সময় এগুলি সংক্ষিপ্ত ক'রে বলা হয়। না-সূচক বাক্যে, হয় ক্রিয়াপদ কিংবা not কথাটি সংক্ষিপ্ত করা যেতে পারে। উত্তম পুরুষে একবচনে অবশ্য not কথাটি ছোট্ট করা হবে না।

তালিকা—১২ নং খ

I'm	not	We're	not
You're		You're	
He's		They're	
She's			
It's			

তালিকা নং—১২ গ

I'm not	We aren't
You aren't	You aren't
He isn't	They aren't
She isn't	
It isn't	

Be নিয়ে প্রশ্ন

কর্তার পূর্ব্বে ক্রিয়াপদ রেখে বাক্যের প্রশ্ন-রূপ দেওয়া হয়।

তালিকা—১৩ নং—Be ক্রিয়াপদের নিশ্চয়াত্মক ও প্রশ্ন-সূচক রূপ, বর্ত্তমান কাল।

I am	Am I	
He / She / It } is	Is { he / she / it } ?	We / You / They } are	Are { We / You / They } ?

কথোপকথনের উদাহরণ :—"Who are you ?"—"I am John Benedict."—"Are you a doctor ?—"No, I'm not."—"What are you ?"—"I'm a business man."

সম্বন্ধ পদ

সকল সর্ব্বনামের রূপ অনুযায়ী সম্বন্ধ পদ আছে। এখানে সেগুলি দেওয়া হ'ল :

I	— my	we	— our
you	— your	you	— your
he	— his	they	— their
She	— her	It	— its

উদাহরণ ঃ

I am a man and this is my dog. You are Mr. Benedict and this is your box. He is Dr. Young and that is his house. She is Elsa and this is her mother. This is my dog and this is its box. We are teachers and this is our book. You are students and this is your lesson. They are housewives and these are their houses.

এখানে লক্ষ্য করবেন যে পরবর্ত্তী বিশেষ্যপদ অনুযায়ী এই সম্বন্ধপদগুলির পরিবর্ত্তন হচ্ছে না। অর্থাৎ বিশেষ্য বহুবচনে থাকুক আর একবচনে থাকুক, স্ত্রীলিঙ্গের হোক বা পুংলিঙ্গের হোক, সম্বন্ধপদগুলি একই রকম থাকে। সম্বন্ধপদের রূপ নির্ভর করে, অধিকারী ব্যক্তির উপর।

Is my father a doctor ?
আমার পিতা কি ডাক্তার ?

Is your father a doctor ?

তালিকা—১৪নং—be ক্রিয়াপদ ব্যবহৃত প্রশ্ন।

Is	my your his her its our	father mother son daughter etc.	a doctor ? a student ? a housewife ? etc.
Are	their	fathers mothers sons etc.	doctors ? students ? housewives ? etc.

কথোপকথন

যে বাক্য-রীতি আপনি ইতিপূর্ব্বেই শিখেছেন, সেগুলি নিয়ে রচিত এই অতি সরল কথোপকথন বিমান বন্দরে শোনা যাচ্ছে। বেনেডিক্‌ট্ পরিবারের জন আর হেলেন ও তাঁদের মেয়ে এলসা বিদেশ থেকে এই মাত্র লণ্ডনে এসে পৌঁচেছেন। এঁরা যাঁর বাড়ীতে উঠবেন তিনি হচ্ছেন একজন ইংরাজ চিকিৎসক, ডাক্তার ইয়ং। ইনি তাঁদের নিতে এসেছেন।

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : Good morning. Are you Miss Benedict ?

Elsa : Yes, my name is Elsa Benedict. And you are Dr. Young, aren't you ?

Tom : Yes, I am. Are those your mother and father ?
Elsa : No, *this* is my father. Father, this is Dr. Young.
John : Good morning, Dr. Young. I'm John Benedict.
Tom : Good morning, Mr. Benedict. And is this Mrs. Benedict ?
John : Yes, this is my wife. Helen.
Helen : Good morning.
Tom : Good morning, Mrs. Benedict.
Helen : And this is our daughter, Elsa. She is a student.
Elsa : Is your son a student, Dr. Young ?
Tom : Yes, he is. *That* is my son, and *that* is his mother.
Helen : What are their names ?
Tom : Her name is Dorothy and his name is Patrick.

(বিমানের আওয়াজ)

Tom : What is that ?
Elsa : Oh, that's our aeroplane.

অনুশীলন—১

এইরূপ বাক্য তৈরী করুন : I am a man and this is my house.

যে কথাগুলি দেওয়া হয়েছে সেগুলি ব্যবহার করুন :

(a) I — John Benedict — wife. (b) You — Mrs. Young — daughter. (c) She — my mother — room. (d) That man — my father — window. (e) These women — students — books. (f) Mrs. Benedict and I — housewives — houses.

অনুশীলন—২

এই বিবৃতিগুলি প্রশ্নে রূপান্তরিত করুন ; যেমন, You are his son হ'বে Are you his son ?

(a) She is their daughter. (b) This is your dog. (c) He is her doctor. (d) Those are your wives. (e) His daughters are students. (f) That is our train. (g) Your son is a business man.

অনুশীলন—৬

কথোপকথন ছলে প্রশ্নগুলির উত্তর লিখুন :

(a) What is your name, Miss Benedict ? (b) Is Helen your daughter, Mr. Benedict ? (c) Who is Mrs. Young, Dr. Young ? (d) What is your son, Dr. Young ?

পাঠ—৬

শব্দ-সংগ্রহ

address—ঠিকানা
bag—ব্যাগ, হাতব্যাগ
behind—পিছনে
case—সুটকেশ, ব্যাগ, বাক্স
from—হতে, থেকে
ground—মাটি, জমি, মাঠ
hand—হাত
handkerchief—রুমাল
hotel—হোটেল, পান্থ-নিবাস
in—তে, মধ্যে
letter—চিঠি
near—কাছে
now—এখন
on—তে, উপরে
paper—কাগজ, খবরের কাগজ
pocket—পকেট
shop—দোকান
station—স্টেশন
street—রাস্তা
table—টেবিল
taxi—ট্যাক্সি
thank you—আপনাকে ধন্যবাদ
the—ঐ
umbrella—ছাতা
want—চাওয়া
where—কোথায়

নির্দ্দিষ্ট পদ-বাচক শব্দ

যখন আমরা অনির্দ্দিষ্ট পদ a কিংবা an ব্যবহার করি,—যেমন a box (একটী বাক্স), কিংবা an umbrella (একটি ছাতি), তখন আমরা বোঝাই সংখ্যায় মাত্র একটী বাক্স কিংবা একটি মাত্র ছাতি। কিন্তু নির্দ্দিষ্ট ক'রে বলি না কোন্ বিশেষ বাক্স বা কোন্ বিশেষ ছাতিটি। অপর দিকে, যদি আমরা বলি the box (বাক্সটী), আমরা বোঝাই নির্দ্দিষ্ট বিশেষ বাক্স যা, যাঁর সঙ্গে কথা বলছি তাঁর মনে ইতিমধ্যেই নিশ্চিত হয়ে রয়েছে।

The কথাটী একবচনে যেমন তেমনি বহুবচনে একইভাবে ব্যবহৃত হয়। বিশেষ্য স্ত্রীলিঙ্গে বা পুংলিঙ্গে হোক, নির্দ্দিষ্ট পদ-বাচক the শব্দের কোন পরিবর্ত্তন হয় না।

Where are my matches ?

The box, the boxes, the umbrella, the umbrellas, the man, the men.

সমগ্র পরিবারের কথা যখন আমরা বলতে চাই, তখন আমরা the কথাটী পবিবারেব নামের বহুবচনের সঙ্গে ব্যবহার ক'রে বলতে পারি। যেমন: The Benedicts, the Youngs.

উচ্চারণ সম্পর্কে নির্দ্দেশ

The কথাটী ব্যঞ্জনবর্ণের পূর্ব্বে থাকলে সাধারণতঃ আমরা (ঠ) স্বববর্ণেব সঙ্গে উচ্চাবণ করি আব যদি কথাটী স্বরবর্ণের পূর্ব্বে থাকে তাহলে (i)-এর সঙ্গে উচ্চাবণ করি।

কোথায় ?

Where are the bags and cases ? They are behind the taxi.

নির্দ্দিষ্ট কোন জিনিষ কোথায় আছে সে সম্বন্ধে জিজ্ঞাসা করতে হ'লে আমরা প্রশ্ন-সূচক পদ where (কোথায়)কথাটী প্রশ্নের প্রথমেই ব্যবহার ক'রে থাকি। এর পরেই আসে ক্রিয়াপদ am, is কিংবা are. তার পরে আসে বাক্যের কর্ত্তা। কর্ত্তা সর্ব্বনাম হতে পাবে, যেমন I, you কিংবা it. আবাব কর্ত্তা এমন বিশেষ্য হতে পারে যার সঙ্গে (ক) নির্দ্দিষ্ট পদবাচক শব্দ the থাকতে পাবে, (খ) সম্বন্ধ পদ যেমন your বা his থাকতে পারে, কিংবা (গ) প্রতিপাদক পদ যেমন that থাকতে পারে।

উদাহরণ: "আমি কোথায়?" Where am I? "রেলগাড়ীটি কোথায়?" Where is the train? "আমার দেশলাইয়েব কাঠিগুলি কোথায়?" Where are my matches?

কর্ত্তা আবার এক ব্যক্তিগত নামও হ'তে পাবে। **উদাহরণ:** "ডাক্তার ইয়ং কোথায়?" Where is Dr. Young?

তালিকা—১৫নং

১	২	৩	৪
Where	is	the that this my your his her its our their	taxi ? woman ? house ? letter ? shop ? (কিংবা এক বচনের কোন সাধারণ বিশেষ্য)
	are	the those these my (ইত্যাদি)	taxis ? women ? (কিংবা কোন বহুবচনের সাধারণ বিশেষ্য)
	am	I ?	
	is	Dr. Young ? (কোন এক ব্যক্তির নাম) he, she কিংবা it ?	
	are	Mr. and Mrs. Benedict ? (একাধিক ব্যক্তির নাম) you, we কিংবা they ?	

অনুশীলন—১

১৫নং তালিকায় প্রদর্শিত পদ-বিন্যাসগুলি ব্যবহার ক'রে অনেকগুলি বিভিন্ন বাক্য তৈরী করুন। আরো অন্য যেসব বিশেষ্যের অর্থ আপনার জানা আছে সে বিশেষ্যগুলি ৪নং ঘরে রেখে নতুন বাক্য গঠন করুন। প্রত্যেকটি রচিত বাক্য লেখার প্রয়োজন নেই, তবে সব বাক্যই উচ্চকণ্ঠে বলুন।

অব্যয় পদ

"কোথায় ?" এ প্রশ্নের উত্তর দেওয়ার একটি উপায় হ'ল, অব্যয় পদযুক্ত এক বাক্যাংশের ব্যবহার করা। উদাহরণ, "টেবিলের উপরে।" "আমার

বইটি কোথায় ?"—"আপনার বই টেবিলের উপরে আছে" কিংবা "ওটা টেবিলের উপরে আছে।") Where is my book?—It is on the table.

অব্যয়পদ সম্বন্ধে বিশেষভাবে সতর্ক থাকবেন। বাংলায় অব্যয়পদ যে ভাবে ব্যবহৃত হয়, ইংরেজীতে সব সময় সে ভাবে ব্যবহৃত হয় না। যেমন, ইংরেজীতে আমরা বলি, On the ground (মাটির উপর দিকে) কিন্তু বাংলায় সাধারণতঃ বলি—মাটিতে। এর মানে হচ্ছে যে বাংলায় অব্যয়পদ-গুলির ইংরেজীতে অনুবাদ করলেই ইংরেজী অব্যযপদগুলি শেখা সম্ভব হবে না। ইংরেজী বাক্যাংশে কিভাবে অব্যয়পদগুলি ব্যবহৃত হয়, তা আলাদা ভাবে শিখতে হবে।

তালিকা—১৬নং

1	2	3	4	5	6
The	shop(s)	is	on	the	ground
That	hand(s)	isn't		a	station (s)
This	taxi(s)		in	this	street (s)
Those	street(s)	are		(ইত্যাদি)	pocket (s)
These	man, men	aren't	near	my	(কিংবা উপযুক্ত
My	boy(s)		behind	(ইত্যাদি)	যে কোন সাধারণ
Your	girl(s)				বিশেষ্য)
His	letter(s)				
Her	hotel(s)				
Its	bird(s)				
Our					
Their	(কিংবা যে কোন সাধারণ বিশেষ্য)				
It					
He					
You					
(etc.)					
Tom					
Mr. Benedict					
(ইত্যাদি)					

তিন নম্বর ঘরে যে শব্দ আছে সেই ক্রিয়াপদ প্রথমে রেখে আমরা প্রশ্ন-বাক্য তৈরী করি। যেমন, Is the letter in your pocket? ("চিঠিটি কি আপনার পকেটে?") Are the shops near the station? ("দোকানগুলি কি স্টেশনের কাছে?")

এখানে অবস্থান বিষয়ক কয়েকটি বাক্যাংশ দেওয়া হ'ল :—

In this glass	In the box	In my hand
In their hotel	In the taxi	In those shops
In an aeroplane	In our house	In the station
On the ground	On the table	On my hands
Near the door	Near our house	Near my mother
Behind his hand	Behind the door	Behind the taxi

অনুশীলন—২

১৬নং তালিকায় প্রদর্শিত পদ-বিন্যাস ব্যবহার ক'রে অনেকগুলি বিভিন্ন বাক্য গঠন করুন। বাক্যগুলি উচ্চকণ্ঠে বলুন এবং কয়েকটী নমুনা স্বরূপ লিখুন।

অনুশীলন—৩

১৬নং তালিকা ব্যবহার ক'রে, Is that hotel near the station? ("হোটেলটা কি স্টেশনের কাছে?")—এই রকমের প্রশ্ন তৈরী করুন। সবগুলিই উচ্চকণ্ঠে বলুন আর কয়েকটি লিখুন।

অনুশীলন—৪

১৬নং তালিকায় প্রদর্শিত পদ-বিন্যাস ব্যবহার ক'রে এই প্রশ্নগুলির উত্তর দিন :

(a) Where is your father? (b) Where is that bird? (c) Where is our taxi? (d) Where is your hand? (e) Where is the hotel? (f) Where is the umbrella? (g) Where is Elsa? (h) Where are the cases? (i) Where are the dogs? (j) Where are those letters? (k) Where is the bell? (l) Where are the Benedicts?

কথোপকথন

নিম্নলিখিত কথোপকথনে, যে বাক্যে অব্যয়পদ from (হ'তে) ব্যবহৃত হয়েছে সেই বাক্যটি লক্ষ্য করবেন। "হোটেল হ'তে চিঠিটা" (অর্থাৎ হোটেল থেকে যে চিঠিটা আমাদের কাছে এসেছে) : the letter from the hotel.

ক্রিয়াপদ want-এর ব্যবহারও লক্ষ্য করুন। এটা সরল বর্ত্তমান কালের জন্য ব্যবহৃত হয়েছে : We want a taxi (আমরা একটা ট্যাক্সি চাই) এবং he wants a paper (তিনি একটা খবরের কাগজ চান) লক্ষ্য করুন যে শেষ s অক্ষরটি প্রথম পুরুষ একবচনেই মাত্র ব্যবহৃত হয়েছে। Now, we want a taxi (এখন আমাদের একটা ট্যাক্সি চাই)—এই বাক্যে ক্রিয়ার বিশেষণ now এবং thank you—এই বাক্য-রীতিও লক্ষ্য করুন।

যেসব বিভিন্ন প্রধান রেলপথ লণ্ডনে শেষ হয়েছে তাদের মধ্যে একটা হ'ল Victoria Station. ভিক্টোরিয়া স্টেশনের অদূরবর্ত্তী একটা পথ হ'ল Belgrave Street.

এই কথোপকথনে ডাক্তার ইয়ং, বিমান বন্দরে বেনেডিক্ট্ পরিবারের সঙ্গে সাক্ষাৎ করার পর, তাঁদের হোটেলে পাঠাবার জন্যে ট্যাক্সিতে তুলে দিচ্ছেন।

একটু পুনরাবৃত্তির জন্যে তিনি প্রথমে নিজেকে ও পরে বেনেডিক্ট্ পরিবারদের, আপনার সঙ্গে পরিচয় করিয়ে দিচ্ছেন এই কথা ব'লে—This man and these women are the Benedicts. বাস্তব ক্ষেত্রে পরিচয় করাবার সময় তিনি সম্ভবতঃ বলবেন These ladies and this gentleman (এই মহিলারা আর এই ভদ্রলোক) এটাই শুনতে শোভন লাগে। ডাক্তার ইয়ং আপনার জানা শব্দের কথাই হয়ত ভাবছিলেন!

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : I am Dr. Young. This man and these women are the Benedicts. This is Mrs. Benedict.

Helen : Where is Elsa ?

Elsa : I'm behind you, Mother !

Helen : Oh, yes. Where is your father ?

Elsa : He is in the shop. He wants a paper.

Helen : Where is my handkerchief ?

Elsa : Is it in your pocket ?

Helen : No it isn't in my pocket.

Tom : Is this your handkerchief, in this bag ?

Helen : Oh yes, that's it. Thank you. Now, we want a taxi.

(ট্যাক্সি এসে থামার শব্দ)

Tom : This is your taxi. Where is your hotel ?

Helen : The letter from the hotel is in my bag. This is the letter ; and this is the address.

Tom : Oh yes, the hotel is in Belgrave Street. That's near Victoria Station. Where is Mr. Benedict ?

John : I'm behind the taxi. Now, our boxes, cases and bags are in the taxi. Goodbye, Dr. Young, and thank you !

All : Goodbye, goodbye !

অভ্যাসের জন্যে বাক্য
পাঠ—৫ ও ৬

We are students, and this is our lesson......This is her dog, and that is its box.........I am sorry—is this your paper ? ....Yes, it is—thank you ! ....The umbrella and the boxes are on the ground.........Where are those men ? ....They are not in the room.........The shop is near the station.........This is a letter from my father......

পাঠ—৭

শব্দ-সংগ্রহ

all—সব, সকল
at—তে
bed—বিছানা (খাট)
beside—পাশে
big—বড়
but—কিন্তু
come in—ভিতরে আসা
cupboard—দেওয়াল আলমারী
dress—পোষাক
good evening—শুভ সন্ধ্যা (শুভেচ্ছা)
green—সবুজ
here—এখানে
nice—ভাল, চমৎকার
over—উপরে
photo—ছবি, ফটো
picture—ছবি
shoes—জুতা
shirt—সার্ট
small—ছোট
stairs—সিঁড়ি
there—ওখানে
thing—জিনিস
under—নিচে

"আমি এখানে"

এই পাঠে, কোন্ সামগ্রী কোথায় আছে তা বলার আরো কয়েকটী পন্থা শিখবেন। সর্ব্বপ্রথমে আরো কয়েকটি অব্যয় পদ, বাক্যাংশে অব্যয়-পদ কি অর্থে ব্যবহৃত হয়েছে তা বোঝাবার জন্যে, এখানে দেওয়া হ'ল :

over (উপরে), under (নিচে), beside (পাশে), at (তে) স্মরণ রাখবেন যে অব্যয়পদগুলি এক ভাষা থেকে অন্য ভাষায় সরাসরি অনুবাদ করা সম্ভব নয়।

The lamp is over your head.—আলোটা আপনার মাথার উপর দিকে আছে।

Your shoes are under the bed.—আপনার জুতা খাটের নিচে আছে।

The table is beside the bed.—বিছানার পাশে টেবিল আছে।

She is at the window.—তিনি জানালার ধারে আছেন।

On (উপরে) এই অব্যয়পদের নতুন ব্যবহার লক্ষ্য করুন। সাধারণতঃ এর অর্থ হচ্ছে কোন জিনিষের "উপরে"। যেমন, The paper is on the

table. কিন্তু কথাটি এ বাক্যে যে ভাবে ব্যবহৃত হয়েছে সে ভাবেও ব্যবহৃত হয় : Tne photo is on the wall—ছবিটি দেওয়ালে রয়েছে।

অব্যয় পদ ছেড়ে এখন, কোন্ জিনিষ কোথায় আছে তা দেখাবার আরো দুটী উপায়ের কথা বলব। এ দুটী হ'ল—here (এখানে), there (ওখানে)। কোন সাধারণ বাক্যে, এ দুটি ক্রিয়াপদের পরে আসে। I am here—আমি এখানে। Mr. and Mrs. Benedict are there, শ্রীযুক্ত ও শ্রীমতী বেনেডিক্ট্ ওখানে।

Here I am !

Where ? (কোথায় ?) কথাটা প্রথমে দিয়ে যদি কেউ আমাদের প্রশ্ন করেন তাহলে তার উত্তর আমরা কখন কখন একরকম বিস্ময়-সূচকভাবে দিতে পারি। যেমন, "কোথায় আপনি ?"—"এখানে আমি !" ইংরেজীতে এটা এইভাবে রূপ নেয় : প্রথমে আসে ক্রিয়ার বিশেষণ here কিংবা there : তারপরে আসে সর্ব্বনাম I, it, কিংবা they বা অন্য কোন সর্ব্বনাম। সবার শেষে আসে ক্রিয়াপদ am, is কিংবা are.

কিন্তু যদি সর্ব্বনামের পরিবর্ত্তে কোন বিশেষ্যপদ ব্যবহৃত হয়, তাহ'লে শব্দের অবস্থানের পরিবর্ত্তন ঘটে—ক্রিয়াপদ আসে বিশেষ্যপদের পূর্ব্বে।

তালিকা—১৭নং

Here There	it he she	is !
	you they	are !
Here	I	am !

Here There	is	your father ! the letter ! his book ! (ইত্যাদি)
	are	my shoes ! Tom and Elsa ! the photos ! (ইত্যাদি)

বাক্য-রীতি কখন কখন যুক্ত হ'তে পারে, যেমন এই কথাবার্তায় :
Where are my shoes ?—There they are, near the door.

কোন্ জিনিষ কোথায় আছে তা নির্দ্দেশ করার জন্যে যেসব বাক্য-রীতি আমরা ব্যবহার করি তা সবই ব্যবহৃত হ'তে পারে বিশেষ একটি সামগ্রী সম্বন্ধে, যে সামগ্রী সম্বন্ধে আমরা আলোচনা করছি। যেমন, "ওখানে, দেওয়ালে বিছানার উপরে ও জিনিষটা কি ?"

What's that the thing on the wall, there, over the bed.

বিশেষণ

এখন আমরা আলোচনা করব বিশেষণ সম্বন্ধে। সাধারণ ইংরেজী বিশেষণ, যা বিশেষ্যের গুণবর্ণনা করে তা সেই বিশেষ্যের আগে বসে আর ইংরেজী সম্বন্ধপদের মত অপরিবর্ত্তিত থাকে। বিশেষ্যের লিঙ্গ অনুযায়ী এ বিশেষণগুলির কোন পরিবর্ত্তন হয় না। একবচনে হোক আর বহুবচনে হোক বিশেষণ-গুলি একই রূপ নেয়। এই পাঠের জন্যে কথোপকথনে ব্যবহৃত কয়েকটি উদাহরণ এখানে দেওয়া হ'ল।

It's a *nice big* room—"এটা চমৎকার বড় ঘর"।

My *green* dress from the big case—"বড় বাক্স থেকে আমার সবুজ পোষাক"।

Her *small* room is near the stairs—"সিঁড়ির কাছে তাঁর ছোট্ট ঘর"।

বিশেষণের সাধারণ অবস্থান হচ্ছে, যে বিশেষ্যের গুণবর্ণনা করছে ঠিক তার আগে বসা। কিন্তু এই কথোপকথনে ব্যবহৃত একটি বিশেষণ অন্য স্থানে রাখা হয়েছে : All অর্থাৎ সব।

নিম্নলিখিত বাক্যগুলি মনোযোগ দিয়ে লক্ষ্য করুন।

Are *all our cases* here ? আমাদের সব বাক্সই এখানে আছে ?

Yes, *they* are *all* here. হ্যাঁ, সব বাক্সই এখানে।

উচ্চারণ সম্পর্কে নির্দ্দেশ

ইংরজীতে বহু ছোট ছোট শব্দ আছে যার উচ্চারণ দু'রকম হয়। বাক্যের "চাপ" এই ছোট ছোট কথার উপর রাখা আর না রাখার উপর উচ্চারণের তারতম্য নির্ভর করে। যদি এগুলির উপর চাপ পড়ে (অর্থাৎ

This is their hotel room.

জোর দিয়ে বলার প্রয়োজন হয়) তাহ'লে স্বরবর্ণের আওয়াজ পুরোপুরি করা হয়। আর চাপ যদি না পড়ে তাহ'লে তাদের উচ্চারণ মৃদু হয়। উদাহরণ স্বরূপ, At the window, A letter from my father—বাক্যাংশে at এবং from অব্যয় পদগুলি উচ্চারিত হয় (ət) এবং (frəm) ভাবে। We have a big room but she has a small room—এই বাক্যে সংযুক্ত-কারী but কথার উচ্চারণ হয় (bət).

কয়েকটি অব্যয়পদ, কয়েকটি ক্রিয়াপদ, a, an, the পদগুলি এবং সংযুক্ত-কারী and-এর উচ্চারণ মৃদুভাবে হ'তে পারে।

কথোপকথন

বিদেশ থেকে আগত অতিথি জন ও হেলেন বেনেডিক্ট্ তাঁদের হোটেল ঘরে আছেন। জন ঘর সম্বন্ধে নিজের কাছেই নিজে বলছে। তারপর তাঁর স্ত্রী তাঁর সঙ্গে কথায় যোগ দিলেন।

এই বাক্যে but কথার ব্যবহার লক্ষ্য করুন।

My wife and I are here but my daughter isn't.

"আমার স্ত্রী আর আমি এখানে, কিন্তু আমাদের মেয়ে এখানে নেই।"

রেকর্ডের লিখিত ভাষ্য

John : This is our room in the hotel. It's a nice big room. My wife and I are here, but our daughter isn't. Her room is near the stairs. Our bed is near the wall ; and the table is beside the bed.
My wife Helen is at the window.

Helen : John ! What's that thing on the wall !

John : Where ?

Helen : There—over the bed. Is it a picture ?

John : Oh ! No, it isn't a picture ; it's a photo.

What is that thing on the wall—there over the bed ?

Helen : Are all our cases here ?
John : Yes, they are all here.
Helen : Where ? Are they in the cupboard ?
John : Yes, here they are.
Helen : I want my green dress from the big case. It's under your shirts.
John : Oh, is this the dress ?
Helen : Yes, that's it.

(দরজায় ঠক্ ঠক্ আওয়াজ)

Helen : Who is at the door ? Is it Elsa ?

(তিনি দরজা খুললেন)

John : No, it's Dr. Young. Come in, Young !
Tom : Good evening, Mrs. Benedict. Good evening, Benedict.

অনুশীলন

কথোপকথন সম্বন্ধে এই প্রশ্নগুলির উত্তর দিন।

(a) Where are the Benedicts ? (b) Is their room small ? (c) Is Elsa in their room ? (d) Where is her room ? (e) What is the thing on the wall over the bed ? (f) Are all their cases in the room ? (g) Who wants the green dress ? (h) Is it on his shirts ? (i) Are the shirts in the small case ? (j) Who is at the door ?

পাঠ—৮

শব্দ-সংগ্রহ

bad—মন্দ
bar—পানাগার
bring—আনা
chair—চেয়ার
cigarette—সিগারেট
comfortable—স্বাচ্ছন্দ্যকর
down—নিচে
drink—পানীয়
dry—শুষ্ক
good—ভাল
hard—শক্ত
hat—টুপী

hers —তাঁর (স্ত্রী অর্থে)
how—কি রকমে
hungry—ক্ষুধার্ত্ত
kind—দয়ালু
mine—আমার
news—খবর
of—হ'তে, র
off—দূরে, বাইরে
one—একটী
ours—আমাদের
please !—দয়া ক'রে
put —রাখা
put on—পরা, ভান করা
ready—তৈরী
red—লাল
sherry—শেরী মদ
sit—বসা

take off—খুলে ফেলা, তুলে নেওয়া, কেটে ফেলা, বিমানের মাটি থেকে ওড়া
soda—সোডা
stay—থাকা
take—লওয়া
thanks—ধন্যবাদ
theirs—তাঁদের
thirsty—তৃষ্ণার্ত্ত
three—তিন
tired—ক্লান্ত
to—তে
two—দুই
very—অত্যন্ত
well—আচ্ছা
whisky—হুইস্‌কী মদ
whose—কার
with—সঙ্গে
yours—আপনার, আপনাদের

সামগ্রী বর্ণনা

আগের পাঠে আমরা দেখেছি বিশেষ্যের সঙ্গে বিশেষণ কেমন ভাবে ব্যবহার করা যায় আর ইংরেজীতে বিশেষ্যের গুণবর্ণনাকারী বিশেষণগুলি কেমন ভাবে সেই বিশেষ্যের ঠিক পূর্ব্বে বসে। উদাহরণ, My green dress—"আমার সবুজ পোষাক।" কিন্তু আমরা is, are কিংবা am ক্রিয়াপদের পরেও বিশেষণ ব্যবহার করতে পারি। যেমন, My hat is red—"আমার টুপি লাল।"

তালিকা—১৮নং

I	am	
He She It That box The umbrella Mr. Benedict My window	is	nice ready green red big small good bad tired hungry thirsty kind dry hard comfortable
You We They The cigarettes Those students Dr. and Mrs. Young All my photos Our beds	are	

অনুশীলন—১

১৮নং তালিকা ব্যবহার ক'রে যতগুলি পারেন যুক্তিসঙ্গত বাক্য তৈরী করুন। সবগুলিই উচ্চস্বরে বলুন আর কয়েকটি লিখে ফেলুন।

অনুশীলন—২

কর্ত্তার পূর্ব্বে ক্রিয়াপদ রেখে সব বাক্য প্রশ্নে রূপান্তরিত করুন আর প্রত্যেক প্রশ্নের উত্তরে না বলুন। যেমন, Are our beds comfortable? No, they aren't.

সম্বন্ধপদী বিশেষণ এবং সর্ব্বনাম

লক্ষ্য করবেন যে বিশেষ্য একবচন বা বহুবচনে থাকুক আর স্ত্রীলিঙ্গে বা পুংলিঙ্গে হোক, সেই বিশেষ্যের গুণবর্ণনাকারী বিশেষণের রূপ পরিবর্ত্তন হয় না। বিশেষ্যের পূর্ব্বে বা সঙ্গে ব্যবহৃত হোক কিংবা is, are ও am-এর পরে ব্যবহৃত হোক বিশেষণের রূপ একই রকম থাকে।

কিন্তু সম্বন্ধপদী বিশেষণ my, your প্রভৃতি শেষের পদ্ধতিতে ব্যবহৃত

হলে তাদের রূপ পরিবর্ত্তিত হয়। প্রকৃতপক্ষে সেগুলি হয়ে দাঁড়ায়, "সম্বন্ধপদী সর্ব্বনাম"। এই তালিকায় পরিবর্ত্তনগুলি দেখতে পারেন :

তালিকা—১৯নং

This is That is It is	my your his	house box father cigarette (ইত্যাদি)
These are Those are They are	her our their	houses boxes sons matches (ইত্যাদি

This house That box The umbrella It (ইত্যাদি)	is	mine yours his
These houses Those boxes The matches They (ইত্যাদি)	are	hers ours theirs

লক্ষ্য করেছেন নিশ্চয় যে his শব্দটি ছাড়া আর সবগুলিরই পরিবর্ত্তন হয়েছে। His কথার শেষে আগে থেকেই একটা s আছে। সম্বন্ধপদ its (এর) শব্দ এরকম ভাবে ব্যবহৃত হয় না।

প্রশ্ন তৈরী করতে গেলে আমরা প্রথমে ক্রিয়াপদ বসাব। এই রকমে আমরা প্রশ্ন করতে পারি : বাঁদিকের তালিকামত —Is this your house ? আর ডানদিকের তালিকা মত—Is this house yours ?

Whose কথাটি প্রথমে দিয়ে আমরা প্রশ্ন জিজ্ঞাসা করতে পারি, "এ বাড়ীটি কার ?"—Whose is this house ? কিংবা Whose house is this ? এ প্রশ্নের উত্তর হ'তে পারে—It's mine—এটা আমার।

Whose is this house ?
It is the Youngs' house.

সঙ্কেত চিহ্নিত s

যখন আমরা কোন জিনিষের মালিক, এই ভাব বোঝাতে চাই তখন আমরা সঙ্কেত চিহ্ন দিয়ে s বসাই। যেমন :

This is Dr. Young's house. এটী ডাক্তার ইয়ং-এর বাড়ী।

There is Tom's dog. ওখানে টমের কুকুর।

There are Tom's dogs. ওখানে টমের কুকুরগুলো।

Where is that student's book ? ও ছাত্রটির বইটি কোথায় ?

অধিকারী বিশেষ্য যদি বহুবচনে থাকে আর তা s অক্ষরে শেষ হয় তাহ'লে সঙ্কেত চিহ্ন লেখার সময় s অক্ষরের পরে পড়ে। কিন্তু বিশেষ্যের উচ্চারণ একই রকম থাকে।

Where are the students' books ? ছাত্রদের বইগুলি কোথায় ?

This is the Benedicts' taxi. এটা বেনেডিক্‌টদের ট্যাক্সি।

We are in the Youngs' house. আমরা ইয়ং-দের বাড়ীতে।

অনুশীলন—৩

ডাক্তার টম ইয়ং, তাঁর স্ত্রী ডরথী ও তাঁদের ছেলে প্যাট্রিক ; মিঃ জন বেনেডিক্‌ট্, তাঁর স্ত্রী হেলেন ও তাঁদের মেয়ে এলসা—আমাদের কথোপকথনের এই চরিত্রগুলির মধ্যে সম্বন্ধ স্মরণ রেখে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন :—

(a) Whose son is Patrick ? (b) Whose wife is Helen ? (c) Whose father is John ? (d) Whose mother is Dorothy ? (e) Whose daughter is Elsa ?

কয়েকটী ক্রিয়াপদ

এই কথোপকথনে কয়েকটী নতুন ক্রিয়াপদ ব্যবহার করা হয়েছে। বেশীর ভাগের রূপ অনুজ্ঞাসূচক অর্থাৎ এগুলি নির্দ্দেশ দেয়। (প্রসঙ্গক্রমে বলা যেতে পারে যে অনুজ্ঞাসূচক ক্রিয়াপদ, অসমাপিকা ক্রিয়াপদের মত এবং সাধারণতঃ বর্ত্তমান কালের রূপের মত। এতে মনে হচ্ছে ইংরেজী ক্রিয়াপদ শেখা বেশ সহজ !)

উদাহরণগুলিতে আরো দেখান হয়েছে যে in বা on-এর মত ছোট শব্দের সংযোগে বহু ইংরেজী ক্রিয়ার অর্থ বদলে যায়। In বা on হয় অব্যয় কিংবা ক্রিয়ার বিশেষণ রূপে এক্ষেত্রে ব্যবহৃত হতে পারে। (পরিশিষ্ট দেখুন)

Come—আসা
Come in !—ভিতরে আসুন

Take—নেওয়া
Take your coat off !—আপনার জামা খুলে ফেলুন
(off হচ্ছে on-এর বিপরীত)

Put—রাখা
Put it on the bed ! বিছানার উপর রাখুন
(কিন্তু Put your coat on—আপনার জামা পরুন)

Sit—বসা
Sit down !—বসুন

Telephone—টেলিফোন করা
Telephone down to the bar ! পানাগারে টেলিফোন করুন

Bring—আনা
Bring two glasses !—দুটো গেলাস আনুন।

Stay—থাকা
Come and stay with me !—আসুন, আমার সঙ্গে থাকুন।

ক্রিয়াপদ want—চাওয়া, যেমন He wants a drink তিনি জল খেতে চান। এই ক্রিয়াপদটা আপনি ৬নং পাঠে ইতিপূর্ব্বেই পেয়েছেন।

[করে, করেন, করিস-এর মত সামান্য শুরু ও তুচ্ছ রূপের ব্যবহার সাধারণতঃ ইংরেজীতে করা হয় না ; সেই কারণে বহু ক্ষেত্রে ক্রিয়াপদের রূপে আমরা শুধু শুরু রূপই ব্যবহার করেছি।]

কথোপকথন

ডাক্তার ইয়ং, বেনেডিক্‌ট্‌দের সঙ্গে তাঁদের হোটেলে সাক্ষাৎ করছেন। সময় হচ্ছে সন্ধ্যে সাড়ে ছ'টা। এই কথা ও বাক্যাংশগুলির ব্যবহার লক্ষ্য করুন। A glass of whisky and soda—এক গেলাস হুইস্কী মদ ও সোডা। You are very kind—আপনি অত্যন্ত দয়ালু। How are you ? আপনি কেমন আছেন ? I am very well—আমি বেশ ভাল আছি। What is your news ? (s অক্ষরে শেষ হলেও কথাটি একবচনে)—আপনার খবর কি ? A dry sherry—'ড্রাই' শেরী মদ। Er-দ্বিধাব্যঞ্জক আওয়াজ "অাঁ"।

রেকর্ডের লিখিত ভাষ্য

John : Oh, hello, Young !

Tom : Hello !

John : Come in. (তিনি দরজাটা বন্ধ করেন) Take your coat off.

Helen : John, take Dr. Young's coat, and put it on the bed.

Tom : Thank you.

Helen : That's good.

John : Are you tired, Young ? Sit down. Is that chair comfortable ?

Helen : It's a hard chair.

Tom : No, it *is* comfortable, thanks.

Is that chair comfortable ?

Helen : John, Dr. Young *is* tired—and thirsty ! He wants a drink.

John : We all want a drink !

Tom : A whisky and soda, please.

Helen : Telephone down to the bar.

John : Yes. Hello ! Is that the bar ? Bring a whisky and soda, and two glasses of sherry, please. Room three-two-one. Yes, dry sherry. Thank you. Now, Young—how are you ? And what's your news ?

Tom : I'm very well, thank you. Are you all well ?

Helen : Very well, thanks.

Tom : Benedict, is this a good hotel ?

John : Well, er—it isn't *bad.*

Tom : Benedict—Mrs. Benedict—come and stay with me and my wife !

Helen : You are very kind !

অভ্যাসের জন্ত বাক্য

পাঠ ৭ ও ৮

All the nice dresses are in the big cupboard...Your glasses are on the small table beside the bed...Whose house is this ?...Is it yours ?...No, it isn't mine ; it's my father's house...And whose are these chairs ?...They aren't ours... These pictures are not theirs ; they are my mother's ..

অনুশীলন—৪

এই ধরনের ইংরেজী বাক্য লিখুন : I am hungry, He is tired কিংবা They are comfortable. (একটি সর্ব্বনাম, + একটি ক্রিয়াপদ, + এক উপযুক্ত বিশেষণ) বাক্যগুলিতে নিম্নলিখিত ভাবগুলি থাকা চাই :

(a) আমি ঘুমোতে যেতে চাই ("আমি ক্লান্ত")। (b) তিনি কিছু খেতে চান। (c) তিনি (স্ত্রীলোক) ঐ চেয়ারটা থেকে নড়তে চান না। (d) যখন আমার সাহায্যের প্রয়োজন হয়েছে তখন আপনি আমাকে সাহায্য করেছেন। (e) আমরা সারাদিন ধরে খুব খাটছি এবং আমরা (এখন) বিশ্রাম চাই। (f) আমার জল (পানীয়) খাবার দরকার।

অনুশীলন—৫

ইংরেজীতে এগুলি কিভাবে বলবেন : (a) ভিতরে আসুন আর আপনার জামা খুলে ফেলুন। (b) এটা খুব 'ড্রাই' শেরী মদ। (c) তিন গেলাস হুইস্কী মদ আনুন। (d) এখানে আমার সঙ্গে থাকুন। (e) আমরা সকলে খুব ক্লান্ত। (f) বিছানাটা স্বাচ্ছন্দ্যকর নয়। (g) ও সিগারেটগুলি আপনার পকেটে রাখুন। (h) আপনি কেমন আছেন ? এবং আপনার খবর কি ? (i) আমি খুব ভাল আছি, ধন্যবাদ। (j) এটা খারাপ হোটেল নয়।

পাঠ—৯

শব্দ-সংগ্রহ

any—যে কোন একটা	jacket—কোট, জামা
back—পিছনে	only—একটিমাত্র
drawer—টানা	pocket—পকেট
friend—বন্ধু	people—লোক
give—দেওয়া	sir—মহাশয়
has—আছে	some—কয়েকটি, কতকগুলি
have—আছে	tray—বারকোশ, ট্রে
head—মাথা	waiter—পরিবেশক (খাবার পরিবেশক)

"......আছে।"

বেশীর ভাগ ভাষায় এমন একটী চলতি বাক্য-রীতি আছে যাতে কোন সামগ্রীর অবস্থান ইঙ্গিত করে। যেমন বাংলায় আমরা বলি, "...আছে।" —"দরজায় একজন লোক আছে।" "ঘটিতে কিছু দুধ আছে।" ইংরেজীতে অনুরূপ বাক্য-রীতি হচ্ছে—There is. উদাহরণ, "টেবিলের উপরে বাক্স আছে।"—There is a box on the table.

উদাহরণে ব্যবহৃত বাক্য-বিন্যাস বেশীর ভাগ ক্ষেত্রে ব্যবহার করা হয়, যখন বাক্যের কর্ত্তা অনির্দ্দিষ্ট থাকে। যদি মন দিয়ে ইংরেজ বক্তাদের কথা শোনেন তাহ'লে লক্ষ্য করবেন যে কর্ত্তা নির্দ্দিষ্ট না হওয়ার জন্যে there is কথার উপর জোর দেওয়া হয় না এবং সমগ্র বাক্য-রীতিটী সংক্ষিপ্ত ক'রে উচ্চারণ করা হয়—There's.

যদি কর্ত্তা বহুবচনে থাকে তাহ'লে সাধারণতঃ a, এই অনির্দ্দিষ্ট পদের পরিবর্ত্তে some—"কয়েকটী", এই অনির্দ্দিষ্ট সংখ্যাজ্ঞাপক কথা ব্যবহার করা হয়। আর There is কথার পরিবর্ত্তে There are বলা হয়। যেমন, There are some boxes on the table—টেবিলের উপর কয়েকটী বাক্স আছে।

এক্ষেত্রেও উচ্চারণ হ্রাস করা হচ্ছে। প্রথম তিনটী শব্দের কোনটাই পূর্ণভাবে উচ্চারিত হচ্ছে না।

There are some shoes in the cupboard.

না-জ্ঞাপক বাক্য সৃষ্টি হয় There is কথার পরিবর্ত্তে There isn't কথা ব্যবহার ক'রে। বহুবচনে There are কথার পরিবর্ত্তে বলা হয় There aren't. কিন্তু Some শব্দের পরিবর্ত্তে any কথা ব্যবহার করতে হবে। যেমন, There isn't a box on the table. There aren't any boxes on the table.

প্রশ্ন-বাচক রূপ করতে হলে There শব্দের আগে ক্রিয়াপদ বসাতে হবে, বলতে হবে—Is there ? বহুবচনে বলতে হবে—Are there ? কিন্তু এবারেও আগের মত বহুবচনে some কথার বদলে any শব্দ ব্যবহার করতে

হবে। Is there a box on the table? Are there any boxes on the table?

অনুশীলন—১

২০নং তালিকা ব্যবহার ক'রে বহু সংখ্যায় বাক্য তৈরী করুন আর প্রত্যেকটি বাক্য উচ্চস্বরে বলুন। একবচনে আর বহুবচনে বাক্য তৈরী করবেন, কোনটি করবেন নিশ্চয়াত্মক, কোনটি না-জ্ঞাপক, আর কোনটী বা প্রশ্ন-সূচক।

তালিকা—২০নং

There's a (an)	box	on the table
	man	in my pocket
There isn't a	umbrella	in the street
	taxi	at the door
Is there a	photo	in this hotel
	match	over your head
	glass	under the bed
	cupboard	behind you
	telephone	in this picture
	aeroplane	beside him
	woman	on the ground
	(ইত্যাদি যে কোন	near the station
	একবচনের বিশেষ্য)	in your bag
There are some	boxes	at this address
	men	in our shop
There aren't any	umbrellas	in this letter
	chairs	above the stairs
Are there any	stairs	under the table
	oranges	in my room
	bells	(ইত্যাদি স্থান সম্বন্ধে
	housewives	যে কোন বাক্যাংশ)
	doctors	here
	matches	there
	(ইত্যাদি যে কোন	
	বহুবচনের বিশেষ্য)	

ক্রিয়াপদ—have

এবার আমরা আলোচনা করব অত্যন্ত প্রয়োজনীয় ক্রিয়াপদ have—"আছে" কথাটী নিয়ে। অনেকগুলি উদ্দেশ্যে এ কথাটী ব্যবহার করা যায়। কিন্তু একটী প্রধান অর্থ হ'ল—কোন ব্যক্তি কোন কিছুর অধিকারী। I have a jacket অর্থ হচ্ছে, আমার একটা জামা আছে।

I you we they	} have	he she it	} has

Have-এর বিপরীতাত্মক কথা হচ্ছে—have not, কথা বলার সময় সংক্ষিপ্ত ক'রে বলা হয়—haven't. Has-এর বিপরীত হ'ল—has not আর সংক্ষিপ্ত ক'রে বলা হয় hasn't.

প্রশ্নে রূপান্তরিত করতে হ'লে—কর্তার পূর্ব্বে ক্রিয়াপদ বসাতে হবে এই রকমে: Have you a drink ? ("আপনি কি পানীয় পেয়েছেন ?") কিংবা Has Mr. Benedict a daughter ? (মিষ্টার বেনেডিক্ট্-এর কি একটি মেয়ে আছে ?")

তালিকা—২১নং

১	২	৩	৪
I have You have Our friends have (ইত্যাদি) He has She has Dr. Young has Our house has (ইত্যাদি)	a the this that your (ইত্যাদি) some the these your (ইত্যাদি)	cigarette (ইত্যাদি—এক-বচনে যে কোন বিশেষ্য) cigarettes windows (ইত্যাদি—বহু-বচনে যে কোন বিশেষ্য)	(in my pocket) ? (ইত্যাদি)—কিন্তু স্থান সম্বন্ধীয় বাক্যাংশগুলি সবসময় বাক্যের একান্ত প্রয়োজনীয় অংশ নয়
You haven't He hasn't Your friends haven't (ইত্যাদি)	a (ইত্যাদি) any (ইত্যাদি)	cigarette (ইত্যাদি) cigarettes (ইত্যাদি)	
Have you Has he Has your friend (ইত্যাদি)	a (ইত্যাদি) any (ইত্যাদি)	cigarette ? (ইত্যাদি) cigarettes ? (ইত্যাদি)	

এই তালিকাটী আপনাকে স্মরণ করিয়ে দেবে যে নিশ্চয়াত্মক বাক্যে অনির্দ্দিষ্ট বহুবচন Some কথাটী আছে, এর অর্থ হচ্ছে এক অনির্দ্দিষ্ট সংখ্যা। না-জ্ঞাপক ও প্রশ্ন-সূচক বাক্যে some-এর পরিবর্ত্তে any শব্দ ব্যবহার করতে হবে।

অনুশীলন—২

২১নং. তালিকা মনোযোগ সহকারে পরীক্ষা করুন। ঠিকমত বোঝার পর দেখুন এক নম্বর ঘরে রাখা কথা—Dr. Young, Our friends, Our house, Your friend প্রভৃতি কথার বদলে আর কি নতুন কথা ব্যবহার করতে পারেন। তিন নম্বর ঘরে রাখা—cigarette ও cigarettes বদলে আরো অনেক কি কি কথা লাগাতে পারেন তাও দেখুন। এই রকমে নিশ্চয়াত্মক, প্রশ্ন-বাচক ও না-সূচক অনেকগুলি নতুন বাক্য তৈরী করুন—কতকগুলি একবচনে আর কতকগুলি বহুবচনে।

সংখ্যা

There is এবং have—উভয় পদবিন্যাস সংখ্যার সঙ্গে বেশী ব্যবহৃত হয়। যথা:—"টেবিলের উপর তিনটী বই আছে এবং আমার হাতে দুটী"। There are three books on the table, and I have two books in my hand.

এক থেকে বিশ পর্য্যন্ত সংখ্যা এখানে দেওয়া হ'ল :—

1.	One	6.	Six	11.	Eleven	16.	Sixteen
2.	Two	7.	Seven	12.	Twelve	17.	Seventeen
3.	Three	8.	Eight	13.	Thirteen	18.	Eighteen
4.	Four	9.	Nine	14.	Fourteen	19.	Nineteen
5.	Five	10.	Ten	15.	Fifteen	20.	Twenty

অনুশীলন—৩

সংখ্যাগুলি প্রথমে শিখে নিন। তারপর সংখ্যা দিয়ে বিশটি বাক্য তৈরী করুন। এই রকমভাবে : There is one match in the box ; there are two pencils on the table, ইত্যাদি কিংবা I have one cigarette in my hand ; he has two photos in his pocket, ইত্যাদি।

অনুশীলন—৪

এই উদাহরণটী দেখুন: What are three and two? ("তিন আর দুই মিলে কি হয়?") Three and two are five. ("তিন আর দুয়ে মিলে পাঁচ হয়") এবার এই প্রশ্নগুলির উত্তর দিন: (a) What are three and four? (b) What are six and two? (c) What are three and seven? (d) What are eight and five? (e) What are eleven and four? (f) What are nine and eight?

কথোপকথন

মিষ্টার ও মিসেস্ বেনেডিক্‌ট্ হোটেলে তাঁদের ঘরে এখনও রয়েছেন আর ডাক্তার ইয়ং তাঁদের সঙ্গে দেখা করতে এসেছেন। বেয়ারা তাঁরা যে পানীয় আনতে বলেছিলেন তা নিয়ে এসেছে।

কয়েকটী বিষয় এখানে লক্ষ্য করবেন। প্রথমে People কথাটী। যদিও কথাটী রূপে একবচন তাহ'লেও আমরা ইংরেজীতে এটীকে বহুবচন রূপে ব্যবহার করি। উদাহরণ স্বরূপ, বেনেডিক্‌ট্ বলছেন যে There are three people in the room—"ঘরেতে তিন জন লোক আছেন।" তারপর লক্ষ্য করুন এই কথাবার্ত্তা—Is that all, Sir? Yes, that's all now.—"মহাশয় সব হয়েছে? হ্যাঁ, আপাততঃ ঠিক আছে।"

আরো লক্ষ্য করুন যে যদি আমরা অনুমান করতে পারি অনুগামী বিশেষ্যটী কি হবে তাহ'লে তা শুধু সংখ্যা ব্যবহার ক'রেই বোঝান যায়। উদাহরণ—Have you a cigarette? Give one to Dr. Young (one এখানে one cigarette অর্থে ব্যবহৃত হচ্ছে)। There are only two (অর্থাৎ দুটী মাত্র সিগারেট আছে।) Oh dear—এই বাক্য-রীতির মানে বাংলায় যেমন বলি "এই রে" বা "ও মা"।

My jacket pocket-এর অর্থ হ'ল, "আমার জামার পকেট।" ইংরেজীতে দুটী বিশেষ্য একসঙ্গে ব্যবহারের এটাই হ'ল সাধারণ পন্থা।

রেকর্ডের লিখিত ভাষ্য

John : There are three people in the room: Dr. Young, my wife, and I.

(দরজায় আওয়াজ)

John : There's a man at the door.
(তিনি দরজা খোলেন)

John : Ah, it's the waiter with our drinks. He has the glasses on a tray.

Waiter : Here are your drinks, sir. A whisky and soda and two glasses of sherry.

John : Thank you very much.

Waiter : Is that all, sir ?

John : Yes, thank you, that's all now.
(পরিবেশক চলে যায়)

John : Young—here is your whisky.

Tom : Thank you.

Helen : Is this glass of sherry mine ?

John : Yes, that's yours. Helen, have you a cigarette ? Give one to Dr. Young.

It's the waiter with our drinks
He has the glasses on a tray.

Helen : There's a packet in the drawer. Here it is. Oh dear ! There are only two. Bring the waiter back !

Tom : Oh no ! I have some cigarettes in my jacket pocket.

পাঠ—১০

শব্দ-সংগ্রহ

brother—ভাই
bus—'বাস'
car—গাড়ী
dinner—ভোজ, রাত্রের প্রধান খাবার
every—প্রত্যেক, প্রতি
for—জন্য
go—যাওয়া
know—জানা
London—লণ্ডন
not far—দূরে নয়
see—দেখা
watch—হাতঘড়ি

প্রশ্ন ও না-সূচক পদ

আগের পাঠে যে পদ-বিন্যাস দেখেছি এই পাঠে সেইরকম না-সূচক ও প্রশ্ন-জ্ঞাপক পদ-বিন্যাস অধ্যয়নে আমাদের বেশ মনোযোগ দিতে হবে। (২০নং ও ২১নং তালিকা দেখতে হবে) এখানে আরো কয়েকটি আদর্শ-স্বরূপ বাক্য দেওয়া হ'ল :

নিশ্চয়াত্মক

There is a lamp beside the bed.—বিছানার পাশে একটি আলো রয়েছে।

There are some people here.—এখানে কয়েকজন লোক আছেন।

He has a nice house.—তাঁর একটা ভাল বাড়ী আছে।

I have some letters in this case.—এই বাক্সে আমার কয়েকটি চিঠি আছে।

না-সূচক

There isn't a lamp beside the bed.—বিছানার পাশে আলো নেই।

There aren't any people here.—এখানে কোন লোক নেই।

He hasn't a nice house.—তাঁর ভাল বাড়ী নেই।

I haven't any letters in this case.—এ বাক্সে আমার কোন চিঠি নেই।

প্রশ্ন-সূচক

Is there a lamp beside the bed ? বিছানার পাশে কি একটা আলো আছে ?

Are there any people here ? এখানে কি কোন লোক আছেন ?

Has he a nice house ? তাঁর কি ভাল বাড়ী আছে ?

Have you any letters in that case ? ও বাক্সে কি আপনার কোন চিঠি আছে ?

অনুশীলন—১

নিম্নলিখিত বাক্যগুলি না-সূচক বাক্যে রূপান্তরিত করুন : (a) I have a brother. (একটী ভাই) (b) She has a bag in her hand. (c) We have a good friend. (d) I have your address. (e) You have an umbrella. (f) They have a house near the station. (g) My father has a comfortable chair. (h) The waiter has some glasses. (i) You have some shoes. (j) Those students have some pencils.

অনুশীলন—২

নিম্নলিখিত বাক্যগুলি না-সূচক বাক্যে পরিণত করুন : (a) There's a telephone near the stairs. (b) There's an aeroplane behind the house. (c) There are some pictures on the wall. (d) There are some men in the street. (e) There is a whisky and soda on the table. (f) There are some tired and thirsty women at the door. (g) There are seven people in the room.

There aren't any men in the street.

অনুশীলন—৩

নিম্নলিখিত বাক্যগুলি প্রশ্ন-সূচক পদে পরিবর্তন করুন। যেমন, You have a dog—প্রশ্নে পরিণত করলে হবে—Have you a dog?

(a) They have a daughter. (b) You have our address. (c) You have some friends in this street. (d) He has a father and a mother. (e) We have some matches in the house. (f) That nice man has a comfortable chair. (g) Those thirsty people have drinks. (h) All your friends have telephones. (i) The house has eight big windows. (j) You have some oranges.

(**দ্রষ্টব্য :**—(g) ও (h)-এ any শব্দের প্রয়োজন হয় না)

অনুশীলন—৪

নিম্নলিখিত বাক্যগুলি প্রশ্নে পরিবর্তন করুন :

(a) There's a cupboard in your bedroom. (b) There is a hotel near the station. (c) There are five shops in this street. (d) There are some bad oranges in that bag. (e) There is a doctor in the house. (f) There are some matches in that box. (g) Our train is in the station. (h) My father

is there. (i) There are some business men in the hotel. (j) There's a paper on the ground under the table.

আরো সংখ্যা

৯নং পাঠে আমরা এক থেকে বিশ সংখ্যা পর্য্যন্ত দিয়েছি। এখন আপনি আরো উচ্চ সংখ্যা শিখবেন। এরকম কয়েকটি সংখ্যা এখানে দেওয়া হ'ল :

20	Twenty.	60	Sixty.
30	Thirty.	70	Seventy.
40	Forty.	80	Eighty.
50	Fifty.	90	Ninety.
21	Twenty-one.	22	Twenty-two. (ইত্যাদি)
100	A hundred.	101	A hundred and one.
		131	A hundred and thirty-one.

369 Three hundred and sixty-nine. 1000 A thousand.

(সংখ্যা সঙ্কেতগুলি লিখুন আর উচ্চস্বরে ইংরেজীতে বলুন যে সংখ্যাগুলি আপনি লিখছেন। যেমন ইংরেজীতে এগুলি কিভাবে বলবেন : 86, 243, 57, 834, 963, 425, 11, 512)।

কথোপকথন

ডাক্তার ইয়ং মনে করেন যে বেনেডিক্টরা হোটেলে খুব স্বাচ্ছন্দ্যে নেই। সেজন্যে তিনি তাঁর বাড়ীতে থাকার জন্যে তাঁদের নিমন্ত্রণ করছেন।

নিম্নলিখিত পদ-বিন্যাসের ব্যবহার ঠিকমত লক্ষ্য করুন। Is there a bus from here to your house ?—"এখান থেকে আপনার বাড়ী পর্য্যন্ত যাবার জন্যে কোন 'বাস' পাওয়া যায় নাকি ?" My house isn't far. "আমার বাড়ী দূরে নয়।" We have ten rooms and two are for you. "আমাদের বাড়ীতে দশটি ঘর আছে, তার মধ্যে দুটো আপনাদের জন্যে।"

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : Come with me now, and see my wife and son. Come and have dinner at our house.

Helen : That is very nice ! John, go and bring Elsa from her room. She hasn't a watch.

John : Is there a bus from here to your house, Young ?

Tom : No, there aren't any buses. But it is not far. And I have my car at the door of the hotel.

John : You know, Young, we haven't any friends in London. There are six hundred and eighty-five rooms in this hotel. In every room there are English people. But—we only know you !

I have my car at the door of the hotel.

Tom : Well, we have ten rooms in our house—and two are for you !

Helen : John ! Go and bring Elsa !

ইংরেজী সংখ্যা

One...two...three...four...five...six...seven...eight... nine...ten.

Eleven...twelve...thirteen...fourteen...fifteen.. sixteen ...seventeen...eighteen...nineteen...twenty.

Twenty-one.. twenty-two...twenty-three...twenty-four ......twenty-five......twenty-six......twenty seven...... twenty-eight...twenty-nine...thirty.

Forty...fifty...sixty...seventy...eighty.. ninety... a hundred.

A hundred and one...a hundred and two...a hundred and twenty...a hundred and forty-five...two hundred and twelve...three hundred and twenty-four...a thousand.

পাঠ—১১

শব্দ-সংগ্রহ

along—লম্বালম্বি
brush—বুরুশ করা
do—করা
hair—চুল
happen—ঘটা (ক্রিয়াপদ)
her—তাঁর (স্ত্রীলোক অর্থে)
him—তাঁর (পুরুষ অর্থে)
home—(ক্রিয়ার বিশেষণ) বাড়ীতে
hurry (up)—তাড়াতাড়ি করা
it—ইহা
just—ঠিক সে সময়, ঠিক যখন
leave (ক্রিয়া) ছাড়া
me—আমাকে
read—পড়া
stop—(ক্রিয়া) থামা
talk—কথা বলা
them—তাঁদের
this evening—আজ সন্ধ্যা
to-morrow—আগামী কাল
us—আমাদের
why—কেন
you—(কর্ম্ম) আপনাকে, আপনাদের

কাজ বর্ণনায় ক্রিয়ার ব্যবহার

এই পাঠে আমরা আলোচনা করব, কেমন ভাবে কোন কাজ বর্ণনা করতে হবে যা **বর্ত্তমানে** চলেছে। প্রথমে একটা সাধারণ ক্রিয়াপদ নেওয়া যাক—Read অর্থাৎ "পড়া"। যখন আমরা কোন লোককে আদেশ দিই তখন শব্দটির অতি সরল পদটাই আমরা ব্যবহার করি। যেমন, "আপনার কাগজ পড়ুন"—ইংরেজীতে বলি Read your paper.

ধরুন যদি আপনি বলতে চান বর্ত্তমানে, এখন এই কথা বলার সময়—ডাক্তার ইয়ং তাঁর কাগজ পড়ছেন, তখন এই ক্রিয়ার অতি সরল পদটা ব্যবহার করবেন না। অতি সরল পদের পরিবর্ত্তে, আপনি প্রথমে বলবেন—He is এবং তারপর ক্রিয়াপদ read-এর শেষে ing আওয়াজ যোগ ক'রে দিন। লেখবার সময়—I-N-G যোগ করতে হবে। যথা :

He is reading his paper.

যদি এই বাক্য বেশ ভাল ভাবে লক্ষ্য করেন, তাহলে দেখবেন যে আপনি অবিকল বাংলায় বলছেন—"তিনি পড়ছেন"।

যে কাজ এখনই ঘটছে সে কাজ সম্বন্ধে যদি বলতে চান্ তাহ'লে আপনাকে এ ভাবেই বলতে হবে।

যদি অবশ্য কর্ত্তাপদ হয় I, তাহ'লে বাক্যটী দাঁড়াবে—I am reading. যদি কর্ত্তাপদ হয় you, তাহ'লে হবে—You are reading. প্রত্যেক ক্ষেত্রেই is, am কিংবা are ক্রিয়াপদের পরে, প্রধান ক্রিয়া ing-যুক্ত হয়ে দাঁড়াবে।

নিচে দেওয়া তালিকায় ঐ পদ-বিন্যাস দেখতে পাবেন।

তালিকা—২২নং

I	am	coming taking
He She It That man My father The dog ইত্যাদি	is	putting sitting telephoning bringing staying giving going brushing doing reading
We You and I She and I You They Those women Some people ইত্যাদি	are	stopping talking happening leaving

You are sitting on it.

উদাহরণ স্বরূপ ঃ

I am putting your hat in the cupboard. She is sitting in a comfortable chair. My father is brushing his jacket. Those women are talking.

না-সূচক বাক্য করতে হ'লে not কথাটী যোগ করুন এবং কথা বলার সময় সংক্ষিপ্ত করা আকার ব্যবহার করুন। যেমন, I'm not coming. He isn't staying here. They aren't going.

প্রশ্নে রূপান্তরিত করতে হ'লে—am, is কিংবা are শব্দটী কর্ত্তা পদের আগে রাখুন। যেমন, Am I coming with you? Is that man telephoning to his wife? Are you reading?

অন্য এক ধরনেও প্রশ্ন করা যায়—What কথাটী ব্যবহার ক'রে। What কথার পরেই আসে am, is কিংবা are শব্দ। যেমন: What am I reading? What are you doing? What is he bringing? Who কিংবা where কথা ব্যবহার ক'রেও এই ধরনের প্রশ্ন করা যায়। যেমন Who is your father bringing? Where are we going? আবার who কিংবা what কর্ত্তাপদ রূপে ব্যবহার ক'রে প্রশ্ন করা যায়। যেমন: Who is coming? What is happening?

বানান সম্বন্ধে কিছু কথা

"—ing" আকার দিতে হ'লে, বেশী ভাগ ক্ষেত্রেই ক্রিয়াপদের সঙ্গে শুধু I-N-G যোগ করলেই চলে। যেমন: go, going; do, doing; brush, brushing; stay, staying.

যে ক্রিয়াপদের শেষে e নীরব থাকে, সেসব ক্ষেত্রে 'e' অক্ষর বাদ দিতে হয়। যেমন; take, taking; come, coming; give, giving; telephone, telephoing.

যেসব ক্রিয়ার স্বর আওয়াজ হ্রস্ব হয় এবং কথার শেষে ব্যঞ্জন বর্ণ থাকে, সেখানে ব্যঞ্জন বর্ণ দ্বিগুণ হয়। যেমন: put, putting; sit, sitting; stop, stopping.

ঘটমান বর্ত্তমান কাল

যে পদ-বিন্যাসের কথা আমরা এখন বলব তার নাম—The present Continuous Tense, অর্থাৎ ঘটমান বর্ত্তমান কাল। "বর্ত্তমান"—কারণ এটা **এখন** (অর্থাৎ বর্ত্তমানে) ঘটছে। "ঘটমান"—কারণ এটা এমন একটী কাজ যে কথা বলার সময়েও শেষ হয়নি।

এই ধরনের পদ-বিন্যাস আমরা প্রায় সম্পূর্ণরূপে ব্যবহার করি কাজ-জ্ঞাপক ক্রিয়াপদ নিয়ে। জানা বা অনুভব করার মত ক্রিয়াপদে এর ব্যবহার নেই। যেমন, know ক্রিয়াপদ।

ঘটমান বর্ত্তমান বাক্য যেমন, He is coming, সাধারণতঃ বর্ত্তমানে কি হচ্ছে তাই বোঝায়। কিন্তু অদূর ভবিষ্যতে কি ঘটবে তাও বোঝাতে পারে। "তিনি এখন আসছেন।" He is coming now. "তিনি আগামীকাল আসছেন।" He is coming to-morrow.

অনুশীলন—১

২২নং তালিকা মনোযোগ দিয়ে অধ্যয়ন করুন। নানারকম কর্ত্তা ও ক্রিয়াপদ ব্যবহার ক'রে অন্ততঃ বিশটী যুক্তিসঙ্গত বাক্য তৈরী ক'রে উচ্চ কণ্ঠে পাঠ করুন।

অনুশীলন—২

নিম্নলিখিত বাক্যগুলি, না-সূচক অর্থে পরিণত করুন। (a) I am staying at this hotel. (b) The students are taking their books home. (c) The waiter is bringing our drinks. (d) Your son and daughter are taking. (e) We are sitting down.

অনুশীলন—৩

নিম্নলিখিত নিশ্চয়াত্মক বাক্যগুলি প্রশ্নের ধরনে রাখুন। যেমন : You are talking হবে Are you talking ? (a) He is coming this evening. (b) We are leaving the dog in the house. (c) Those people are going home now. (d) All your friends are sitting on the bed. (e) You and your brother are reading those books. (f) That thirsty business man is drinking a glass of whisky.

অনুশীলন—৪

কল্পনা করুন দু'জন লোক কথা বলছেন। একজন বলেন—Dr. young is reading. অপরজন উত্তর দেন—What is he reading ? অর্থাৎ what, who কিংবা where কথা দিয়ে আরম্ভ করা প্রশ্নে he উত্তরে থাকে। অনুরূপভাবে নিম্নলিখিত বাক্যগুলি সম্বন্ধে প্রশ্ন করুন।

(a) I am going. (b) She is brushing. (c) They are

sitting. (d) Dr. Young is bringing some people home. (e) Your mother is reading.

অনুশীলন—৫

ইংরেজীতে এই কথাগুলি কিভাবে বলবেন ? (a) পরিবেশক আমাদের সকল বন্ধুদের জন্যে পানীয় আনছে। (b) আমরা আগামীকাল এই হোটেল ছেড়ে দিচ্ছি। (c) গাড়ীটী থামছে না। (d) কে টেলিফোন করছে ? (e) আপনাব ভাইয়ের বাড়ীতে কি ঘটছে ? (f) আমি জামা গায়ে দিচ্ছি না।

যখন কর্ম্মপদ সর্ব্বনাম হয়

যে ব্যক্তি বা বস্তুর সম্বন্ধে প্রধানতঃ আমরা কথা বলছি, সেটাই হচ্ছে বাক্যের কর্ত্তা ; অর্থাৎ কোন কাজ যে করছে সে। বাক্যে এটা সাধারণতঃ ক্রিয়াপদের আগে আসে। উদাহরণ He has a book—বাক্যে, কর্ত্তা হ'ল he, অপর দিকে কর্ম্ম হ'ল, বলতে গেলে ক্রিয়াপদের "গ্রহণাংশে"। যেমন আগের উদাহরণে a book হ'ল কর্ম্মপদ। এটা ক্রিয়াপদের পরে আসে। কর্ত্তাপদ হোক আর কর্ম্মপদ হোক ইংবেজীতে বিশেষ্যের কোন পরিবর্ত্তন হয় না। যেমনঃ—কর্ত্তা—The *book* is on the table. কর্ম্মপদ—He is reading the *book*.

কিন্তু সর্ব্বনামেব দু'টী বিভিন্ন রূপ হতে পারে। যদি কর্ত্তা হয় তাহ'লে এক রূপ আর কর্ম্ম হ'লে অন্য রূপ।

কর্ত্তাপদ	কর্ম্মপদ
I am staying.	He is leaving *me*.
He is staying.	I am leaving *him*.
She is staying.	We are leaving *her*.
It is staying.	You are leaving *it*.
We are staying.	He is leaving *us*.
You are staying.	We are leaving *you*.
They are staying.	She is leaving *them*.

কর্ম্মপদের সর্ব্বনাম যে আকার নেয়, সেই আকারই আবার অব্যয়পদের পরে ব্যবহৃত হয়। যেমন : with me, to him, from her, behind it, beside us, near you, for them. (লক্ষ্য করবেন যে it এবং you—কর্ত্তা বা কর্ম্মপদে একই আকার ধারণ করে)।

আপনি কয়েকটী ক্রিয়াপদ জানেন, যেগুলির শেষে অব্যয়পদ বেশীর ভাগ ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন, She is *talking to* me. They are *staying with* us. I am *telephoning to* her. He is *giving* his book *to* her. We are *going with* them.

অনুশীলন—৬

ঠিক সর্ব্বনাম ব্যবহার ক'রে, নিম্নলিখিত বাক্যগুলি আবার লিখুন। (a) He/him is going with I/me. (b) We/us are staying with she/her. (c) They/them are taking we/us home. (d) Is she/her going with he/him?

কথোপকথন

যে সব বিষয় আমরা আলোচনা করেছি তা এই কথোপকথনে পাবেন। তাছাড়া আপনি আরো দু'একটী নতুন কথা দেখতে পাবেন। এর মধ্যে একটা হ'ল, বিশেষ্য—hair "চুল"। এটী সাধারণতঃ একবচনে থাকে। অন্যটী হ'ল ক্রিয়ার বিশেষণ just, অর্থাৎ "ঠিক এই মুহূর্ত্তে। I am just brushing my hair—আমি এখন চুলে বুরুস দিচ্ছি। The car is just coming along the street—"রাস্তা দিয়ে সোজা মোটর গাড়ীটা এখন চলে আসছে।"

লক্ষ্য করুন home কথাটী কেমন ভাবে ব্যবহৃত হয়েছে এই বাক্যে—he is bringing them home—"তিনি তাঁদের বাড়ীতে নিয়ে আসছেন।" ক্রিয়াপদ hurry কথার পর সাধারণতঃ up কথাটী আসে, যখন আদেশাত্মক রূপে বা অনুজ্ঞা অর্থে ক্রিয়াপদটী ব্যবহৃত হয়। Hurry up মানে "তাড়াতাড়ি করুন"।

দুটী বাক্য-রীতি not bad অর্থাৎ "মন্দ নয়" এবং let me see অর্থাৎ "দেখা যাক"। একথা সাধারণতঃ বলা হয় যখন কোন কিছু স্থির করার আগে আপনি ভাবছেন তখন। ভাবব্যঞ্জক H'm হচ্ছে—হুঁ!

এটী শ্রীমতী ইয়ং ও তাঁর ছেলে প্যাট্রিক-এর মধ্যে কথাবার্ত্তা। প্যাট্রিক কাগজ পড়ায় ব্যস্ত। এ কাজ বন্ধ ক'রে তাকে তৈরী হ'তে হবে, বেনেডিক্ট্-দের সঙ্গে দেখা করার জন্যে। কারণ ডাক্তার ইং তাঁদের বাড়ীতে নিয়ে আসছেন একসঙ্গে রাত্রের খাবার (ভোজ) খাওয়ার জন্যে।

রেকর্ডের লিখিত ভাষ্য

Dorothy : What are you doing, Patrick ?

Patrick : I'm reading the paper.

I am just brushing my hair.

Dorothy : Well, stop now. And put your jacket on.

Patrick : Why ? What's happening ?

Dorothy : The Benedicts are coming. Father is bringing them home with him. They are having dinner with us this evening.

Patrick : Good. Their daughter, Elsa, is nice.

Dorothy : Yes, she is. Sit with her at dinner and talk to her···To-morrow they are leaving their hotel, and coming here.

Patrick : That's good.

Dorothy : Patrick, hurry up. Give that paper to me. The dinner is ready, but you aren't.

Patrick : Yes, I am. I'm just brushing my hair.

Dorothy : Let me see. H'm—yes—not—bad.

Patrick : The car is just coming along the street.

মোটগাড়ী এগিয়ে এসে থামল

Dorothy : They are at the door now.

Patrick : Yes, there they are.

পাঠ—১২

শব্দ-সংগ্রহ

boy—বালক, ছেলে
cook—রান্না করা
dear—(যেমন চিঠিতে) প্রিয়
fairly—মধ্যম মত, একরকম
gate - ফটক
get on—এগিয়ে যাওয়া, উন্নতি করা
girl—বালিকা, মেয়ে
help—সাহায্য করা
hope—আশা করা
kitchen—রান্নাঘর
listen—শোনা
look—দেখা করা, দেখা
lucky—ভাগ্যবান
lunch—দুপুরের খাওয়া
make—তৈরী করা
next—পরবর্ত্তী
noise—গোলমাল
open—খোলা
out of—হতে, মধ্যে দিয়ে
outside—বাইরে
perhaps—সম্ভবতঃ
piano—পিয়ানো
play—খেলা করা
quiet—শান্ত
rain—বৃষ্টি পড়া
shine—চক্‌মক্ করা, কিরণ দেওয়া
shut—বন্ধ
sitting room—বসবার ঘর
stand—দাঁড়ান
sun—সূর্য্য
terrible—ভয়ানক
then—তারপর
walk—বেড়ান, চলা
write—লেখা
young—যুবা

কার্য্যজ্ঞাপক আরো কয়েকটী ক্রিয়াপদ

উপরের তালিকায় লিখিত সব ক্রিয়াপদই কার্য্যজ্ঞাপক ক্রিয়াপদ। **এখন** কি ঘটছে তা বলার জন্যে আমরা যখন এগুলি ব্যবহার করি তখন আমরা "ঘটমান বর্ত্তমান" পদ ব্যবহার করে থাকি। উদাহরণ স্বরূপ ধরুন, আপনি বলতে চান, "তিনি (স্ত্রী) পোষাক তৈরী করছেন।" আপনি বলবেন—She is making a dress. Is ক্রিয়াপদ ব্যবহার করবেন আর তার পরে লাগাবেন "ing" যুক্ত আকার making.

এখন পর্য্যন্ত যেসব ক্রিয়াপদ আপনি শিখেছেন তার মধ্যে কয়েকটীর পরে কর্ম্মপদ থাকে। এগুলিকে বলে সকর্ম্মক ক্রিয়া। যেমন, ঠিক উপরের বাক্যটী ধরুন, a dress হচ্ছে is making-এর কর্ম্মপদ।

অন্য কয়েকটী ক্রিয়াপদ আছে যাদের মাত্র একটী কর্ম্মপদে অর্থ অসম্পূর্ণ থাকে। এগুলি ঠিকমত ব্যক্ত করার জন্যে আরো কয়েকটী কথার প্রয়োজন হয় যাতে অর্থটী বেশ পরিষ্কার বোঝা যায়। উদাহরণ, যদি আমরা বলি, He is putting his hat তাহ'লে একথার ঠিক মানে বোঝা যায় না, যদি না আমরা আরো কয়েকটী কথা যোগ দিয়ে বুঝিয়ে দিই **কোথায়** তিনি টুপিটা রাখছেন। যেমন, He is putting the hat on the table.

আরো কয়েকটী ক্রিয়া আছে যাদের কর্ম্মপদের প্রয়োজন হয় না। এদের বলা হয় অকর্ম্মক ক্রিয়া। যেমন, I am going. এখানেও আমরা আরো কথা যোগ ক'রে অর্থটী আরো নির্দ্দিষ্ট করতে পারি। যেমন, I am going to my room.

এর আগে যেসব ক্রিয়াপদ পেয়েছেন সেগুলি ও উপরের তালিকায় লেখা ক্রিয়াপদগুলি কি ভাবে ব্যবহার করা যায় তা নিম্নলিখিত তালিকাগুলিতে দেখান হয়েছে।

তালিকা—২৩নং

কর্ম্মপদের সঙ্গে ব্যবহৃত ক্রিয়াপদ

	১	২	৩
Take	I am	taking	this glass.
Bring		bringing	my jacket.
Do	He is	doing	his lessons.
Read	She is	reading	a good book.
Leave	Tom is	leaving	the house.
Brush	ইত্যাদি	brushing	her hair.
Write		writing	a letter.
Cook	We are	cooking	our lunch.
Play	You are	playing	the piano.
Make	They are	making	a noise.
Help	The boys are	helping	their mother.
	ইত্যাদি		

তালিকা—২৪নং

কর্ম্মপদ ও নির্দ্দিষ্টকরণ কথার সঙ্গে ব্যবহৃত ক্রিয়াপদ

	১	২	৩	৪
	I am			
Put		putting	this glass	in the cupboard.
Take	ইত্যাদি	taking	your watch	out of your pocket.
Leave		leaving	my book	on the table.
Write		writing	his name	on the paper
Help		helping	his brother	with his lesson.
Give		giving	a drink	to the doctor.

তালিকা—২৫নং

কর্ম্মপদ ব্যতিরেকে ব্যবহৃত ক্রিয়াপদ

	১	২
Come	The waiter	is coming
Go	We	are going
Stay	They	are staying
Telephone	Your mother	is telephoning
Read	You	are reading
Happen	What	is happening ?
Talk	The women	are talking.
Leave	Those people	are leaving.
Stop	That car	is stopping
Hurry	He	is hurrying.
Write	The students	are writing
Cook	I	am cooking,
Play	The boys	are playing.
Listen	You	are listening
Stand	The men	are standing
Rain	It	is raining
Shine	The sun	is shining
Walk	The young men	are walking

তালিকা—২১নং

কর্ম্মপদ ছাড়া অথচ নির্দ্দিষ্টকরণ শব্দযুক্ত ক্রিয়াপদ

	1	2	3
Sit	She	is sitting	down
	They	are sitting	on the bed
	Your friend	is sitting	here
Stand	He	is standing	behind you
	She	is standing	on a chair
Stay	They	are staying	at this hotel
Telephone	That girl	is telephoning	to her father
Come	You	are coming	with us
	He	is coming	home to-morrow
	They	are coming	here
Go	I	am going	to the station
Listen	We	are listening	to you
	Those women	are listening	to the noise
Look	You	are looking	at me
	Those people	are looking	at the picture
	I	am looking	for my watch
Get on	She	is getting on	with her lesson
Walk	We	are walking	to the bus
Talk	Your father	is talking	to your mother

এই ক্রিয়াপদ কয়েকটী সংখ্যায় অল্প হলেও, এগুলি নিয়ে শত শত রকম বাক্য গঠন সম্ভব। তালিকায় শুধু উদাহরণস্বরূপ দেখান হয়েছে, কিভাবে বিভিন্ন বাক্য-বিন্যাস সম্ভব।

২৫নং তালিকায় নিজস্ব কর্ত্তাপদহীনভাবে rain ক্রিয়া-পদের সঙ্গে (প্রথম পুরুষের রূপ-বিশিষ্ট), it কথাটী কর্ত্তারূপে ব্যবহৃত হয়েছে। It is raining—বৃষ্টি পড়ছে।

The students are writing.

২৬নং তালিকায় এইগুলি লক্ষ্য করুন :

(ক) listen কথার পরে সাধারণতঃ to, এই অব্যয়পদ ব্যবহার করা হয়।

(খ) look at মানে দেখা কিন্তু look for মানে খোঁজা।

(গ) কিছু নিয়ে get on with—এর মানে "সেই জিনিষ নিয়ে কাজ ক'রে চলা" কিংবা "তা নিয়ে কাজে এগিয়ে যাওয়া''।

(ঘ) talk কথাটীর পরে যে অব্যয়পদ সাধারণতঃ ব্যবহার করা হয় তা হচ্ছে to, তখন এর অর্থ হয় "কারুর সঙ্গে কথা বলা"।

অনুশীলন—১

২৩ থেকে ২৬নং তালিকা নিদর্শন রূপে নিয়ে আর তালিকায় উল্লিখিত ক্রিয়াপদ দিয়ে নতুন অনেক বাক্য রচনা করুন। উদাহরণ, I am taking this glass—এই বাক্যের পরিবর্ত্তে তৈরী করতে পারেন—He is taking that taxi—এর মত বাক্য।

অনুশীলন—২

২৩ থেকে ২৬নং তালিকার উদাহরণগুলি উচ্চস্বরে পড়ুন। তারপর না-সূচক বাক্য পরিণত ক'রে পড়ুন। উদাহরণ স্বরূপ—I am not taking this glass (happen ক্রিয়াপদের জন্যে যে উদাহরণ দেওয়া হয়েছে তা অবশ্য পরিবর্ত্তন করা সম্ভব নয়, কিন্তু বাকীগুলি করা সম্ভব)।

অনুশীলন—৩

ইংরেজীতে এ বাক্যগুলি কিভাবে বলবেন: (a) লোকটা আপনার দিকে দেখছেন। (b) তিনি (স্ত্রী অর্থে) তাঁর পড়া শিখছেন না। (c) হচ্ছে কি? (d) গাড়ীতে আপনার জামা রেখে যাচ্ছেন নাকি? (e) মেয়ে দু'টী পিয়ানো বাজাচ্ছে আর তাদের মা শুনছেন। (f) ঐ বাড়ীর সামনে গাড়ীটা থামছে কেন? (g) ও কি ওর বাবাকে খুঁজছে? (h) আপনার ভাই তাঁর বন্ধুদের সঙ্গে কথা বলছেন। (i) আজ সন্ধ্যায় বৃষ্টি পড়ছে না। (j) ও লোকগুলি কি লিখছেন?

জন বেনেডিক্‌ট্‌-এর চিঠি

কথোপকথনের পরিবর্ত্তে এবার আমরা একটী চিঠির কিছু অংশ দেব। জন বেনেডিক্‌ট্‌ এ চিঠি লিখেছেন তাঁর নিজের দেশে তাঁর বোনকে। যে সব পদ-বিন্যাসের কথা এর আগেই বলা হয়েছে ছাড়া আরো কয়েকটী বাক্যাংশ ও বাক্‌পদ্ধতি আপনার অনুধাবনের জন্যে এখানে দেওয়া হল।

Just now the house is fairly quiet :	এখন বাড়ীটা একরকম শান্ত।
They are making a terrible noise :	ওঁরা ভয়ানক গোলমাল করছেন।
We are very lucky :	আমরা খুবই ভাগ্যবান।
For the next two weeks :	পরবর্ত্তী দু'সপ্তাহ।
Then we are going to Scotland :	তার পরে আমরা স্কটলাণ্ডে যাচ্ছি।

(then-এর মানে "এখন নয়, যে সময়ের কথা বলা হচ্ছে—তখন")

How are you getting on at home :	বাড়ীতে আপনার কাজ চলছে কেমন ?

রেকর্ডের লিখিত ভাষ্য

(জন বেনেডিক্‌ট্ নিজের কাছেই নিজে চিঠিটা পড়ছেন)

...Just now the house is fairly quiet. I am sitting in my room, and writing this letter to you. Mrs. Young is in the kitchen. She is cooking lunch, and Helen is helping her. The two young people, Elsa and Patrick, are in the sitting-room. Elsa is playing the piano, and Patrick is listening to her.

(পিয়ানোর আওয়াজ ও দরজা বন্ধ হওয়ার শব্দ)

They are making a terrible noise ; but the door is shut. Now I am looking out of the window. It isn't raining ; the sun is shining. People are walking along the street. Two women, with a boy and a girl, are standing near the gate. They are looking at Dr. Young's name on the door; now they are coming in. They are looking for the doctor.

Elsa is playing the piano and Patrick is listening to her.

We are very lucky ; we

are staying with these kind people for the next two weeks. Then perhaps we are going to Scotland. How are you getting on at home ? I hope···

অভ্যাসের জন্যে বাক্য

পাঠ—১১ এবং ১২

Who is cooking the dinner ?...What is she cooking ?... I am writing to my mother...Listen to me !...Look at that ! ...Are you looking for your dogs ?...How many rooms have you at home ?...There are ten rooms, with the kitchen... There are some people in the street...They are standing outside this house...

কি ক'রে চিঠি লিখতে হয়

(১) কাগজের উপর দিকে ডান ধারে আপনার নিজের ঠিকানা লিখুন। তারপর দিন তারিখ এই রকমে :

116 Station Road
Newtown
London, S.W.II.
5th. August 195—

(২) তারপর বাঁদিকে সম্বোধন লিখতে হবে :

Dear Tom, বা
Dear Mrs. Benedict, বা
Dear Sir (Sirs), বা
Dear Madam,

(স্মরণ রাখবেন সম্বোধনের পর কমা (, চিহ্ন) দেবেন)

(৩) সম্বোধনের পরের লাইনে চিঠি আরম্ভ করুন। ধার থেকে দশটা অক্ষরের মত স্থান ছেড়ে দিয়ে লিখতে হবে, যেমন নিচে দেখান হয়েছে।

Dear Mrs. Benedict,

We are leaving Scotland to-morrow. The train·· ···

(৪) যদি আপনি আপনার বন্ধুকে চিঠি লেখেন তাহ'লে চিঠিতে আপনার বন্ধুর নাম লিখবেন, যেমন Dear Tom ; এবং চিঠি শেষ করবেন এই কথা লিখে yours sincerely. যদি আপনি অপরিচিত ব্যক্তিকে লেখেন তাহলে

আপনাকে,লিখতে হবে—Dear Sir, কিংবা Dear Madam ; আর চিঠি শেষ করতে হবে—yours faithfully. নিচে উদাহরণগুলি দেখান হ'ল :—

Yours sincerely,
John Benedict
কিংবা
Yours faithfully,
T. G. Young.

পাঠ—১৩

শব্দ-সংগ্রহ

back—পিঠ
buy—কেনা
chicken—বাচ্চা মুরগী
come out—বাইরে আসা
does—করে (প্রথম পুরুষ)
doesn't—করে না (প্রথম পুরুষ)
garage—গ্যারাজ (মোটর গাড়ী রাখার ঘর)
like—পছন্দ করা
look—দেখান
mean—মনে করা
motorbike—(motorbicycle) মোটর বাইক, মোটর স্যাইকেল
not long—লম্বা নয় (বেশী দেরী নয়)
rubber—রবার
silly—বোকামী
smell—গন্ধ সোঁকা
think—ভাবা
tyre—ট্যায়ার, গাড়ীর রবারের চাকা
understand—বোঝা, বুঝতে পারা
wheel—চাকা
word—শব্দ, কথা

অকর্ম্ম-জ্ঞাপক ক্রিয়া

আমরা অন্য ভাষার মত ইংরেজীতে ক্রিয়াপদ শুধু কাজের সম্পর্কে বলার জন্যেই ব্যবহার করি না। কখন কখন ক্রিয়াপদ সম্বন্ধ বা অবস্থা নির্ণয় করে, এটাকে 'কাজ' একেবারে বলা চলেনা। যেমন, বাংলায় আমরা বলি —"আমি জানি তিনি আসছেন।" ক্রিয়াপদ "জানি" আমার মনের এক অবস্থার কথা ইঙ্গিত করে, কিন্তু এটাকে কাজ বলা চলে না।

এই পাঠে আমরা আপনাকে দেখাব কেমন ভাবে এই ধরনের

ক্রিয়াপদগুলি ব্যবহৃত হয়, আর এ ক্রিয়াপদগুলিকে আমরা বলব—"অ-কর্ম্মজ্ঞাপক ক্রিয়া"।

কোন বিষয় যা এখন ঘটছে তা বলার সময় আর তা যখন কার্য্যজ্ঞাপক, তখন আমরা ঘটমান বর্ত্তমান কালের পদ ব্যবহার করি। (১১ ও ১২ নং পাঠ দেখুন)।

I am talking; he is talking; you are talking. কিন্তু যখন ক্রিয়াপদ, 'অকর্ম্মজ্ঞাপক' ক্রিয়াপদ হয়, তখন আমরা **সরল বর্ত্তমান কালের** পদ ব্যবহার করি। যেমন, your friend is coming—I know he is coming. "আপনার বন্ধু আসছেন"—"আমি জানি আপনার বন্ধু আসছেন।"

লক্ষ্য করবেন যে এই ধরনের বাক্যে "যে"-কথার মত কোন শব্দ ব্যবহার করার প্রযোজন হয না। ইংরেজীতে (বাংলার মতই) ঠিক কথাগুলি হ'ল "আমি জানি…তিনি আসছেন।" নিচে think কথাটী দিযে যে উদাহরণ দেওয়া হ'ল, তাতেও এই রকম হবে—"যে" শব্দটী বাদ দিতে হবে।

অনুশীলনগুলি করার সময় একথা ভুলে যাবেন না।

সরল বর্ত্তমান কাল

I We You They	know	He She It	knows

লক্ষ্য করুন ক্রিযাপদের শেষে s অক্ষর দেওযা হযেছে, যখন ক্রিযাপদ he, she বা it শব্দের সঙ্গে ব্যবহৃত হচ্ছে। সরল বর্ত্তমান কালে সাধারণ ক্রিয়াপদগুলি এই রকম রূপ গ্রহণ করে।

এখানে কতকগুলি উদাহরণ দেওযা হ'ল :

Think—ভাবা। I think he is in the house—আমার মনে হয তিনি বাড়ীতে আছেন।

She thinks he is kind—তিনি (স্ত্রীলোক) মনে করেন তিনি (পুরুষ) দযালু।

Like—পছন্দ করা। We like these cigarettes—আমরা এই সিগারেট পছন্দ করি।

My friend likes whisky—আমার বন্ধু হুইস্কি-মদ পছন্দ করেন।

Understand—বোঝা। They understand English—তাঁরা ইংরেজী বোঝেন।

She understands me—তিনি আমাকে বুঝতে পারেন।

Look—(কি রকম দেখায় এই অর্থে)। you look tired—আপনাকে ক্লান্ত দেখাচ্ছে।

She looks nice—তাঁকে বেশ ভাল দেখাচ্ছে।

Smell—সোঁকা বা গন্ধ বার হওয়া। The dinner smells good—খাবার থেকে বেশ ভাল গন্ধ বার হচ্ছে।

Mean—অর্থ হচ্ছে। The English word 'nice' means চমৎকার। ইংরেজী শব্দ 'nice' শব্দের অর্থ হচ্ছে চমৎকার।

The dinner smells good.

Want—চাই। I want my lunch—আমি দুপুরের খাওয়া চাই।

He wants to go—তিনি যেতে চান।

(শেষের উদাহরণে কেমন ভাবে অসমাপিকা ক্রিয়াপদ—to go, want ক্রিয়াপদের পর ব্যবহার করা হয়েছে—তা লক্ষ্য করুন।)

না-সূচক ও প্রশ্ন-সূচক বাক্যে রূপান্তর

Be ক্রিয়া পদ নিয়ে না-সূচক পদে রূপান্তর করা খুবই সহজ। I am talking-এর মত কোন বাক্য যদি না-সূচক অর্থে রূপান্তর করতে হয়,

তাহ'লে শুধু not কথাটী am ক্রিয়াপদের পরে বসিয়ে দিলেই চলবে। যেমন, I am not talking.

কিন্তু I want my lunch বাক্যটী না-সূচক অর্থে পরিণত করতে হ'লে শুধু not কথাটী want ক্রিয়ার সঙ্গে যোগ করলেই চলবে না। want, এই ক্রিয়ার মত সাধারণ ক্রিয়া সম্বন্ধে আমাদের অন্য পন্থা নিয়োগ করতে হবে। আমাদের গৌণ ক্রিয়াপদের (সহকারী ক্রিয়াপদের) সাহায্য নিতে হবে এবং না-সূচক not কথাটী তার সঙ্গে যোগ দিতে হবে। দেখুন কেমন ভাবে করতে হবে।

I want my lunch.

I do not want my lunch.

Do not কথা দু'টী উচ্চারণের সময় এক সঙ্গে যোগ করা হয়, লেখা হয় don't আর উচ্চারণ হয় (dount)

I don't want my lunch.

প্রথম পুরুষ একবচনে অর্থাৎ he, she এবং it কথার সঙ্গে ব্যবহারে, ক্রিয়াপদের শেষে s অক্ষর যুক্ত হয়। না-সূচক অর্থে পরিণত করতে আমরা do কথার পরিবর্ত্তে ব্যবহার করি, does (dʌz) কথাটী। যেমন :

He wants to go.

He does not want to go. He doesn't want to go.

লক্ষ্য করবেন যে wants ক্রিয়াপদের শেষে s অক্ষরটী, না-সূচক বাক্যে লুপ্ত হয়েছে এবং তার পরিবর্ত্তে do ক্রিয়ার সঙ্গে যুক্ত হয়েছে।

সরল বর্ত্তমান কালে ব্যবহৃত সকল সাধারণ ক্রিয়া, না-সূচক পদে এই রকমই আকার গ্রহণ করে।

প্রশ্ন-সূচক বাক্যে পরিণত করার সময়ও be ক্রিয়া ও সাধারণ ক্রিয়ার মাঝে এই এক রকম পার্থক্য দেখা যায়। I am talking এই বাক্যটীর মত কোন বাক্য যদি প্রশ্ন-সূচক বাক্যে পরিণত করতে চাই, তাহ'লে am ক্রিয়াপদটী সরিয়ে, কর্ত্তাপদের পূর্ব্বে রাখতে হবে, এই রকমে—Am I talking ?

কিন্তু They understand English এই বাক্যটী প্রশ্নে রূপান্তরিত করতে হ'লে, আমাদের শুধু সাধারণ ক্রিয়া, understand কথাটী,

কর্ত্তাপদের পূর্ব্বে রাখলেই চলবে না। এক্ষেত্রেও আগের মত আমাদের সহকারী ক্রিয়া do ব্যবহার করতে হবে কর্ত্তাপদের আগে। যেমন ঃ

They understand English.

Do they understand English ?

প্রথম পুরুষ একবচনে do ক্রিয়া পরিবর্ত্তন হ'য়ে হবে does. যেমন :

She understands me.

Does she understand me ?

What কথার মত শব্দ প্রথমে রেখে প্রশ্ন-সূচক বাক্য গঠন করা সম্ভব। উদাহরণ, what does that word mean ?—"কথাটীর অর্থ কি ?"

অনুশীলন—১

এই বাক্যগুলি না-সূচক বাক্যে পরিণত করুন ঃ

(a) I know him. (b) They like this house. (c) You understand. (d) That chair looks comfortable. (e) Our lunch smells good. (f) They want to stay here. (g) I think that is your drawer. (h) That word means 'বিপদজনক'।

অনুশীলন—২

এই বিবৃতিগুলি বদল ক'রে প্রশ্নে রূপান্তরিত করুন, যেমন—he knows পরিবর্ত্তন করলে হবে does he know ?

(a) You want a drink. (b) She understands. (c) This picture looks fairly good. (d) This word means দোলার জন্যে খেলনা-ঘোড়া। (e) You think the door is open. (f) Your friend likes the piano.

অনুশীলন—৩

What শব্দটা প্রথমে রেখে প্রশ্ন তৈরী করুন। যেমন, I want থেকে প্রশ্ন করবেন—What do you want ?

(a) She understands. (b) That boy wants... (c) This word means... (d) I think. (e) They like...

অনুশীলন—৪

ইংরেজীতে এ বাক্যগুলি আপনি কি ভাবে বলবেন? (a) রাতের খাবার থেকে মোটামুটি ভাল গন্ধ বার হচ্ছে। (b) আমাদের সঙ্গে আসছেন নাকি? (c) এ সকল লোক ইংরেজী বোঝেন। (d) ওঁরা কি বইটি দেখতে চান? (e) কোথায় আপনি দাঁড়িয়ে আছেন। (f) আপনি কি মনে করেন, তিনি আমাকে জানেন? (g) আমি ছবিটি দেখছি, আমার ভালই লাগছে। (h) আপনার বন্ধুকে বেশ যুবা ব'লে মনে হয়। (i) বাড়ীতে আপনার কাজ এগুচ্ছে কেমন? (j) আগামী দু'সপ্তাহের জন্যে আমরা এখানে থাকছি।

Be ক্রিয়া

ক্রিয়াপদ am, is কিংবা are কথাগুলি be ক্রিয়ার অংশবিশেষ। Be ক্রিয়ার মানে বাংলায় "হওয়া"। "আমি শান্ত হতে চাই"—ইংরেজীতে হবে I want to be quiet.

Be ক্রিয়াপদ আবার অনুজ্ঞা-সূচক অর্থে ব্যবহৃত হতে পারে। সুতরাং, "শান্ত হ'ন।" ইংরেজীতে হবে, Be quiet!

এটীকে না-সূচক অর্থে পরিণত করতে হলে don't কথাটী ব্যবহার করতে হবে। এই রকমে, "বোকামী করোনা।" ইংরেজীতে হবে—Don't be silly.

এ কথোপকথনে একটী উদাহরণ এবার পাবেন। সেটী হচ্ছে "দেরী করবেন না" অর্থাৎ অনেকক্ষণ ধ'রে দূরে থাকবেন না। ইংরেজীতে হবে Don't be long.

কথোপকথন

এ কথোপকথনে, প্যাট্রিক বাজারে যাবার মতলব করছেন, বিশেষ ক'রে তাঁর মোটর সাইকেলের জন্যে একটী নতুন ট্যায়ার কিনতে। এলসা তাঁর সঙ্গে যাচ্ছেন। শ্রীমতী বেনেডিক্‌ট্ তাঁদের বেশী দেরী না করার জন্যে বলছেন —কারণ তিনি ও শ্রীমতী ইয়ং দুপুরের রান্না তৈরী করছেন।

লক্ষ্য করবেন যে কার্য্য-জ্ঞাপক ক্রিয়াপদগুলি -ing যুক্ত ঘটমান বর্ত্তমান কালে আর অকর্ম্ম-জ্ঞাপক ক্রিয়াপদগুলি সরল বর্ত্তমান কালে।

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : Are you going out, Patrick ?

Patrick : Yes, I'm going to the shops. Do you want to come with me ?

Elsa : Yes, please. But I'm not ready.

Patrick : You look very nice now.

Helen : Where are you going, Elsa ? We're just cooking the lunch.

Elsa : I know, it smells very good. What are you cooking ?

Helen : Chicken.

Patrick : Good ! I like chicken.

Elsa : Do you know, Mother, I understand English very well.

Helen : Yes, I know you understand Patrick's English. Now, Elsa, please don't be long.

Elsa : No, I don't think we're going very far.

Patrick : I want to buy a new tyre for my motorbike.

Elsa : What does the word 'tyre' mean ?

Patrick : It's a rubber thing—you know, it goes on the wheel.

Elsa : Have you a motorbike ?

Patrick : Yes, it's standing in the garage with Father's car. Come out with me tomorrow on the back of the motorbike !

পাঠ—১৪

দ্রষ্টব্য ঃ এ পাঠ পুনঃ আলোচনার জন্যে। সেই কারণে শব্দ-সংগ্রহে নতুন কথা দেওয়া হ'ল না আর রেকর্ডেও কোন নতুন কথোপকথন বা অভ্যাসের জন্যে নতুন বাক্য দেওয়া হ'ল না। আগের পাঠের জন্যে কথোপকথন ও অভ্যাস বাক্যগুলি আবার রেকর্ড বাজিয়ে শুনে নিলে আপনার সুবিধাই হবে।

ক্রিয়ার পুনঃ অনুশীলন

ইংরেজী ক্রিয়াপদ কেমন ভাবে দু'প্রকারে ব্যবহার করা যায় তা আপনি শিখেছেন। ক্রিয়াপদের এরকম ব্যবহার সম্বন্ধে সম্পূর্ণ নিশ্চিত হওয়ার প্রয়োজন খুবই বেশী। সেজন্যে এখানে আপনার আরো অভ্যাসের জন্যে ব্যবস্থা করা হ'ল।

(ক) এখানে দু' পদ্ধতিতে ক্রিয়াপদের ব্যবহার দেওয়া হ'ল। **এখন** অর্থাৎ এই কথা বলার সময় কি হচ্ছে, সে বিষয়েই উভয় পদ্ধতি নির্দ্দেশ করছে।

(১) "কার্য্যজ্ঞাপক ক্রিয়াপদ"গুলি ঘটমান বর্ত্তমান কালে -ing যুক্ত ক'রে ব্যবহৃত হয়। I am talking. He is writing. They are playing.

(২) "অকর্ম্ম-জ্ঞাপক ক্রিয়াপদ"গুলি সরল বর্ত্তমান কালে ব্যবহৃত হয়। I understand. He wants. They know.

কখন কখন আপনি এমন এক ক্রিয়াপদ দেখবেন যা উভয় প্রকারেই ব্যবহার করা যায়। যেমন, look কথাটী। যদি এর অর্থ হয়—"দেখা", তা'হলে এটী হবে কার্য্যজ্ঞাপক ক্রিয়াপদ: He is looking at his friend. They are looking for a new house.

কিন্তু যদি এর অর্থ হয় কেমন "দেখাচ্ছে", তাহ'লে এটী হবে অকর্ম্ম-জ্ঞাপক ক্রিয়াপদ: She looks tired.

(খ) যখন নিশ্চয়াত্মক ক্রিয়াপদে am, is কিংবা are থাকে, তখন আমরা এই সব ক্রিয়াপদে not কথাটী যোগ ক'রে না-সূচক বাক্যে পরিণত করি।

I am talking—I am not (I'm not) talking.

He is writing—He is not (he isn't) writing.

They are playing—They are not (they aren't) playing.

আর প্রশ্ন-সূচক বাক্যে পরিণত করতে হ'লে আমরা am, is কিংবা are ক্রিয়াপদ প্রথমে রাখি।

Am I talking ? Is he writing ? Are they playing ?

(গ) Am, is কিংবা are ক্রিয়াপদে not কথাটী যোগ ক'রে না-সূচক বাক্যে পরিণত করা হয়। Have ও has ক্রিয়াপদেও not যোগ করলে না-সূচক বাক্যে পরিণত হয়। এমনি ভাবে not যোগ করলে do ও does ক্রিয়াপদ না-সূচক বাক্যে রূপান্তরিত হয়। কিন্তু সাধারণ ক্রিয়াপদ—ইংরেজী

ভাষায় যে হাজার হাজার ক্রিয়াপদ আছে—তা না-সূচক অর্থে পরিণত করা হয় ভিন্ন আর এক উপায়ে।

যখন কোন সাধারণ ক্রিয়াপদ সরল বর্ত্তমান কালে ব্যবহৃত হয়, তখন কোন গৌণ বা সহকারী ক্রিয়াপদের প্রয়োজন হয় না। যথা : I understand. কিন্তু না-সূচক বা প্রশ্ন-বাচক অর্থে পরিণত করতে গেলে do কিংবা does- এই সহকারী ক্রিয়াপদের সাহায্য নিতে হবে।

এই রকমে :

I understand.	I don't understand.	Do I understand ?
He wants.	He doesn't want.	Does he want ?
They know.	They don't know.	Do they know ?

উচ্চারণ

Do এবং does ক্রিয়াপদের উচ্চারণ খুব মনোযোগ দিয়ে শুনুন। একথা দুটীর কয়েকটী বিভিন্ন উচ্চারণ আছে। উচ্চারণ নির্ভর করে বাক্যে কথা দুটীর অবস্থান কোথায় তার উপর। ঠিক ভাবে অনুকরণ করার চেষ্টা আপনাকে করতেই হবে।

নিম্নলিখিত প্রশ্ন ও উত্তর বাক্যে, do কথাটী পূর্ণভাবে উচ্চারিত হয় : (du :)

Do you like her ? Yes, I *do*.

কিন্তু এই প্রশ্নে উচ্চারণ হ্রস্ব ক'রে শুধু (d) করা হয় :

What do you want ? (What d'you want ?)

না-সূচক বাক্যে স্বরবর্ণের উচ্চারণ বদল হয়—(dount) :

I don't understand.

এই প্রশ্ন উত্তরে does পূর্ণভাবে উচ্চারিত হয় : (dʌz, 'dʌznt)

Does he like her ? Yes he does, কিংবা No, he doesn't

কিন্তু এই প্রশ্নে হ্রস্ব হ'যে হয় (dəz).

What does he want ?

কখন কখন আপনি শুনবেন যে লোকে তাড়াতাড়ি কথা বলার সময় এ শব্দের আওয়াজ আরো কমিযে শুধু (s) আওয়াজ করে : What's he want ?

অনুশীলন—১

এই বিবৃতিগুলি না-সূচক বাক্যে পরিণত করুন।

(a) The sun is shining. (b) Sixteen people are coming. (c) I understand this word. (d) Elsa is playing the piano. (e) There are some buses outside the station. (f) The girls want new hats. (g) George is reading. (h) I know his name. (i) It is happening this evening. (j) We have your address. (k) He likes whisky. (l) That woman looks young. (m) You are listening to me. (n) She wants to go home. (o) I think she is ready. (p) The chicken smells bad. (q) He is looking for his packet of cigarettes. (r) He has a new car. (s) There's a train this evening.

অনুশীলন—২

এই বিবৃতিগুলি প্রশ্ন-সূচক বাক্যে পরিণত করুন।

(a) It is raining. (b) You are helping your mother. (c) They understand all these words. (d) Patrick wants a new tyre for his motorbike. (e) Elsa is going with him. (f) All the boys are listening to the piano. (g) You have a fairly quiet room. (h) Your father knows all these people. (i) The house looks comfortable. (j) Seventy girls want to come with us. (k) The word "tyre" means a rubber thing on a wheel. (l) That boy is looking out of the window.

He has a nice new motorbike.

(m) That boy looks hungry. (n) There are some glasses in the kitchen. (o) He has a nice new motorbike.

অনুশীলন—৩

ইংরেজীতে একথাগুলি কিভাবে বলবেন? (a) আপনি কি আমাদের সঙ্গে থাকতে চান? (b) তিনি মনে করেন যে তিনি তৈরী হয়েছেন।

(c) শান্ত হ'ন (চুপ করুন)। (d) চলুন আমার সঙ্গে আমার মোটর বাইকে। (e) তাঁরা কি আপনাকে সাহায্য করবেন? (f) ঐ যুবাগুলি কি করছেন? (g) ওঁরা ভীষণ গোলমাল করছেন। (h) বেশী দেরী করবেন না। (i) বেশী দূরে যাবেন না। (j) আপনি কি মনে করেন? (k) আমরা তাঁদের নাম জানি না। (e) ঐ ছাত্রটী কি লিখছেন? (m) আপনি কোথায় বসতে চান? (n) এ দুটী কথার অর্থ কি? (o) গেটের সামনে কার গাড়ী দাঁড়িয়ে আছে?

অনুশীলন—৪

১১, ১২ এবং ১৩ নং কথোপকথনগুলি আবার পাঠ করুন। পরে এ প্রশ্নগুলির উত্তর দিন :

(১১) (a) What is Patrick reading? (b) Who is Dr. Young bringing home with him? (c) Does Patrick like their daughter? (১২) (d) Where is John writing? (e) Where is his wife and what is she doing? (f) Are there any people in the street? (g) What are the women looking at? (h) Who are they looking for? (i) Why are the Benedicts lucky? (j) Are they going to Scotland? (১৩) (k) Where is Patrick going? (l) What are they cooking for lunch? (m) Whose English does Elsa understand? (n) What does Patrick want to buy? (o) Where is the motorbike standing?

পাঠ—১৫

শব্দ-সংগ্রহ

afternoon—বিকালবেলা
always—সবসময়
begin—আরম্ভ করা
church—গির্জ্জা
cinema—চলচ্চিত্র, সিনেমা
clean—পরিষ্কার করা
clothes—পোষাক-পরিচ্ছদ
club—ক্লাব, সমিতি
college—কলেজ
day—দিন
dirty—অপরিচ্ছন্ন
evening—সন্ধ্যা

garden—বাগান
hold—(যেমন সভা) করা,ব্যবস্থা করা
how often—কতবার ক'রে
laundry—ধোপার বাড়ী
meeting—সভা
morning—সকাল
never—কখন নয়
new—নতুন
often—বারবার
radio—বেতার, রেডিও
really—প্রকৃতই
send—পাঠান
sometimes—কখন কখন
today—আজ
usually—সাধারণতঃ
wash—পরিষ্কার করা, ধোওয়া
week—সপ্তাহ
well—চমৎকার
work—কাজ, কাজ করা
Sunday—রবিবার
Monday—সোমবার
Tuesday—মঙ্গলবার
Wednesday—বুধবার
Thursday—বৃহস্পতিবার
Friday—শুক্রবার
Saturday—শনিবার

যা আমরা প্রতিদিন করি

আমরা আলোচনা করছিলাম এখন বা এই কথা বলার সময় যা ঘটছে, সে সম্বন্ধে বলার জন্যে ক্রিয়াপদের ব্যবহারের কথা। কিন্তু এই পাঠে আমরা অভ্যাসগত কার্য্যের কথা ইংরেজীতে বলতে শিখব, যেমন যে কাজ একবারের বেশী ঘটে, প্রায়ই কিংবা কখন কখন ঘটে, কদাচিৎ ঘটে বা কখন ঘটে না একটা উদাহরণ এখানে দেওয়া হ'ল ঃ

I write to him every day—আমি প্রতিদিন তাঁকে চিঠি লিখি।

ক্রিয়াপদ হচ্ছে কার্য্য-জ্ঞাপক ক্রিয়াপদ। যদি এখন কি ঘটছে তা বলতে চাই তাহ'লে বলব—I am writing to him now. কিন্তু আমরা শুধু বর্ত্তমান ঘটনার কথা বলতে চাইছি না। এটা বোঝা যাচ্ছে every day—অর্থাৎ প্রতিদিন—এই বাক্য-বিন্যাসের যোগে। আমরা বলতে চাইছি, আমি সাধারণতঃ অভ্যাসগত ভাবে কি ক'রে থাকি। সেইজন্যেই কার্য্য-জ্ঞাপক ক্রিয়াপদ সত্ত্বেও সরল বর্ত্তমান কাল ব্যবহার করা হয়েছে।

ক্রিয়ার বিশেষণ ও বাক্যে তাদের স্থান

Every day, এই বাক্য-বিন্যাস বোঝাচ্ছে বার বার ঘটনার কথা। সংখ্যা-জ্ঞাপকতা বোঝাবার জন্যে কয়েকটী ক্রিয়ার বিশেষণ আছে। বাংলায়

এ বাক্য-বিন্যাসগুলি আপনি জানেন। যেমন, "কখন কখন", "প্রায়", "কখন না"। ইংরেজীতে—"কখন কখন" হচ্ছে sometimes; "প্রায়ই" হচ্ছে often; "কখন নয়" হচ্ছে never; "সব সময়" হ'চ্ছে—always, আর "সাধারণতঃ" হচ্ছে usually.

যদি আপনি এই পাঁচটি শব্দের কোন একটি শব্দ ব্যবহার করেন তাহ'লে সেই কথাটি কর্ত্তা ও ক্রিয়ার মাঝে এই ভাবে রাখতে হবে:

তালিকা—২৭নং

1	2	3
I You We They He She It The car The trains My brothers ইত্যাদি (যে কোন কর্ত্তাপদ)	always never often sometimes usually	go (es) come (s) stay (s) write (s) sit (s) stand (s) help (s) leave (s) read (s) happen (s) cook (s) ইত্যাদি (যে কোন ক্রিয়াপদ)

কিন্তু যদি বাক্যের ক্রিয়াপদ am, is, are, do কিংবা does হয় কিংবা এই সব ক্রিয়াপদ না-সূচক অর্থে ব্যবহৃত হয়, তাহ'লে ক্রিয়ার বিশেষণ ক্রিয়াপদের **পরে** আসে।

তালিকা—২৮নং

1	2	3	4
I You We They He	am (not) s (n't) are (n't)	always never sometimes often usually	here hungry dirty ইত্যাদি
She It ইত্যাদি	do (n't) does (n't)	always often usually	go stay write help ইত্যাদি

ঘটনার সংখ্যা-জ্ঞাপকতা বোঝাবার জন্যে অন্য আরো কয়েকটি বাক্য-বিন্যাস আছে। যেমন, every day—"প্রতিদিন" এবং once a week—"সপ্তাহে একবার"। লক্ষ্য করে থাকবেন যে এগুলি একাধিক শব্দের সমষ্টি। এ সমষ্টিভুক্ত শব্দগুলি বাক্যের মাঝখানে আসে না, বেশীর ভাগ ক্ষেত্রেই বাক্যের **শেষের** দিকে থাকে। উদাহরণ স্বরূপ:

She goes to work every day—তিনি প্রতিদিন কাজে যান।

I write to my mother once a week—আমি সপ্তাহে একবার মাকে চিঠি লিখি।

যখন অভ্যাসগত ভাবে কিছু করি তখন কোন্ দিন বা কোন্ সময়ে সেটা ঘটছে তা বলার জন্যে আমরা সরল বর্ত্তমান কাল ব্যবহার করি। উদাহরণ স্বরূপ: "তিনি প্রতি শনিবার সন্ধ্যায় (অভ্যাসগত ভাবে) সিনেমা দেখতে যান।" সময় সম্পর্কে বাক্য-বিন্যাসটী সাধারণতঃ বাক্যের শেষে থাকে, কিন্তু প্রথম দিকেও থাকতে পারে।

He goes to the cinema on Saturday evening (s). কিংবা On Saturday evening(s) he goes to the cinema.

যেমন আমরা ১৩নং পাঠে দেখেছি, তেমনি প্রশ্ন-সূচক বাক্যগুলি do কিংবা does কথা প্রথমে দিয়ে আরম্ভ হয়:

Do you write to your mother ? Does he go to the cinema on Saturday evening ? Does she always go to work ? Do you never read the papers ?

আরো একটী বেশ প্রয়োজনীয় প্রশ্ন, যা কার্য্যের সংখ্যা-জ্ঞাপকতা সম্বন্ধে জিজ্ঞাসা করে। সেটা হচ্ছে how often অর্থাৎ "কতবার" বা "কি রকম"। উদাহরণ স্বরূপ, How often do you write to your mother ?

"কতবার (কিরকম) আপনার মাকে আপনি চিঠি লেখেন ?" How often does he go to the cinema ?

"তিনি কতবার সিনেমায় যান ?"

How often do they listen to the radio ?

"কি রকম (কতবার) তাঁরা বেতার অনুষ্ঠান শোনেন ?"

এ সব প্রশ্নের উত্তর এই রকম ভাবে হ'তে পারে: once a week, every day, very often, not often কিংবা never.

উদাহরণ :—How often do you cook the dinner ?—Never, I never cook the dinner.

যে সব ক্রিয়ার বিশেষণ বাক্যের মাঝখানে থাকে—যেমন often, usually, never—তাদের আমরা "মধ্যস্থানের ক্রিয়ার বিশেষণ" বলে থাকি। এদের ভিতর অনেকগুলি হচ্ছে সংখ্যা-জ্ঞাপক ক্রিয়ার বিশেষণ। কিন্তু এ ছাড়া অন্য 'ক্রিয়ার বিশেষণ' আছে যার সঙ্গে সংখ্যা বা বারের কোন যোগ নেই। উদাহরণ স্বরূপ, Really—প্রকৃতই বা সত্যই।

My father does not really like whisky.

All the boys really like to go to the cinema.

Do ক্রিয়া

Do ক্রিয়া দুটী কাজ করে। প্রথমতঃ এটী একটী সাধারণ ক্রিয়া, এর অর্থ হচ্ছে "করা"। যেমন, I do my work every morning—"আমি প্রতিদিন সকালে আমার কাজ করি।" He does his work every morning.

কিন্তু do ক্রিয়াপদ গৌণ বা সহকারী ক্রিযাপদ রূপে ব্যবহৃত হয, যখন অন্য ক্রিয়াপদ প্রশ্ন-সূচক বা না-বাচক অর্থে ব্যবহার করা হয়। উদাহরণ স্বরূপ, He goes to London every morning ; but I don't go to London. Do *you* go to London ?

সুতরাং যখন সাধারণ ক্রিয়া do, না-সূচক বা প্রশ্ন-বাচক রূপে পরিবর্ত্তন করতে হয়, তখন আমরা সহকারী ক্রিয়া do ব্যবহার করি। এখানে কয়েকটী উদাহরণ দেওয়া হ'ল :

Do you do your work every morning ?

I don't do my lessons in the evening.

What do you do on Saturdays ?

What does Tom do every day ?

সপ্তাহের দিন : Days of the week

Monday, Tuesday, Wednesday, Thursday, Friday Saturday, Sunday.

দিনের নামের সঙ্গে আমরা on এই অব্যয়পদ ব্যবহার করে থাকি। উদাহরণ স্বরূপ,

I go to church on Sunday(s)—"আমি রবিবার গির্জ্জায় যাই।" কিংবা বলতে পারি on Monday morning(s)—"সোমবার সকালে," on Tuesday afterncon(s)—"মঙ্গলবার বিকালে", on Wednesday evening(s)—"বুধবার সন্ধ্যায়।"

অনুশীলন—১

পরের পর যেমন আসে তেমনি সপ্তাহের দিনগুলি ঠিকমত শিখুন আর উচ্চারণও ঠিকমত করুন। এমন ভাবে শিখুন যে মাত্র ছ'সেকেণ্ডে আপনি বারগুলি সঠিক ভাবে বলতে পারেন।

অনুশীলন—২

২৭ ও ২৮নং তালিকা ভালভাবে পাঠ করুন আর তা থেকে বহু সংখ্যায় বাক্য তৈরী করুন। ঐ বাক্যগুলি উচ্চকণ্ঠে বলুন। ১নং ঘরে নতুন কর্ত্তাপদ, ২৭নং তালিকার ৩নং ঘরে নতুন ক্রিয়াপদ এবং ২৮নং তালিকার ৪নং ঘরে নতুন ক্রিয়ার বিশেষণ, বিশেষণ ও ক্রিয়াপদ ব্যবহার ক'রে আরো নতুন নতুন বাক্য রচনা করুন।

অনুশীলন—৩

এখানে কয়েকটী বাক্য দেওয়া হ'ল। প্রত্যেক বাক্যের শেষে সংখ্যা-জ্ঞাপক বাক্য-বিন্যাস আছে। বাক্যের ঠিক মত স্থানে এই বাক্য-বিন্যাসগুলি রাখুন। (লিখে কিংবা উচ্চকণ্ঠে ব'লে কিংবা উভয়ভাবেই তা করতে পারেন)।

(a) This bus goes to the station (always). (b) She stays in bed (never). (c) I write with my brother's pen (sometimes). (d) The boy doesn't help his mother (always). (e) My hands are dirty (often). (f) We go to church (once a week). (g) The gates are shut (usually). (h) They go to the cinema (every Saturday). (i) Does she cook the lunch? (usually) (j) You aren't ready (usually).

অনুশীলন – ৪

নিম্নলিখিত বাক্যগুলিতে আমরা ক্রিয়াপদগুলি দিইনি। শুধু ( ) চিহ্নে অসমাপিকা ক্রিয়াগুলি দিয়েছি। সরল বর্ত্তমান বা ঘটমান কালের সঠিক ক্রিয়াপদগুলি ঠিক মত ব্যবহার ক'রে বাক্যগুলি পুনরায় লিখুন।

(a) Your two friends (wait) outside now. (b) He always (sit) in that chair. (c) I (listen) to the radio today. (d) She (listen) to the radio every day. (e) I (think) he (go) now.

অনুশীলন—৫

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন : (a) ঐ যুবকটী এখন পিয়ানো বেশ মৃদু ভাবে বাজাচ্ছেন। (b) আমরা সব সময় রবিবার গির্জ্জায় যাই, কিন্তু বুধবার কখন যাই না। (c) আমাদের দুপুরের খাবার জন্যে তিনি (স্ত্রীলোক) একটী মুরগী কিনতে চান। (d) গ্যারাজে নোংরা গন্ধ বেরুচ্ছে। (e) লোকগুলি রান্নাঘরের জন্যে নতুন দরজা তৈরী করছে। (f) সব সময় এটা সোমবার সন্ধ্যায় হয়। (g) আমি বই লিখছি। (h) হেনরী কখনও বই পড়ে না। (i) এ লোকগুলি সব সময় এখানে থাকেন না। (j) আমাদের মেয়ে সাধারণতঃ সপ্তাহে একবার আমাদের চিঠি লেখে।

কথোপকথন

এ কথোপকথনে, সাধারণতঃ তাঁদের পরিবারের লোকেরা সপ্তাহে অভ্যাসগত ভাবে কি কি করেন তারই কিছু কথা প্যাট্রিক, এলসাকে বলছেন। এ উদ্দেশ্যে তিনি স্বভাবতঃই সরল বর্ত্তমান কালের পদ ব্যবহার করছেন আর সংখ্যা-জ্ঞাপক কয়েকটী বাক্য-বিন্যাসও ব্যবহার করছেন।

"Hold a meeting"—"সভার ব্যবস্থা করা" এই বাক্য-বিন্যাসটি লক্ষ্য করুন। "আমার সমিতি (ক্লাব) সপ্তাহে একবার সাধারণতঃ শুক্রবার এক সভার ব্যবস্থা করে।"—My club holds a meeting once a week, usually on Friday.

নিম্নলিখিত কথার ব্যবহারগুলিও লক্ষ্য করুন : to the laundry—"ধোপার বাড়ীতে", to the cinema—"সিনেমায়", listen to the radio—"বেতার শোনেন" ; brings friends *to* dinner (the কথাটি

বাদ দেওয়া হয়েছে)—"রাতে খাবার জন্যে বাড়ীতে বন্ধুদের আনেন" ; go to Church (the কথাটী বাদ দেওয়া হয়েছে)—"গির্জ্জায় যান।"

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa. Patrick, what do you all do every day ?

Patrick : Do you really want to know ? Well, on Monday we begin our work for the week. On Tuesday Mother usually cleans the kitchen. Then on Wednesdays we send our dirty clothes to the laundry ; Mother doesn't wash them. On Thursday my father often brings his friends home to dinner. My club holds a meeting once a week, usually on Friday. And on Saturday we all go to the cinema.

Elsa : How often do you go to church ?

Patrick : Every Sunday morning. And on Sunday afternoon Father works in the garden.

Elsa : Do you often listen to the radio ?

Patrick : Well, *I* never listen, but Mother listens every afternoon.

Elsa : Do you walk to your college ?

On Sunday afternoon Father works in the garden.

Patrick : Sometimes I walk, and sometimes I go on my motorbike. To-day I'm walking.

অভ্যাসের জন্যে বাক্য
পাঠ ১৩ এবং ১৪

Your friend is coming···Yes, I know he is coming...My wife doesn't like him....Do you think he is a good man ?... I don't understand him...Does he understand English ?...He wants to stay here...I write to him every week, but I am

not writing to him now...We sometimes go to the cinema...She often plays the piano...You never help me... They go to work every day...She doesn't always come...

পাঠ—১৬

শব্দ-সংগ্রহ

ass—গাধা, বোকা
because—কারণ
drive—গাড়ী চালান
driving-licence—গাড়ী চালাইবার লাইসেন্স
left—বাঁদিক
other—অন্য
park—রাস্তায় গাড়ী দাঁড় করিয়ে রাখা
policeman—পাহারওয়ালা, পুলিশ
right—ডান, ঠিক
say—বলা
side—পাশ, ধার
suit—পোষাক
without—ব্যতিরেকে
wrong—ভুল, বেঠিক

সংক্ষিপ্ত উত্তর

কথোপকথনের সময় একজনকে আরম্ভ করতে হয় আর অপর জন উত্তর দেন। যখন প্রশ্ন ক'রে প্রথমে কথোপকথন আরম্ভ হয় তখন অপর ব্যক্তি সে প্রশ্নের উত্তর দেন। ধরুন, এই রকমে : A—"Is this your book?" B— "No, it isn't mine." মন্তব্য ক'রেও কথোপকথন আরম্ভ হ'তে পারে, সে ক্ষেত্রে অপর ব্যক্তি মন্তব্য সম্পর্কে একমত বা ভিন্নমত হতে পারেন। যেমন, A — "It is raining." B— "You are right." ("আপনার কথাই ঠিক")।

এখন আমরা প্রথম ধরনের অর্থাৎ প্রশ্ন-উত্তর ধরনের কথোপকথন সম্বন্ধে আলোচনা করব।

যদি কোন ব্যক্তি ইংরেজীতে আপনাকে জিজ্ঞাসা করেন, "Do you understand all this?" ("আপনি এসব বোঝেন?")। আপনি শুধু উত্তর দিতে yes বলেন। উত্তরটা ঠিক, কিন্তু কিরকম যেন হঠাৎ হ'ল।

ও প্রশ্নের উত্তরে আপনি বলতে পারেন "Yes, I understand all

this." এ উত্তরটীও ঠিক, কিন্তু বেশ একটু বড় দিকেই কারণ সারা প্রশ্নটাই আবার উল্লেখ করা হচ্ছে।

সবচেয়ে ভাল উত্তর হ'ল, খুব ছোট নয় আর খুব বড়ও নয়—মাঝামাঝি। "Do you understand all this ?—Yes, I do."

কি হ'ল লক্ষ্য করেছেন কি ? যে ব্যক্তি উত্তর দিচ্ছেন তিনি, 'understand all this' —এই বাক্য-বিন্যাসটীর বদলে শুধু সহজ একটী কথা do ব্যবহার করেছেন। আর একথাটাই হ'ল সেই শব্দ, যে শব্দ দিয়ে প্রশ্নটি আরম্ভ করা হয়েছে ! সুতরাং আপনি একটা সহজ নিয়ম এখন শিখে নিলেন। আপনার সংক্ষিপ্ত উত্তরের শেষে থাকে সেই ক্রিয়াপদটি, যেটী দিয়ে প্রশ্নটি আরম্ভ করা হয়েছিল। আরো উদাহরণ ;

Do you want a new hat ?	— Yes I *do.* No, I *don't.*
Does she understand English ?	— Yes, she *does.* No, she *doesn't.*
Are these men your friends ?	— Yes, they *are.* No, they *aren't.*
Is that dog quiet and kind ?	— Yes, it *is.* No, it *isn't.*
Is there a drink for me ?	— Yes, there *is.* No, there *isn't.*
Are there any people here ?	— Yes, there *are.* No, there *aren't*
Have the Benedicts a car ?	— Yes, they have. No, they *haven't.*
Has Dr. Young a son ?	— Yes, he *has.* No, he *hasn't.*
Am I sitting in your chair ?	— Yes, you *are.* No, you *aren't.*
Are you a doctor ?	— Yes, I *am.* No, I'*m* not.

লক্ষ্য করবেন, যেসব ক্ষেত্রে প্রশ্নের কর্ত্তাপদে কোন বিশেষ্য থাকে, সে-সব ক্ষেত্রে সংক্ষিপ্ত উত্তর দেবার সময় ঐ বিশেষ্যের পরিবর্ত্তে সর্ব্বনাম বসে। যেমন these men পরিবর্ত্তিত হ'য়ে হয় they ; that dog বদলে হয় it ; Dr. Young শব্দের বদলে সর্ব্বনাম he হয়। আরো লক্ষ্য করবেন যে শেষের দুটী উদাহরণে ক্রিয়াপদের পরিবর্ত্তন হয়, am থেকে are কিংবা are থেকে am হয়।

ধরুন, Does she understand English ? এ প্রশ্নের উত্তরে, yes, she does বাক্যের পরিবর্ত্তে আপনি বলতে চান "আমার মনে হয় তিনি জানেন।" সে ক্ষেত্রে আগের মত Yes কথা দিয়ে আপনার উত্তর আরম্ভ করুন, তারপর দিন একটা কমা ; তারপর বলুন I think, এবং শেষে, আগের উদাহরণ মত, যোগ করে দিন She does.

Does she understand English ? — Yes, I think she does.

যদি এ প্রশ্নের উত্তরে 'না' বলতে চান, তাহ'লে বলবেন না যেন she doesn't বলবেন I don't think ; যেমন Does she understand English ? — No, I don't think she does.

এখন ধরুন "আমার মনে হয়" কথার বদলে আপনি বলতে চান "আমি জানি" (I know). প্রশ্নের উত্তরে এরকমভাবের আকার ব্যবহার হবে না। কোন কথা বা বিবৃতির উত্তরে বলা যেতে পারে। এ পাঠের প্রথম-দিকে কথোপকথন আরম্ভের যে অন্য পন্থা বলা হয়েছে সেই পন্থার ক্ষেত্রে। একটী উদাহরণ এখানে দেওয়া হ'ল : This is our train. — Yes, I know it is.

যদি না-সূচক বিবৃতি সম্বন্ধে একমত হন তাহ'লে বলবেন :

This isn't our train — No, I know it isn't.

অনুশীলন—১

নিচের প্রত্যেকটী প্রশ্নের দু'টী করে সংক্ষিপ্ত উত্তর দিন, এ উদাহরণে যেমন ভাবে দেখান হ'ল, তেমন ভাবে, Is your friend here ? —Yes, he is. No, he isn't.

(a) Am I going with you ? (b) Is the dinner ready ? (c) Are there any handkerchiefs in the drawer ?

(d) Does that young woman like sherry ? (e) Have you and your brother a motorbike ? (f) Are we in the right train ? (g) Is there a piano in their house ? (h) Has your jacket a big pocket ? (i) Do they usually begin work at seven ? (j) Are those ten men looking for me ?

অনুশীলন—২

প্রথম অনুশীলনের প্রশ্নগুলির উত্তর নিচের উদাহরণ মত দু'ভাবে দিন : Is your friend here ?—Yes, I think he is. No, I don't think he is.

অনুশীলন—৩

নিম্নলিখিত বিবৃতির উত্তরে "আমি জানি" কথা যোগ করে উদাহরণ মত জবাব দিন :

Your friend is here.—Yes, I know he is. কিংবা Your friend isn't here.—No, I know he isn't. (a) There is a meeting this evening. (b) All the doors are shut. (c) The women usually cook for us. (d) Those pictures don't look very good. (e) Be quiet ! I am listening to the radio. (f) This boy hasn't a watch. (g) There aren't any clothes in this cupboard. (h) We don't usually go to our club on Tuesdays. (i) That woman is always lucky. (j) The buses go near our house.

অনুশীলন—৪

এ কথাগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন : "আমি আজকে আমার কাপড়জামা ধুচ্ছি।" "হ্যাঁ, আমি জানি।" "আজ বিকেলে আপনি করছেন কি ?" —"আমি আমার ক্লাবে যাচ্ছি। প্রত্যেক বৃহস্পতিবার বিকেলে আমাদের ক্লাবের সভা বসে।" "ধোপাখানার (at) লোকেরা আজকে কাজ করছে কি ?"—"হ্যাঁ, আমার মনে হয় তাই। তারা বৃহস্পতিবার কাজ করে কিন্তু শনিবার কাজ করে না।" "কেন তারা শনিবার কাজ করে না ?" —"ধোপাখানা ওদিন বন্ধ থাকে।"

অনুশীলন—৫

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দেবার সময় আপনি নিজের বা আপনার পরিচিত লোকের কথা ভেবে বলুন। Every day, once a weak, Sunday, কিংবা usually এই বাক্য-বিন্যাসগুলি আপনার উত্তরে ব্যবহার করুন। উত্তরগুলি পুরোপুরি দেবেন, এই রকমে :

How often do you wash your hair ?—I wash my hair once a week.

(a) How often do you go to the cinema ? (b) How often does ··(আপনার কোন পরিচিত ব্যক্তি) go to church. (c) How often do you have lunch ? (d) How often do they hold a meeting ? (e) How often does·· smoke (ধূমপান করা) a cigarette ?

কথোপকথন

প্রশ্ন ও অন্য কথার সংক্ষিপ্ত উত্তরগুলি ভাল ক'রে শুনুন।

আরো কয়েকটি বিষয়ে লক্ষ্য দেওয়া প্রয়োজন। প্রথমে, drive a car—এর মানে হ'চ্ছে "গাড়ী চালান"। Drive ক্রিয়াপদ থেকে আমরা a driving-licence—"গাড়ী চালাবার জন্যে লাইসেন্স" বাক্য-বিন্যাসটী তৈরী করি। তারপর লক্ষ্য করুন কেমন ভাবে আমরা no কথাটী "একটিও নয়"—এই অর্থে ব্যবহার করি। Patrick has no driving-licence—প্যাট্রিকের গাড়ী চালাবার লাইসেন্স (অনুমতি পত্র) নেই।

প্রকৃতপক্ষে তিনি বিনা-লাইসেন্সে গাড়ী চালাচ্ছেন—without a licence তাঁর লাইসেন্স তাঁর অপর জামার পকেটে—in the pocket of his other suit.

দু'জোড়া বিভিন্ন ধরনের বিপরীতাত্মক বিশেষণ লক্ষ্য করুন : right, left—"ডান", "বাঁ" ; এবং right, wrong—"ঠিক", "অন্যায়" বা "ভুল"। এই রকম ভাবে ব্যবহৃত হয় : I am parking on the wrong side of the street—"গাড়ীটি আমি রাস্তার ভুল (উল্টা) দিকে রাখছি।"

লক্ষ্য করুন room কথাটি "স্থান" অর্থে কেমন ব্যবহার করা হয়েছে, there is no room. "দেখছেন কি গাড়ীটি কোথায় ?"—Do you see

where the car is ?—এ বাক্যে where কথাটি কেমন ভাবে ব্যবহৃত হয়েছে—তাও লক্ষ্য করুন।

পরিশেষে, to be allowed to do something—"কিছু করতে অধিকারী হওয়া"—এই বাক্য-বিন্যাসটি ভাল করে দেখুন, কেমন ভাবে এটী, you are not allowed to park on this side—বাক্যে ব্যবহৃত হয়েছে। আরো লক্ষ্য করুন এই বাক্যাংশটী—It is a pity—"দুর্ভাগ্যের কথা।"

প্যাট্রিক ডাক্তার ইয়ং-এর গাড়ীটি ধার নিয়েছেন আর বর্ত্তমানে পুলিশের গোলমালে পড়েছেন। ডাক্তার ইয়ং-এর অভিমত ? "প্যাট্রিক তুমি একটি গাধা (বোকা)।"

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : Hello, Patrick. What are you doing here ?

Patrick : Hello, Father. This policemen says I'm parking on the wrong side of the street.

Policeman : Good morning, sir. Are you this young man's father.

Tom : Yes, I am.

Policeman : Is this his car ?

Tom : No, it isn't. It's mine.

Policeman : Oh. Does he often drive your car ?

Tom : Yes, he does.

Policeman : He has no driving licence with him. But he says he has a driving-licence at home.

This policeman says I am parking on the wrong side of the street.

Tom : Yes, I think he has.

Policeman : Do you see where the car is, sir ?

Tom : Yes, I do. It's on the left side of the street.

Policeman : You aren't allowed to park on this side on Mondays, Wednesdays or Fridays.

Tom : Oh. That's a pity.

Policeman : Do you know to-day is Friday, young man ?
Patrick : Yes, I do ; but you see—
Policeman : Then why do you park your father's car on the wrong side of the street ?
Patrick : Because there's no room on the right side
Policeman : And why do you drive without a driving-licence ?
Patrick : It's in the pocket of my other suit.
Tom : Patrick, you *are* an ass.

পাঠ—১৭

শব্দ-সংগ্রহ

all day—সারাদিন
bacon—শূয়ারের মাংস (চর্বিওয়ালা)
beer—বিয়ার মদ
bread—পাঁউরুটী, রুটী
burnt—পোড়া
butter—মাখন
cheese—পনীর
coffee—কফি
cold—ঠাণ্ডা
cotton—সুতো, তুলা
end—সমাপ্তি
fat—মোটা
flower—ফুল
food—খাবার
ham—শূয়ারের মাংস (চর্বিহীন)
impatient—অধৈর্য্য
ink—কালি
instead—পরিবর্ত্তে
late—দেরী
lend—ধার দেওয়া
meat—মাংস
metal—ধাতু
milk—দুধ
money—টাকাপয়সা
music—সঙ্গীত
need—প্রয়োজন হওয়া
pound (£)—পাউণ্ড (মুদ্রা)
rather—বরং, কিছু
shilling—সিলিং (মুদ্রা)
soup—ঝোল
sugar—চিনি
sure—নিশ্চয়
sweets—লজেন্স, মিষ্টি
tea—চা
tobacco—তামাক
wait—অপেক্ষা করা
water—জল
wet—ভিজে
wine মদ
wood—কাঠ, বন
yet—এখনও

গোনা যায় না এমন বিশেষ্য

প্রথম পাঠেই আমরা বলেছি যে যখন আমরা কোন ইংরেজী বাক্যে কোন বিশেষ্য ব্যবহার করি, আর তা যদি একবচনে থাকে তাহ'লে আমরা অনির্দ্দেশক পদবাচক a কিংবা নির্দ্দেশক পদ the ব্যবহার করি। যেমন, আপনি a book কিংবা the book সম্বন্ধে কথা বলতে পারেন কিন্তু শুধু book বলে কথা বলতে পারেন না।

যদি বিশেষ্যটী এমন সামগ্রী বোঝায় যা গোনা যায় না, তাহ'লে এ নিয়ম প্রয়োগ হয় না। উদাহরণ স্বরূপ, জলের মত পদার্থ। জল কেউ গুনতে পারে না (অন্ততঃ সাধারণ ব্যবহারে)—কেউ বলেন না এক, দুই বা তিন জল, বলেন কিছু পরিমাণ জল।

সুতরাং অনির্দ্দেশক পদবাচক শব্দ a, সাধারণতঃ এরকম বিশেষ্যের সঙ্গে ব্যবহৃত হয় না। (এর কারণ পরিষ্কার বোঝা যাবে যদি স্মরণ রাখেন যে a—ব্যবহৃত হচ্ছে একটি সংখ্যার মত।) এই বাক্যটি দেখুন :

This flower needs water—এ ফুলের জলের প্রয়োজন।

ইংরেজীতে আমরা সাধারণভাবে জলের কথা বলছি অনির্দ্দিষ্ট ভাবে জলের কথা বলছি। নির্দ্দিষ্ট নির্দ্ধারিত জলের কথা বলছি না। সেজন্যে এক্ষেত্রে নির্দ্দেশক পদ the ব্যবহার করতে পারি না। বিশেষ্যটী একা থাকে, এর সঙ্গে কোন অনির্দ্দেশক পদ বা নির্দ্দেশক পদবাচক পদ থাকে না। আরো একটী উদাহরণ দেখা যাক : Water is wet—জল ভিজে।

এটী আরো সাধারণ বিবৃতি। এক্ষেত্রেও water এই বিশেষ্যের সঙ্গে কোন অনির্দ্দেশক বা নির্দ্দেশক পদবাচক পদ নেই।

যে কোন ভাষায় এরকম "অগণনীয়" বিশেষ্য আছে। তাহ'লেও সবগুলি শব্দই সব ভাষায় একরকম বা অনুরূপ না হতে পারে। এখানে কতকগুলি ইংরেজী ভাষার শব্দ সাধারণতঃ a-পদ যুক্ত হয় না : wood, cotton, coffee, tea, sugar, butter, bacon, cheese, bread, food, ham, ink, meat, metal, milk, money, music, soup, tobacco. (এই তালিকাভুক্ত কথাগুলির অর্থ উপরের শব্দ-সংগ্রহে দেখে নিন) লক্ষ্য করবেন যে বেশীর ভাগ শব্দ হয় তরল পদার্থ বা অন্য পদার্থ। Beer এবং whisky (বিয়ার মদ আর হুইস্কী মদ) এবং wine (মদ) তিনটী প্রয়োজনীয় তরল পদার্থ, এগুলি সম্বন্ধেও এই ভাবেই বলা হয়।

(আরো লক্ষ্য করবেন যে কতকগুলি বিমূর্ত্ত গুণের নামও পদবাচক পদ ব্যতিরেকেই ব্যবহৃত হয়। যথা, beauty, truth, happiness—সৌন্দর্য্য, সত্য, সুখ। যা হোক, আমরা এখন আপাততঃ শুধু পদার্থ নিয়েই আলোচনা করব।)

আপনি বলতে পারেন যে "আমরা টাকা-পয়সা গুনতে পারি।" হ্যাঁ, তা আমরা পারি কিন্তু আমরা বলি না 'one money', 'two monies', 'three monies', ইত্যাদি। আমরা টাকা-পয়সা গণনা করি এই কথা ব'লে—one pound, two pounds কিংবা three shillings, four shillings, ইত্যাদি। Money কথাটি একটী অগণ্ণীয় বিশেষ্যরূপে ধরা হয়েছে। এখানে কয়েকটি উদাহরণ দেওয়া হ'ল :—I don't like sugar in tea—চায়ে আমি চিনি পছন্দ কবি না। They eat bread, butter and cheese for their lunch—তাঁবা দুপুরের খাওযায রুটী, মাখন ও পনীর খান। He is making a table out of wood—কাঠ কেটে তিনি একটী টেবিল তৈরী করছেন।

অগণনীয় বিশেষ্যের সঙ্গে some ও any শব্দ

যখন আপনি বলেন—"water is wet" আপনি সাধাবণ ভাবে বলছেন, বলছেন সব জল সম্পর্কে। কিন্তু ধরুন আপনি বলতে চান কোন অনিশ্চিত কিন্তু পরিমিত জলের কথা, তখন আপনাকে some কথাটি ব্যবহার করতে হবে। উদাহরণ :

Bring me some water—আমার জন্যে একটু জল নিয়ে আসুন।

জলের মত আবার অনিশ্চিত কিন্তু পরিমিত পরিমাণ রুটীর কথা বলতে চান, আপনি বলবেন : There is some bread in the cupboard—দেওয়াল আলমারীতে কিছু রুটী (পাঁউরুটী) আছে।

(Some কথাটীকে অনিশ্চিত-পরিমাণ-জ্ঞাপক বিশেষণরূপে ভাবতে পারি কিংবা ভাবতে পারি এক রকমের অনির্দ্দেশক পদবাচক পদরূপে। যাই ভাবি না কেন, কোন ক্ষতি হবে না যদি আমরা কথাটি ঠিকমত ব্যবহার করতে পারি!)

প্রশ্ন এবং না-সূচক বাক্যে some শব্দের পরিবর্ত্তে any কথাটী ব্যবহার করতে হবে :

Is there any bread ? - পাঁউরুটী আছে নাকি ?

No, there isn't any bread—না, পাঁউরটী মোটে নেই।

আপনার স্মরণ আছে বোধ হয় যে some এবং any কথা দুটী অন্য ধরনের বিশেষ্যের বহুবচনে অনির্দ্দিষ্ট সংখ্যাজ্ঞাপকরূপে ব্যবহৃত হয়। (পাঠ—৯, দেখুন) যথা :

There are some pens on the table.

অনুশীলন—১

ইংরেজীতে এ কথাগুলি কিভাবে বলবেন : (a) আমি দুধ ভালবাসি (পছন্দ করি)। (b) ওঁকে কিছু কফি দিন। (c) রাস্তায় কোন লোক নেই। (d) কিছু টাকা আছে নাকি ? (e) তিনি (স্ত্রীলোক) কি সঙ্গীত পছন্দ করেন ? (f) টেবিলের উপর কিছু খাবার আছে। (g) দুধ থেকে আমরা মাখন ও পনীর তৈরী করি। (h) তাঁর লাইসেন্স নেই (এখানে দু'টী উত্তর সম্ভব)। (i) আমাদের দুপুরের খাবার জন্যে ঝোল আছে কি ? (j) তিনি চা চান। তিনি (স্ত্রীলোক) চা ভালবাসেন।

অগণনীয় বিশেষ্যের সঙ্গে the পদের ব্যবহার

উপরুক্ত বিশেষ্যের সঙ্গে আপনি কি কখন the কথাটি ব্যবহার করতে পারেন ? নিশ্চয় পারবেন যদি বিশেষ্যগুলি নির্দ্দিষ্ট হয়, অর্থাৎ যখন জানেন যে আপনি বিশেষ বিশেষ্যের সম্বন্ধে কথা বলছেন।

প্রথমে, একবচনে গণনীয় বিশেষ্যের সঙ্গে ব্যবহৃত the-র উদাহরণ : The pen on the table is mine.

Pen কথাটী, on the table শব্দ বিন্যাস দ্বারা নির্দ্দিষ্ট হয়েছে। সেজন্যে আমরা নির্দ্দেশক পদবাচক পদ the ব্যবহার করতে পারি। এই রকমে বহুবচনে :

The pens on the table are mine.

বহুবচনে নির্দ্দেশক পদবাচক পদ অপরিবর্ত্তিত রয়েছে। এখন অগণনীয় বিশেষ্যের সঙ্গে the ব্যবহার করা যাক :

The money on the table is mine.

অনুশীলন—২

নিম্নলিখিত বাক্যগুলির মাঝে মাঝে ফাঁক রাখা হয়েছে। কয়েকটীতে

a, an, some, any কিংবা the কথার প্রয়োজন হবে। কিন্তু কয়েকটীতে কোন পদবাচক পদের একেবারে প্রয়োজন হবে না। নির্ভুলভাবে লিখুন আর উচ্চস্বরে বলুন।

(a) I like...music of Beethoven.
(b) We have...dog and...chickens.
(c) Look ! Elsa hasn't...coffee.
(d) They are making...small table out of...wood.
(e) Take...tobacco and make...cigarette.
(f) We haven't...food for tomorrow.
(g) Is there...garage behind...house ?
(h) We make...money out of...metal.
(i) Put...butter on...bread.
(j) ...butter is not very good today.
(k) ...music at our club is very nice.
(l) I want to listen to...music on...radio this afternoon.
(m) Have you...cotton ?
(n) ...ham is...meat, and...bacon is...meat.
(o) Is there...cheese in...kitchen ?

কথোপকথন

প্যাট্রিক ও এলসা একটা দোকানে এসেছেন। এলসা নানা রকম জিনিষ কিনছেন—butter, cheese, coffee, sugar, paper, ink, তাঁর (এলসার) বাবার জন্যে tobacco, তাঁর মার জন্যে sweets (লজেন্স) এবং সুতো। ইংরেজীতে সুতো হচ্ছে cotton.

দোকানদার তাঁকে কিছু বেকন (শূয়ারের চর্ব্বিওয়ালা মাংস) দেখাল। তিনি বললেন—ওটা rather fat—ওটাতে চর্ব্বি বেশী। সেজন্যে তিনি তার পরিবর্ত্তে ham (চর্ব্বিহীন বা কম চর্ব্বিওয়ালা) শূয়ারের মাংস কিনলেন। instead কথাটি লক্ষ্য করবেন। এটী ক্রিয়ার বিশেষণ রূপে আলাদাভাবে, "কোন কিছুর পরিবর্ত্তে"—এই অর্থে ব্যবহার করা যায়।

যখন এলসা সুতো চান, তখন দোকানদার বলে ওটা is at the other end of the shop—দোকানের অপর ধারে আছে।

এদিকে প্যাট্রিক অধৈর্য্য হয়ে পড়েছেন। তিনি তাঁর মোটর বাইকের

জন্যে ট্যায়ার চান। তিনি বলছেন, We are late for lunch—হুপুরের খাওয়া খেতে আমাদের দেরী হয়ে যাচ্ছে। এলসা বলছেন, 'Don't be impatient'—"অধৈর্য্য হয়ো না।" তিনি আরো বলছেন—Don't go yet—এখনই যেও না। yet কথাটী লক্ষ্য করুন। না-সূচক ও প্রশ্ন-সূচক বাক্যে এটী প্রধানতঃ ব্যবহৃত হয়। অর্থ হচ্ছে এখনই।

নিম্নলিখিত বাক্য-বিন্যাসও লক্ষ্য করুন :

Lend me a pound or two—দু' এক পাউণ্ড আমায় ধার দাও।

Come on—এসো !

I am sure the soup is cold—আমার স্থির বিশ্বাস ঝোল ঠাণ্ডা হ'য়ে গেছে।

Do you want to stay here all day ? তুমি কি সারাদিন এখানে কাটাতে চাও ?

Let's go—চল যাই !

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : I want some butter and some cheese, please.

Assistant : Certainly, miss.

Elsa : And have you any bacon ?

Assistant : Yes, miss. Here it is.

Elsa : H'm. The bacon's rather fat. Give me some ham instead, please.

Assistant : Yes miss.

Elsa : Now, I need some paper and some ink. Yes, that paper looks very nice. And cotton : have you any cotton ?

Assistant : Oh, that's at the other end of the shop, miss.

I want some butter and some cheese.

Patrick : Elsa, are you

coming ? I want to buy my tyre, and we're late for our lunch.

Elsa : Don't be impatient, Patrick. I want to buy some tobacco for Father, and some sweets for Mother. You go and buy your tyre, and come back here for me. Goodbye...... Now, I need some—wait ! I haven't any money ! Patrick ! Stop, stop ! Don't go yet. Have you any money ? Lend me a pound or two.

Patrick : Here's one pound. I haven't two. I need my money for the tyre. Now Elsa, come *on !* Do you want to stay here all day ? I'm sure the soup is cold and the meat is burnt.

Elsa : No, I don't. I'm ready now—let's go. I want to listen to some music on the radio

Patrick : Ah, woman !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—১৬ এবং ১৭

Do you understand all this ? ...... Yes, I do ...... There is some food in the cupboard ...... Yes, I know there is .... . We haven't any bread ...... No, I know we haven't ... Does your friend like coffee ? ...... No, I don't think he does ...... Are there any cinemas near here ? ...... Yes, I think there are ..

স্ত্রীলোককে সম্বোধন

উপরোক্ত কথোপকথনে আপনি লক্ষ্য ক'রে থাকবেন যে দোকানদার এলসাকে miss (কুমারী) ব'লে সম্বোধন করছে। যদি কখন ইংলণ্ডে আসেন তাহ'লে আপনি প্রায়ই এই ধরনের সম্বোধন শুনতে পাবেন। সাধারণতঃ দোকানদার, বাস কণ্ডাক্টর প্রভৃতি যুবতী মেয়েদের এইভাবে সম্বোধন করে। তাহ'লেও নামের সঙ্গে ছাড়া miss কথার ব্যবহার সাধারণতঃ সঠিক বলে ধরা হয় না।

একজন লোক তাঁর অপরিচিত মেয়েকে 'Madam' বলে সম্বোধন করতে পারেন। উদাহরণ, Excuse me, Madam—মহাশয়া মাপ করবেন—

একথা ভদ্রলোককে বলতে হবে যদি রাস্তায় মহিলার পাশ কাটিয়ে সামনে এগিয়ে যেতে ভদ্রলোক চান।

কোন লোক বা মেয়ে তাঁর পরিচিত স্ত্রীলোককে miss Smith বা Mrs. Smith, যে ক্ষেত্রে যে কথা প্রযোজ্য, তা ব'লে সম্বোধন করতে পারেন। ইংরেজরা যখনই সম্ভব হয় তখন নাম ও উপাধি সম্পূর্ণরূপে বাদ দেন।

পাঠ—১৮

শব্দ-সংগ্রহ

a few—কয়েকটি
a little—একটু, একটুখানি
a lot—অনেকখানি, একগাদা, অনেকগুলি
after—পরে
all right—ঠিক, আচ্ছা
bank—ব্যাঙ্ক, টাকা জমা ধনাগার
cheque—চেক্
cheque book—চেক্ বই
cost—দাম লাগা, দাম পড়া
eat—খাওয়া
enough—যথেষ্ট
finish—শেষ করা
get out—বাইরে যাওয়া
guest—অতিথি
holiday—ছুটি
journey—যাত্রা
many—অনেক
much—অনেকখানি
plenty—প্রচুর
plenty of—প্রচুর
Scotland—স্কটল্যাণ্ড
shut—বন্ধ করা
so—সুতরাং
spend—খরচ করা
time—সময়

অনির্দ্দিষ্ট পরিমাণ

কতকগুলি প্রশ্ন আছে যার সঠিক উত্তর দেওয়া সম্ভব নয়। মনে করুন, কেউ আপনাকে প্রশ্ন করলেন—"আপনার কতজন বন্ধু আছেন?"—How many friends have you? আপনার পক্ষে তা তখন গুনতে আরম্ভ করা সম্ভব নয় আর এ বলাও সম্ভব নয় যে "আপনার দু'শ তেষট্টীজন বন্ধু আছে।"—I have two hundred and sixty-three friends. খুব সম্ভবতঃ আপনি উত্তরে বলবেন, "আমার অনেক বন্ধু আছে।" সাধারণ ভাবে

একথা ইংরেজীতে বলতে হ'লে, বলতে হবে I have a lot of friends. "অনেকগুলি"—a lot of.

"অগণনীয বিশেষ্যে"র সঙ্গেও ঠিক এই বাক্য-বিন্যাস ব্যবহার করা যায়। যেমন, "আমাদের বাড়ীতে অনেক খাবার আছে।"—We have a lot of food in the house.

প্রশ্ন ও না-সূচক বাক্যগুলি তুলনা করুন :—

গোনা যায—How many friends ? I haven't many friends.

গোনা যায় না—How much food ? We haven't much food.

তালিকা—২৯নং

প্রশ্ন-সূচক	না-সূচক	নিশ্চয়াত্মক
Much food ?	Not much food.	A lot of food.
Many friends ?	Not many friends ?	A lot of friends.

যদি প্রশ্ন করেন কিংবা না-সূচক কিছু বলেন তাহলে much কিংবা many ব্যবহাব কববেন। কিন্তু যদি নিশ্চযাত্মক কিছু বলতে চান তাহ'লে a lot কথা ব্যবহার কববেন।

A lot-এর বিপরীত অর্থে a few ব্যবহৃত হবে, যখন এটা ব্যক্তি বা সামগ্রীর সংখ্যা ইঙ্গিত করবে। যেমন, "লণ্ডনে তাঁর কযেকটি বন্ধু আছেন।" এবাক্য ইংরেজীতে বলতে গেলে, বলতে হবে, She has a few friends in London.

অগণনীয কোন কিছুর সামান্য পরিমাণেব কথা বলতে গেলে, a few কথার পরিবর্ত্তে a little কথা ব্যবহাব করতে হবে। যেমন, 'দেওযাল আলমারীতে সামান্য খাবার আছে।"—একথা বলতে গেলে, বলতে হবে—There's a little food in the cupboard.

একই শব্দ, few ও little—সামান্য বিভিন্ন উপাযেও ব্যবহার করা যায়। যদি সংখ্যা বা পবিমাণের অল্পতা বেশী ক'রে দেখাতে চান, তাহ'লে পদবাচক পদ a, বাদ দিন আর বদলে বলুন very. এই রকমে, যদি তাঁর বন্ধু হীনতার অবস্থার উপর গুরুত্ব আরোপ করতে চান তাহ'লে বলবেন, "তাঁর খুব কম বন্ধু আছে।"—She has very few friends. যদি আরো কিছু খাবার

তাড়াতাড়ি বাড়ীতে আনাতে চান তাহ'লে বলুন, "বাড়ীতে খাবার খুব অল্পই আছে।"—There's very little food in the house.

সুতরাং দেখছেন যে There's very little food—এই বাক্যের যথার্থ অর্থ হ'ল—আরো জোর দিয়ে বলা যে There's not much food কিংবা There isn't much food. She has very few friends—বাক্যের যথার্থ অর্থ হ'ল আরো জোর দিয়ে বলা She hasn't many friends.

অনুশীলন—১

ইংরেজীতে একথাগুলি কি ভাবে বলবেন:—(a) আপনার কতগুলি বই আছে? (b) তাদের কত টাকা আছে? (c) বাইরে একগাদা লোক। (d) এই ঝর্ণা-কলমে বেশী কালি নেই। (e) আমার সামান্য টাকা আছে। (f) তিনি (স্ত্রীলোক) একটু বাজনা বাজাচ্ছেন। (g) ঘরে খুব সামান্য ক'টী চেয়ার আছে। (h) আমাদের কিছু ফুল ও একটু জলের প্রয়োজন। (i) আমার চায়ে কি বেশী চিনি আছে? (j) বেশী সিগারেট নেবেন না।

Plenty এবং Enough

পরিমাণের সঙ্গে সংশ্লিষ্ট আরো দু'টী বাক্য-বিন্যাস এখানে দেওয়া হ'ল। প্রথমে, enough কথাটী নেওয়া যাক। "তাঁর যথেষ্ট কাজ আছে"—এ বাক্য যদি ইংরেজীতে বলতে চান তাহ'লে শুধু enough (i'nʌf) কথাটী work, এই বিশেষণের আগে রাখলেই চলবে: She has enough work.

না ও প্রশ্ন-সূচক বাক্যে এশব্দের কোন পরিবর্ত্তন হয় না। "আমার পাঁউরুটীর উপর যথেষ্ট পরিমাণ মাখন নেই।" এ বাক্যটী ইংরেজীতে হবে—I haven't enough butter on my bread. বহুবচনের কোন বিশেষ্যের সঙ্গে থাকলেও শব্দটির আকারের কোন পরিবর্ত্তন হবে না।

I haven't enough money.

যেমন, "আপনার কি যথেষ্ট কাপড় জামা আছে? ই'রেজীতে হবে—Have you enough clothes?

যদি আপনি বলতে চান আপনার যথেষ্ট পরিমাণের চেয়েও বেশী আছে, প্রয়োজনের চেয়েও বাড়তি আছে তাহ'লে plenty কথাটী ব্যবহার করবেন আর তার সঙ্গে অব্যয়পদ of যোগ করবেন। এই রকমে, "আমাদের অনেক সময় আছে" ইংরেজীতে হবে We have plenty of time. "তাঁর বহু বন্ধু আছে"—She has plenty of friends.

(এই বাক্য-বিন্যাস প্রশ্ন ও না-সূচক বাক্যেও ব্যবহার করা চলে তবে নিশ্চয়াত্মক বাক্যেই বেশী ব্যবহৃত হয।)

সংক্ষিপ্ত উত্তর

যেসব বাক্য-বিন্যাসের কথা আমরা বলছিলাম তা সংক্ষিপ্ত উত্তরে ব্যবহার করা যায়। নিচের সংক্ষিপ্ত কথাবার্ত্তা দেখুন :

Have you any friends in London ?	— Yes, a few.
Is there much sugar in my coffee ?	— Yes, plenty.
Have you any money ?	— Yes, but not enough.
Are there any people in the cinema	— Yes, a lot.
Do you know many people here ?	— No, not many.
Is there any bread ?	— Yes, a little ; not much.
He has a lot of money.	— Yes, he has , plenty.

(শেষের উদাহরণে আপনি বিবৃতির সঙ্গে একমত হচ্ছেন।)

অনুশীলন—২

নিশ্চয়াত্মক বাক্যগুলি না-সূচক বাক্যে পরিণত করুন।

(a) I want a lot of tobacco (b) She eats (তিনি খান) a lot of sweets. (c) They listen to a lot of music. (d) He writes a lot of letters.

এবারে প্রশ্ন-সূচক বাক্যে ওগুলি পরিবর্ত্তন করুন। এই উদাহরণ মত আরম্ভ হবে : (a) আরম্ভ হবে Do I...... ?

অনুশীলন—৩

নিম্নলিখিত বাক্যগুলি নিয়ে, how শব্দ দিয়ে প্রশ্ন-সূচক বাক্য তৈরী

করুন আর তার সংক্ষিপ্ত উত্তর দিন। উদাহরণ, He has some money. How much money has he? A lot.

(a) There's some milk. (b) There are some people outside. (c) You like some sugar in your coffee. (d) Your friend has some books. (e) We have some time.

অনুশীলন—৪

এই বাক্যগুলি ইংরেজীতে কিভাবে বলবেন : (a) আমার জন্যে কিছু লজেন্স আনবেন। — কটা লজেন্স আপনি চান? —সামান্য কয়েকটী। (b) আপনাব বাগানে বেশী ফুল নেই, কিন্তু আমার বাগানে অনেক অনেক ফুল আছে। (c) ডাক্তার ইয়ং-এর বাড়ীতে ক'জন লোক আছেন? (d) আমি আপনাকে সাহায্য করতে চাই, কিন্তু আমার বিশেষ সময় নেই। (e) তাঁকে কিছু টাকা ধার দিন — সামান্য কয়েকটী পাউণ্ড। তাঁর বেশী টাকার প্রযোজন নেই। (f) আমি নিশ্চিত জানি আপনার ও Margaret-এর জন্যে যথেষ্ট ঝোল আছে। (g) দুপুরের খাবার খেতে আপনি খুব দেরী করেছেন। (h) তাঁরা একটু অধৈর্য্য হয়ে পড়েছেন। (i) আমাদের সামান্য ক'টী সিগারেট আছে — সিগারেটের বদলে একটু তামাক নিন। (j) সারাদিন ওখানে দাঁড়িয়ে থাকবেন না।

কথোপকথন

আমরা যে নিয়মগুলি আলোচনা করছিলাম সেই নিয়ম অবশ্য এই কথোপ-কথনে পরিস্ফুট হয়েছে। তাছাড়া কথোপকথনের প্রসঙ্গ হচ্ছে টাকা-পয়সা নিয়ে। জন ও হেলেন বেনেডিক্‌ট্‌ আলোচনা করছেন আসন্ন স্কটল্যাণ্ড ভ্রমণে তাঁদের কত টাকা প্রযোজন হবে।

কয়েকটী প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ বাক্য-বিন্যাস বিশেষভাবে লক্ষ্য করুন। "টাকা খরচের জন্যে" — To spend money. "আমরা খুব কম টাকাই খরচ করছি।" We are spending very little money. (এই ক্রিয়া সময় সম্পর্কেও ব্যবহৃত হতে পারে — "তিনি তাঁর ছুটি তাঁর বন্ধুদের সঙ্গে কাটাচ্ছেন।" — He is spending his holidays with his friends.

Cost (দাম লাগা) ক্রিয়া হচ্ছে অকার্য্যজ্ঞাপক ক্রিয়াপদ এবং বেশীর ভাগ ক্ষেত্রে সকল বর্ত্তমানকালে ব্যবহৃত হয়, ঘটমান বর্ত্তমান কালে ব্যবহৃত হয় না।

যথা "এই বইয়ের দাম দু'পাউণ্ড।" —This book costs two pounds.

The bank shuts at three — ব্যাঙ্ক তিনটের সময় বন্ধ হয়। We finish lunch at two — আমরা দুপুরের খাওয়া দুটোর সময় শেষ করি।

Get — এই বিশেষ প্রয়োজনীয় ক্রিয়াপদ ভাল করে লক্ষ্য করবেন। এ কথাটির কয়েকটি ভিন্ন অর্থ আছে। কিন্তু এখানে এশব্দের অর্থ হচ্ছে সংগ্রহ করা। "ব্যাঙ্ক থেকে কিছু টাকা (তুলতে) সংগ্রহ করতে চাই।" I want to get some money out of the bank.

হেলেন বলেন জনের ব্যাঙ্কে যাওয়া উচিত after lunch—দুপুরের খাওয়ার পরে। Then there aren't many people in the street. Then কথাটি লক্ষ্য করুন। এখানে এর অর্থ হচ্ছে—"তখন"—অন্য এক সময়, এখন নয়। উত্তরটিও লক্ষ্য করুন: All right. এ বাক্য-বিন্যাস সম্মতি-সূচক অর্থে ব্যবহৃত হতে পারে, যেমন আমরা বাংলায় বলি, "আচ্ছা"। So এই সংযোজক শব্দটিও লক্ষ্য করবেন। এর অর্থ অনেকটা "সুতরাং"-এর মত। We are guests, so we aren't spending much.—"আমরা অতিথি, সুতরাং আমরা বেশী খরচ করছি না।

রেকর্ডের লিখিত ভাষ্য

John : I'm going to the bank ; I want to get some money out.

Helen : Have we much money in England ?

John : I'm sure we have enough. But a journey to Scotland costs a lot of money.

Helen : We don't need that yet.

John : No, but I want to get a little out now. A few pounds for Elsa, perhaps.

Helen : We aren't spending very much, are we ?

John : No ; we're Dr. Young's guests, so we're spending very little. Do you want to come with me to the bank ?

Helen : I don't think I do. There are a lot of people in the street. Why are you going this morning ? Why don't you go after lunch ? Then there aren't many people in the street.

John : The bank shuts at three.
Helen : Yes, but we finish lunch at two. You have plenty of time.
John : All right ; come with me after lunch.
Helen : All right. What are you doing now ?
John : I'm just writing a cheque.
Helen : Have you enough cheques ?
John : On yes , this is a new cheque-book, and it has plenty of cheques in it ; twenty-four, I think,
Helen : Enough for *this* holiday !

ইংরেজী টাকা-পয়সা

£1 : one pound. 1s or 1/- : one shilling. 1d : one penny.
Twelve pence make a shilling. Twenty shillings make a pound.
£7/15/2d : seven pounds, fifteen shillings and twopence ('tʌpns)

পাঠ—১৯

শব্দ-সংগ্রহ

about—প্রায়
beer—বিয়ার মদ
boil—ফোটান
boiler—বয়লার, যাতে ক'রে ফোটায়
bottle—বোতল
burn—পোড়ান
breakfast—প্রাতঃরাশ
coal—কয়লা
coke—এক ধরনের পোড়া কয়লা
cup—কাপ, পেয়ালা
drink—পান করা
drop—ফোঁটা
envelope—খাম
fire—আগুন,ঘর গরম করার জন্য চুল্লি
gallon—গ্যালন
group—গোষ্ঠী, দল
handful—মুঠো
heap—গাদা, স্তূপ
hold—ধরা
jug—জ্যাগ, এক ধরনের পাত্র
month—মাস
office—অফিস
petrol—পেট্রল, তেল
piece—খণ্ড

pile—গাদা
pint—পাঁইট
pocketful—পকেট-ভর্ত্তি
postcard—পোষ্টকার্ড
potato—আলু
pound—পাউণ্ড(ওজন প্রায় আধসের)
sack—বস্তা
sand—বালি
spoonful—চামচ-ভর্ত্তি
stone—কাঁকর, ছোট পাথরের টুকরা
tank—ট্যাঙ্ক
ton—টন (২৭৷৷০ মন)
tree—গাছ
use—ব্যবহার করা
year—বছর

নির্দ্দিষ্ট পরিমাণ

আপনি শিখেছেন কি ক'রে বলতে হয়, "অনেকখানি", "একটু", প্রভৃতি। এখন আপনি পরিমাণ সম্বন্ধে আরো নিশ্চিতভাবে বলতে শিখবেন। যে সংখ্যা গণনা আপনি শিখেছেন, এ পাঠের জন্যে তার প্রয়োজন হবে। এ ছাড়া আরো কয়েকটী বিশেষ বাক্য-বিন্যাসের প্রয়োজন হবে। এগুলি নিয়েই আমরা এখন আলোচনা করব।

প্রথমতঃ স্মরণ রাখবেন যে of, এই অব্যয় পদটি এ সম্পর্কে খুব বেশী ব্যবহৃত হয়। A lot of people ; plenty of time যদি ঠিক মত শোনেন, তাহ'লে দেখবেন যে এটী উচ্চারণ করা হয় (əv) ভাবে, মৃদু স্বরবর্ণের আওয়াজের সঙ্গে শেষের দিকে, (f) আওয়াজের পরিবর্ত্তে থাকে (v) আওয়াজ।

অনেক পদার্থ নানা অংশে বিভক্ত করা যায়। যেমন, "এক টুকরা পাঁউরুটী", "এক টুকরা কাঠ"। ইংরেজীতে শব্দটি হল, piece. যদিও ইংরেজীতে রুটি গোণা যায় না, তবে আমরা রুটীর টুকরা গুনতে পারি। যেমন—A piece of bread, two pieces of meat, three pieces of cheese, four pieces of wood, five pieces of music ইত্যাদি।

কিন্তু piece কথাটি তরল পদার্থ সম্বন্ধে ব্যবহার করা যায় না। সুতরাং যখন আপনি তরল পদার্থ সম্বন্ধে কথা বলবেন, তখন আপনার পরিমাণ-জ্ঞাপক অন্য সঙ্কেতের প্রয়োজন হবে। যেমন, A drop of water—এক ফোঁটা জল। A cup of coffee—এক কাপ (পেয়ালা) কফি। A

glass of sherry—এক গেলাস 'শেরী' মদ। A bottle of beer—এক বোতল বিয়ার। A jug of milk—এক পাত্র দুধ।

লক্ষ্য করেছেন বোধ হয় যে বেশীর ভাগ কথাই আধারের নাম থেকে এসেছে। এখানে আরো কয়েকটি এই রকম উদাহরণ দেওয়া হ'ল তবে এগুলি কঠিন পদার্থ সম্পর্কে :

A box of sweets—এক বাক্স লজেন্স।

A packet of cigarettes—এক প্যাকেট সিগারেট।

A bag of oranges—এক ঠোঙা কমলা লেবু।

(Bag কথাটির অর্থ—যে কোন রকম 'থলে' জাতীয় আধার, উদাহরণ স্বরূপ মেয়েদের হাত-ব্যাগ—a hand bag ; কিংবা ফল রাখার জন্যে কাগজের ঠোঙা—a paper bag. মোটা কাপড়ের (চটের) বড় বস্তা যা সাধারণতঃ কয়লা কিংবা আলু নিয়ে যাবার জন্যে ব্যবহৃত হয় তাকে ইংরেজীতে Sack বলে)।

A sack of coal—এক বস্তা কয়লা

A sack of potatoes—এক বস্তা আলু

এ ছাড়া আরো কয়েকটি বিশেষ্য আছে যা দিয়ে দেখান যায় কি পরিমাণ সামগ্রী কিভাবে গোষ্ঠীবদ্ধ করা হয়েছে :

A heap of sand or stones —এক স্তূপ বালি বা কাঁকর।

A pile of books—এক গাদা বই।

A group of people or trees —এক দল লোক কিংবা গাছের সমষ্টি।

A spoonful of sugar—এক চামচ চিনি।

A pocketful of money—পকেট-ভর্তি টাকা।

A handful of sweets—এক মুঠি লজেন্স।

A group of people are waiting in the garden.

A spoonful of sugar.

কয়েকটী সরকারী মাপ

A pound of potatoes—আধ সেরের কিছু কম আলু।

A ton of coal—সাড়ে সাতাশ মণ কয়লা। (২২৪০ পাউণ্ড ওজন)

A pint of milk—এক পাঁইট দুধ (আধ লিটারের কিছু বেশী দুধ)।

A gallon of petrol—এক গ্যালন তেল (এক গ্যালন—আট পাঁইট)

অনুশীলন—১

এই প্রশ্নগুলির উত্তর দিতে হ'লে, ১০৫ পৃষ্ঠায় "ইংরেজী টাকা-পয়সা" অংশটী আবার দেখার প্রয়োজন হবে। cost এই ক্রিয়াপদ ব্যবহার ক'রে ইংরেজীতে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন। (a) যদি এক pint বিয়ারের দাম a shilling হয়, তাহ'লে এক গ্যালন বিয়ারের দাম কত হবে? (b) যদি এক Pint দুধের দাম six pence হয়, তাহ'লে three gallons দুধের দাম কত হবে? (c) যদি 112 pounds কয়লার দাম five shillings হয়, তাহ'লে এক ton কয়লার দাম কত? (d) যদি এক Pound লজেন্স-এর দাম two shillings হয়, তাহ'লে eight pounds লজেন্স-এর দাম কত হবে?

A gallon of petrol.

অনুশীলন—২

ইংরেজীতে এই বাক্যগুলি কি ভাবে বলবেন: (a) আপনি কি এক

গেলাস জল চান ? (b) রান্না-ঘরে এক পাত্র দুধ আছে। (c) ' কিন্তু পাত্রে বেশী দুধ নেই। (d) আমার জন্যে এক বোতল বিয়ার আনুন। (e) বালির স্তূপের উপর তিনি বসে আছেন। (b) বাগানে ছোট এক দল লোক অপেক্ষা করছেন। (g) আপনার টাকা আপনার হাত ব্যাগে আছে। (h) কফিতে আমি দু'চামচ চিনি খাই। (i) ছেলেটিকে এক মুঠো লজেন্স দিন। (j) পাঠের জন্যে তিনি সব সময় পকেট বোঝাই পেনসিল আনেন।

এগুলি কি ভাবে বলবেন (কাছাকাছি পরিমাপ হ'লেই চলবে) (k) আমার গাড়ীর জন্যে আঠার "লিটার" তেল প্রয়োজন। (l) আমাকে আধ লিটার বিয়ার দিন। (m) আমাদের প্রায় এক সের পনীর আছে।

কথোপকথন

এটা ঠিক কথোপকথন নয়, শুধু প্রশ্ন-উত্তরমালা। হেলেন বেনেডিক্‌ট্‌ ডরথী ইয়ংকে তাঁর গৃহস্থালি সম্পর্কে কয়েকটী প্রশ্ন জিজ্ঞাসা করছেন—বিশেষ করে কি পরিমাণ সামগ্রী ব্যবহৃত হচ্ছে সে সম্পর্কে।

প্রথম লক্ষ্য দিন কয়েকটী ক্রিয়াপদের দিকে। use, অর্থ হচ্ছে "ব্যবহার"। Hold—ধারণ করা অর্থে ব্যবহৃত হয়েছে যদিও এটীর মূলগত অর্থ হচ্ছে ধরে থাকা, যেমন, "তিনি তাঁর (স্ত্রীলোক) হাত ধরে আছেন।"

Burn—"পোড়া"—তিনটী উপায়ে ব্যবহৃত হয়। The fire burns coal—আগুনের (উনান অর্থে বা ঘর গরম করার জন্যে চুল্লির) জন্যে কয়লা লাগে।

The coal is burning—কয়লা পুড়ছে।

We burn coal in the fire—আমরা আগুনের জন্যে কয়লা জ্বালি।

ইয়ংদের বসবার ঘরে একটা খোলা চুল্লি আছে—an open fire—কিন্তু তাঁদের রান্না-ঘরে বড় ষ্টোভের মত যন্ত্র আছে। এটাকে boiler বলা হয়—কারণ এটা জল (boils) গরম করে। এটাতে তাঁরা কয়লা পোড়ান না, পোড়ান coke—এক ধরনের পোড়া কয়লা।

লক্ষ্য করবেন যে drink কথাটি বিশেষ্য ও ক্রিয়া উভয় রূপেই ব্যবহৃত হয় : "এক পাত্র পানীয়" এবং "পান করা।"

রেকর্ডের লিখিত ভাষ্য

Helen : You have an open fire in the sitting-room. Does it burn much coal ?

Dorothy : Yes, rather a lot. It burns five tons of coal every year.

Helen : And do you burn coal in the kitchen boiler ?

Dorothy : No, we use coke in that. It burns about six tons of coke in a year. That is, we use ten sacks of coke every month.

Helen : Dr. Young's car is rather big. How much petrol does the tank hold ?

Dorothy : I think it holds twelve gallons of petrol.

Helen : How much does a gallon of petrol cost ?

Dorothy : It costs about four shillings.

Helen : Does your son drink plenty of milk ?

Dorothy : Yes, he drinks a pint of milk every day.

Helen : What does he have for his breakfast ?

Dorothy : Just a piece of bread and butter, and a cup of tea.

Helen : That isn't enough for a young man.

Dorothy : Well no, perhaps it isn't. But he doesn't like very much breakfast.

Helen : Do you take sugar in your tea ?

Dorothy : Yes, two spoonfuls, please.

অভ্যাসের জন্যে বাক্য

পাঠ—১৮ এবং ১৯

How many letters have you ?...I have two hundred and fifty letters...You have a lot of letters...Yes, I have...How much paper have we in the office ?...We have a lot of paper, but we haven't many envelopes...We need a little ink and a few postcards...No, I think we have enough postcards, and there's plenty of ink...A piece of paper and a bottle of ink...A box of envelopes and a packet of postcards ...A pile of letters...handful of pencils...

পাঠ—২০

শব্দ-সংগ্রহ

beginning—আরম্ভ
bottom—তলা
busy—ব্যস্ত
feel—বোধ করা
front—সামনেটা
half—অর্দ্ধেক
hospital—হাসপাতাল
hour—ঘণ্টা
middle—মাঝখান
most—বেশীর ভাগ
part—অংশ
patient—রুগী
poor—দরিদ্র
quarter—চতুর্থাংশ, চার ভাগের এক ভাগ
rest—বিশ্রাম করা
rich—ধনী
shed—চালাঘর
too—অত্যধিক্‌ভাবে বেশী
top—উপরটা, উপর ভাগ

সমগ্রের অংশ

কোন কিছুর **অংশ** সম্বন্ধে বলার প্রয়োজন আমাদের প্রায়ই হয়। আমরা ইতিপুর্ব্বেকার এক কথোপকথনে এই রকম এক বাক্য-বিন্যাসের উদাহরণ পেয়েছি। সেটী হ'ল—the other end of the shop—দোকানের অপর দিক। লক্ষ্য করবেন যে অব্যয় পদ of কথাটী ব্যবহৃত হয়েছে।

অগণনীয় বিশেষ্যের সঙ্গে আমরা প্রায়ই part—"অংশ" কথাটি ব্যবহার করে থাকি, যেমন এই বাক্যে করা হয়েছে: I have part of my money in my pocket. (লক্ষ্য করবেন যে কোন পদবাচক পদের প্রয়োজন হয়নি) some কথাটিও এই রকমে ব্যবহৃত হতে পারে; তাছাড়া এটী গণনীয় বিশেষ্যের বহুবচনেও ব্যবহৃত হয়।

Some of my money. Some of my friends.

He brings some of his friends to dinner.

আরো লক্ষ্য করুন most কথাটি—এর অর্থ হ'ল বেশীর ভাগ বা অধিকাংশ। উদাহরণ, "তার বেশীর ভাগ বন্ধু পুরুষ।" এখানেও কোন পদবাচক পদের প্রয়োজন হয় না আর ঐ একই বাক্য-বিন্যাস, গণনীয় বিশেষ্যের বহুবচনেও ব্যবহৃত হয়।

Most of his friends are men. I have most of my money here. We use most of the coal in the open fire.

All ও half কথা দুটী এই রকমেই ব্যবহৃত হয়, তবে সাধারণতঃ আমরা of অব্যয় পদ বাদ দিই। "তাঁর সকল বন্ধুই পুরুষ"; "আমার অর্দ্ধেক টাকা এখানে"।

All his friends are men. I have half my money here.

কিন্তু যদি আমরা বিশেষ্যের পরিবর্ত্তে সর্ব্বনাম ব্যবহার করি তাহ'লে of অব্যয় পদের প্রয়োজন হয়:

All of them are men. I have half of it here.

Half এই ভগ্নাংশ ছাড়াও, আপনাকে শিখতে হবে a quarter (চতুর্থাংশ)। লক্ষ্য করুন যে এ-ক্ষেত্রে আমাদের পদবাচক পদ a ও অব্যয় পদ of ব্যবহার **করতেই** হবে।

A quarter of our garden. আমাদের বাগানের এক চতুর্থাংশ। যদি আমরা গণনীয় বিশেষ্যের সম্বন্ধে কথা বলি তাহ'লে আমরা এই রকমে of-এর সঙ্গে সংখ্যা ব্যবহার করতে পারি। উদাহরণ, "আমার ছাত্রদের মধ্যে দশজন," "আমাদের মধ্যে তেরজন।"।

Ten of my students, Thirteen of us.

তালিকা—৩০নং

1	2	3
some part most a quarter one two three ইত্যাদি	of	these people my friends the time the books that beer our houses ইত্যাদি
all half		

1	2	3
some part most a quarter one two three ইত্যাদি all half	of	us you them it that this those

অনুশীলন—১

তালিকাটী অধ্যয়নের পর, বহু সংখ্যায় সম্ভাব্য বাক্যগুলি তৈরী ক'রে পড়ুন। (তিন নম্বর ঘরের বিশেষ্যের সঙ্গে আপনি অবশ্য আরো নতুন কথা যোগ করতে পারেন) অর্থহীন বাক্যগুলি এড়িয়ে যেতে হবে। যেমন, **two of the time**—একবচনের বিশেষ্যের সঙ্গে বহুবচনের সংখ্যার ব্যবহারের মতন।

অনুশীলন—২

ইংরেজীতে এই বাক্যগুলি কি ভাবে বলবেন : (a) প্রতি বছর আমরা পাঁচ টন কয়লা কিনি আর বেশীর ভাগ আমরা খোলা আগুনের জন্যে ব্যবহার করি। (b) বাগানের অর্দ্ধেক আমার বাবার আর অর্দ্ধেক আমার। (c) এই সব বই-এর মধ্যে কতকগুলির বেশ দাম। (d) এ হোটেলে বেশীর ভাগ লোক ইংরেজ। (e) লজেন্স-এর এক চতুর্থাংশ আপনার জন্যে। (b) আপনার একটুও দুধ নেই। আমার থেকে একটু নিন। সবটা নেবেন না।

সামগ্রীর অংশ সম্পর্কে আরো কয়েকটী বাক্যাংশ

কোন কিছুর অংশ হিসাবে ব্যবহৃত কয়েকটী বাক্য-বিন্যাস এখানে দেওয়া হ'ল।

At the beginning of the meeting—সভার আরম্ভে।

At the end of the lesson—পাঠের শেষে।

In the middle of the afternoon—দুপুরের মাঝখানে।

At the other end of the shop—দোকানের অপর দিকে

(বিপরীত—at this end)

At the front of the house—বাড়ীর সামনে।

(বিপরীত—at the back (of))

At the side of the house—বাড়ীর পাশে।

On this side of London—লণ্ডনের এ ধারে।

At the top of the stairs—সিঁড়ির সবচেয়ে উপরের ধাপে।

At the bottom of the cupboard—আলমারির সবচেয়ে নিচের তাকে।

On the top of your head—আপনার মাথার উপরে।

At the bottom of the picture—ছবির তলায়।

অনুশীলন—৩

এই বাক্যগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন : (a) সিঁড়ির নিচেই হচ্ছে রান্না-ঘর। (b) প্যারিসের অপর দিকে তাঁদের বাড়ী। (c) বাক্সটী রান্না-ঘরের আলমারির উপরের তাকে। (d) সিঁড়ির সবচেয়ে উপরের ধাপে আমার একটী ছোট ঘর আছে। (e) তিনি সব সময় সিনেমাতে প্রথম দিকে বসেন। (f) বাগানের কিছু অংশ বাড়ীর পাশের দিকে। (g) সকালে মাঝের দিকে আমরা সাধারণতঃ এক কাপ চা খাই। (h) সপ্তাহের শেষে তাঁরা বাড়ী ফিরে যাচ্ছেন। (i) গাড়ীর পিছন দিকে কাপড় জামাগুলি রাখুন। (j) দিনের বেশীর ভাগ সময় তিনি বাগানে কাটান।

কথোপকথন

এবার কথোপকথনে বেশ কয়েকটী বাক্য-বিন্যাসের নমুনা দেখান হয়েছে। এ ছাড়া half কথা দিয়ে ব্যবহৃত, আরো প্রয়োজনীয় বাক্য-বিন্যাস ব্যবহার করা হয়েছে : half an hour—আধ ঘণ্টা।

ডাক্তার ইয়ং তাঁর কাজ সম্বন্ধে কিছু কথা জন বেনেডিক্টকে বলছেন। অন্য বিষয় ছাড়াও, তিনি বলছেন যে দুপুরের খাবার পর তিনি আধ ঘণ্টার জন্যে বিশ্রাম করেন। লক্ষ্য করবেন, for half an hour—বাক্য-বিন্যাসে for ("জন্যে") কথাটির ব্যবহার। বাড়ীতে too much noise—"বড্ড বেশী গোলমাল"। সেজন্যে তাঁর একটী shed আছে, সেখানে তিনি বিশ্রাম করেন। "চালা"-র এটাই সাধারণ ইংরেজী, কিন্তু এ ক্ষেত্রে এ কথার অর্থ গ্রীষ্মকালীন বাগান-বাড়ীর মত কিছু বোঝাতে পারে। বাগান ঘরটী at the bottom of the garden, অর্থাৎ বাড়ী থেকে বাগানের যে অংশ সবচেয়ে দূরে সেখানে। তিনি—very busy—"অত্যন্ত ব্যস্ত" এবং সপ্তাহের শেষে ক্লান্ত বোধ করেন—feels tired.

লক্ষ্য রাখবেন যে mean ক্রিয়াপদের অন্ততঃ দুটী ভিন্ন ব্যবহার আছে। প্রথম this word means অমুক—"এই শব্দের অর্থ অমুক।" দ্বিতীয় ব্যবহার এই উদাহরণে : His name is Jim—I mean John. "তাঁর নাম জিম্—না না (আমি বলতে চাই) জন।" কথোপকথনে ও উদাহরণে পাবেন—I mean at the other end of the garden,

রেকর্ডের লিখিত ভাষ্য

John : Is this Patrick's room ?

Tom : No ; his room is at the top of the house. This is my part of the house. I use three of the rooms at the front of the house for my work. My wife's rooms are at the back.

My room is at the front of the house.

John : Do you do all your work here ?

Tom : No, I do part of it here, and part of it at the hospital. Some of my patients are rich, and some of them are poor. Perhaps most of them are poor. I usually work at the hospital all the morning, and then come home to lunch. After lunch I do a little work. But in the middle of the afternoon I rest for half an hour.

John : In the house ?

Tom : No, not here ; there is too much noise. No ; I have a small shed at the bottom of the garden.

John : At the bottom···?

Tom : (হেসে) Well, I mean at the other end of the garden !

John : Does most of your work come at the beginning of the week ?

Tom : No ; I am very busy all the time. At the end of the week I feel rather tired.

John : I'm sure you do !

পাঠ—২১

শব্দ-সংগ্রহ

again—আবার
alarm-clock—সঙ্কেত-জ্ঞাপক ঘড়ি
a.m.—সকালবেলা (বেলা ১২টার আগে)
another—আরো একটি
clock—ঘড়ি
curtain—পর্দা
early—সকাল সকাল
egg—ডিম
exactly—ঠিকমত
face—মুখ (ঘড়ির সম্পর্কে সময় ও কাঁটা সমেত পাত)
fast—দ্রুত ভাবে
get up—উঠা
go to sleep—ঘুমোতে যাওয়া
later—পরে
minute—মিনিট
nearly—প্রায়
night—রাত
o'clock—ঘড়িতে বাজে
open—খোলা
past—অতীত, বেজে
p.m.—বিকাল বা সন্ধ্যাবেলা (বেলা ১২টার পর থেকে)
push—ঠেলা
sleep—ঘুমোন
slow—মন্থর
turn off—বন্ধ করা
unkind—অদয়ালু, নিষ্ঠুর
wake up—উঠা, ঘুম ভাঙ্গা
yesterday—গতকাল

সময় বলা

ক'টা বাজে তা বলার জন্যে ইংরেজী বাক্য-বিন্যাসগুলি ঠিক বাংলার মত নয়। প্রথমতঃ ক'টা বেজেছে তা জিজ্ঞাসা করার নানা উপায় আছে। যথা : What's the time ? What time is it ? Have you the time ? Can you tell me the time, please ?

যদি এর প্রথমটা শেখেন—What's the time তাহ'লেই বেশীর ভাগ ক্ষেত্রে যথেষ্ট হবে।

সময় বলতে গেলে আপনি দেখেন clock বা watch-এর দিকে। বড় ঘড়ি বা হাত-ঘড়ির উপর twelve hours (বার ঘণ্টা) এবং sixty minutes (ষাট মিনিট) লেখা থাকে।

There are twenty-four hours in a day. There are sixty minutes in an hour.

উদাহরণ স্বরূপ, ছ'টা বেজেছে বলতে গেলে, 'o'clock' বাক্য-বিন্যাসটি ব্যবহার করতে হবে। 'o'clock' হচ্ছে 'of the clock'-এর (ঘড়িতে বা ঘড়ির) সংক্ষিপ্ত আকার। এই রকমে,

It is six o'clock.

কিন্তু এটা হচ্ছে পুরো ঘণ্টার সময় বলার জন্যে। 'o'clock' বাক্য-বিন্যাসটি বাদ দিতে হবে, যদি বলতে চাই সাড়ে সাতটা বেজেছে।

It is half past seven.

'সওয়া আটটা' এবং 'পৌনে নটা' ইংরেজীতে বলা হয় এই ভাবে: A quarter past eight. A quarter to nine. কৌশলটা লক্ষ্য করুন: A quarter *past*, a quarter *to*.

ঘণ্টার অর্দ্ধেক বা এক চতুর্থ অংশের বদলে যদি কয়েক মিনিট থাকে, তাহ'লে এই ভাবে তা প্রকাশ করতে হবে:

It is eight minutes past **ten**. It is twenty three minutes to eleven.

যদি মিনিটের সংখ্যা, পাঁচ, দশ, কুড়ি, কিংবা পঁচিশ হয়, তাহ'লে আমরা minutes কথাটি বাদ দিতে পারি। সেক্ষেত্রে শুধু বলব: It's twenty five past twelve. It's ten to one.

(ভুলে যাবেন না যে, যদি মিনিটের সংখ্যাটি পাঁচের গুণনীয়ক না হয় অর্থাৎ মিনিটের সংখ্যাটিকে পাঁচ দিয়ে ভাগ করলে যদি কোন ভাগশেষ থাকে, তাহ'লে আমাদের minutes কথাটি ব্যবহার করতেই হবে।)

সময় সম্বন্ধে আরো কয়েকটি বাক্য-বিন্যাস

আমরা ইংলণ্ডে সাধারণতঃ চব্বিশ ঘণ্টার রীতি অনুযায়ী দিন গণনা করি না, অন্ততঃ নিত্য-নৈমিত্তিক ব্যাপারে। মাঝ রাত্রি থেকে দুপুরবেলার সময়টিকে আমরা বলি—in the morning (সকালে)। বেলা বারটা থেকে বিকেল পাঁচটার মধ্যে সময়টাকে আমরা বলি —in the afternoon (দুপুর ও বিকেলবেলা—অপরাহ্ন)। বিকেল পাঁচটা থেকে রাত্রি দশটা পর্য্যন্ত সময়টিকে আমরা বলি in the evening (সন্ধ্যেবেলা)। রাত্রি

দশটা থেকে মাঝ রাত্রি (রাত বারটা) পর্য্যন্ত সময়টিকে বলি—at night (রাত্রি বেলা)।

It's nine o'clock in the morning. It's four o'clock in the afternoon. It's seven o'clock in the evening. It's half-past ten at eight.

আবার সময়টা **ঠিক** কোন এক বিশেষ সময় হতে পারে। যেমন ধরুন ঠিক আটটা বেজে পাঁচ মিনিট :

It's exactly five past eight.

আবার সময়টা **প্রায়** কোন বিশেষ সময় হতে পারে, অর্থাৎ ঠিক একটু আগেকার সময় : It's nearly ten past eight.

আবার এও হতে পারে যে আমরা নিশ্চিত ভাবে সময়টা জানি না, তখন আমরা about (আন্দাজ বা প্রায় কাছাকাছি) কথাটি ব্যবহার করি :

It's about a quarter past eight.

এখানে দু'একটি প্রয়োজনীয় বাক্য-বিন্যাস দেওয়া হ'ল। এগুলি ব্যবহার করতে শেখা উচিত :

My watch *says* five to seven—আমার ঘড়িতে সাতটা বাজতে পাঁচ মিনিট।

Your clock is *slow*—আপনার ঘড়ি **ধীরে ধীরে পেছিয়ে** চলেছে।

My watch is *fast*—আমার হাত-ঘড়ি **তাড়াতাড়ি এগিয়ে** চলেছে।

The kitchen clock is *right*—রান্নাঘরের ঘড়ি **ঠিক সময়** দিচ্ছে।

সময় বলার আরো একটী প্রথা

রেলের সময়-তালিকা প্রভৃতিতে অন্য এক প্রথায় সময় নির্দ্দেশ করা হয়। আমরা শুধু ঘন্টার নম্বর দিই তারপর দিই মিনিটের নম্বর। নিচে দেখান হ'ল :

3.15 হচ্ছে A quarter past three (সওয়া তিনটে)।

3.45 হচ্ছে A quarter to four (পৌনে চারটে)।

8.20 হচ্ছে Twenty past eight (আটটা বেজে কুড়ি মিনিট)।

এভাবে যখন সময় বলি তখন আমরা যথাক্রমে বলি—three-fifteen, three-forty-five, ও eight-twenty.

সময় বলায় চব্বিশ ঘণ্টার প্রথা সাধারণতঃ এখানে ব্যবহার করা হয় না ব'লে, আমরা দুপুরের আগের সময়টিকে (বেলা বারটার আগে) a. m. ও দুপুরের পরের সময়টিকে p. m. এই অক্ষর দিয়ে তফাৎ ক'রে দিই। 'antemeridian' (অর্থাৎ মধ্যাহ্নের আগে) এই ল্যাটিন কথার অক্ষর সঙ্কেত হ'ল a. m. আর p. m. হ'ল 'post meridian' (অর্থাৎ মধ্যাহ্নের পরে) কথার অক্ষর সঙ্কেত। (Afternoon কথাটি লক্ষ্য করবেন, noon কথাটি মধ্যাহ্নের মত।) সুতরাং '7 a. m.'—এই বাক্য-বিন্যাসের অর্থ হ'ল, Seven o'clock in the morning (সকাল সাতটা) আর '9-15 p. m.'-এর অর্থ হ'ল, a quarter past nine in the evening (রাত সওয়া নটা)।

অনুশীলন—১

নিচের তালিকায় দেওয়া সময়গুলি উচ্চ-স্বরে পড়ুন, বলার সময় প্রত্যেক বার বলুন, It is—

4. 30 a. m.	7. 35 p. m.	12. 50 p. m.
2. 15 p. m.	1. 05 a. m.	11. 17 a. m.
6. 23 p. m.	9. 49 a. m.	11. 42 p. m.
7. 10 a. m.		

অনুশীলন—২

উপরের সময়গুলি প্রতিদিনের সাধারণ পন্থামত পড়ুন, যেমন 9. 15 পড়বেন 'A quarter past nine.' এবং এর সঙ্গে in the morning, in the afternoon, in the evening কিংবা at night যোগ দিয়ে বলবেন।

অনুশীলন -৩

এখানে এক ইংরেজী 'বাসের সময়' তালিকার এক অংশ দেওয়া হ'ল :

Leaves Brimstead·········11.20 a.m.
Arrives Downchurch···11.45 a.m.
Leaves Downchurch.....11.47 a.m.
Arrives Fenton············12.03 p.m.

এই তালিকা মত, আপনাদের অঞ্চলের একটা 'বাসের' জন্যে ছ'টা জায়গায় থামা ও ছাড়ার সময় দিয়ে আপনি এক সময়-তালিকা তৈরী করুন।

অনুশীলন—৪

নিজে নিজে অভ্যাস করার জন্যে মাঝে মাঝে আপনার হাত-ঘড়ি বা বড় ঘড়িতে সময় দেখে ইংরেজীতে বলুন—'Now it is exactly five past ten' বা যে সময় ঘড়িতে দেখাচ্ছে তাই বলুন। সময়-তালিকার পন্থা মতও সঙ্গে সঙ্গে আরো বলুন—ten five a.m.

কথোপকথন

এ কথোপকথনে সময় সম্বন্ধে কয়েকটা বিবৃতি আছে। হেলেন বেনেডিক্‌ট্‌ এইমাত্র জন বেনেডিক্‌ট্‌কে তাঁর সুন্দর ঘুম ভাঙ্গিয়ে জাগিয়েছেন আর বলেছেন যে এখন বিছানা ছাডার সময় হয়েছে। অসমাপিকা ক্রিয়ার ব্যবহার এখানে লক্ষ্য করুন: It is time to get up; আরো লক্ষ্য করুন এই রকম বাক্য-বিন্যাসে কেমন ভাবে সম্বন্ধ পদ for ও একটা সর্ব্বনাম, অসমাপিকা ক্রিয়ার কর্ত্তা রূপে ব্যবহৃত হয়েছে, আর সে কর্ত্তার কর্ত্তব্য হচ্ছে বিছানা ছাড়া; It is time *for You* to get up. আবার, early (সকাল সকাল) এই বিশেষণটা, to get up (উঠে পড়া) এই একই অসমাপিকা ক্রিয়ার সঙ্গে এই বাক্যে ব্যবহৃত হয়েছে,

"Seven o'clock is to early to get up".

"সাতটায় ওঠা খুব সকাল সকাল হবে।"

Wake up (জাগা) হচ্ছে go to sleep (ঘুমোতে যাওয়া)-র বিপরীত; again (আবার)। জন বলছেন 'পৌনে সাতটা বেজেছে' কিন্তু হেলেন বলছেন—'নিশ্চয় আরো দেরী হয়েছে'. I'm sure it's later (later কথাটি হচ্ছে late কথার 'তর' প্রত্যয়ের রূপ)।

তিনি জনকে বলেন যে তাঁর হাত-ঘড়ি অন্ততঃ দশ মিনিট পিছিয়ে চলেছে, at least ten minutes slow. জন বলেন, 'আমি আরো এক ঘণ্টা ঘুমোতে চাই', I want to sleep for another hour. 'Poof'-এই ভাবব্যঞ্জক উক্তি হচ্ছে অবজ্ঞার বা উপহাসের প্রকাশ।

সব শেষে turn off বাক্য-বিন্যাসটি লক্ষ্য করুন। (turn off বন্ধ করা,

কথাটি সাধারণতঃ বিদ্যুৎ সরবরাহ, বেতারের মত যন্ত্র, তাপ প্রদায়ক যন্ত্র, জলের কল, কিংবা গাড়ীর ইঞ্জিন সম্পর্কে ব্যবহৃত হয়)।

এখন বেনেডিক্‌টরা জেগে উঠছেন।

রেকর্ডের লিখিত ভাষ্য

John : (ঘুম থেকে জাগছেন) Why are you pushing me ?

Helen : What's the time, John ?

John : My watch says a quarter to seven.

Helen : Is that all ? I'm sure it's later. The alarm-clock says five to seven.

John : My watch is always right.

Helen : I'm sure it's at least ten minutes slow.

John : Go to sleep again. Helen.

Helen : No, it's time to get up.

Time to get up.

John : Time for you to get up, perhaps, but not for me··· Shut those curtains ! The sun is shining on my face.

Helen : That's why I'm opening them !

John : You *are* unkind. Don't you understand that I'm tired, after our late evening yesterday ?

Helen : Poof ! Why are you tired ? I'm not tired. (ঘড়ির সঙ্কেত-জ্ঞাপন)

John : Oh, turn that thing off !

Helen : (হাসি) Well, now it really *is* time to get up.

John : Seven o'clock is too early to get up ! I want to sleep for another hour.

Helen : Come on, John, wake up. Bacon and eggs for breakfasts !

John : Oh, yes—I like these English breakfasts.

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—২০ ও ২১

I have part of my money at home, and part of it in the bank···He brings some of his friends home to dinner······ Most of my friends are men, but a few of them are women ······Half this office is my father's and half of it is mine······ He spends half an hour at lunch······Our office is on this side of London ; yours is on the other side···· There are twenty-four hours in a day, and sixty minutes in an hour··· It is six o'clock in the morning...It's half past seven in the morning...It's a quarter to eleven at night...It's exactly three minutes past four in the afternoon···

পাঠ—২২

শব্দ-সংগ্রহ

away—দূরে
at once—এখনই
before—আগে
be going to—করছি (করবার ইচ্ছা করছি)
can—পারা
carefully—সতর্কতার সঙ্গে
date—তারিখ
driver—চালক
during—সময়ে, মধ্যে
eighth—অষ্টম
engine—ইঞ্জিন
fifth—পঞ্চম
first—প্রথম, প্রথমে
foot, feet—পা, একাধিক পা ; ফুট (মাপ) ফিট (একাধিক)
fourth—চতুর্থ
fortieth—চত্বারিংশত্তম
hear—শোনা
keep—রাখা
knob—হাতল, সুইচের মুণ্ডি (রেডিওর)
learn—শেখা
learner—শিক্ষার্থী
licence—লাইসেন্স, অনুমতিপত্র
move—নড়ান, ছেড়ে যাওয়া
nicely—বেশ, চমৎকার ভাবে

ninth—নবম

of course—নিশ্চয়

pedal – পা-দান

pull – টানা

run – চলা (ইঞ্জিন সম্পর্কে), দৌড়ান

seat—আসন

second – দ্বিতীয়

show—দেখান

soon—শীঘ্র

start—আরম্ভ করা, চলান, চলা

switch on—বাতি লাগান (সুইচ্)

switch off—বাতি নিভান (সুইচ্)

teach—শেখান

third—তৃতীয়

thirtieth – ত্রয়োদশ

try—চেষ্টা করা

twelfth—দ্বাদশ

twentieth--বিংশ

valid—বলবৎ

watch—লক্ষ্য রাখা

when—কখন, যখন

ইংরেজী মাসের নাম

January—জানুয়ারী

February—ফেব্রুয়ারী

March—মার্চ্চ

April—এপ্রিল

May—মে

June—জুন

July জুলাই

August – আগষ্ট

September – সেপ্টেম্বর

October—অক্টোবর

November—নভেম্বর

December – ডিসেম্বর

ভবিষ্যত কাল নির্দ্দেশের একটি উপায়

ভবিষ্যত সম্বন্ধে যে আমরা কথা বলছি তা দেখাবার জন্যে ইংরেজীতে কয়েকটি বিভিন্ন উপায় আছে। উদাহরণ স্বরূপ ধরুন, "আমি চিঠি লিখছি।" সম্ভবতঃ সবচেয়ে সোজা উপায় হ'ল going to—এই বাক্য-বিন্যাস ব্যবহার করা—অর্থাৎ going ক্রিয়াপদের পর অসমাপিকা ক্রিয়া রাখা।

I am going to write a letter.

যেখানে ইচ্ছার ভাব প্রকাশ করে সে সব ক্ষেত্রে শুধু এই বাক্য-বিন্যাস ব্যবহারই সর্ব্বাপেক্ষা ভাল। উদাহরণ স্বরূপ, এখানে একথা প্রায় একই অর্থে এই ভাবে বলা সম্ভব "আমি চিঠি লিখতে ইচ্ছা করি।" মোট কথা going শব্দটী চলাচলের ভাব প্রকাশ অর্থে ব্যবহৃত হয়নি, ব্যবহৃত হয়েছে শুধু মনোভাব প্রকাশের জন্যে। কাউকে জিজ্ঞাসা করা যায় কি তার মতলব :

What are you going to do? Are you going to open the box? (কি করতে চান? বাক্স খুলছেন নাকি?)

না-সূচক বাক্যেও এইরূপ: I'm not going to talk. (আমি কথা বলছি না)। তুলনা করুন:

He is writing a letter. (এখন)

He is going to write a letter—after lunch. (দুপুরের খাবার পর)।

সময় সম্পর্কে কথা বলার কয়েকটি উপায়

উপরোক্ত শেষের উদাহরণে, after lunch বাক্য-বিন্যাসটি করা হয়েছে ক্রিয়ার সময় নিরূপণের জন্যে। এ রকম বাক্য-বিন্যাসের একটী সাধারণ নাম দিতে পারলে, ভবিষ্যতে আমাদের সুবিধা হবে। ধরুন, এ রকম বাক্য-বিন্যাসগুলিকে 'সময় নিরূপক' বলা যাক।

কতকগুলি সময় নিরূপকের, একটী অব্যয় পদের সঙ্গে অন্য কথা যুক্ত থাকে। যেমন, after lunch, after the lesson, after a late night. অন্য আর একটী অব্যয় পদ হচ্ছে before (আগে), উদাহরণ: before dinner, before the meeting. আরো একটী অব্যয় পদ হচ্ছে during (মধ্যে বা সময়ে): "তিনি সর্ব্বদাই সভার সময় ঘুমিয়ে পড়েন।" He always goes to sleep during the meeting.

যখন আমরা ঘড়ির সময়ের কথা উল্লেখ করি, তখন আমরা সাধারণতঃ at অব্যয়পদ ব্যবহার করি। যেমন, At three o'clock, at half past four. দিনের বিভিন্ন কাল উল্লেখে আমরা in বলি। যেমন, in the morning, in the afternoon, in the evening; কখন কখন in the night কখন বা at night. "তিনি রাত্রে খুব ভাল ভাবে ঘুমোন না।" She doesn't sleep very well at night.

যখন আমরা সপ্তাহে বারের কথা উল্লেখ করি, তখন আমরা অব্যয়পদ on ব্যবহার করি: "তিনি শনিবার আসছেন।" ইংরেজীতে হবে—He is coming on Saturday. সাধারণ ভাবে দিনের কথা উল্লেখেও এই নিয়ম। যেমন, "পয়লা মার্চ্চ আমরা যাচ্ছি।" We are leaving on the first of March. ("ক্রমবোধক সংখ্যা" অংশটি দেখুন)।

অন্য সময়-নিরূপকগুলির অব্যয়পদের প্রয়োজন হয় না। I am going to see him *soon* (শীঘ্র)। I want to begin *at once* (এখনি)। She talks *all the time* (তিনি সব সময় কথা বলেন)। এ ছাড়া আরো কয়েকটি কথা আপনি নিশ্চয় জানেন—now (এখন), to-day (আজ) এবং to-morrow (আগামী কাল)।

পরিশেষে আর এক ধরনের সময়-নিরূপকের কথা উল্লেখ করব। এ ধরনের সময়-নিরূপকগুলিতে খণ্ড বাক্যের প্রয়োজন থাকে। এখানে একটি উদাহণ দেওয়া হ'ল : "যখন তিনি তৈরী হবেন তখন তিনি আরম্ভ করবেন।" He is going to begin when he is ready. (when কথার পর ক্রিয়ার কাল লক্ষ্য করবেন)।

When he is ready এই কথাগুলি মিলে হচ্ছে খণ্ডবাক্য। লক্ষ্য করবেন যে খণ্ডবাক্যে একটি ক্রিয়াপদ থাকে। এ ক্ষেত্রে হচ্ছে is আর সংযোগকারী কথা হ'ল when. অন্য সংযোজক ক্রিয়ার বিশেষণ হ'ল after ও before. উদাহরণ : Open the garage door before you start the car—"গাড়ী চালাবার আগে গ্যারেজের দরজা খুলুন।" আরো একটা উদাহরণ : After he sees the doctor he is coming home—"ডাক্তারের সঙ্গে দেখা করার পর তিনি বাড়ীতে আসছেন।"

ক্রমবোধক সংখ্যা ও মাসের নাম

সাধারণ সংখ্যা আপনি আগেই শিখেছেন। (সাধারণ সংখ্যা হচ্ছে যেমন one, two, three). পরের পর কোন জিনিষ সাজাবার জন্যে যখন আমরা এই সাধারণ সংখ্যার অনুরূপ কোন সংখ্যা ব্যবহার করি তখন তাদের "ক্রম-বোধক সংখ্যা" বলা হয়। বাংলায় সেগুলি আমরা এই ভাবে বলি : প্রথম, দ্বিতীয়, তৃতীয় ইত্যাদি। ইংরেজীতে প্রথম পাঁচটী হচ্ছে : First, second, third, fourth, fifth. এর পরের গুলি খুবই সহজ, সাধারণ সংখ্যার সঙ্গে শুধু th যোগ করে দিন, তবে এই ক্রমবোধক সংখ্যাগুলির বানানে সামান্য পরিবর্ত্তন হবে : eighth, ninth, twelfth, twentieth, thirtieth, fourtieth ইত্যাদি।

সাধারণতঃ এই ক্রমবোধক সংখ্যাগুলির আগে The শব্দ ব্যবহার করা হয় : The first, the second, ইত্যাদি।

মাসের কোন দিনের কথা বলার সময় আমরা এই ক্রমবোধক সংখ্যা ব্যবহার করি। উদাহরণ: The first of March, the twenty-second of April.

(এ পাঠের শব্দ-সংগ্রহে আপনি মাসের নামগুলি পাবেন)

অনুশীলন—১

মাসের নামগুলি লিখুন। পনের সেকেণ্ডের মধ্যে যখন আপনি মাসের নামগুলি সঠিকভাবে বিনা দ্বিধায় বলতে পারবেন, তখন বুঝবেন আপনার শেখা ঠিক হয়েছে।

অনুশীলন—২

ইংরেজীতে একথাগুলি কেমন ভাবে বলবেন: (a) তিনি (স্ত্রীলোক) রেডিও বন্ধ ক'রে দিচ্ছেন। (b) কত টাকা আপনি খরচ করবেন? (c) তাঁরা ও চিঠিটা কখন লিখছেন? (d) আমি বেশীক্ষণ অপেক্ষা করছি না। (e) কে আমাকে তিন পাউণ্ড ধার দেবেন?

অনুশীলন—৩

ইংরেজীতে একথাগুলি কি ভাবে বলবেন:—(a) প্রথম সঙ্গীত। (b) ঐ রাস্তায় সপ্তম বাড়ী। (c) তৃতীয় বৃক্ষটি। (d) কাগজে অষ্টবিংশতি নামটি। (e) পনরই ফেব্রুয়ারী।

অনুশীলন—৪

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন: (a) আগামী মঙ্গলবার আমার সঙ্গে এসে দেখা করুন। (b) সাধারণতঃ আমরা সাড়ে সাতটায় উঠে পড়ি। (c) যখন কোন খবর পাবেন, আমাকে টেলিফোন করবেন। (d) রাতের খাবার খেতে আরম্ভ করার আগে তিনি তাঁর জামা বুরুশ করবেন। (e) আমার মনে হয়, তিনি (স্ত্রীলোক অর্থে) বেশ শীঘ্রই আসছেন। (f) দুপুর বেলা কি আপনি এখানে থাকবেন? (g) এখন পিয়ানো বাজাবার আর সময় নেই। (h) ষ্টেশনে যাবার সময় হয়েছে কি? (i) দয়া করে এখনই যান, আমার কাপড় জামা খুঁজুন। (j) সব সময় বৃষ্টি পড়ে কেন?

কথোপকথন

প্যাট্রিক ইয়ং তাঁর যুব অতিথি এলসা বেনেডিক্টকে মোটর গাড়ী চালনা শিক্ষা দেবার প্রশ্ন নিয়ে তাঁর সঙ্গে আলোচনা করছেন। Going to—বক্তার ইচ্ছা প্রকাশের বাক্য-বিন্যাসের বেশ কয়েকটি উদাহরণ এখানে পাবেন: going to teach, going to begin, going to show. সময়-নিরূপক উদাহরণগুলিও লক্ষ্য করবেন। বিশেষ ক'রে নতুন উদাহরণটি—next week (আগামী সপ্তাহ)।

অনেকগুলি ক্রিয়াপদের পরেই আসছে অসমাপিকা ক্রিয়াপদ: Teach me to drive অর্থ হচ্ছে "আমাকে গাড়ী চালান শেখান।" Learn to drive মানে "গাড়ী চালান শেখা।" বাক্য প্রসঙ্গে ভাব যদি পরিষ্কার বোঝা যায় তাহ'লে কখন কখন অসমাপিকা ক্রিয়াপদটি বাদ দেওয়া হয়। যখন প্যাট্রিক বলেন—I am going to show you first, before you try—তিনি তখন বলতে চাইছেন—I'm going to show you *how to drive* before you *try to drive*: আরো লক্ষ্য করুন যে can (পারা) কথাটির পরে অসমাপিকা ক্রিয়াপদ to ব্যতিরেকেই আসে। We can move away (আমরা চলে যেতে পারি)। আরো একটা কথা ready, এই বিশেষণের পরেই অসমাপিকা ক্রিয়াপদ আসে: you are ready to go. (আপনি যাবার জন্য তৈরী)।

ক্রিয়াপদ begin ব্যবহৃত হয় কাজের জন্যে, কিন্তু ক্রিয়াপদ start ব্যবহৃত হয় গতির জন্যে; যেমন, The engine starts (ইঞ্জিন চলতে আরম্ভ করছে) ক্রিয়াপদ switch-এর পরে সাধারণত: on কিংবা off ক্রিয়ার 'বিশেষণ থাকে। Switch on-এর অর্থ এখানে হ'ল "চালান" আর switch off-এর অর্থ হ'ল—"বন্ধ করা"।

যখন প্যাট্রিক জিজ্ঞাসা করে, Do you see? তখন তিনি একথাই বলতে চাইছেন—Do you understand. কিন্তু এলসা ইচ্ছা ক'রেই see-কথার অন্য অর্থ ধ'রে বলেন—I don't see, but I hear!

গাড়ী ও জাহাজকে সাধারণত: ইংরেজীতে she ব'লে উল্লেখ করা হয়। She is running very nicely. এ কথার অর্থ হল—"গাড়ীটা বেশ ভাল ভাবেই চলেছে।"

Keep ক্রিয়াপদটি লক্ষ্য করবেন। এ ক্রিয়াপদের অনেকগুলি অর্থ আছে। এ ক্ষেত্রে এ কথার অর্থ হ'ল—"রাখা"। যেমন, "আমি পেডালে বা পা-দানে পা রাখি"—I keep my foot on the pedal.

প্যাট্রিক জিজ্ঞাসা করে—Do you really want to learn? এবং এলসা উত্তর দেয়—of course I do. লক্ষ্য করবেন যে এই সংক্ষিপ্ত উত্তরে এলসা পূর্ণভাবে উত্তর দিচ্ছেন না, বলছেন না—of course (নিশ্চয়), I want to learn. যে ক্রিয়াপদ দিয়ে প্যাট্রিক প্রশ্নটি আরম্ভ করেছিলেন, এলসা মাত্র সেই ক্রিয়াপদটি—do—আবার বলছেন। সেই রকমে, যখন প্যাট্রিক বলছেন—you haven't a learner's licence, তখন এলসা প্রতিবাদ করছেন শুধু have ক্রিয়াপদ ব্যবহার ক'রে: Yes, I have. Oh Lord এই উক্তির অর্থ হ'ল "ও মাগো!"

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : Patrick, are you going to teach me to drive soon?

Patrick : Do you really want to learn, Elsa?

Elsa : Of course, I do. When are we going to begin?

Patrick : Well, what's the date today? The twelfth of July. All right. Your first lesson is next week. Monday, the seventeenth of July.

Elsa : But that's very late! I want a lesson today, at once.

Patrick : You haven't a learner's licence.

Elsa : Yes, I have: here it is. It's valid from the eleventh of July to the tenth of October.

Patrick : Oh, well, all right! Let's begin. No, sit in the other seat, not in the driver's seat. I'm going to *show* you first, before *you* try···Now watch carefully.

I'm going to show you first.

When you are ready to go, switch on the engine. Now, when I pull this knob, the engine starts. Do you see ?

Elsa : No, I don't see—but I hear !

Patrick : Now she's running very nicely, and we can move away. I keep my foot on this pedal all the time. Now, I put my other foot on *this* pedal, and then—Oh ! (ধাক্কার আওয়াজ) *Oh lord !* I didn't open the garage door.

Elsa : Oh, Patrick !

অনুশীলন—৫

যদি চান তাহ'লে এই কথোপকথনটি বাংলায় অনুবাদ করুন। তারপর ছাপা ইংরেজী ভাষ্য চাপা দিয়ে, বাংলা অনুবাদটি আবার ইংরেজীতে ক'রে দেখুন।

পাঠ—২৩

শব্দ-সংগ্রহ

bank—(নদীর) তীর
beautiful—সুন্দর
boat—নৌকা, জাহাজ
building—অট্টালিকা
bus-stop—বাস থামার জায়গা
clean—পরিষ্কার
city—সহর
did—করেছিলেন
didn't—করেন নি
enjoy—উপভোগ করা
fine—চমৎকার
get in—ভিতরে ঢোকা
market-square—বাজার-চত্বর
meal—খাওয়া
old—পুরাতন, বৃদ্ধ
possible—সম্ভব
pub (public house)—পানাগার
river—নদী
round—চারধার, চারপাশ
row—বাওয়া
splendid—চমৎকার
tour—ভ্রমণ
visit—দর্শন করা, বেড়িয়ে দেখা
was—ছিলেন
way—পথ
way in—প্রবেশ পথ
weather—আবহাওয়া
were—ছিলেন

হওয়া ক্রিয়ার অতীত কালের পদ

এখন পর্য্যন্ত আমরা শুধু বর্ত্তমান কাল ব্যবহার ক'রে আসছিলাম। ভবিষ্যত কাল (going to) সম্পর্কে খুব সামান্য মাত্র ধারণা পেয়েছি। এখন আমাদের অতীত কালের ব্যবহার শিখতে হবে। হওয়া (to be) ক্রিয়াপদ দিয়ে আরম্ভ করা যাক।

বর্ত্তমান কালের রূপ

I am	We are
He is	You are
She is	
It is	They are

অতীত কালের দু'টী মাত্র রূপ

I was	We were
He was	You were
She was	
It was	They were

উদাহরণ, I was there (আমি ওখানে ছিলাম)।

We were ready (আমরা তৈরী ছিলাম)।

এই রকম নিশ্চযাত্মক বিবৃতিতে এ ক্রিয়াপদগুলি মৃদুভাবে উচ্চারিত হয। Was উচ্চারিত হয (wɘz) এবং were উচ্চারিত হয (wɘ)।

একটি বিশেষ সময়-নিরূপক হ'চ্ছে—yesterday (গতকাল)। উদাহরণ, I am here to-day and I was here yesterday.

অতীত কালের দু'টী রূপ, was এবং were ব্যবহার ক'রে অন্য ক্রিয়াপদের ঘটমান অতীত কালের সংজ্ঞা দেওয়া হয়।

ঘটমান বর্ত্তমান : I am working to-day.

ঘটমান অতীত : I was working yesterday.

অতীতে ঘটনার অবিচ্ছিন্নতা দেখাবার জন্যে এই বাক্য-বিন্যাস ব্যবহার করা হয়।

অন্য ক্রিয়াপদের অতীত রূপ

ইংরেজীতে প্রায় দু'শটি "অনিয়মিত" ক্রিয়ার ব্যবহার আছে। এ ছাড়া

অন্ত ক্রিয়ার রূপ নিয়মিত। অন্য এক পাঠে আমরা অনিয়মিত ক্রিয়ার রূপের আলোচনা করব। এ পাঠে নিয়মিত ক্রিয়াপদ নিয়ে আলোচনা করছি।

এ ক্রিয়াগুলিকে 'নিয়মিত' বলা হচ্ছে এই কারণে যে এগুলি এক নিয়মিত উপায়ে অতীত রূপ নেয়। Help (সাহায্য করা), এর মত ক্রিয়ার বর্ত্তমান কালের রূপের সঙ্গে e-d এই দু'টী অক্ষর যোগ করলে হয় helped. (e উচ্চারণ হয় না, শুধু-d কিংবা t-র পরে থাকলে উচ্চারিত হয়)।

একবচনে বা বহুবচনে, উত্তম, মধ্যম ও প্রথম—সকল পুরুষেই অতীত কালের ক্রিয়াপদ একই রূপ নেয়। উদাহরণ, "আমি গতকাল তাঁদের সাহায্য করেছিলাম এবং তাঁরা আমাকে সাহায্য করেছিলেন।"

I helped them yesterday and they helped me.

এখন পর্য্যন্ত যে সব নিয়মিত ক্রিয়া আপনি জেনেছেন, তাদের অতীত কালের রূপ এখানে দেওয়া হ'ল :

তালিকা—৩১নং

Boil	boiled	Rain	rained
Brush	brushed	Rest	rested
Clean	cleaned	Show	showed
Cook	cooked	Start	started
Finish	finished	Stay	stayed
Happen	happened	Stop	stopped
Help	helped	Switch	switched
Hurry	hurried	Talk	talked
Like	liked	Telephone	telephoned
Listen	listened	Try	tried
Look	looked	Turn	turned
Move	moved	Use	used
Need	needed	Wait	waited
Open	opened	Walk	walked
Park	parked	Want	wanted
Play	played	Wash	washed
Pull	pulled	Watch	watched
Push	pushed	Work	worked

এ পাঠে তিনটি নতুন নিয়মিত ক্রিয়াপদের অতীত রূপ দেওয়া হ'ল - visit, visited ; row, rowed ; এবং enjoy, enjoyed.

এ তালিকা থেকে আপনি কয়েকটি বিষয় লক্ষ্য করবেন :

(১) 'e'-র আওয়াজ, ঠিক আগেই 't' থাকার জন্যে লুপ্ত হয় না কিন্তু এটা (ı)-এর মত উচ্চারিত হয়। যেমন এই শব্দগুলিতে—wanted, waited, rested এবং started.

(২) যদি ক্রিয়ায় হ্রস্ব স্বরবর্ণ থাকে আর তার পরেই আসে একক ব্যঞ্জনবর্ণ তাহ'লে সে ক্রিয়ার অতীত কালের রূপ লেখার সময় একক ব্যঞ্জনবর্ণ দ্বিগুণ হয়। stop, stopped—এ তালিকায় এইটী একমাত্র উদাহরণ।

(৩) যদি ক্রিয়ার শেষে 'y' থাকে ('ay' বা 'oy' নয়) তাহ'লে অতীত কালের রূপে অক্ষরটি বদলে 'i' হয়। যেমন, hurry, hurried ; try, tried.

(৪) যদি ক্রিয়াটি 'e' অক্ষরে শেষ হয় তাহ'লে অতীত কালের রূপের জন্যে আমরা শুধু 'd' অক্ষর যোগ করব : telephone, telephoned ; like, liked ; use, used ; move, moved.

অনুশীলন—১

উপরের তালিকা থেকে যে কোন ক্রিয়াপদ নিয়ে, গতকাল কি ঘটেছিল তা বলুন। যেমন, Tom showed me his house yesterday.

অতীতকালে প্রশ্ন ও না-সূচক রূপ

Am, is, এবং are—এই বর্ত্তমান ক্রিয়াপদের অনুরূপ অতীত কালের ক্রিয়াপদ হচ্ছে was এবং were, যদি না-সূচক অর্থে ব্যবহার করতে চান তাহলে শুধু না কথাটি যোগ করলেই চলবে। I was not there yesterday. You were not here.

এ শব্দগুলি সাধারণতঃ ছোট ক'রে বলা হয় wasn't এবং weren't ('wəznt, wə:nt).

যদি আপনি প্রশ্ন করতে চান তাহ'লে ক্রিয়াপদ কর্ত্তাপদের আগে রাখুন :

Was your friend working yesterday ?

Were the books in your room ?

What were you doing yesterday ? Where were you ?

না-সূচক ও প্রশ্ন-সূচক বাক্যে was এবং were এই ভাবে ব্যবহার করি। কিন্তু এ ক্রিয়াপদগুলি এক বিশেষ গোষ্ঠীবদ্ধ। এ সম্পর্কে পরে

(২৬ নং পাঠে) আমরা আলোচনা করব। বেশীর ভাগ ক্রিয়াপদ অন্য রকমে ব্যবহার করতে হবে। আপনি জানেন play এই সাধারণ ক্রিয়াপদ দিয়ে বর্ত্তমান কালে না-সূচক বাক্য কি ক'রে করতে হয়—আপনি don't কিংবা doesn't এই সহকারী ক্রিয়াপদ ব্যবহার করেন :

He plays the piano ; she doesn't play, I don't play.

প্রশ্নের ক্ষেত্রেও, আপনি জানেন do কিংবা does ব্যবহার করতে হবে : Do you play the piano ? Does your sister play ?

তেমনি, অতীত কালের জন্যেও এই রকম উপায় আমাদের অবলম্বন করতে হবে। Do কিংবা does এর পরিবর্ত্তে, সহকারী ক্রিয়াপদের অতীত কালের রূপ, did ব্যবহার করতে হবে। (এক বা বহুবচনে সকল পুরুষেই, এটীর একই রূপ)।

It rained yesterday. It *didn't rain* on Monday.

I waited for you ; you *didn't wait* for me.

লক্ষ্য করুন যে নিশ্চয়াত্মক বাক্যে ক্রিয়াপদের সঙ্গে 'ed' আছে কিন্তু এই 'ed' না-সূচক বাক্যে লোপ পায় আর প্রশ্ন-সূচক বাক্যে ক্রিয়ার কাল প্রকাশ করা হয় did কথা দিয়ে।

প্রশ্নে, সহকারী ক্রিয়াপদ did, কর্ত্তার আগে বসে : I liked it, *did you* like it ?

Did he stop ?

অনুশীলন—২

তালিকা থেকে **অন্য** দশটি ক্রিয়া নির্ব্বাচন ক'রে গতকাল কি হয়েছিল তা লিখুন। উদাহরণ, He did not finish his work yesterday.

অনুশীলন—৩

তালিকা থেকে অন্য দশটি ক্রিয়া নির্ব্বাচন ক'রে গতকাল কি হয়েছিল সে সম্বন্ধে প্রশ্ন করুন। উদাহরণ, Did you boil the water yesterday ?

অনুশীলন—৪

এ কথাগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন ?

(a) ও হাসপাতালটি বেশ পরিষ্কার ছিল।

(b) তাঁদের ছুটির সময় আপনি (আপনারা) কি তাঁদের সঙ্গে ছিলেন ?

(c) আসনের নিচে দু'টো বোতল ছিল।

(d) তিনি অধৈর্য্য হয়েছিলেন কেন ?

(e) বাস থামার জায়গায় আপনার বাবা মা অপেক্ষা করছিলেন।

অনুশীলন—৫

Yesterday, at nine o'clock কিংবা on the fourth of September, এই সময়-নিরূপকগুলি ব্যবহার ক'রে নিম্নলিখিত বাক্যগুলি সরল অতীত কালে পরিবর্ত্তন করুন।

(a) He is walking to his office.

(b) I usually park my car here.

(c) I am waiting for you.

(d) We are staying at home today

(e) The car always starts at once.

অনুশীলন—৬

৫নং অনুশীলনের অতীতকাল জ্ঞাপক বাক্যগুলি নিয়ে, না-সূচক বাক্যে পরিণত করুন। এ বারে ওগুলি প্রশ্ন-সূচক বাক্যে রূপান্তরিত করুন।

কথোপকথন

ডাক্তার টম ইয়ং হেলেন বেনেডিক্‌টকে জিজ্ঞাসা করছেন, গতকাল তিনি ও তাঁর স্বামীর অক্স্‌ফোর্ড ভ্রমণ কেমন ভাবে গেল। (অক্স্‌ফোর্ড হচ্ছে একটা সহর, সেখানে একটী নামকরা বিশ্ববিদ্যালয় আছে)। বেশীর ভাগ ক্রিয়াগুলি 'নিয়মিত' ক্রিয়াপদ, দেখবেন যে এগুলির অতীতকালের রূপে শেষের দিকে 'd' রয়েছে। নতুন তিনটী ক্রিয়াপদ পাবেন, সবগুলিই নিয়মিত ক্রিয়াপদ : visit, row (rou) এবং enjoy (পরিদর্শন করা, দাঁড় টানা বা বাওয়া আর উপভোগ করা) এখানে লক্ষ্য দেবার মত কয়েকটী বাক্য-বিন্যাস :

The weather stayed fine all day—আবহাওয়া সারাদিন চমৎকার ছিল।

I hope you visited my old college—আশা করি আপনি আমার পুরাতন কলেজটি পরিদর্শন করেছেন।

You did not push hard enough—যতটা প্রয়োজন তত জোরে আপনি ধাক্কা দেননি।

We stopped for a meal at a pub on the way home—বাড়ী ফেরার পথে এক পানাগারে খাবার জন্যে আমরা থেমেছিলাম।

The garden looked beautiful—বাগানটা সুন্দর দেখাচ্ছিল।

It wasn't possible—এটা সম্ভব ছিল না।

A man showed us the way in—একজন লোক আমাদের ভিতরে যাবার পথ দেখিয়ে দিয়েছিলেন।

How do you know?—আপনি জানলেন কি করে?

We started back—আমরা ফিরতে আরম্ভ করলাম।

At about seven—আন্দাজ সাতটার সময়।

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : Did you enjoy your day in Oxford yesterday?

Helen : Oh, yes, thank you, Dr. Young, it was splendid. We were lucky—the weather stayed fine all day. We parked the car in the market-square Then we walked round the city. The old buildings and the gardens looked beautiful.

Tom : Did you see the river?

Helen : Yes, we walked along the bank of the river. Some young men were rowing in boats.

Tom : I hope you visited my old college, Mrs. Benedict.

Helen : We wanted to see it, but it wasn't possible.

Tom : Why, what happened?

We walked round the city.

Helen : When we tried to get in, the door was shut.

Tom : Really? You didn't push hard enough!

Helen : No, we weren't *allowed* to go in. But the garden was very nice.

Tom : How do you know ?

Helen : Well, first we looked at it over a wall. Then we talked to a man, and he showed us the way in. Oh, yes, we liked Oxford very much. But when we finished our tour, I was really very tired. We started back at about seven.

Tom : Didn't you stop for a meal ?

Helen : Yes, we stopped at a pub on the way home.

Tom : So you really enjoyed your day. That's good.

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—২২ ও ২৩

We were ready at eight o'clock...I was working yesterday ...Where were you after breakfast ?...We worked all the afternoon. In the evening I wasn't tired ; I helped my father...

The first of January...The second of February...The third of March...The fourth of April...The fifth of May... The sixth of June...The seventh of July...The eighth of August...The ninth of September...The tenth of October.. The eleventh of November...The twelfth of December.

পাঠ—২৪

শব্দ-সংগ্রহ

answer—উত্তর করা
anything—কোন কিছু, যে কোন জিনিষ
ask—জিজ্ঞাসা করা
at all—একেবারে, সম্পূর্ণরূপে
case—অবস্থা
in any case—যে কোন ক্ষেত্রে
come up to—এগিয়ে আসা
forget—ভুলে যাওয়া
funny—কৌতুকপূর্ণ, মজার
go on—চলা
head—মাথা
hoot—ভেঁপু বাজান, হর্ণ বাজান, আওয়াজ করা
king—রাজা
passport—পাসপোর্ট, বিদেশ যাতায়াতের অনুমতি-পত্র
police—পুলিশ, পাহারাওয়ালা

slowly—ধীরে ধীরে
something—কোন কিছু
specially—বিশেষ ক'রে
thank—ধন্যবাদ
through—মধ্যে দিয়ে
ticket—টিকিট
valuable—মূল্যবান

অনিয়মিত ক্রিয়ার অতীত কালের রূপ

"অনিয়মিত ক্রিয়া" বলতে আমরা এই ইংরেজী ক্রিয়াগুলি বোঝাতে চাই যেগুলির অতীতকালের রূপ শুধু 'd' কিংবা 'ed' যোগে গঠন করা সম্ভব নয়। এরকম অনিয়মিত ক্রিয়ার সংখ্যা প্রায় ২০০। এর মধ্যে ১০০টা হচ্ছে ইংরেজী ভাষার অত্যন্ত প্রয়োজনীয় ক্রিয়াপদের মধ্যে কয়েকটী সুতরাং এগুলি আপনাকে শিখতেই হবে! তবে সুবিধা হচ্ছে এই যে এ ক্রিয়াপদ সম্বন্ধে অনেক কিছু জানার প্রয়োজন হবে না, কারণ সকল পুরুষেই, এক-বচনে বা বহুবচনে, এগুলির অতীতকালের একই রূপ। উদাহরণ স্বরূপ, ক্রিয়া পদ say, অতীত কালে হবে—said, উচ্চারণ করতে হবে (sed).

I said, you said, he said, she said, it said, we said, they said.

এ পাঠের কথোপকথনে যে ক্রিয়াপদ পাবেন সেগুলির অতীতকালের রূপ শেখার চেষ্টা আপনার পক্ষে উচিত ব'লে মনে হয়। এখানে সেগুলি দেওয়া হ'ল:

তালিকা—৩২নং

বর্ত্তমান কাল	অতীত কাল	না-সূচক অতীত	প্রশ্ন-সূচক অতীত
begin	began	didn't begin	Did . . . begin ?
bring	brought	didn't bring	Did . . . bring ?
come	came	didn't come	Did . . . come ?
drive	drove	did't drive	Did . . . drive ?
forget	forgot	didn't forget	Did . . . forget ?
get	got	didn't get	Did . . . get ?
give	gave	didn't give	Did . . . give ?
go	went	didn't go	Did . . . go ?
have	had	didn't have	Did . . . have ?
know	knew	didn't know	Did . . . know ?
leave	left	didn't leave ?	Did . . leave ?
say	said	didn't say	Did . . . say ?
sit	sat	didn't sit	Did . . . sit ?
think	thought	didn't think	Did . . . think ?

এই তালিকা থেকে দেখবেন যে কতকগুলি অনিয়মিত ক্রিয়াপদ, প্রায় নিয়মিত ক্রিয়াপদের মত অতীত কালের রূপে "...d" কিংবা "...t" যোগ করা হচ্ছে এবং সাধারণতঃ শব্দের বানানের সামান্য পরিবর্ত্তন করা হচ্ছে। উদাহরণ স্বরূপ, left এবং said আর had কথাটিও।

অন্য কয়েকটি অনিয়মিত ক্রিয়াপদের বর্ত্তমান কালে এক স্বরবর্ণ আর অতীত কালের রূপে অন্য এক স্বরবর্ণ থাকে। উদাহরণ স্বরূপ, began, came, drove, forgot, gave, got, knew, sat.

অন্য কয়েকটি অনিয়মিত ক্রিয়াপদ আবার স্বরবর্ণ বদলাবার সঙ্গে শব্দের শেষ অংশটাও বদলে ফেলে। উদাহরণ স্বরূপ thought, brought, কিন্তু ক্রিয়াপদ go, অতীত কালে সম্পূর্ণ ভিন্ন রূপ নেয় : went.

আপনি এটাও লক্ষ্য করবেন যে না-সূচক ও প্রশ্ন-সূচক অতীত কালের রূপে, আমরা ক্রিয়ার প্রধান রূপের সাহায্য নিই। প্রধান রূপ হচ্ছে— ক্রিয়ার বর্ত্তমান কালের রূপ, অসমাপিকা রূপ কিংবা অনুজ্ঞাসূচক রূপ। প্রধান রূপের সঙ্গে আমরা do ক্রিয়ার অতীত কাল did, এই সহকারী ক্রিয়াপদ ব্যবহার করি, এই রকমে : went ; didn't go, did...go ?

অনুশীলন—১

তালিকায় দেখান সকল রূপই শিখে রাখুন।

নিম্নলিখিত বাক্যগুলি অতীতকালে পরিণত করুন ; এই রকমে :— I think he is at home to-day হবে I thought he was at home yesterday কিংবা He is coming to-morrow হবে He came yesterday.

(a) Our holiday begins today. (b) Who is driving the car ? (c) I always get up at six. (d) The police know his name. (e) That girl always forgets her money. (f) Are you giving that man a cheque ? (g) The old man sits on this seat. (h) She doesn't bring her books with her. (i) I think he is leaving on Friday. (j) We usually have breakfast at eight.

(d) সম্বন্ধে দ্রষ্টব্য : police কথাটির মত, ইংরেজী ভাষায় অন্যান্য

বহুত্ববাচক বিশেষ্যের পরে বহুবচনের ক্রিয়াপদ আসতে পারে যেমন বহুত্ব-বাচক বিশেষ্য police কথাটীর পরে এসেছে।)

অনুশীলন—৩

নিম্নলিখিত বাক্যগুলি নিশ্চয়াত্মক বাক্যে পরিণত করুন, এই রকমে, He didn't come—হবে He came (তালিকা না দেখেই এরকম করার চেষ্টা করুন)।

(a) We didn't have a good holiday. (b) I didn't know you were here. (c) He didn't go with them. (d) The guests didn't bring any food. (e) I didn't forget to take my licence. (f) You didn't give them much time. (g) The students didn't say "Good morning". (h) They didn't begin their work at nine o'clock. (i) The dog didn't come at once. (j) You didn't leave any cigarettes in the packet.

অনুশীলন—৪

উপরের বাক্যগুলি প্রশ্ন-সূচক বাক্যে পরিবর্ত্তন করুন, এ রকমে: He didn't come—হবে Did he come? (না লিখে শুধু উচ্চস্বরে ব'লে, এ অনুশীলন করতে পারেন)

কয়েকটী ক্রিয়াপদ কেমন ভাবে ব্যবহৃত হয়

Begin : Our work begins at nine (আমাদের কাজ ন'টার সময় আরম্ভ হয়)।

We begin to work at nine o'clock everyday.

(প্রতিদিন ন'টায় আমরা কাজ আরম্ভ করি)।

আরো দেখুন—The car began hooting. (গাড়ীর হর্ণ বাজতে আরম্ভ করেছিল)।

Forget : I forget your name (আমি আপনার নাম ভুলে গেছি)।

I forgot to write to him (আমি তাঁকে লিখতে ভুলে গিয়েছিলাম)।

Get : এ ক্রিয়াপদের নানা বিভিন্ন অর্থ ও ব্যবহার আছে। এখানে কয়েকটী মাত্র দেওয়া হ'ল। At what time did you *get up* (ক'টার সময় আপনি উঠলেন ?)।

I *got out* of the car and Elsa *got in* (আমি গাড়ী থেকে নেমে পড়লাম আর এলসা গাড়ীতে উঠলেন)।

Did you get my letter ? (আপনি আমার চিঠি পেয়েছিলেন ?)।

Give : Please give him the money (দয়া ক'রে ওঁকে টাকাটা দিন)।

Please give the money to him (দয়া ক'রে টাকাটা ওঁকে দিন ; অর্থ একই কিন্তু বাক্য-বিন্যাস করা হয়েছে ভিন্ন উপায়ে)।

Go : They are going home now (তাঁরা এখন বাড়ী যাচ্ছেন)।

He *went on* driving (তিনি গাড়ী চালিয়ে চললেন)।

Know : I knew him (আমি তাঁকে জানতাম)।

I knew he was there (আমি জানতাম তিনি সেখানে ছিলেন)।

Leave : I left the house (আমি বাড়ীটা ছেড়ে দিয়েছি)।

I left my money in the car (গাড়ীতে আমার পয়সা ফেলে এসেছি)।

Say : We said "Good bye" (আমরা বললাম "বিদায়")।

She said she was tired (তিনি বললেন তিনি ক্লান্ত)।

Think : I am thinking about it (এ সম্বন্ধে আমি চিন্তা করছি)।

I think it is eight o'clock (আমার মনে হয় এখন আটটা বেজেছে)।

সংক্ষিপ্ত জবাব

বর্ত্তমান কালের মত অতীত কালেও, কোন প্রশ্নের উত্তরে সারা প্রশ্ন আবার উল্লেখের প্রয়োজন হয় না। এই উদাহরণগুলি মন দিয়ে দেখুন :
Did your friend go with you ? Yes, he did.

Did those men know their business ? No, they didn't.

Did you get my letter ? Yes, I did.

Did Elsa give you the money ? No, she didn't.

Did Patrick drive to Oxford ? No, I don't think he did.

অনুশীলন—৫

৪নং অনুশীলনে যে সব প্রশ্ন আছে তার জবাব ছোট্ট করে দিন।

কথোপকথন

এবারের কথোপকথন অক্সফোর্ড ভ্রমণ সম্পর্কে হেলেনের বর্ণনা নিয়ে চলেছে আর সেখান থেকে ফেরার ঘটনা নিয়ে আলোচনা হচ্ছে। যে সব ক্রিয়া নিয়ে আমরা আলোচনা করছিলাম, সে সব ক্রিয়ার ব্যবহারের উদাহরণ এ কথোপকথনে পাবেন। তাছাড়া আরো চারটি নতুন ক্রিয়া পাবেন। এ চারটি নিয়মিত ক্রিয়াপদ: ask (জিজ্ঞাসা করা), answer (জবাব দেওয়া), thank (ধন্যবাদ দেওয়া) আর hoot (হর্ণ বাজান)।

I asked his name. He answered me, and I thanked him. He hooted and drove away.

বহু বাক্য-বিন্যাসের মধ্যে দু'একটী বাক্য-বিন্যাস দেখতে পাবেন, এতে ইংরেজী ক্রিয়ার পরে ক্রিয়ার বিশেষণ যোগে ক্রিয়ার অর্থটি কেমন একটু পরিবর্ত্তিত হয়েছে। (ব্যাকরণ এই পুস্তকের পরিশিষ্টে দেখুন) He came up to me—অর্থ হচ্ছে "তিনি আমার কাছে এগিয়ে এলেন"। কথোপকথনে একটা অচেনা গাড়ী Came up behind them (পিছন পিছন এগিয়ে এল)। তারপর সেটা went past (ছাড়িয়ে গেল)। গাড়ীর চালকটি গাড়ী থেকে got out (নেমে পড়ল)।

Some ও any শব্দ thing কথার সঙ্গে যোগ করে যুক্ত-শব্দ গঠন করা হয়—Something এবং anything. Somthing অর্থ হচ্ছে—কোন কিছু, নিশ্চয়াত্মক বাক্যে ব্যবহৃত হয়। উদাহরণ, something funny happened (একটা মজার ঘটনা ঘটেছিল)। না-সূচক বাক্যে কিংবা প্রশ্ন-সূচক বাক্যে ঐ শব্দটি পরিবর্ত্তন ক'রে anything করা হয়। যেমন, Was there anything valuable in your bag? (আপনার ব্যাগে মূল্যবান কিছু ছিল নাকি?)

পরিশেষে সংক্ষিপ্ত কথাবার্ত্তাটি লক্ষ্য করুন। এ কথাবার্ত্তায় হেলেন এক অপরিচিত ব্যক্তিকে জিজ্ঞাসা করছেন—Did yon come after us specially ? (আপনি কি বিশেষ ক'রে আমাদের জন্যেই পিছনে পিছনে এলেন ?) অপরিচিত ভদ্রলোকটি উত্তর করলেন, No, I'm driving to London in any case (না, যা হোক না কেন আমি লণ্ডনে চলেছি)। We did not know him at all (আমরা তাঁকে একেবারেই জানতাম না) বাক্যে not at all বাক্য-বিন্যাসটি লক্ষ্য করবেন।

রেকর্ডের লিখিত ভাষ্য

Helen : After we left the pub, and were on the way home, something funny happened.

Tom : Oh ! What was that ?

Helen : A car came up behind us, and began hooting. We didn't know who it was. John thought it was the police. The driver went on hooting. John drove slowly, and the other car went past and stopped. The driver got out.

Tom : And you knew him

Helen : No, we didn't know him at all. He sat and waited. He came up to us and looked through the window. "Good évening", he said. 'Did you have a meal at the King's Head ?" (That was the name of the pub). "Yes, we did", John answered. "Oh, that's good, you *are* the right people. Well, you forgot your handbag, madam ! So I brought it with me—here it is" And he gave me my bag. I thanked him, and asked, "Did you come after us specially ?" "No", he said, "I'm driving to London in any case. Well, now, wasn't,that lucky ?

A car came up behind us.

Tom : Was there anything valuable in the bag ?

Helen : It had all my money, my passport, and our tickets to Scotland in it.

Tom : Then you really *were* lucky !

পাঠ—২৫

শব্দ-সংগ্রহ

best—সবচেয়ে ভাল, সর্ব্বশ্রেষ্ঠ
both—উভয়
diary—ডাইরী, রোজনামচা
due—বাকী, দেয়, নির্দ্দিষ্ট
fruit—ফল
into—মধ্যে
platfrom—মঞ্চ
porter—কুলি, মুটে, দ্বারবান
see off—বিদায় দেওয়া, তুলে দেওয়া
somewhere—কোথায়
still—এখনও
suitcase—ব্যাগ, স্যুটকেশ
too—ও, আরো
understand—বোঝা,(বুঝতে পারা)
wish—ইচ্ছা, শুভেচ্ছা
worried—উদ্বিগ্ন

অতীত কালের আরও কয়েকটি অনিয়মিত ক্রিয়াপদ

অতীত কালের আরো কয়েকটি ক্রিয়াপদের রূপ আপনাকে শিখতে বলব। এগুলি সবই ইংরেজী ক্রিয়াপদ, ইতিপূর্ব্বেই বর্ত্তমান কালের রূপে এদের ব্যবহার পেয়েছেন।

তালিকা—৩৩নং

বর্ত্তমান	অতীত	না-সূচক অতীত	প্রশ্ন সূচক অতীত
(অতীত কালের রূপে, কথার শেষে 't' যুক্ত হয় কিংবা শেষ ব্যঞ্জনবর্ণ বদলে 't' হয়—কখন কখন মাঝের স্বরবর্ণের পরিবর্ত্তন হয়)			
buy	bought	didn't buy	Did...buy ?
feel	felt	didn't feel	Did...feel ?
keep	kept	didn't keep	Did···keep ?
learn	learnt	didn't learn	Did···learn ?
lend	lent	didn't lend	Did···lend ?
mean	meant (ment)	didn't mean	Did···mean ?
send	sent	didn't send	Did...send ?
sleep	slept	didn't sleep	Did...sleep ?
smell	smelt	didn't smell	Did...smell ?
spend	spent	didn't spend	Did...spend ?
teach	taught	didn't teach	Did···teach ?

(অতীত কালের রূপে, শব্দের শেষে 'd' যুক্ত হয় কিংবা শেষ ব্যঞ্জনবর্ণের বদলে 'd' হয়)

বর্ত্তমান	অতীতকাল	না-সূচক অতীত	প্রশ্ন-সূচক অতীত
hear	heard (hə:d)	didn't hear	Did…hear ?
make	made	didn't make	Did…make ?
	(অতীত কালের রূপে স্বরবর্ণের বদল হয়)		
drink	drank	didn't drink	Did…drink ?
hold	held	didn't hold	Did… hold ?
read (ri:d)	read (red)	didn't read (ri:d)	Did…read ?
run	ran	didn't run	Did…run ?
see	saw	didn't see	Did…see ?
take	took	didn't take	Did...take ?
wake	woke	didn't wake	Did…wake ?
write	wrote	didn't write	Did…write ?
	(স্বরবর্ণের সঙ্গে ব্যঞ্জনবর্ণেরও পরিবর্ত্তন হ'তে পারে)		
stand	stood	didn't stand	Did…stand ?
understand	understood	didn't understand	Did...under-stand ?
	(অতীত কালের রূপে কোন পরিবর্ত্তন হয় না)		
put (put)	put	didn't put	Did…put ?
shut (sʌt)	shut	didn't shut	Did…shut ?
cost	cost	didn't cost	Did…cost ?

ভুলে যাবেন না যে এক বা বহুবচনে সকল পুরুষেই অতীতকালে একই রূপ থাকে। এতে শেখার কাজ একটু সহজ হয়!

এখানে কয়েকটা বাক্যের উদাহরণ দেওয়া হ'ল, এতে বর্ত্তমান ও অতীত কালের রূপ একসঙ্গে আছে : "Please send the letter".—"I sent it yesterday." "Where did you put my jacket ?"—"I put it on the back of that chair." "How much did this dress cost ?" —"It didn't cost anything ; my mother made it for me." "I spent two hours with him yesterday." "She gave me some money, but she didn't give me any food" "Who wrote this book ?" "Did you take my pencil ?"—"No, Fred took it."

"Are you going to see the old church ?"—"No, we saw it yesterday."

অনুশীলন—১

তালিকায় দেওয়া ক্রিয়ার অতীত কালের রূপ নিয়ে, নিশ্চয়াত্মক ছোট্ট বাক্য গঠন করুন।

অনুশীলন—২

১নং অনুশীলনে যে সব বাক্য গঠন করেছেন তা প্রশ্ন-সূচক বাক্যে রূপান্তরিত ক'রে উচ্চ কণ্ঠে বলুন। উদাহরণ, যদি stood কথার জন্যে লিখে থাকেন 'He stood near the door'—তাহ'লে ওটা বদলে এই ভাবে বলুন,—'Did he stand near the door ?'

অনুশীলন—৩

ঐ বাক্যগুলি না-সূচক বাক্যে পরিণত ক'রে বলুন, এই রকমে—'He didn't stand near the door.'

অনুশীলন—৪

এখানে কয়েকটি না-সূচক বাক্য দেওয়া হ'ল। এগুলি নিশ্চয়াত্মক বাক্যে পরিণত করুন। যেমন, He did not stand near the door হবে—He stood near the door.

(a) That man didn't teach us English. (b) I didn't hear a noise. (c) She didn't spend much money. (d) The girl didn't hold a handful of flowers. (e) I didn't read your letter. (f) He didn't drink his milk. (g) They didn't wake up early. (h) The doctor didn't see any patients this morning. (i) I didn't come in and I didn't shut the door. (j) He didn't feel tired after his work.

কথোপকথন

বেনেডিক্‌ট্‌ পরিবার ট্রেনে করে স্কটল্যাণ্ডে যাচ্ছেন। প্যাট্রিক তাঁদের সঙ্গে স্টেশনে গেছেন। প্যাট্রিক গিয়েছিলেন see them off—এটা ইংরেজী এক বাক্য-বিন্যাস যার অর্থ হচ্ছে "তুলে দিতে।" এখন তিনি তাঁর

মা:ক বলছেন কি হয়েছিল। সেই কারণে প্যাট্রিককে বেশ কয়েকটি ক্রিয়া-পদের অতীত রূপ ব্যবহার করতে হচ্ছে।

এখানে ব্যবহৃত কয়েকটি বাক্য-বিন্যাসের ব্যাখ্যা কিংবা অনুবাদ প্রয়োজন। প্যাট্রিককে ডরথী ইয়ং জিজ্ঞাসা করছেন, Did they get their train all right ? এর মানে হচ্ছে—"তাঁরা তাঁদের ট্রেন ঠিক মত ধরতে পেরেছিলেন কি ?" Get কথার অনেকগুলি ব্যবহার আছে। আপনি লক্ষ্য করবেন এখানে get শব্দের অর্থ হচ্ছে খানিকটা লাভ করা বা ধরার মতন।

The Benedicts sent their best wishes to both of you. "বেনেডিক্ট্‌রা আপনাদের দু'জনকে তাঁদের শুভকামনা দিয়েছেন।" লক্ষ্য করুন their best wishes এবং to both of you. শেষের বাক্য-বিন্যাসটি এভাবেও বলা যায় to you both. প্যাট্রিক অবশ্য তাঁর বাবা-মার কথাই মনে করছেন।

ট্রেন ছাড়বার সময় ছিল দশটায়: এ-বাক্যটী due (নির্দ্দিষ্ট, এখানে অর্থ হচ্ছে খানিকটা "পূর্ব্ব নির্দ্ধারিত সময়-তপশীল" মত) কথার পরে অসমাপিকা ক্রিয়া দিয়ে প্রকাশ করা যায়: due to leave at ten.

Elsa was late for the train : "ট্রেন ধরতে এলসার দেরী হ'য়ে গিয়েছিল"।

Elsa took a very long time : "এলসা অনেকখানি সময় নিয়ে ছিলেন।" লক্ষ্য করুন take (নেওয়া) ক্রিয়াপদটী এখানে কেমন সময়ের সঙ্গে ব্যবহার করা হয়েছে।

At five to ten she still wasn't back : "দশটা বাজতে পাঁচমিনিট বাকী, তখনও এলসা ফিরে আসেন নি।" Still (তখনও বা এখনও) কথাটির ব্যবহার দেখুন—"এখন সাতটা বেজেছে আর তিনি এখনও অফিসে কাজ করছেন!" It is seven o'clock and she is still working in the office !

বেনেডিক্ট্‌রা যাবার আগে—before they left—তাঁকে তাঁদের ঠিকানা দিয়েছিলেন আর তিনি তাঁর ডাইরীর কোন জায়গায় সেটা লিখেছিলেন—He wrote it somewhere in his diary. Somewhere—এ গুরুত্বপূর্ণ কথাটী লক্ষ্য করুন।

After all the train started late : "এত সবের পরেও আবার ট্রেন ছাড়ল দেরী ক'রে।" I stood for ten minutes on the platform : "আমি স্টেশনের প্ল্যাটফর্মে দশ মিনিট দাঁড়িয়েছিলাম।" সময়ের পরিমাপের সঙ্গে for (জন্যে) কথাটির ব্যবহার লক্ষ্য করুন।

রেকর্ডের লিখিত ভাষ্য

Dorothy : Did the Benedicts got their train all right ?

Patrick : Yes, I saw them at the station. They sent their best wishes to both of you.

Dorothy : Have we their address in Scotland ? Or did we forget to ask them ?

Patrick : No, they gave it to me before they left. I wrote it somewhere in my diary. Oh, yes, here it is.

Dorothy : Thank you, Patrick. So all went well ?

Patrick : H m. Elsa was very late for the train.

Dorothy : Was she ? Why was that ?

Patrick : I took her to the station in a taxi—it cost six shillings. Then I held her suitcase, and she went and bought some fruit. She wanted a paper, too. I think she spent all her money, because she took a very long time. The train was due to leave at ten. At five to ten she still wasn't back. I was worried.

At five to ten she still wasn't back.

Dorothy : I'm sure you were !

Patrick : But then she ran up to me and took the suitcase. "Come on, run", she said. I put her into the train at exactly ten o'clock. The

porter shut the doors And then after all that, the train started late, and I stood for ten minutes on the platfrom !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—২৪ ও ২৫

Did your friends leave yesterday ?...No, they left on Monday···What did she say ?···She said she was busy··· Your letter didn't come last night, it came this morning··· Our holiday began yesterday···He drove into the garage door···What time did you get up this morning···I got up at seven o'clock···They knew me, but I didn't know them. ···She forgot her money, but she didn't forget the tickets... They all went out at three o'clock···She gave him a pencil, and he wrote his name on a piece of paper...Then she took the paper and put it in her pocket ··

পাঠ—২৬

দ্রষ্টব্য : ইতিপূর্ব্বের পুনঃ আলোচনা-পাঠের মত, এ পাঠের জন্যেও রেকর্ডের অভ্যাস বাক্য কিংবা নতুন শব্দ সম্মিলিত কোন কথোপকথন নাই। কাজেই এ সুযোগে, আপনি আগেকার পাঠগুলির জন্যে অভ্যাস বাক্য ও কথোপকথন আবার বাজিয়ে শুনুন।

পুনঃ আলোচনা

ইংরেজী ভাষার মূল প্রয়োজনীয় অংশের অনেকখানি আপনি শিখেছেন। সেগুলির মধ্যে সর্ব্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বিষয়গুলি এখন আবার আলোচনা করব। সর্ব্বপ্রথমে আমরা দেখব, কি ক'রে (ক) নিশ্চয়াত্মক বা না-সূচক সহজ বাক্য রচনা করা যায়, (খ) প্রশ্ন করা যায়, আর (গ) কোন প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দেওয়া যায়। Be ক্রিয়াপদ নিয়ে আরম্ভ করা যাক।

Be ক্রিয়া

বর্ত্তমান কালের তিনটি রূপ আছে : I *am*, he (she, it) *is* এবং we (you, they) *are*.

অতীতকালে মাত্র দু'টী রূপ ; I (he, she, it) *was*, এবং we (you, they) *were*.

এইসব রূপগুলি আপনি নিম্নলিখিত উপায়ে ব্যবহার করতে পারেন: (১) একটি বিশেষ্য বা সর্ব্বনামের সঙ্গে, (২) একটি বিশেষণের সঙ্গে, (৩) ক্রিয়ার বিশেষণ কিংবা বাক্যাংশের সঙ্গে, কিংবা (৪), অন্য একটি ক্রিয়ার ing-রূপ নিয়ে ঘটমান কাল বোঝাবার জন্যে।

তালিকা—৩৪নং

I	am was	a student, students.	(এক বিশেষ্য বা সর্ব্বনাম)
He She It	is was	thirsty here	(একটি বিশেষণ) (একটি ক্রিয়ার বিশেষণ)
We You They	are were	in the office writing letters	(একটি বাক্যাংশ) (ing-যুক্ত রূপ)

অনুশীলন—১

৩৪নং তালিকা ভাল ক'রে দেখার পর, তৃতীয় ঘরে কথা সাজিয়ে আপনি নিজে নতুন বাক্য সৃষ্টি করুন।

এই ক্রিয়াপদগুলি, না-সূচক অর্থে ব্যবহার করতে হ'লে শুধু not কথাটি যোগ ক'রে দিন। কথা বলার সময়, এটা is, are, was এবং were শব্দের পর আপনি সংক্ষিপ্ত ক'রে n't বলতে পারেন। কিন্তু am শব্দের ক্ষেত্রে not কথাটি পূর্ণ ভাবে বলতে হবে এবং I am শব্দ দু'টীকে সংক্ষিপ্ত করতে হবে—I'm—তে।

উদাহরণ:

She isn't. They aren't. I wasn't. You weren't. I'm not.

প্রশ্ন করতে হ'লে, কর্ত্তার আগে ক্রিয়াপদ বসাতে হবে: Am I your friend? Is he coming? Are those books mine? Was she there? Were they at home?

There were three people at the meeting.

কর্ত্তা যতই বড় হোক তাতে কোন তফাৎ হয় না : Is *that man at the back of the room* your brother ?

যদি প্রশ্নের প্রথমেই কোন প্রশ্ন-সূচক পদ থাকে (যেমন, who) তাহ'লেও ক্রিয়াপদ কর্ত্তাপদের আগে আসে :

What *is your name*? Who *are you*? Where *am I* going ? Why *were they* tired ?

কিন্তু যখন who কিংবা what কথাটাই কর্ত্তা, তখন অবশ্য এটী প্রথমে থাকে :

Who is there ? *What* is burning ?

এই ক্রিয়াপদগুলি অনেক সময় there শব্দের সঙ্গে ব্যবহৃত হয়, এই রকম বাক্য-বিন্যাসে : There is, there were ইত্যাদি। এ ধরনের প্রশ্ন যখন করবেন, তখন there কথার আগে ক্রিয়াপদটি রাখবেন।

There is a man at the door.—Is *there* a man at the door ?

There were three people at the meeting.—How many people *were there* at the meeting ?

অনুশীলন—২

১নং অনুশীলনে যে নিশ্চয়াত্মক বাক্যগুলি রচনা করেছেন, সেগুলি প্রথমে, না-সূচক বাক্যে রূপান্তরিত করুন। তার পরে 'হ্যাঁ বা না' প্রশ্নে এবং সব শেষে প্রশ্ন-সূচক পদ প্রথমে রেখে প্রশ্নে রূপান্তরিত করুন।

বিশেষ ক্রিয়া ও সাধারণ ক্রিয়া

Be ক্রিযার অংশ (am, is, are, was, were) ছাড়া, আধুনিক ইংরেজীতে মাত্র কয়েকটি অন্য ক্রিয়া আছে যেগুলি না-সূচক অর্থে পরিণত করা যায় যদি not কথাটি তাদের পরে রাখা হয়। কিন্তু ইংরেজী ক্রিয়া-বাচক শব্দগুলির বেশীর ভাগই এই ভাবে না-সূচক অর্থে পরিণত করা যায় না। উদাহরণ স্বরূপ Read ক্রিয়াটি নিন আর সরল বর্ত্তমান কালে এটী ব্যবহার করুন : He reads the paper. আমরা শুধু not কথাটি যোগ ক'রে এটীকে না-সূচক অর্থে পরিণত করতে পারি না। আমরা বলতে পারি না,

He reads not the paper. এর পরিবর্ত্তে আমাদের সহকারী do কিংবা does ক্রিয়াপদের সাহায্য নিতে হবে এবং বলতে হবে—He does not (doesn't) read the paper.

সামান্য যে ক'টা ক্রিয়া আমরা শুধু not যোগ ক'রে না-সূচক অর্থে পরিণত করতে পারি, সেগুলিকে আমরা "বিশেষ ক্রিয়া" বলব আর বাকী ক্রিয়াগুলিকে বলব 'সাধারণ ক্রিয়া'। পরিচিত "সহকারী" কথার বদলে "বিশেষ ক্রিয়া" এই নাম আমরা দিলাম কারণ এ সব ক্রিয়া সব সময় সহকারী ক্রিয়া নয়। ধরুন, এই বাক্যে is ক্রিয়াপদের কথা : He is thirsty, but she isn't thirsty. এ উদাহরণ আপনাকে স্মরণ করিয়ে দেবে যে is সব সময়ই সহকারী ক্রিয়াপদ নয়, কিন্তু সব সময়ই এটা **হচ্ছে** "বিশেষ ক্রিয়া"।

এই 'বিশেষ ক্রিয়াগুলি' সম্বন্ধে আরো একটি বিষয় লক্ষ্য করার আছে। সেটা হচ্ছে যে কর্ত্তার পূর্ব্বে এই ক্রিয়াপদ রেখে আমরা প্রশ্ন-সূচক বাক্য তৈরী করতে পারি : Is he thirsty? কিন্তু 'সাধারণ ক্রিয়াপদ' নিয়ে এরকম আমরা করতে পারিনা। Reads he the paper? আধুনিক ইংরেজীতে এরকম বাক্য-বিন্যাস অসম্ভব। এ ভাব প্রকাশ করতে এখানে আবার আমাদের 'বিশেষ ক্রিয়াপদ' does ব্যবহার করতে হবে, আর বলতে হবে Does he read the paper? অপর দিকে, He is reading the paper হবে—Is he reading the paper?

(স্মরণ রাখবেন যে সাধারণ ও বিশেষ ক্রিয়াপদের মধ্যে এই যে বৈশিষ্ট্য তার সঙ্গে এবং কোন ক্রিয়াপদের অতীতকালে নিয়মিত বা অনিয়মিত রূপ গ্রহণের মধ্যে বিন্দুমাত্র যোগ নেই)

সাধারণ ক্রিয়া বাদ দিয়ে না ও প্রশ্নসূচক বাক্য

সরল বর্ত্তমান এবং সরল অতীতকালে যদি আপনি কোন সাধারণ ক্রিয়াপদ না-অর্থে কিংবা প্রশ্নের ধরনে বলতে চান তাহ'লে do, does কিংবা did ব্যবহার করতে হবে।

তালিকা—৩৫নং

নিশ্চয়াত্মক	না-সূচক		প্রশ্ন-বাচক		
I We write You They	I We You They	don't write	Do	I we you they	write ?
He She writes It	He She It	doesn't	Does	he she it	write ?
I We You They wrote He She It	I We You They He She It	didn't	Did	I we you they he she it	write ?

অনুশীলন—৩

উপরের তালিকা ভাল ক'রে দেখার পর, write ক্রিয়ার পরিবর্ত্তে অন্যান্য ক্রিয়া নিয়ে, নিজের থেকেই আপনি বহু সংখ্যায় বাক্য রচনা করুন। উত্তম, মধ্যম ও প্রথম পুরুষে—এক এবং বহুবচনের রূপ ব্যবহার ক'রে সরল বর্ত্তমান ও সরল অতীত কালের বাক্য রচনা করবেন, কোনটি নিশ্চয়াত্মক, কোনটি প্রশ্ন-সূচক আর কোনটি না-বাচক হবে।

অনুশীলন—৪

নিম্নলিখিত বাক্যগুলির না-সূচক রূপ দিন : (a) I am talking. (b) She is in the house. (c) We want to stay here. (d) Mother listens to the radio. (e) There were three people. (f) She gets to the office early every day. (g) You moved my things. (h) We needed some new envelopes. (i) He held the glass carefully. (j) I forgot to answer the letters.

অনুশীলন—৫

এখন আগের বাক্যগুলি প্রশ্নে রূপান্তরিত করুন।

Have ক্রিয়া

এ ক্রিয়াটিকে কখন কখন 'বিশেষ ক্রিয়া' আর কখন বা 'সাধারণ ক্রিয়া' ব'লে ধরা হয়; কি ভাবে আমরা ব্যবহার করি তার উপরেই এটা নির্ভর করে।

যদি আমরা অধিকার অর্থে have কিংবা hasকে বর্ত্তমান কালে ব্যবহার করি তাহ'লে এ দু'টীকে আমরা 'বিশেষ ক্রিয়া' বলে গণ্য করি। যেমন, He has a car. He hasn't a car. Has he a car? We have a nice house. You haven't a nice house. Have they a nice house?

একই ধরনের অর্থে অতীতকালে had ক্রিয়াপদটিকে আমরা সাধারণ ক্রিয়া বলে গণ্য করতে পারি। যেমন, we had a dog in those days. You didn't have a dog in those days. Did they have a dog in those days?

অধিকার ভিন্ন অন্য অর্থে এই একই ক্রিয়াটি আবার বেশ ব্যবহৃত হয়। যেমন, যখন আমরা বলি, He *has* coffee for breakfast (প্রাতঃরাশে তিনি কফি নিয়েছেন), তখন আমরা প্রকৃত বলতে চাই "পান করেছেন"। এ সব ক্ষেত্রে have, has এবং had ক্রিয়াপদগুলিকে 'সাধারণ ক্রিয়াপদ' রূপে গণ্য করা হয়:

He has tea for breakfast. I don't have tea. Do you have tea? We had a holiday yesterday. You didn't have a holiday yesterday.

সংক্ষিপ্ত-উত্তর

হ্যাঁ বা না ধরণের প্রশ্ন সব সময় এক বিশেষ ক্রিয়াপদ দিয়ে আরম্ভ করতে হয়। এ ধরনের প্রশ্নের উত্তরও অনুরূপ বিশেষ ক্রিয়াপদ দিয়ে শেষ-করা উচিত। যথা:

তালিকা—৩৬নং

প্রশ্ন	নিশ্চয়াত্মক উত্তর	না-সূচক উত্তর
Am I your friend ?	Yes, you are.	No, you aren't
Is he coming soon ?	Yes, he is.	No, he isn't.
Are they all here ?	Yes, they are.	No, they aren't
Are you ready ?	Yes, I am (we are).	No, I'm not (we aren't).
Was Patrick there ?	Yes, he was	No, he wasn't.
Were your friends talking ?	Yes, they were	No, they weren't.
Do you like coffee ?	Yes, I do	No, I don't.
Does she teach English ?	Yes, she does	No, she doesn't.
Did Elsa understand ?	Yes, she did.	No, she didn't
Have you any cigarettes ?	Yes, we have	No, we haven't
Has he enough money ?	Yes he has	No, he hasn't

তালিকায় যে উত্তর দেখান হয়েছে তা ছাড়াও I think কিংবা I don't think কথাগুলিও যোগ করা যায়। উদাহরণ, Is he coming soon ? —Yes, I think he is, কিংবা No, I don't think he is ১৬নং পাঠে এ বিষয়ের আলোচনা করা হয়েছে। আমার মনে হয় এ পাঠটি, বিশেষ ক'রে ৮৭ পাতাটি আবার পড়ে দেখুন।

অনুশীলন—৬

৩৬নং তালিকা ভাল ক'রে দেখার পর, প্রথম ঘরে রাখার জন্যে আপনি নিজ থেকেই প্রশ্ন রচনা করুন এবং উপযুক্ত সংক্ষিপ্ত উত্তর (উচ্চকণ্ঠে) দিন।

পাঠ—২৭

শব্দ-সংগ্রহ

alone—একলা

cafe—কফিখানা, চা-র দোকান

cake—কেক

can—পারা

can't—না পারা

coat—জামা, কোট

Edinburgh—এডিনবরা (স্কট-ল্যাণ্ডের সহর)
either—দুয়ের মধ্যে একটি
faint—ক্ষীণ, মূর্চ্ছা যাওয়া
husband—স্বামী
if—যদি
language—ভাষা
lose, lost—হারান, হারিয়ে গিয়েছিল
lose one's way—পথ হারান
lunchtime—দুপুরের খাবার সময়
matter—আবশ্যক হওয়া
more—আরো
some more—আরো কিছু
must—নিশ্চয়
need—প্রয়োজন
probably—সম্ভবতঃ
quickly—তাড়াতাড়ি, দ্রুত
raincoat—বর্ষাতি
shall—ব, (ক্রিয়াপদে)
speak, spoke—কথা বলা, কথা বলেছিল
what—যেটা, সেটা
will ('ll)—বে, (ক্রিয়াপদে)
won't—নয় (না করা অর্থে)

'বিশেষ ক্রিয়াপদ' will

২৬নং পাঠে ১৫০নং পৃষ্ঠায় আমরা বলেছি "বিশেষ ক্রিয়াপদ" বলতে আমরা কি বুঝি। যে ক্রিয়াপদগুলিকে না-সূচক অর্থে পরিণত করা যায় শুধু not কথা যোগ ক'রে, আর প্রশ্ন-সূচক অর্থে পরিণত করা যায় কর্ত্তার পূর্ব্বে শুধু ক্রিয়াপদটি রেখে, তাদের মধ্যে এটা হ'ল একটি 'বিশেষ ক্রিয়াপদ'।

এবারে আমরা এই ধরনের কয়েকটি নতুন ক্রিয়াপদের কথা আপনাকে বলব। প্রথমে ক্রিয়াপদ will. এটা অপর ক্রিয়াপদের সরল ভবিষ্যত কাল প্রকাশের জন্যে ব্যবহার করা হয়।

He is twenty now ; he will be twenty-one next year.

"তাঁর বয়স এখন বিশ বছর ; আগামী বছরে তাঁর বয়স হবে একুশ।"

ক্রিয়াপদ will-এর পরে আসে অসমাপিকা ক্রিয়াপদ, তবে এর সঙ্গে to শব্দটা বাদ দেওয়া হয়। এখানে আরো একটি উদাহরণ দেওয়া হ'ল :

It isn't raining now, but it *will rain* to-morrow.

"এখন বৃষ্টি পড়ছে না, কিন্তু আগামী কাল বৃষ্টি পড়বে।"

সরল ভবিষ্যত কাল ব্যবহার করা হয়, ভবিষ্যতে কি ঘটার সম্ভাবনা সে সম্বন্ধে 'ভবিষ্যত' বাণী করার জন্যে। এর অর্থটি ঠিক going to রূপের

অর্থের মত নয়। going to রূপের অর্থ, ইচ্ছা বা মনোভাবের সঙ্গে জড়িত।

I *am going to write* to him, and I hope *he will* read my letter.

"আমি তাঁকে চিঠি লিখছি, আর আমি আশা করি তিনি আমার চিঠি পড়বেন।"

Will কথাটি সকল পুরুষেই, এক বা বহুবচনে ব্যবহার করা চলে। ব্যাকরণগত ভাবে সঠিক হ'ল যে I এবং we কথার সঙ্গে ব্যবহার করতে গেলে will-এর বদলে shall শব্দটি ব্যবহার করতে হবে (উত্তম পুরুষ এক বা বহুবচনে)। কিন্তু আজকাল ক্রমশঃ বেশী সংখ্যায় ইংরাজরা I will এবং we will বলার দিকে ঝোঁক দিচ্ছে বেশী। এই সরল প্রথম পাঠ সমষ্টির জন্যে আমরা বলি যে আপনি এই সহজ নিয়মটাই শিখে রাখুন। প্রতিদিনকার কথাবার্ত্তায় will শব্দটি ছোট্ট ক'রে 'll বলা হয়। যেমন, I'll, you'll, he'll, they'll, that'll ইত্যাদি।

Will হচ্ছে একটী বিশেষ ক্রিয়া। এটিকে না-সূচক অর্থে পরিণত করতে হ'লে শুধু not যোগ করলেই চলবে; আর প্রশ্ন আকারে ব্যবহার করতে গেলে কর্ত্তার পূর্ব্বে will কথাটি বসালেই চলবে:

It will not rain this afternoon.

Will you be at the meeting?

Will not কথা দু'টী সাধারণতঃ ছোট্ট করা হয়: won't (wount). I won't go without you (want এই সম্পূর্ণ অন্য ক্রিয়াপদের সঙ্গে ও কথাটির গোলমাল করবেন না। এটার উচ্চারণও লক্ষ্য করুন; want (wənt) I want to go without you. "আমি আপনাকে না নিয়ে যাব না" হচ্ছে একথা আর "আমি আপনাকে না নিয়ে যেতে চাই"— হচ্ছে সম্পূর্ণ অন্য কথা।)

বিশেষ ক্রিয়াপদ can

He can drive—বাক্যের অর্থ হ'ল "তিনি গাড়ী চালাতে পারেন।" ক্রিয়াপদ can (kæn) সকল পুরুষেই, এক বা বহুবচনে, একই রূপে থাকে আর এর পরে to ব্যতিরেকে আসে অসমাপিকা ক্রিয়াপদ। যদি

কথাটির উপর জোর দেবার প্রয়োজন না হয়, তাহ'লে নিশ্চয়াত্মক বাক্যে এটী সাধারণতঃ সংক্ষিপ্ত ক'রে (kn) ভাবে উচ্চারণ করা হয়।

না-সূচক শব্দ হ'ল cannot—সব সময় একটি কথা হিসাবে লেখা হয়। কথা বলার সময় সংক্ষিপ্ত ক'রে বলা হয় can't (ka : nt), আর প্রশ্নের সময় can শব্দটি প্রথমে রাখতে হয়,—can I help you ? (আপনাকে কি সাহায্য করতে পারি ?)

বিশেষ ক্রিয়াপদ must এবং need

You must go, বাক্যের অর্থ হ'ল, "আপনাকে যেতেই হবে।" ক্রিয়াপদ must (mʌst) সকল পুরুষেই, এক বা বহুবচনে একই রূপে থাকে, আর এর পরেই আসে to ব্যতিরিক্ত অসমাপিকা ক্রিয়াপদ। যদি না জোর দিয়ে বলার প্রয়োজন হয়, তাহ'লে সাধারণতঃ নিশ্চয়াত্মক বাক্যে, উচ্চারণ করার সময় সংক্ষিপ্ত ক'রে বলা হয় (must).

একটি প্রয়োজনীয় বিষয় হ'ল যে ক্রিয়াপদের না-সূচক অর্থে দু'টী রূপ হয়, mustn't ও needn't. এরকম হ'বে কেন ? অবশ্য তার কারণ আছে, ভেবে দেখুন ক্রিয়াপদের অর্থটি কি :

You must go বাক্যের অর্থ হ'ল—"আপনার চলে যাওয়া প্রয়োজন।" এখন এর একটি সম্ভাব্য না-সূচক অর্থ হবে—"আপনার না যাবার প্রয়োজন আছে, যেখানে আছেন সেখানেই আপনাকে থাকতে হবে।" এই ভাব প্রকাশ করা হয়, you mustn't go ('mʌsnt)—বাক্যে।

আবার, অন্য না-সূচক অর্থে হবে,—"আপনার পক্ষে যাবার প্রয়োজন নেই, আপনি যেতেও পারেন কিংবা থাকতেও পারেন, যা আপনি চান।" এই ভাব প্রকাশ করি এই ব'লে, you needn't go ('ni :dnt).

এরকম ভাবে ব্যবহৃত হ'লে আর পরে to ব্যতিরিক্ত অসমাপিকা ক্রিয়াপদ এলে, আমরা need ক্রিয়াপদকে "বিশেষ ক্রিয়া" রূপে গণ্য করি, আর not কিংবা n't যোগ ক'রে না-সূচক অর্থে পরিণত করি।

প্রশ্নের আকারে পরিবর্ত্তন করতে হ'লে, আমরা বলতে পারি Must you go ? কিংবা Need you go ? অর্থের বিশেষ কোন পরিবর্ত্তন হয় না।

সংক্ষিপ্ত জবাব

এই চারটি নতুন "বিশেষ ক্রিয়াপদ", প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর রূপে ব্যবহার করা যায় ; ইতিপূর্ব্বে যেগুলি শিখেছেন ঠিক সেই রকমে।

Will you brush my jacket? Yes, I will. No, I won't.

Will it rain this afternoon? Yes, it will. No, it won't.

Can she play the piano? Yes, she can. No, she can't.

Must / Need } we wait here? Yes, we must. No, we needn't.

অনুশীলন—১

ইংরেজীতে এ বাক্যগুলি কি ভাবে বলবেন : (a) নিশ্চয় আপনাকে আমরা এক পাইট দুধ ধার দিতে পারি। (b) ওঁরা কি ওঁদের যাত্রা (ভ্রমণ অর্থে) উপভোগ করবেন ব'লে আপনি মনে করেন ? (c) আমি রেডিওটা বন্ধ ক'রে দিচ্ছি। (d) শীঘ্রই আপনাকে আমাদের সঙ্গে খাবার জন্যে আসতে হবে। (e) তাঁর তাড়াতাড়ি করার প্রযোজন নেই, আমি নিশ্চিত জানি তাঁর দেরী হবে না। (f) চেকটা হারাবেন না। (g) আপনার স্বামী কি আগামী কাল আমাদের টেলিফোন করতে পারেন ? (h) বাড়ীতে ফিরতে আমাদের দেরী হবে না। (i) ব্যাঙ্কে আমাদের কতবার ক'রে যেতে হবে ? (j) আমাকে লিখতে ভুলে যাবেন না, তবে ফটো পাঠাবার প্রয়োজন নেই।

কথোপকথন

জন, হেলেন ও এলসা বেনেডিক্ট্, এডিনবরায় তাঁদের ছুটি কাটাতে আরম্ভ করেছেন। জন ও হেলেন সেদিন সকালবেলা কি করবেন তা নিয়ে আলোচনা করছেন। হেলেন বলছেন যে এডিনবরার লোকেদের কথা বুঝতে তাঁর অসুবিধা হচ্ছে। ইংলণ্ডের লোকেরা যে ভাবে কথা ব'লে, স্কটল্যাণ্ডের লোকেরা ঠিক সে ভাবে কথা বলে না—শব্দের উপর জোর দেবার তারতম্য আছে। স্কটল্যাণ্ডের লোকেদের কথা বলার রীতি সত্যিই বোঝা কঠিন নয় —স্কটল্যাণ্ডের লোকেরা দাবী করেন যে ইংরেজদের চেয়ে স্কটদের কথা বেশী পরিষ্কার। কিন্তু হেলেন ওঁদের কথা বলার ভঙ্গি বোঝবার সময়

এখনও পাননি। তিনি চান যে এলসা তাঁর সঙ্গে Princess Street-এ (এডিনবরার নামকরা প্রধান রাস্তা) যান, কারণ যেমন তিনি বলছেন, If I go alone, I'll lose my way, "যদি আমি একলা যাই তাহ'লে আমি পথ হারাবই।"

ক্রিয়ার বিশেষণ, probably—"সম্ভবতঃ" :—কথাটী লক্ষ্য করুন। এটী খুব বেশী সময় ভবিষ্যত বাণীর জন্যে সরল ভবিষ্যত কালে ব্যবহৃত হয়। It will probably rain to-morrow. I'll probably buy a few things. (বাক্যের কোন স্থানে probably কথাটী রাখা হয়, সেটীও লক্ষ্য করুন)

না-সূচক বাক্যের শেষে either কথাটি ব্যবহার করা হয় "ও না" অর্থের মত : I don't want to leave, and I don't want *you* to leave either. "আমি ছাড়তে চাই না আর চাই না আপনিও ছাড়েন।" She does not understand. Her mother does not understand either.

লক্ষ্য করার মত আরো কয়েকটি বাক্যাংশ : You must learn to understand the way they speak—কি ভাবে তাঁরা কথা বলেন তা বোঝা আপনাকে শিখতে হবেই।

I can't learn to do that so quickly.—ওটা অত তাড়াতাড়ি করা আমি শিখতে পারি না।

We'll only be here for a few days.—আমরা মাত্র ক'টা দিন এখানে থাকব।

(ক্রিয়াপদের আগেই only শব্দটির অবস্থান লক্ষ্য করুন. হয়ত যুক্তি-সঙ্গত অবস্থান নয়, তাহ'লেও প্রতিদিনের সাধারণ ইংরেজী কথোপকথনে খুবই ব্যবহৃত হয়।)

It doesn't matter.—ঠিক আছে।

রেকর্ডের লিখিত ভাষ্য

John : Are you going out ?

Helen : Yes, I am. I want to go along Princess Street.

John : Oh, what are you going to do there ?

Helen : Oh, I'll probably buy a few things.

John : Have you enough money or will you want some more ?

Helen : I think I'll have enough. I needn't buy many things. Will you come with me ?

A cup of coffee and a cake at a cafe.

John : No, I don't think I will. I feel tired, and I want to rest.

Helen : Then Elsa must come with me instead. I'll lose my way if I go alone. I can't understand what people say in Edinburgh.

John : You must learn to understand the way they speak.

Helen : I know. But we'll only be here for a few days. And I can't learn to do that so quickly. John, must I take my rain-coat ? Do you think it'll rain ?

John : No, it won't rain this morning. You needn't take a coat. Don't you want any breakfast ?

Helen : Not really.

John : Oh, you *must* eat something before you go out. You'll be hungry before lunchtime.

Helen : No, I won't. I'll get a cup of coffee and a cake at a cafe.

John : Well, all right. But you mustn't faint, in the street !

Helen : It doesn't matter ; Elsa will be with me.

John : She doesn't understand the Scots either !

অনুশীলন—২

কথোপকথন সম্বন্ধে প্রশ্নের সম্পূর্ণ উত্তর লিখুন।

(a) Where does Helen want to go ? (b) Where is Prince's Street ? (c) What is she going to do there ? (d) Need she buy many things ? (e) Will she want any more money from her husband ? (f) Why won't John go with her ? (g) Who must go with her instead ? (h) Why doesn't she want to go alone ? (i) Does John think it will rain ? (j) Need she take a coat ? (k) What is she having for breakfast ? (l) Will she be hungry ?

পাঠ—২৮

শব্দ-সংগ্রহ

already—ইতিপূর্ব্বেই
anthem—রাষ্ট্র-গীতি
as—মত, যখন
beard—দাড়ি
certainly—নিশ্চয
clarinet—ক্ল্যারিওনেট, বাঁশী
conductor—পরিচালক
different—বিভিন্ন
interval—বিরতি
item—দফা
national—জাতীয়
national anthem—জাতীয় রাষ্ট্র-গীতি
number—সংখ্যা
orchestra—অর্কেষ্ট্রা, সমবেত যন্ত্র-সঙ্গীত
player—খেলোয়াড, বাদক
programme—অনুষ্ঠান
remember—স্মরণ করা
row—সারি, শ্রেণী (আসনের শ্রেণী)
secretary—সম্পাদক
somebody—কেউ
stamp—ডাকটিকিট
symphony—সিম্ফনী (য়ুরোপীয় সমবেত সঙ্গীত)

না-সূচক প্রশ্ন কেমন ভাবে জিজ্ঞাসা করবেন

প্রথমতঃ, কখন না-সূচক প্রশ্ন জিজ্ঞাসা করার প্রয়োজন হবে ? আচ্ছা, একটা বিশেষ অবস্থার কথা মনে করা যাক। আপনি আর আপনার কয়েকজন বন্ধু 'থিয়েটার' দেখতে যাচ্ছেন, বাড়ী ছাড়ছেন সাড়ে ছ'টায়। আপনি একজন বন্ধুর ঘরে গিয়ে দেখলেন যে তিনি হাত মুখ ধোননি, কাপড়ও ছাড়েননি অথচ সময় হ'য়েছে ছ'টা পঁচিশ। আপনি আশ্চর্য্য হয়ে গেলেন এবং জিজ্ঞাসা করলেন, "এখনও তৈরী হননি কেন ?" "আপনি কি আমাদের সঙ্গে আসছেন না ?" না-সূচক প্রশ্নের দু'টী রূপ হচ্ছে এই রকম।

ইংরেজীতে বিশেষ ক্রিয়াপদের না-সূচক রূপের সংক্ষিপ্ত আকার দিয়ে না-সূচক প্রশ্ন সাধারণতঃ আরম্ভ হয়। যথা : Aren't you coming with us ?

তালিকা—৬৭নং

Aren't I going with you ?
Isn't this your hat ?
Aren't those letters ready ?
Wasn't his passport valid ?
Weren't my answers right ?
Don't you understand ?
Doesn't he speak English ?
Didn't they enjoy the programme ?

Haven't you any time now ?
Hasn't she any friends ?
Won't the bus be late ?
Can't you go to sleep ?
Mustn't we take these flowers ?
Needn't he wash his hands ?

(লক্ষ্য করলে দেখবেন যে উত্তম পুরুষ একবচনে, aren't এই সংক্ষিপ্ত না-সূচক পদ নেই ব'লে, আমরা কথোপকথনে বহুবচনের না-সূচক পদ aren't ব্যবহার করি।)

ইংরেজীতে না-সূচক প্রশ্ন—why, where কিংবা what এই প্রশ্ন-শব্দ দিয়েও আরম্ভ হতে পারে। কিন্তু তা সত্ত্বেও একটি বিশেষ ক্রিয়াপদ পরে থাকবে। এখানে কয়েকটি উদাহরণ দেওয়া হ'ল :

Why aren't they ready ?
Where didn't you go ?

What can't you understand ?
What bags needn't we take with us ?

অনুশীলন—১

নিম্নলিখিত নিশ্চয়াত্মক বাক্যগুলি না-সূচক প্রশ্নে রূপান্তরিত করুন। যথা, you can read হবে—can't you read? (a) Your daughter must help you. (b) His clock is slow. (c) All your friends were there. (d) There was a policeman in the street. (e) She will be hungry. (f) I am doing it carefully. (g) They all want to go. (h) The secretary wrote this. (i) He can spend all his money. (j) He goes to a meeting every Friday.

"নয় কি?" কথাটি ইংরেজীতে কেমন ভাবে বলতে হবে?

"এটা আপনার টুপি, নয় কি?" "চিঠিগুলি তৈরী হয়েছে, নয় কি?" বাংলায় বাক্যের শেষে একটী মাত্র বাক্যাংশ সব সময় ব্যবহার করা সম্ভব। আমরা এটীকে "প্রশ্ন-যোগ" শব্দ বলতে পারি। ইংরেজীতে আমরা এটা ব্যবহার করি সাধারণতঃ আমরা যা বলছি তাতে শ্রোতা যেন সম্মতিজ্ঞাপক উত্তর দেন। সত্যি এটা ঠিক প্রশ্ন নয়। তাহ'লেও প্রতিদিনের সাধারণ ইংরেজী কথাবার্ত্তায় এটী হচ্ছে অত্যন্ত প্রয়োজনীয় অংশ।

বাংলায় "নয় কি?"-র মত এমন একটি মাত্র বাক্যাংশ ইংরেজীতে নেই, যেটা সকল সময়ে ব্যবহার করা যেতে পারে। এর বদলে, বাক্যে কিছু পূর্ব্বে ব্যবহৃত "বিশেষ ক্রিয়াপদের" প্রতিধ্বনিসূচক বাক্যাংশ আপনাকে ব্যবহার করতে হবে। একটা উদাহরণ দেখুন, "আপনি পড়তে পারেন, নয়কি?" you can read, can't you?

লক্ষ্য করুন যে না-সূচক সংক্ষিপ্ত আকারে কেমন ভাবে can ক্রিয়াপদটি, পরে সর্ব্বনামের সঙ্গে আবার উল্লেখ করা হচ্ছে। আরো যে উদাহরণ দেওয়া হ'ল সেগুলি মন দিয়ে দেখুন:

I am going with you, aren't I?
This is your hat, isn't it?
His passport was valid, wasn't it?
You have some time, haven't you?
The bus will be late, won't it?
The girls must stay at home, mustn't they?

লক্ষ্য করুন প্রথম দিকের বিশেষ ক্রিয়াপদ, "প্রশ্ন-যোগ" শব্দে কেমনভাবে

না-সূচক প্রশ্নে আবার ব্যবহার করা হয়। (এ নিয়ম খাটে না শুধু I শব্দের ক্ষেত্রে, তখন aren't কথাটি ব্যবহৃত হয়)। আরো লক্ষ্য করবেন যে বাক্যের কর্ত্তার অনুরূপ এক সর্ব্বনাম শেষের দিকে থাকবে।

যদি বাক্যের প্রথম অংশে কোন বিশেষ ক্রিয়াপদ না থাকে অর্থাৎ যদি কোন সাধারণ ক্রিয়াপদ সরল বর্ত্তমান কিংবা অতীতকালে ব্যবহৃত হয় তাহ'লে "প্রশ্ন-যোগ" শব্দ don't, doesn't কিংবা didn't ব্যবহার করুন। যথা :

Your sister understands me, doesn't she ?

Those people want to help us, don't they ?

We answered your letter, didn't we ?

অনুশীলন—২

নিম্নলিখিত বাক্যগুলিতে যথোপযুক্ত "প্রশ্ন-যোগ" শব্দ লাগান।

(a) Your friend is waiting outside. (b) The women are cooking our dinner. (c) The building is very beautiful. (d) It was a fine day yesterday. (e) He has two brothers. (f) You will thank them for me. (g) We must hurry up. (h) The programme starts at nine. (i) You sleep in this room. (j) Helen woke up early.

নিশ্চয়াত্মক "প্রশ্ন-যোগ" শব্দ

এখন পর্য্যন্ত আমরা বলেছি, **নিশ্চয়াত্মক** বিবৃতির পর **না-সূচক** "প্রশ্ন-যোগ" শব্দের কথা। কিন্তু যদি বিবৃতি না সূচক হয়, তাহ'লে পরে যে "প্রশ্ন-যোগ" শব্দ আসবে তা হবে নিশ্চয়াত্মক। এই রকম :

You haven't a cigarette, have you ?

My secretary didn't send that letter, did she ?

I'm not late, am I ?

There isn't any bread, is there ?

প্রত্যেক 'বিশেষ ক্রিয়াপদ' ব্যবহার ক'রে উদাহরণ দেবার প্রয়োজন নেই। অন্য বিশেষ ক্রিয়াপদগুলির রূপ আপনি নিজেই বার ক'রে নিতে পারবেন আর তারপর নিম্নের অনুশীলনটি করবেন।

অনুশীলন—৩

নিম্নলিখিত না-সূচক বিবৃতিতে, নিশ্চয়াত্মক "প্রশ্ন-যোগ" শব্দ লাগান।

(a) It isn't a very nice day. (b) We aren't staying here long. (c) There wasn't a stamp on the envelope. (d) The old people weren't tired. (e) You don't know him. (f) That watch doesn't work very well. (g) The porter didn't bring our suitcase. (h) This building hasn't a back door. (i) You won't be late. (j) We needn't wait for him. (k) Miss Ferguson can't work for us.

কথোপকথন

জন ও হেলেন বেনেডিক্‌ট্ আর তাঁদের মেয়ে এলসা এডিনবরার এক সঙ্গীত আসরে এসেছেন। তাঁরা (In row F), "F" (বা ছয় নম্বর) সারিতে তাঁদের আসন এইমাত্র খুঁজে পেয়েছেন।

লক্ষ্য করার মত কয়েকটি বাক্য-বিন্যাস এখানে দেওয়া হ'ল :

That's right —ঠিকই।

Of course not — নিশ্চয় নয়।

Go through the bar — পানাগারের ভিতর দিয়ে যাওয়া।

The National Anthem — জাতীয় রাষ্ট্র-গীতি (God save the Queen)

The first clarinet-player — প্রথম ক্ল্যারিনেট (এক রকমের বাঁশী) বাদক।

Don't you remember ? — আপনার মনে নেই ?

He looks different without his beard — দাড়ি না থাকায় তাঁকে অন্য রকম দেখাচ্ছে।

Do just as you like — নিজের ইচ্ছামত করুন।

কথোপকথনে প্রশ্ন-যোগ ও না-সূচক প্রশ্নের নানা প্রকার ব্যবহার খুব ভাল ভাবে লক্ষ্য করুন।

রেকর্ডের লিখিত ভাষ্য

Helen : These are our seats, aren't they ?

John : Yes, I think they are. Row F, numbers five, six and seven. That's right.

Helen : Aren't you going to buy a programme ?

John : Of course not. Elsa bought three yesterday, didn't you, Elsa ?

Elsa : Yes, here they are.

Helen : You'll want a drink in the interval, won't you ?

John : Yes, I certainly will.

Elsa : We can all go through to the bar from here, can't we ?

Helen : What's the first item on the programme ? A Beethoven symphony, isn't it ?

John : Yes, but I think they always play the National Anthem first.

Elsa : Father, you know somebody in this orchestra, don't you ?

John : Yes, old George MacDougall, the first clarinet-player. Don't you remember ? He came to our house for a holiday when you were a little girl.

Old George MacDougall, the first clarinet-player.

Elsa : He was that man with a red beard, wasn't he ?

Helen : Yes, that's the man. John, isn't that George coming in now ? Doesn't he look different without his beard ?

John : Of course he looks different because that isn't George at all ! George is already sitting down. There, you can see him, can't you ?

Helen : I needn't take my hat off, need I ?

John : No, do just as you like.

Helen : Ah, here's the conductor.

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—২৭ এবং ২৮

It isn't raining now, but it will rain to-morrow......He can talk, but he can't write......I must go, but you needn't go......Can't she do it ?...Won't those men help her ?

Remember—ক্রিয়াপদ

এই খুব প্রয়োজনীয় ক্রিয়াপদ ব্যবহারের একটি মাত্র উদাহরণ এ কথোপকথনে পেয়েছেন। এ শব্দ দিয়ে রচিত কয়েকটি সাধারণ বাক্য-বিন্যাস এখানে দেওয়া হ'ল :

Do you remember that day ? —সেদিনের কথা মনে আছে ?

I must remember to ask him —তাঁকে জিজ্ঞাসা করার কথা মনে রাখতে হবে।

I remember writing to you —আপনাকে চিঠি লিখেছি বলে আমার মনে পড়ছে।

পাঠ—২৯

শব্দ-সংগ্রহ

above—উপরে, উর্দ্ধে
anyway—যাহোক
call—ডাকা
be called—আবাহিত হওয়া
careful—সতর্ক
deep—গভীর
direct—নির্দেশ দেওয়া, পরিচালনা করা
excuse—মাপ করা
foot, feet—ফুট, ফিট (একাধিক ফুট-মাপ)
had better—উচিত, ভাল হয়
happen to—দৈবাৎ
high—উঁচু
hill—পাহাড
inch—ইঞ্চি
low—নিচু
mile—মাইল
miss—হারান
museum—যাতুঘর
narrow—সঙ্কীর্ণ
pleasure—আমোদ, আনন্দ
quite—সম্পূর্ণরূপে
road—রাস্তা

several—কয়েকটি
shallow—অগভীর
short—ছোট
stores—দোকান
straight—সোজা
tall—লম্বা
thick—মোটা
thin—সরু
tram—ট্রাম
turning—মোড়, রাস্তা
view—দৃশ্য
walk—ভ্রমণ
wide—চওড়া
yard—গজ (মাপ)

ইংরেজীতে আয়তন

ক্রিয়া ও ক্রিয়ার রূপের বদলে সহজ কিছুর দিকে দেখা যাক, দেখা যাক দূরত্বের পরিমাপ। প্রথমে পরিমাপের নাম।

One yard পরিমাপে হচ্ছে—এক গজ অর্থাৎ দু' হাত। বিজ্ঞানে 'মিটার' ব্যবহার ছাড়া যে সব দেশে ইংরেজীর ব্যবহার আছে সেখানে yard হচ্ছে দীর্ঘতা পরিমাপের প্রধান মাপ। কাপড় কিংবা সুতা মাপবার সময়, মানুষের থুতনী থেকে আঙ্গুলের শেষ ডগা পর্য্যন্ত দূরত্বের মত প্রায়, কিংবা এটা মানুষের লম্বা পা ফেলে চলার দূরত্বের প্রায় সমান। এক "মিটারে"র চেয়ে কিছু কম-প্রায় দু'হাত।

Three feet make one yard. A foot (বহুবচনে feet) হচ্ছে ৩১ সেন্টিমিটার। এটা লম্বায় মানুষের (foot) পায়ের মত, সেই কারণেই এই নাম হয়েছে।

Twelve inches make one foot.

There are thirty six inches in a yard.

ইঞ্চি হচ্ছে আড়াই সেন্টিমিটার—প্রায় বুড়ো আঙ্গুলের মাথা থেকে পরের দাগ পর্য্যন্ত।

1760 yards or 5280 feet make one mile. এক মাইল হচ্ছে প্রায় ১৬০০ মিটার অথবা ৮/৫ কিলোমিটার (প্রায় আধ ক্রোশের কিছু কম)।

আমরা কাপড় প্রভৃতি মাপার জন্যে আর ঘরের বাইরের কম দূরত্ব মাপার জন্যে ইংরেজীতে yards কথাটি ব্যবহার করি। যেমন, My house is about two hundred yards along the road.

আমরা ইংরেজীতে feet কথাটি ব্যবহার করি ঘরের আয়তন, কাঠ

(wood), পর্ব্বতের উচ্চতা (Mount Blanc is over fifteen thousand feet high), নদীর গভীরতা কিংবা মানুষের দীর্ঘতা মাপার জন্যে।

আমরা এর চেয়ে ছোট জিনিষের জন্যে inches আর বড়র জন্যে miles ব্যবহার করি।

পরিমাপ সংশ্লিষ্ট বাক্য-বিন্যাস

To drive at thirty miles on hour—ঘণ্টায় তিরিশ মাইল গাড়ী চালান।

The room is twenty feet long—ঘরটা লম্বায় প্রায় ১৪ হাত।

The room is fifteen feet wide—ঘরটা চওড়ায় প্রায় ১০ হাত।

The room is nine feet high—ঘরটা ছ' হাত উঁচু।

He is five feet ten inches tall—সে লম্বায় ৫ ফিট ১০ ইঞ্চি।

This river is twelve feet deep—নদীটি প্রায় ৮ হাত গভীর।

The book is two inches thick—বইটি দু'ইঞ্চি চওড়া।

উপরের বাক্যগুলির প্রতিটির শেষ শব্দ হচ্ছে বিশেষণ। ওগুলির বিপরীতাত্মক কথা এখানে দেওয়া হ'ল :

Long, short. Deep, shallow. Thick, thin.

Wide, narrow. High, low. Tall, short.

উদাহরণ—He is a tall man, but he is rather thin. How tall is he ? He is six feet three inches tall.

লক্ষ্য করুন যে মানুষের উচ্চতা বলার জন্যে ইংরেজীতে আমরা high কথাটি ব্যবহার করি না।

"অনেকদূর ?"

Is it far ? Far এই ইংরেজী শব্দের অর্থ মোটামুটি হ'ল—"দূর", কিন্তু কথাটি ঠিক এরকম উপায়ে ব্যবহৃত হয় না। ইংরেজীতে আমরা কথাটি প্রধানতঃ প্রশ্ন ও না-সূচক বাক্যে ব্যবহার করি। নিশ্চয়াত্মক বাক্যে ঐ শব্দের পরিবর্ত্তে আমরা বলি—a long way (অনেকদূর)। যেমন :

How far is it to the station ? স্টেশনটি কত দূরে ?

It isn't far to my house. আমার বাড়ী বেশী দূরে নয়।

It's a long way to the church—গীর্জ্জা অনেক দূরে।

(It's far to the Church—হবেনা)

দূরত্ব সম্বন্ধে বিবৃতি সামান্য ভিন্নভাবে প্রকাশ করা যায়। Away কিংবা off শব্দ শেষে যোগ ক'রে এই রকমে করতে হবে :

It isn't far to my house—My house isn't far off (away).

It's a long way to the Church—The church is a long way off (away).

এই বাক্য-বিন্যাসগুলি নির্দ্দিষ্ট দূরত্ব নির্দ্দেশেও ব্যবহার করা চলে।

It's a mile to the station—The station is a mile away (off).

Off এবং away কথা ছাড়াও অন্যান্য ক্রিয়ার বিশেষণগত বাক্য-বিন্যাস ব্যবহার করা যায় :—

The bank is a mile *from here*—এখান থেকে নদীর ধার এক মাইল দূরে।

A hundred yards *down* (*up*) *the road*—এই রাস্তার উপর একশ' গজ দূরে।

Several hundred feet *above the city*. সহরের কয়েকশ' ফিট্ উপরে।

অনুশীলন—১

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর ইংরেজীতে দিন।

(a) How many inches are there in half a yard ? (b) How many yards are there in half a mile ? (c) About how many miles are there in forty-eight kilometres ? ("There are about..."). (d) I walk a mile along the road from my house, and then 1320 yards back. How far am I away from my house ? (e) A man is seventy-one inches tall. How tall is he in feet and inches ?

অনুশীলন—২

ইংরেজীতে এই কথাগুলি কি ভাবে বলবেন : (a) দোকান এখান থেকে অনেক দূরে। (b) উদ্বিগ্ন হবার প্রয়োজন নেই ; ওটা খুব বেশী দূরে নয়। (c) বলতে পারেন স্টেশন কত দূরে ? (d) ঐ রাস্তার উপর প্রায় একশ' গজ দূরে তাঁদের বাড়ী। (e) বাক্সটী আঠার ইঞ্চি লম্বা, এগার

ইঞ্চি চওড়া আর চার ইঞ্চি উঁচু। (b) এভারেষ্ট পর্ব্বত শৃঙ্গ (Mount Everest) উনতিরিশ হাজার ফিট উঁচু। (g) আমাদের মাথা থেকে দু'তিন ফিট উঁচুতে আলোটা ছিল। (h) সাবধান হ'ন, নদীটি একটু অগভীর। (i) এটা খুব সরু রাস্তা, নয় কি? (j) অক্সফোর্ড কত মাইল দূরে?

কথোপকথন

শ্রীযুক্ত ও শ্রীমতী (ইংরেজীতে মিষ্টার ও মিসেস্) বেনেডিক্ট্ এডিনবরায়। সেখানে Robertson's Stores (দোকান বা 'ভাণ্ডার') নামে একটী দোকানের খোঁজ জিজ্ঞাসা করছেন। এই পাঠে যে সব বাক্য-বিন্যাসের কথা বলা হ'য়েছে তার মধ্যে কয়েকটির উদাহরণ কথাবার্ত্তার মধ্যে পাবেন।

এই অতিরিক্ত বাক্য-বিন্যাসগুলিও লক্ষ্য করুন:

Excuse me!	মাপ করবেন।
Can you direct me to...?	বলতে পারেন কেমন ক'রে আমি···যাব?
Keep straight along	সোজা চলে যান।
The third turning on right	—ডান দিকের তৃতীয় রাস্তাটা
I am not quite sure	আমি সম্পূর্ণ নিশ্চিত নয (আমি ঠিক বলতে পারছি না)
You can't miss it	ওটা আপনার চোখে পড়বেই।
It's ten minutes' walk	—ওটা দশ মিনিটের হাঁটা পথ।
You had better take a tram	—আপনার ট্রাম গাড়ী নেওয়া উচিত।

(Had better বাক্য-বিন্যাসটি লক্ষ্য করুন, উপদেশ দেবার সময় এটী বেশীর ভাগ ক্ষেত্রে ব্যবহৃত হয়: এর অর্থ হচ্ছে—এটা ভাল হবে যদি [কর্ত্তাপদ] করেন।

I had better open the window—"আমার জানালাটা খোলা উচিত"।

It's called "Arthur's Seat"—এর নাম "আর্থারের আসন"।

There must be a fine view—ওখান থেকে নিশ্চয় চমৎকার দৃশ্য দেখা যায়।

(লক্ষ্য করুন must কথাটি কেমন ব্যবহৃত হয়েছে এখানে এর অর্থ হচ্ছে "নিঃসন্দেহে এটা সেই রকম")

Thank you. Not at all. ধন্যবাদ! মোটেই নয়।

It's a pleasure—এটা আনন্দের কথা।

We happened to ask an Englishman } দৈবক্রমে আমরা একজন ইংরাজকে জিজ্ঞাসা করলাম

রেকর্ডের লিখিত ভাষ্য

John : Excuse me—good morning! Can you direct me to Robertson's Stores?

Man : Robertson's Stores? Now, let me see. Oh, yes, of course. Keep straight along this road for about a quarter of a mile. Take the third turning

Keep straight along.

on the right. I *think* it's the third, but I'm not quite sure. Anyway, you can't miss it, because it's near a church. A narrow street, only twenty feet wide. The stores are on the left, about a hundred yards down the road.

John : So it isn't very far from here ?

Man : Oh, no, it's about ten minutes' walk. It's a tall building, about sixty feet high.

John : Ah, the National Museum's near there, too, isn't it ?

Man : Oh, no, that's a long way off. You had better take a tram. It's at least a mile away.

A narrow street.

John : Thank you.

Helen : That hill is called "Arthur's Seat", isn't it ?

Man : Yes, that's right.

Helen : There must be a very fine view from up there !

Man : Yes, it's several hundred feet above the city.

John : Well, thank you very much.

Man : Not at all ; it's a pleasure.

It's ten minutes' walk.

Helen : Do you know, I understood every word that man said !

John : Well, of course you did—he wasn't a Scotsman at all ; we happened to ask an Englishman the way !

অনুশীলন—৩

আপনার বাড়ী থেকে বেশী দূরে নয়, অথচ খুব কাছেও নয়, এমন একটি স্থান নির্ব্বাচন করুন। কল্পনা করুন একজন ইংরাজ আপনাকে সেখানকার পথ জিজ্ঞাসা করছেন। তাঁকে আপনি নির্দ্দেশ দিন। (যখন

প্রথমবারে আপনি এটা করবেন, তখন খুব ভালভাবে ভেবে তারপরে সবটা লিখে ফেলুন)। এর পরে অন্য একটা স্থান নির্ব্বাচন করুন আর দেখুন ভাববার জন্যে বেশী সময় না নিয়ে, কথা ব'লে উত্তর দিন।

অনুশীলন—৪

যে ঘরে আছেন সে ঘরের, যে টেবিলে আপনি প্রায় লেখাপড়ার জন্যে ব্যবহার করেন, সে টেবিলের, দরজা, জানালা আপনার চারিদিকে যা কিছু দেখছেন তার আয়তন যতদূর সম্ভব সঠিকভাবে বর্ণনা করুন।

(এতে আপনি সামগ্রীর আয়তন অনুমান ক'রে ইংরাজী মাপের অভ্যাস রাখতে পারবেন)।

পাঠ—৩০

শব্দ-সংগ্রহ

catch, caught—ধরা, ধরেছিল
concert—সমবেত সঙ্গীত, সঙ্গীত জলসা
exercise—ব্যায়াম
full—সম্পূর্ণ
glad—আনন্দিত
hall—হলঘর
lazy—অলস
look forward to—আগ্রহে অপেক্ষা করা
manage—ব্যবস্থা করা, চালান
manage to—সমর্থ হওয়া, করতে পারা
ought—উচিত
promise—প্রতিজ্ঞা করা
refuse—অস্বীকার করা
seem—মনে হওয়া
sincerely—আন্তরিকভাবে
skirt—ঘাগরা
supper—রাতের শেষ খাবার, রাত্রিকালীন আহার
together—একসঙ্গে
tweed—পশমের এক রকম টেরচা বুনন কাপড়

ক্রিয়াপদের পরেই অসমাপিকা ক্রিয়া

আগের কয়েকটি পাঠে আপনি সম্ভবতঃ লক্ষ্য করেছেন যে কতকগুলি ক্রিয়াপদের পরেই, অনেক ক্ষেত্রে অসমাপিকা ক্রিয়াপদ এসে থাকে।

উদাহরণ :

We tried to get in — ভিতরে যাবার জন্যে আমরা চেষ্টা করেছিলাম।

We forgot to ask them — তাঁদের জিজ্ঞাসা করতে আমরা ভুলে গিয়েছিলাম।

এ দুটী উদাহরণে try ক্রিযার পরেই অসমাপিকা ক্রিযাপদ to get এসেছে আর forget ক্রিযাপদের পরে, অসমাপিকা ক্রিয়া to ask এসেছে। যে সব ক্রিয়ার পরে অসমাপিকা ক্রিয়াপদ আসে, তাদের মধ্যে দু'টী হ'ল try এবং forget. এখানে এ রকম আরো কযেকটি ক্রিয়াপদ ও তাদের ব্যবহারের উদাহরণ দেখান হ'ল :

Ask : He asked to come in—তিনি ভিতরে আসবার জন্যে বললেন।

Hope : I hope to see him soon—আশা করি তাঁর সঙ্গে শীঘ্রই দেখা হবে।

Learn : He is learning to speak English—তিনি ইংরেজী বলতে শিখছেন।

I managed to open the door.

Manage : I managed to open the door—আমি দরজাটা খুলতে পেরেছিলাম।

Promise : I promise to wait for you — আমি তাঁর জন্যে অপেক্ষা করব ব'লে প্রতিশ্রুতি দিচ্ছি।

Refuse : She refused to see me — তিনি আমার সঙ্গে দেখা করতে অস্বীকার করলেন।

Remember : Remember to send that letter — চিঠিটা পাঠাবার কথা মনে থাকে যেন।

Seem : You seem to enjoy that book — বইটা পড়ে আনন্দ পাচ্ছেন ব'লে মনে হয়।

Want : [৭] Do you want to come with us ? — আমাদের সঙ্গে আসতে চান ?

এই উদাহরণের মধ্যে লক্ষ্য করবেন যে—(ক) ask শব্দের অনেকগুলি অর্থ, এখানে অনুরোধ অর্থে ব্যবহৃত হয়েছে। (খ) manage কথাটিরও অন্যান্য অর্থ আছে, বিশেষ ক'রে to manage a business (কারবার চালান), কিন্তু যখন শব্দটির পরেই অসমাপিকা ক্রিয়া আসে তখন এর অর্থ হয়, "কোন কিছু করতে সফল হওয়া।"

যখন এই রকম বাক্যগুলি আমরা না-সূচক বাক্যে পরিণত করতে চাই তখন আমাদের মনে রাখতে হবে যে কখন কখন না-সূচক অর্থ ক্রিয়ার সঙ্গেই থাকে আর কখন কখন অসমাপিকা ক্রিযার সঙ্গে জড়িত থাকে। এ কথাটি বুঝতে পারবেন নিম্নলিখিত উদাহরণগুলি যদি মন দিয়ে দেখেন :

He *didn't promise* to go away — তিনি চলে যাবেন ব'লে প্রতিজ্ঞা করেন নি।

He promised *not to go* away — তিনি যাবেন না ব'লে প্রতিজ্ঞা করেছিলেন।

I remembered to send the letter — চিঠি পাঠাবার কথা আমার মনে ছিল।

I *didn't* remember to send the letter. — চিঠি পাঠাবার কথা আমার মনে ছিল না।

Remember to speak to him — তাঁর সঙ্গে কথা বলার কথা মনে রাখবেন।

Remember *not to speak* to him — তাঁর সঙ্গে কথা না বলার কথা মনে রাখবেন।

বিশেষ ক্রিয়াপদের পরে অসমাপিকা ক্রিয়াপদ

উপরোক্ত সকল উদাহরণে আপনি ইংরেজী অসমাপিকা ক্রিয়ার পূর্ব্বে যে পদ-অংশ to থাকে, তা দিয়ে অসমাপিকা ক্রিয়া চিনতে পারেন। কিন্তু কখন কখন to কথা ব্যতিরেকেই অসমাপিকা ক্রিয়াপদ ব্যবহৃত হয় ; আমরা এগুলিকে "সাজহীন অসমাপিকা" বলতে পারি।

"সাজহীন অসমাপিকা" ক্রিয়াপদ, বিশেষতঃ কয়েকটি "বিশেষ ক্রিয়াপদে"র

পরে ব্যবহৃত হয়। যে ক্রিয়াগুলি আপনি ইতিপূর্ব্বেই জেনেছেন, তার মধ্যে কয়েকটি দিয়ে গঠিত কয়েকটি উদাহরণ এখানে দেওয়া হ'ল :

I will write. She doesn't understand. He must stop. They needn't wait. We can't come.

এই উদাহরণের প্রত্যেকটির শেষ কথা (ব্যাকরণগত ভাবে বলতে গেলে) অসমাপিকা রূপ নিয়েছে, যদিও এ সব শব্দের সঙ্গে স্বতন্ত্রকারী to শব্দটি নেই।

এখানে অন্য একটি বিশেষ ক্রিয়াপদ দেওয়া হ'ল। এটী এর আগে আপনি শেখেন নি। এটী হচ্ছে ought. না-সূচক অর্থে পরিণত করতে হ'লে, not কিংবা n't যোগ করতে হবে—oughtn't. প্রশ্নে রূপান্তরিত করতে হ'লে ought শব্দটি প্রথমে রাখতে হবে—ought I ? ought he ? কিন্তু আগের উদাহরণের বিপরীত মত এ ক্রিয়ার পরে to-যুক্ত অসমাপিকা ক্রিযাপদ আসে।

We ought to go home now. আমাদের এখন বাড়ী যাওয়া উচিত।

লক্ষ্য করেছেন বোধহয় যে ought শব্দের অর্থ must শব্দের অর্থের মত জোরাল নয়। এটা **প্রয়োজনের** কথা ইঙ্গিত করে না, উচিত এই অর্থ ইঙ্গিত করে। We ought to go home now—এই বাক্যের অর্থ হ'ল যে আমাদের নৈতিক কর্ত্তব্য হ'ল বাড়ী যাওয়া কিংবা বাড়ী যাওয়াটাই সবচেয়ে সঙ্গত কাজ হবে।

অনুশীলন—১

Has he a car ?—No, but he hopes to have a car. এই রকমে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন। অবশ্য নির্দ্ধারিত ক্রিয়াপদটি পরে অসমাপিকা ক্রিয়া ব্যবহার করতে হবে।

(a) Are you resting ?—No, but......(*Try*). (b) Is he going now ? (*Ought*). (c) Did you write the letter ? (*Promise*). (d) Can she speak English ? (*Learn*). (e) Is the water boiling ? (*Will*). (f) Are you burning those papers ? (*Must*). (g) Is your wife a good cook ? (*Want*).

অনুশীলন—২

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন : (a) ...দের কাছ থেকে শীঘ্রই চিঠি পাবার আশা আমরা করি। (b) আপনার দেওয়াল আলমারী খুলব না

ব'লে প্রতিজ্ঞা করেছি। (c) তিনি (স্ত্রীলোক) বুঝেছেন ব'লে মনে হয় না। (d) ডাক্তারকে ফোন করার কথা আপনার মনে ছিল কি ? (e) এই লোকগুলি এখানে থাকতে চান না। (f) সাতটার আগে না ছাড়ার কথা আমাকে মনে রাখতেই হবে। (g) আপনাকে সাহায্য করব ব'লে আমরা প্রতিজ্ঞা করতে পারি না। (h) সন্ধ্যেবেলার সংবাদপত্র কিনতে পেরেছেন কি ? (i) তাঁরা আমার পাস-পোর্ট দেখতে চাইলেন। (j) টাকা নিতে তিনি অস্বীকার করলেন।

মিসেস্ ইয়ং-এর জন্যে চিঠি

কথোপকথনের পরিবর্তে এবার আমরা বলছি, লণ্ডনে ডরথী ইয়ংকে, এডিনবরা থেকে হেলেন বেনেডিক্‌ট্-এর লেখা চিঠির কথা।

(দ্রষ্টব্য : এ চিঠিটা রেকর্ডের মধ্যে নেই)

এ চিঠিতে মিসেস বেনেডিক্‌ট্ অনেকগুলি ক্রিয়াপদ ব্যবহার করেছেন, সে-গুলির শেষে অসমাপিকা ক্রিয়াপদ আছে। ইনি কয়েকটি নতুন ক্রিয়াপদও ব্যবহার করেছেন—seem, promise, refuse, manage, ought. ইনি আরো একটি বাক্য-বিন্যাস করেছেন যাতে glad এই বিশেষণের পরে এক অসমাপিকা ক্রিয়াপদ এসেছে : He was glad to see us (আমাদের দেখে তিনি খুসী হ'লেন)।

Like ক্রিয়াপদের সঙ্গে, অসমাপিকা ক্রিয়াপদের পরিবর্তে "ing"যুক্ত আকার ব্যবহৃত হয় : I don't like walking (আমি হাঁটা পছন্দ করি না)।

এ নিয়ম look forward to (অপেক্ষা বা আশা ক'রে থাকা) বাক্য-বিন্যাসের ক্ষেত্রেও প্রযোজ্য। We are looking forward to *seeing* you again. (আবার আপনার সঙ্গে দেখা হবার অপেক্ষায় বা আশায় আছি)।

নিম্নলিখিত বাক্যগুলি লক্ষ্য করুন : I promised to go with Elsa and help her to buy a skirt. (আমি প্রতিশ্রুতি দিয়েছিলাম যে এলসার সঙ্গে গিয়ে তাঁকে ঘাগ্‌রা কিনতে সাহায্য করব)। Help ক্রিয়ার পরে থাকা কর্ম্মপদ এবং অসমাপিকা ক্রিয়া-পদ নিয়ে রচিত বাক্য-বিন্যাস সম্বন্ধে আমরা পরের পাঠে আরো আলোচনা করব।

লক্ষ্য করার মত অন্যান্য বাক্য-বিন্যাস :

We are having a splendid time—খুব আনন্দে আমাদের দিন কাটছে।

The weather seems to be kind—আবহাওয়া বেশ সদয় ব'লে মনে হচ্ছে।

We went round to the back—আমরা (সঙ্গীত জলসার হল-ঘরের) পিছন দিকে গেলাম।

We all went and had supper together—আমরা সকলে গিয়ে এক সঙ্গে ('সাপার') রাত্রিকালীন আহার করেছিলাম।

They play on the radio—তাঁরা বেতারে (রেডিওতে) বাজান।

We hope to catch the eleven o'clock train —আশা করি আমরা এগারটার ট্রেন ধরব।

Yours sincerely, Helen Benedict—আপনার আন্তরিকভাবে, হেলেন বেনেডিক্‌ট্।

চিঠির লিখিত ভাষ্য

Dear Mrs. Young,

You see! I didn't forget to write to you. We are having a splendid time in Edinburgh. The weather seems to be kind. John wants to walk up to the top of "Arthur's Seat" this afternoon. (That's a hill near here). But I refuse to go with him. Perhaps I am lazy. I don't really like walking. He says I ought to have more exercise.

We went to a fine concert on Monday. The hall was very full, but John managed to get tickets. Our old friend George MacDougall plays in the orchestra. After the concert we went round to the back and asked to see him. We wanted to tell him how much we enjoyed the music. He was very glad to see us, and we all went and had supper together. He seems to like playing in that orchestra. They often play on the radio, so we can hear them again in London.

Well, I must stop now. I promised to go with Elsa and help her to buy a tweed skirt. We all look forward to seeing you again. We hope to catch the eleven o'clock train on Saturday, and we ought to be in London before seven. Please remember to give our best wishes to Dr Young and Patrick.

Yours sincerely,

Helen Benedict.

আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন যে কথোপকথনে ব্যবহৃত সংক্ষিপ্ত আকারের শব্দ যেমন, don't, didn't প্রভৃতি চিঠির মধ্যে আছে। এ রকম অনানুষ্ঠানিক ব্যক্তিগত চিঠিতে এই ভাবে সংক্ষিপ্ত শব্দের ব্যবহার খুবই সাধারণ। কিন্তু বৈষয়িক চিঠি কিংবা আনুষ্ঠানিক চিঠিতে পূর্ণ আকার do not, did not প্রভৃতি সাধারণতঃ পছন্দ করা হয়।

Dear Mrs. Young,

I didn't forget to write to you. We are having a splendid time here in Edinburgh. The weather seems to be kind. John wants to walk up to the top of "Arthur's Seat" this afternoon. (That's a hill near here.) But I refuse to go with him. Perhaps I am lazy: I don't really like walking. He says I ought to have more exercise.

পাঠ—৩১

শব্দ সংগ্রহ

bedroom—শোবার ঘর
boxroom—জিনিষপত্র রাখার ছোট্ট ঘর
cloth—কাপড়
expect—আশা করা
get ready—তৈরী হওয়া
hot—গরম
mind—মনে করা, আপত্তি করা
nuisance—উৎপাত
pale—ফ্যাকাশে, বিবর্ণ
prepare—তৈরী করা, তৈরী হওয়া
settled—মীমাংসিত, মীমাংসা করা বা ব্যবস্থা করা হয়েছিল
tell, told—বলা, বলেছিল
turn out—পরিষ্কার করা, (যেমন ঘর)
until—পর্য্যন্ত, যে পর্য্যন্ত না
which—যেটা

(২নং অনুশীলনের সঙ্গে যে শব্দমালার উদাহরণ দেওয়া হয়েছে তাও দেখবেন।)

ক্রিয়াপদের পরে কর্ম্মপদ ও অসমাপিকা ক্রিয়াপদ

এর আগের পাঠে আমরা দেখেছি যে কতকগুলি ক্রিয়ার পরে অসমাপিকা ক্রিয়া রূপে অন্য কতকগুলি ক্রিয়াপদ এসে থাকে। উদাহরণস্বরূপ, I want to go.

হেলেনের চিঠিতে এমন একটি উদাহরণ আমরা পেয়েছিলাম, সেখানে ক্রিয়াপদের পরেই দু'টী পদ এসেছিল একটি কর্ম্মপদ এবং একটি অসমাপিকা ক্রিয়াপদ।

I will help Elsa to buy a skirt.

Help ক্রিয়াপদের কর্ম্মপদ হচ্ছে Elsa এবং তার পরে অসমাপিকা ক্রিয়া, যা ইঙ্গিত করছে এলসা কি করছে তা হ'ল to buy. সুতরাং Elsa, help ক্রিয়াপদের **কর্ম্মপদ** এবং সেই সঙ্গে সঙ্গেই buy ক্রিয়াপদের (যুক্তিসঙ্গত ভাবে) কর্ত্তাপদ।

এ ধরনের বাক্য-বিন্যাসকে আমরা বলব "কর্ম্ম ও অসমাপিকা পদ"। দেখবেন যে অন্য ভাষার চেয়ে ইংরেজীতে এই ধরনের বাক্য-বিন্যাস আমরা

বেশী ব্যবহার করি। এই ধরনের বাক্য-বিন্যাসে ব্যবহৃত help ছাড়া আরো চারটি ক্রিয়াপদের কথা এই পাঠে আলোচনা করব।

Tell : Please tell John to come here. এখানে জনকে আসতে বলুন।

Ask : She asked me to wait for her. তিনি আমাকে বললেন তাঁর জন্যে অপেক্ষা করতে।

Get : I will get her to write it again. আমি তাঁকে আবার লিখতে বলব। (আদেশ করা, প্রভাবিত করা, প্রণোদিত করা অর্থে)

Expect : We expect you to finish this work. আমরা আশা করছি আপনি একাজ শেষ করবেন।

(লক্ষ্য করুন ইংরেজীর মত বাংলায় এই রকম ভাবে "কর্ম্ম ও অসমাপিকা" পদযুক্ত বাক্য-বিন্যাস তিনটি উদাহরণে ব্যবহার করা যায়)

এই রকম বাক্য-বিন্যাসগুলি পরীক্ষা ক'রে দেখা যাক আর একই ক্রিয়াপদের অন্য ব্যবহার সম্পর্কে তুলনা করা যাক : *Tell* শব্দের প্রাথমিক অর্থ হ'ল "বর্ণনা করা" বা "বলা", যেমন tell a story (গল্প বলুন)। এ শব্দের অর্থ হতে পারে, "খবর দেওযা"। যেমন, He tells me the water is hot. (তিনি বলছেন যে জল গরম) কিংবা I told him my name (আমার নাম তাঁকে বললাম)। কিন্তু যখন আমরা এই ক্রিয়াটি, "কর্ম্ম ও অসমাপিকা" ক্রিয়ার সঙ্গে ব্যবহার করি তখন এর অর্থ হয়, "নির্দ্দেশ দেওয়া"। He told me to go away (তিনি আমাকে চলে যেতে বললেন)।

Ask শব্দের প্রাথমিক অর্থ হ'ল, "জিজ্ঞাসা করা"। যেমন, He asked me my name (তিনি আমার নাম জিজ্ঞাসা করলেন), কিংবা He asked me if I was ready (আমি তৈরী কিনা তা তিনি জিজ্ঞাসা করলেন)। এ কথাটির অন্য অর্থ হতে পারে। যেমন, "অনুমতি পাওয়া"—যদি শব্দটির পরেই অসমাপিকা ক্রিয়া থাকে। উদাহরণ, He asked to go with us (তিনি আমাদের সঙ্গে যেতে চাইলেন)। যখন এ কথাটি আমরা "কর্ম্ম ও অসমাপিকা" পদের সঙ্গে ব্যবহার করি, তখন এর অর্থ হয় tell শব্দের মত, তবে আরো বিনীত ভাব বোঝাবার জন্যে বলা যেতে পারে, "অনুরোধ" : He asked me to go away (তিনি আমাকে যেতে অনুরোধ করলেন)।

Expect শব্দের প্রাথমিক অর্থ হ'ল "কোন কিছু ভবিষ্যতে ঘটার কথা ভাবা"। উদাহরণ, I expect it will rain to-morrow (আমি আশা করছি আগামী কাল বৃষ্টি পড়বে)। কর্ম্মপদের সঙ্গে এটা ব্যবহার করা চলে। যেমন, I expect him at six (তাঁকে ছ'টার সময় আশা করছি, অর্থাৎ আমি মনে করছি তিনি নিশ্চিত ছ'টার সময় আসবেন)। এটা এক অসমাপিকা ক্রিয়াপদের সঙ্গে ব্যবহার করা চলে। যেমন, He expects to finish the work soon (তিনি আশা করেন যে শীঘ্রই কাজটা শেষ করবেন)। যখন আমরা "কর্ম্ম ও অসমাপিকা ক্রিয়া" পদ ব্যবহার করি তখন বেশীর ভাগ ক্ষেত্রে, "এই রকম ঘটা উচিত"—এই ভাবের ইঙ্গিত করা হয়। যেমন, I expect you to help me every morning. (প্রতিদিন সকালে আপনার আমাকে সাহায্য করার আশা আমি করি, সম্ভবতঃ "সেই জন্যেই আমি আপনাকে পয়সা দিচ্ছি!") কিন্তু এর সাধারণ অর্থ, "মনে করি এটা ঘটবে" এটাও হ'তে পারে। যেমন, I expect them to leave at six. (আমি আশা করি তাঁরা ছ'টার সময় যাবেন।)

Get শব্দের অনেক রকম মানে হয় তা জানেন নিশ্চয়। যখন শব্দটির পরেই "কর্ম্ম ও অসমাপিকা ক্রিয়াপদ" থাকে তখন এর অর্থ হয় খানিকটা "রাজি করান"র মত। যেমন, Can't you get Tom to help you? (আপনাকে সাহায্যের জন্যে টমকে পেতে পারেন না?)

অনুশীলন—১

একথাগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন (a) আগামী কাল সকাল প্রায় নটার সময় আপনাকে আশা করব। (b) চিঠির উপর টিকিট লাগাতে তাঁকে কি বলেন নি? (c) তিনি কি আশা করেন আমি তাঁর জন্যে অপেক্ষা করব? (d) এই পাঠ শিখতে আপনি আমাকে সাহায্য করবেন? (e) আপনাকে সাহায্য করার জন্যে তাঁকে রাখেন নি কেন? (f) আমি নিশ্চয় জানি আমি আপনাকে আমার জন্যে কফি করতে বারন করেছিলাম। (g) আশা করি আপনি আপনার 'বাস' ধরতে পারবেন। (h) তাঁরা চান যে আমরা দিনে বার ঘণ্টা কাজ করি। (i) ঐ পুরান গাড়ীটির জন্যে ৫০০ পাউণ্ড দেবার জন্যে আমাকে রাজী করাতে পারবেন না। (j) দয়া ক'রে সামনের স্ত্রীলোকটিকে বলুন মাথা থেকে টুপিটা খুলে ফেলতে।

কথোপকথন

ডরথী ইয়ং একটু বিচলিত হয়ে পড়েছেন কারণ তাঁর বিদেশী অতিথি বেনেডিক্‌ট্‌রা, তিনি যেমন মনে করেছিলেন তার চেয়ে দু'দিন আগে এডিনবরা ভ্রমণ শেষ ক'রে ফিরে আসবেন। ডাক্তার ইয়ং-এর মা এঁদের বাড়ীতে রয়েছেন, বেনেডিক্‌ট্‌রা ফিরে আসার আগে তিনি যাবেন না। সমস্যার একমাত্র সমাধান হ'ল বড় শ্রীমতী ইয়ংকে প্যাট্রিকের ঘরে রাখা আর প্যাট্রিককে জিনিসপত্র রাখার ছোট ঘরে পাঠান।

এক লম্বা বাক্য লক্ষ্য করুন। এতে "কর্ম্ম ও অসমাপিকা ক্রিয়া" পদ দু'বার এসেছে: I had better tell Mrs. Banks to help your mother to move her things. (তোমার মা'র জিনিষপত্রগুলি সরাতে তোমার মাকে সাহায্য করার জন্যে, আমার শ্রীমতী Banksকে বলা দরকার)। যে স্ত্রীলোকটী ঘরবাড়ী সাফ রাখার জন্যে আসে তার নাম হচ্ছে শ্রীমতী ব্যাঙ্কস্। I had better tell-এর অর্থ হচ্ছে (যেমন আমরা ২৯নং পাঠে পড়ছি) "আমার পক্ষে সবচেয়ে ভাল হয় যদি বলি..."

অন্য যে সব বিষয় লক্ষ্য করবেন তা হ'ল: Mind ক্রিয়াপদটি এখানে শব্দটির সাধারণ অর্থে ব্যবহৃত হয়েছে। কোন কিছুর বিষয়ে আপত্তি করা অর্থে ব্যবহৃত হয়েছে। এ অর্থে ব্যবহৃত হ'লে শব্দটির পরে হয় একটা বিশেষ কর্ম্মপদ থাকে কিংবা ing-আকার যুক্ত কোন ক্রিয়াপদ থাকে। উদাহরণ, Do you mind standing up? (দাঁড়িয়ে উঠতে কি আপনার আপত্তি আছে?) কিংবা যেমন কথোপকথনে ব্যবহৃত হয়েছে She won't mind moving. (অন্য ঘরে যেতে তিনি আপত্তি করবেন না বা কিছু মনে করবেন না)।

ক্রিয়াপদ mean কথাটি এখানে "ইচ্ছা করা" অর্থে ব্যবহৃত হয়েছে। How long do you mean to stay in Edinburgh? (কতদিন এডিনবরায় থাকতে মনস্থ করেছেন?)। অতীত কালের রূপ হচ্ছে—meant: I forgot to ask them how long they meant to stay in Edinburgh (কতদিন তাঁরা এডিনবরায় থাকতে মনস্থ করেছিলেন, সে কথা জিজ্ঞাসা করতে আমি ভুলে গিয়েছিলাম)। এ অর্থে mean শব্দ ব্যবহৃত হ'লে এর পরে অসমাপিকা ক্রিয়া আসে।

Get ক্রিয়া ready শব্দের সঙ্গে এক যোগে ব্যবহৃত হ'লে, get ready কথা পাওয়া যায়। সাধারণত: এই ভাবে আমরা বলতে চাই prepare (তৈরী করা)। We must get the room ready for them. (তাঁদের জন্যে ঘরটি আমাদের তৈরী রাখতে হবেই)। You ought to get ready to go out. (বাইরে যাবার জন্যে আপনার তৈরী হওয়া উচিত)।

I want to have it settled.—এটার মীমাংসা করে নিতে চাই।

She can go home one day early.—একদিন আগে তিনি বাড়ী যেতে পাবেন।

They told us exactly which day they were coming.—ঠিক কোন্ দিন তাঁরা আসছেন তা তাঁরা আমাদের বলেছিলেন।

She will still be here —তিনি তখনও এখানে থাকবেন।

You look quite pale.—তোমাকে কেমন ফ্যাকাশে দেখাচ্ছে।

It is a nuisance —এটা বড় দুর্ভোগ।

We'll manage all right —আমরা ঠিক করে চালিয়ে নেব।

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom . Dorothy, tell me what's in Helen Benedict's letter. You look quite pale.

Dorothy : This is terrible. The Benedicts expect to be back on Saturday evening !

Tom : Oh dear, that is a nuisance. They didn't tell us exactly which day they expected to come back.

Dorothy : No, I forgot to ask them how long they meant to stay in Scotland. But I didn't expect them to come until Monday. Your mother will still

We had better get Patrick to sleep in the box-room.

be here on Saturday—she's staying until Sunday. We haven't a room for Mr. and Mrs. Benedict.

Tom : We can't tell Mother to go home one day early.

Dorothy : Can I write to them and ask them to stay two more days ?

Tom : No, it's too late ; they won't get the letter. We had better get Patrick to sleep in the box-room. He won't mind ; it's only for two days. Then we can ask Mother to move into his room.

Dorothy . Don't you think she'll mind doing that ?

Tom : No, I'm sure she won't mind.

Dorothy : Then will you speak to her at once ? I want to have it settled.

Tom : All right.

Dorothy : I'd better tell Mrs. Banks to help your mother to move her things. And then I'll get her to turn out the big bedroom ; and get it ready for the Benedicts.

Tom : You see ? we'll manage all right !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৩০ এবং ৩১

I want three-and-a-half yards of cloth to make suit... He promised not to go away...Did you manage to open the door ?...She seems to enjoy that book...Don't forget to ask them for their address...

চিত্রের বর্ণনা

In this picture you can see Mrs. Banks, the charwoman. She is on the landing in Dr. Young's house. The stairs come up on the left of the picture. There are doors which open into the bedroom. You can see Mrs. Young opening a door and talking to Dr. Young. She is pointing at the doorway of the big bedroom.

I'll get Mrs. Banks to turn out the big bedroom.

ছবিতে চিত্রিত কয়েকটী প্রয়োজনীয় কথা

To point at—আঙ্গুল দিয়ে দেখান
The landing—সিঁড়ির উপরের চওড়া ধাপ
The stairs—সিঁড়িগুলি
A stair-carpet—সিঁড়ি-ঢাকা কারপেট্
A door-handle—দরজার হাতল
A door way—প্রবেশ-পথ, দরজা
A bed room—শোবার ঘর
A brush—বুরুশ
A broom—ঝাঁটা
A pail—বালতি
A tin—কৌটা
Some powder—কিছু গুঁড়া
A dust pan—ধূলি-দান
A charwoman—ঝি
Some rubbish—কিছু আবর্জ্জনা

A duster—ঝাড়ন
Some soap—কিছু সাবান
A mop—ন্যাতা
Some polish—কিছু পালিশ
A packet—প্যাকেট
An apron—বহির্বাবরণ
A hatpin—টুপী মাথায় আটকাবার পিন্
A vacuum-cleaner—কলের ঝাঁটা
Some flex—এক টুকরা তার
A plug—একটা প্লাগ, সুইচ আটকাবার ধারক
A socket—আটকাবার গর্ত্ত
A handle—হাতল
A tube—নল

অনুশীলন—২

ছবি সম্বন্ধে এই প্রশ্নগুলির উত্তর দিন : (a) What is the charwoman's name ? (b) What is she holding in her hand ? (c) Where is the hatpin ? (d) Who is talking ? (e) Who is she talking to ? (f) What is she pointing at ? (g) Where is Dorothy Young's left haud ? (h) Where is the broom ? (i) Many things in the picture have handles : Can you name six of them ? as for example Say, 'The door has a handle, and . ' (j) What goes from the wall to the vacuum-cleaner ? (k) Can you see any tubes ? Where ? (l) Where is Mrs Young standing ? (m) Where is Mrs Banks ? (n) Where is there some rubbish ? (o) What is the tin of polish near ? (p) What is there

in the pail ? (q) Where is the soap ? (r) Where is the tin of cleaning-powder ? (s) What has Mrs. Banks round her ?

পাঠ—৩২

শব্দ-সংগ্রহ

arrive—পৌঁছান
Daddy—বাবা
dance—নাচা, নাচ
highland—পাহাড়ী জায়গা
idea—ভাব, ভাবনা, ধারণা
let—অনুমতি দেওয়া, দিন
let's—আমাদের অনুমতি দিন, আমাদের···থাক
stay in—থাকা
to night—রাত্রি
would like—পছন্দ করব

"কর্ম্ম ও অসমাপিকা" পদ সম্বন্ধে আরও কয়েকটী কথা

যে সব ক্রিয়াপদের পরে এই ধরনের বাক্য-বিন্যাস ব্যবহৃত হয়, তাদের মধ্যে মাত্র পাঁচটি ক্রিয়ার কথা আমরা এর আগের পাঠে আলোচনা করেছি ; tell, ask, expect, get এবং help. এখানে আরো কয়েকটি ক্রিয়ার কথা বলা হচ্ছে। প্রথমে, want—চাওয়া।

ধরুন আপনি ইংরেজীতে বলতে চান, "আমি চাই যে আপনি যান।" যদি বলেন I want that you go তাহ'লে ভুল হবে। আমাদের বাক্য-বিন্যাসটি এইভাবে পরিবর্ত্তন ক'রে বলতে হবে, "আমি চাই আপ· .ক চলে যেতে।" I want you to go. প্রকৃতপক্ষে want ক্রিয়াপদের নিজস্ব কর্ম্মপদ আছে, সেটি হচ্ছে শুধু you শব্দ নয়, you to go—এই সমগ্র বাক্য-বিন্যাসটি। নিম্নলিখিত বিবৃতিগুলি তুলনা করে দেখুন :

I want	a new hat
I want	to go.
I want	you.
I want	you to go.

প্রত্যেক ক্ষেত্রেই দ্বিতীয় অংশে আছে আমি কি চাই। I want to go (নিজে) এবং I want you to go—এই বাক্য দুটির মধ্যে তফাৎ দেখুন।

দ্বিতীয় উদাহরণে, you বলতে গেলে একরকম go ক্রিয়াপদের কর্তা (ব্যাকরণের চেয়ে যুক্তির দিক থেকে)।

She doesn't want us to stay.

বাংলায় "আমি চাই" একথা আরো বিনীত ও ভদ্রভাবে বলার উপায় হ'ল "আমি পছন্দ করি" বা "আমার মনে হয়"। ইংরেজীতে এই রকমই একটি বাক্য-বিন্যাস আছে যা I want কথার রূঢ় ভাবটি লোপ পাইয়ে দেয়। এর বদলে আপনি বলতে পাবেন—I would like—কথার মানে হ'ল; "আমি পছন্দ করব।" Want ক্রিযাপদের মত এই বাক্য-বিন্যাসটিও "কর্ম্ম ও অসমাপিকা" পদের সঙ্গে ব্যবহাব কবা যায, যেমন নিচের উদাহরণে দেখান হয়েছে। (লক্ষ্য কববেন যে প্রতিদিনকার কথাবার্ত্তায় would শব্দটি সংক্ষিপ্ত কবে বলা হয 'd)।

I'd like him to help me—আমি চাই যদি তিনি আমাকে সাহায্য করেন।

We'd like you to stay with us—ভাল হয় যদি আপনি আমাদের সঙ্গে থাকেন।

Would you like me to go away?—আপনি কি আমাকে যেতে বলেন?

এই ধরনের বাক্য-বিন্যাসে গঠিত আরো একটি ক্রিয়াপদ এবারকার কথোপকথনে ব্যবহৃত হযেছে। সেটি হচ্ছে—teach.

I will teach you to dance—আমি আপনাকে নাচ শেখাব।

"Do", "make" এবং "let" ক্রিয়াপদ

এই ক্রিয়াপদগুঁলি নিযে যাতে গোলমালে না পডেন সে সম্বন্ধে সতর্ক হ'তে হবে। Do এবং make শব্দের মধ্যে তফাৎ হচ্ছে এই: do শব্দের অর্থ হচ্ছে "কোন কাজ করা বা আদেশ পালন করা"। যেমন, What are

you doing? I am doing my work. He is doing his exercises. কিন্তু make শব্দের সঙ্গে সাধারণতঃ সৃষ্টি বা তৈরী করার ভাব থাকে—"আগে যা ছিল না তা প্রকৃতপক্ষে সৃষ্টি করা।" সুতরাং আমরা make কথাটি ব্যবহার করব এই বাক্যে, "তিনি কাগজে ছেঁদা করছেন।" "আমার বোন পোষাক তৈরী করছেন।" My sister is making a dress.

Make শব্দটির ভাষাগত অনেকগুলি বাক-পদ্ধতি আছে। আমরা আগের পাঠে একটি বাক-পদ্ধতির ব্যবহার পেয়েছি: The young people are making a noise. (গোলমাল সৃষ্টি করছে)। অন্য এক বাক-পদ্ধতি হ'ল: "কাজের নাম শুনলেই আমি ক্লান্ত হই।" The idea of work makes me tired.

যখন make শব্দটি "কর্ম্ম ও অসমাপিকা" পদের সঙ্গে ব্যবহৃত হয় তখন এর অর্থ খানিকটা শেষে উক্ত বাক-পদ্ধতির মত। আরো লক্ষ্য করুন যে অসমাপিকা ক্রিয়াপদটি to ব্যতিরেকেই ব্যবহৃত হচ্ছে।

He didn't want to read the book, but I *made him read* it. You *can't make me* drink that beer.

Her father made her come home. — তাঁর বাবা তাঁকে বাড়ী ফিরতে বাধ্য করেছিলেন।

The music will make you dance. — সুরটি শুনলে আপনি নাচতে থাকবেন।

Let (অনুমতি দেওয়া) শব্দটিও, to ব্যতিরেকে "কর্ম্ম ও অসমাপিকা" পদের সঙ্গে ব্যবহৃত হয়।

You must let her go. — আপনার তাঁকে যেতে দিতেই হবে।

Let me see. — আমাকে দেখতে দিন।

এ ক্রিয়াপদটি উত্তম পুরুষে একরকম অনুজ্ঞা-সূচক অর্থে ব্যবহৃত হয়:

Let's go (let us go)—আমাদের যাওয়া যাক।

অনুশীলন—১

ইংরেজীতে এ কথাগুলি কিভাবে বলবেন: (a) আপনি কি বাসটিকে এখানে আনাতে চান? (b) তাঁরা কি চাইবেন আমরা তাঁদের কিছু টাকা

ধাব দিই ? (c) আপনি আমাকে ক্লান্ত ক'রে দেন। (d) এ মেয়েটিকে কি আপনি নাচ শেখাতে পাবেন ? (e) আপনি আমাকে কি কবতে বলেন ? (f) যদি তাঁবা থাকতে চান, তাহ'লে তাঁবা এখানে থাকতে পাবেন। (g) জন চাইছিলেন যেন তাঁব স্ত্রী বাডীতেই থাকেন। (h) আপনি কি চান, আমি আপনাকে গাড়ী চালাতে শেখাব ? (i) কোথায চান লোকটা বাক্সটা বাখুক। (j) তাঁকে বোঝাবাব জন্মে আমবা চেষ্টা কবেছিলাম।

কথোপকথন

এডিনববায তাঁদেব শেষ দিনের বাত্রে এলসা তাঁব বাবা-মাকে জিজ্ঞাসা কবল সে পাহাডী নাচে যোগ দিতে পাবে কিনা, অর্থাৎ নাচে যেখানে স্কটিশ পাহাডী অঞ্চলেব (Highlands) বিখ্যাত নাচেব মধ্যে কযেকটি নাচা হবে।

"কর্ম্ম ও অসমাপিকা" ধবনেব বাক্য-বিন্যাসেব নানা রূপ উদাহবণ ছাডাও আবো কযেকটি উদাহবণ লক্ষ্য করুন .

Well, dear.	— আচ্ছা, মা (আদব ক'বে ডাক)
On the other hand	— অপবদিকে।
I feel much too tired	— আমি খুব ক্লান্ত বোধ কবি।
I don't know how to do these dances.	— এ নাচগুলি কি ক'বে নাচতে হয় তা আমি জানি না।

লক্ষ্য করুন কেমন-বাক্য-বিন্যাসে how শব্দেব পর অসমাপিকা এসেছে।

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : Mother, can I go to the Highland Dance tonight ? It will be very nice. I like Highland music, it makes me want to dance

Helen : Well, dear, I'm not sure I don't want you to get tired. Don't forget, we are leaving early tomorrow. On the other hand, I don't want to make you stay in, if you really want to go.

John : Oh, you must let her go, Helen. A young girl *must* go to dances.

Helen : But who is going with her ? You can't go alone, Elsa.

Elsa :	Won't *you* both come with me.
Helen :	Oh no, dear—I can't. I feel much too tired. John, why don't *you* take Elsa to the dance ?
John :	Well, would you like me to come with you, Elsa ?
Elsa :	Oh yes, of course, Daddy ! But are you sure you want to come.
John :	Yes, I *would* like to. But don't expect me to dance !
Elsa :	Why not ? Of course you must dance. You dance very well.
John :	Yes, but I don't know how to do these Scottish dances.
Elsa :	I'll teach you to do them. And the music will make you dance.
John :	Well, all right—perhaps I will.
Elsa :	Oh, good ! I'm sure you'll enjoy it.

অনুশীলন—২

এগুলি ইংরেজীতে কিভাবে বলবেন : (a) কি ক'রে আরম্ভ করব জানি না। (b) তিনি তাঁর চেয়ার থেকে নড়তে চান না—তিনি খুবই আরামে আছেন। (c) আমার কফি চেখে দেখতে চান ? (d) তিনি একলা তাঁর সব কাজ শেষ করতে চান। (e) ঠিক কি আপনি চান না যে আপনার জন্যে এটা আমি ধরে থাকি ? (f) আপনাকে দেখে খুবই আনন্দিত হ'লাম। (g) ও ছেলেদের শান্ত রাখতে পারেন না ? (h) কতজনকে নিয়ে আপনি সিনেমায় যাচ্ছেন ? (i) আমি আশা করছি যে মিষ্টার ফিপ্‌স্ আমাদের তাঁর অফিস ঘর ব্যবহার করতে দেবেন। (j) আপনি কি চান না যে আপনার কয়েকজন বন্ধু তাঁর সঙ্গে প্রথমে কথা বলেন ?

অনুশীলন—৩

নিম্নলিখিত প্রশ্নগুলির ইংরেজীতে উত্তর দিন :

(a) Where are the Benedicts staying ? (b) When do they mean to leave ? (c) How does Elsa want to spend the evening ? (d) Does her mother want her to go to the dance ? (e) Does her father think she ought to go ?

(f) Why doesn't Helen want to go ? (g) Why mustn't Elsa expect her father to dance ? (h) Which dances do you think he can do ? (i) Who will teach him how to do the Highland dances ? (j) What will help her ?

পাঠ—৩৩

শব্দ-সংগ্রহ

choose, chose—পছন্দ করা, পছন্দ করেছিল

crowd—জনতা

gentleman, gentlemen—ভদ্রলোক, ভদ্রমহোদয়গণ

inside—ভিতরে

lady, ladies—ভদ্রমহিলা, ভদ্রমহিলাগণ

lemonade—লেমনেড্

partner—সাথী

waitress—পরিচারিকা, পরিবেশিকা

who—কে, যিনি

সংক্ষিপ্ত উত্তরের সঙ্গে অসমাপিকা ক্রিয়াপদ

আগে যেমন বলেছি আর এখন আবার বলছি যে ইংরেজী কথোপকথনে কি ক'রে কথা সংক্ষিপ্ত ক'রে বলতে হবে তা জানা অত্যন্ত প্রয়োজন। উদাহরণ : Did you switch off the light in the kitchen ?—Yes, I did (অর্থ হচ্ছে—"হ্যাঁ, আমি রান্নাঘরের আলো নিভিয়ে দিয়েছি")।

নিচের প্রশ্ন-উত্তরটি লক্ষ্য করুন : Are you going to the dance to-night ? I want to go, but I can't go. লক্ষ্য করেছেন কেমন ভাবে উত্তরে অসমাপিকা ক্রিয়াপদ go দু'বার উল্লেখ করা হয়েছে।

বাস্তব ক্ষেত্রে কথোপকথনে go শব্দটি উত্তরে একবারও উল্লেখ করা হয়না, প্রশ্নে যে একবার এসেছে সেটাই যথেষ্ট। I can't go—এই ভাবে বলার পরিবর্তে আমাদের শুধু বলা প্রয়োজন I want to. লক্ষ্য করেছেন নিশ্চয় যে যেখানে অসমাপিকা ক্রিয়ার সঙ্গে to থাকে (যেমন, want কথার সঙ্গে আছে), সেখানে to শব্দটি রাখতেই হবে—বাদ দিলে চলবে না।

Are you going to the dance to-night ?—I want to, but I can't.

আরো কয়েকটি উদাহরণ :

Did you send that letter ?—Oh no, I forgot to.

(Forgot to send it).

Will you help me ?—I'll try to (Try to help you).

He doesn't sleep much.—Well, he ought to.

(Ought to sleep enough.)

Will you see him tomorrow ?—I don't expect to.

(Expect to see him.)

Can I come with you ?—Would you like to ?

(Like to come with me ?)

কখন কখন ক্রিয়াপদের পরে একটি না-সূচক অসমাপিকা পদ আসে : you ought not to smoke too much—আপনার অত বেশী ধূমপান করা উচিত নয়।

He smokes too much—Well, he ought not to.

Don't drink all the whisky—No, I'll try not to.

কখন কখন ক্রিয়াপদের কর্ম্ম ও অসমাপিকা পদ আসে :

I want you to finish this work

Why must I finish this work ?—Because I want to.

Why are you standing here ?—Because you told me to.

He used your car.—But I asked him not to

She tidied your room.—I didn't tell her to

He took the box away.—Who told him to ?

ভুলে যাবেন না কিন্তু যে make এবং let ক্রিয়াপদ নিয়ে এরকম বাক্য-বিন্যাস তৈরী করা যায় তবে এ ক্ষেত্রে 'to' বাদ দিতে হবে :

Why did he give her the money—Because she made him.

(কেন তিনি তাঁকে (স্ত্রীলোক) টাকা দিলেন ?—কারণ তিনি (স্ত্রীলোক) তাঁকে টাকা দিতে বাধ্য করিয়েছিলেন)

Did she go to the dance ?—No her mother didn't let her.

অনুশীলন—১

অর্থ পরিবর্তন না ক'রে নিম্নলিখিত বিবৃতি বা উত্তরগুলি সংক্ষিপ্ত করুন :

(a) He wants me to stay at his house, but I don't want to stay there. (b) Does she cook her husband's dinner? Well, she tries to cook it but she can't cook it. (c) Will you give him a shilling?—Yes, I will give him a shilling if you would like me to give him a shilling. (d) He can't speak English yet but his wife is teaching him to speak English. (e) I don't want you to look inside the envelope—No, I promise not to look inside it. (f) Is he going to America?—Yes, he hopes to go there soon.

অনুশীলন—২

এগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন? (a) আমি বেকন (শূয়োরের মাংস ভাজা) শেষ করিনি কারণ—আপনি আমাকে তা শেষ না করতে বলেছিলেন। (b) জানালার কাছে দাঁড়িয়ে থাকতে আপনি কিছু মনে করছেন না ত'? (c) তাঁর (স্ত্রীলোক) সঙ্গে কথা না বলতে তিনি বলেছেন, আমি কথা বলতে চাই, কিন্তু প্রতিজ্ঞা করেছি কথা বলব না। (d) আমরা আশা করিনা যে আপনি প্রতিদিন আসবেন। (e) আপনি যদি চান তাহ'লে আমি আপনার প্রাতঃরাশ তৈরী করব। (f) তাঁর স্ত্রীর জন্যে তিনি একটা নতুন কোট কিনতে চাননি, কিন্তু তাঁর স্ত্রী কোট কিনতে বাধ্য করিয়েছিলেন। (g) আজ রাত্রেই আপনার জবাব আমাকে দেবেন, কারণ এ বিষয়টির মীমাংসা আমি করে ফেলতে চাই। (h) আমরা খুব তাড়াতাড়ি দৌড়লাম, আর সাতটার ট্রেনটা ধরলাম। (i) তাঁরা সকলে একসঙ্গে নাচতে গিয়েছিলেন আর বেশ আনন্দ পেয়েছিলেন। (j) ছেলেটি তিন ঘণ্টা দেরীতে বাড়ীতে ফিরেছিল।

কথোপকথন

এলসা ও তাঁর বাবা এইমাত্র নাচ শেষ করেছেন, আর বাদকদলের পরবর্ত্তী সুর বাজানোর অপেক্ষা করছেন।

যে সংক্ষিপ্ত আকারের কথা আমরা বলছিলাম, তার কয়েকটি উদাহরণ এখানে পাবেন। এতে অসমাপিকা ক্রিয়াটি বাদ দেওয়া হয়েছে, to শব্দটি অসমাপিকার ইঙ্গিত জানাচ্ছে। একটি নতুন উদাহরণও পাবেন: জন

বলছেন, you seem to understand these dances. (মনে হচ্ছে—এই রকম নাচগুলি তুমি বেশ বুঝে নিয়েছ)। এলসা উত্তর করছে: I am beginning to, এর অর্থ হচ্ছে I am beginning to understand them

প্রশ্নটি লক্ষ্য করুন : Shall I bring you a glass of lemonade ? এ বাক্যের অর্থ—Would you like me to bring you a glass of lemonade—এই বাক্যের মত। এই অর্থে will কথাটা shall শব্দের বদলে ব্যবহার করা চলে না।

There's a crowd here. — এখানে কি ভীড়।
We had better stay together — আমাদের একত্রে থাকা ভাল।
Master of ceremonies — অনুষ্ঠান পরিচালক।

Ladies and gentlemen ! Choose your partners for an eightsome reel—ভদ্রমহিলা ও মহোদয়গণ। আটজনার নাচে আপনার সাথী নির্ব্বাচন করুন। (স্কটল্যাণ্ডের আটজনের এ নাচে আটজন একসঙ্গে বৃত্তাকারে নাচে)

I don't know this one (i e this dance)—এ নাচটা আমি জানি না।

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : I'm hot after that dance.
John : Shall I bring you a glass of lemonade ?
Elsa : I'd like you to. But let's both go and get it, Daddy There's a crowd here ; we'd better stay together
John All right ; come along then. Excuse me Excuse me—excuse me. You seem to understand these dances very well, Elsa
Elsa : I'm beginning to ! But after all, I have a splendid partner

Shall I bring you a glass of lemonade ?

John : Yes you're dancing with me all the time ; but

you ought not to. It isn't right. You must dance with some of these young Scotsmen.

Elsa : I will, if they ask me to !

John : Well, here's the bar. Two lemonades, please.

Waitress : A shilling, please.

John : A shilling ? Good. Thank you very much.

Master of ceremonies :

Ladies and gentlemen ! Choose your partners for eightsome reel

Elsa : The eightsome reel : Oh dear, I don't know this one

John Well, here's a young man who wants to teach you.

Scot · Would you like to dance this one with me ?

Elsa : Yes, I'd like to very much

Scot · Will you excuse me, sir ?

John : Yes, certainly

Elsa : See you later, Daddy !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৩২ এবং ৩৩

They expected me to do all their work……You wouldn't like to lose your money .. . Didn't you want him to take it away ?……The doctor made her stay at home......You can let me have a cheque later… ··Did you send that letter ?.. … Oh no, I forgot to · ···

পাঠ—৩৪

শব্দ-সংগ্রহ

anybody—কেউ, যে কেউ

anything—কোন কিছু

anywhere—কোন স্থানে

a bit—একটু

build, built, built—তৈরী করা, তৈরী করেছিল, নির্ম্মিত

certain—নিশ্চিত

change—পরিবর্ত্তন করা

cross—পার হওযা

double—দ্বিগুণ করা

everybody—প্রত্যেকে

everything—প্রত্যেক জিনিষ

everywhere—সর্ব্বত্র
find, found, found—খোঁজা, খোঁজ করেছিল, প্রাপ্ত
fix—স্থির করা
floor—মেঝে
government—সরকার, গভারমেণ্ট
grow, grew, grown—বাড়া, বাড়ছিল, বর্দ্ধিত
light—আলো
motorist—মোটরচালক
nobody—কেউ না
nothing—কিছু নয়
nowhere—কোথায় নয়
orange—কমলা রং
pedestrian—পথচারী
pick up—তুলে নেওয়া
place—স্থান
problem—সমস্যা
put up—লাগান
regulation—নিয়মকানুন
since—তখন থেকে
solve—সমাধান করা
somebody—কেউ
something—কোন কিছু
somewhere—কোথায়
stop—থামার জায়গা
traffic—যান চলাচল
turn—ফেরা, ঘোরা
typewriter—টাইপ রাইটার
war—যুদ্ধ
warn—সতর্ক করা
wider—বিস্তৃততর, আরো চওড়া

পুরাঘটিত বর্ত্তমান কাল

ইংরেজী ভাষার বর্ত্তমান কাল সম্বন্ধে আমরা শিখেছি আর অতীত কাল সম্বন্ধেও কিছু জেনেছি। এবারে আমরা আর একটা নতুন কাল সম্বন্ধে শিখব। এটা হচ্ছে পুরাঘটিত বর্ত্তমান কাল। এই পুরাঘটিত বর্ত্তমান কাল গঠিত হয় "বিশেষ ক্রিয়াপদ" have কিংবা has দিয়ে আর তার পরে আসে প্রধান ক্রিয়ার অতীত কৃদন্ত পদ। এই রকমে :

The concert *has started.*

I *have moved* your books

(লক্ষ্য রাখবেন যে কথোপকথনে has শব্দটি সংক্ষিপ্ত করা হয় 's আওয়াজে, যথা it's started ; আর have কথাটি ছোট করা হয় 've, যথা I've moved)

আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন যে ইংরেজী এই কালের রূপের সঙ্গে বাংলা পুরাঘটিত বর্ত্তমান কালের রূপের বেশ সাদৃশ্য আছে। এখানে আপনার সতর্ক

হওয়া দরকার যে বাংলার পুরাঘটিত বর্ত্তমান কালের ব্যবহার থেকে ইংরেজী এই কালের ব্যবহার সম্পূর্ণ বিভিন্ন। দুটীকে একই রকম ভাবলে ভুল হবে।

ইংরেজী নামটি লক্ষ্য করুন পুরাঘটিত বর্ত্তমান কাল। "বর্ত্তমান" কথাটি বেশ পরিষ্কার বুঝিয়ে দিচ্ছে যে এটী বর্ত্তমান কাল। যখন এটা ব্যবহৃত হয় তখন আমরা **বর্ত্তমান অবস্থার কথা** ভাবি।

উপরোক্ত উদাহরণ দু'টী দেখুন। The concert has started. ঠিক আরম্ভ হবার মুহূর্ত্তটি অতীত হয়েছে। কিন্তু আমরা বর্ত্তমান অবস্থার কথাই আলোচনা করছি। সুতরাং বাক্যটি নির্দ্দেশ করছে যে সঙ্গীত **বর্ত্তমানে** চলেছে।

দ্বিতীয় উদাহরণেও একই রকম। I have moved your books. ঠিক যে মুহূর্ত্তে আমি বইগুলি সরিয়ে রেখেছি তা অতীত হয়েছে। ঠিক কোন্ মুহূর্ত্তে হয়েছে, তাতে কিছু আসে যায় না। আসল কথা হচ্ছে এখন বইগুলি এক নতুন জায়গায় আছে, যেখানে আপনি রেখেছিলেন সেখানে নেই। এই কথাবার্ত্তাটিও ভাবে দেখুন:

Where is to-day's paper? I have burnt it.

আজকের কাগজ কোথায়? আমি পুড়িয়ে ফেলেছি।

এই কথাবার্ত্তার সমগ্র অর্থ ও আগ্রহ জড়িত রয়েছে বর্ত্তমান কালে। খবরের কাগজটা এখন এখানে নেই, কারণ অতীত কালে ঘটেছে এমন কাজের বা পোড়ানোর জন্যে। ঐতিহাসিক ঘটনা রূপে অতীত কালের ঘটনা বিবৃত হয়েছে—অতীত কালে নয়, পুরাঘটিত বর্ত্তমান কালে; কারণ এ সম্বন্ধে আমাদের আগ্রহ জড়িত হ'য়ে আছে বর্ত্তমান সময়ে।

ক্রিয়া এই কালে ব্যবহার করতে হ'লে, আমাদের জানা দরকার ইংরেজী ক্রিয়াপদের অতীত কৃদন্ত পদের রূপ। বেশীর ভাগ ক্রিয়াপদই অবশ্য নিয়মিত রূপ গ্রহণ করে, অর্থাৎ অতীত কৃদন্ত পদ, সহজ অতীত কালের রূপের মত, -d কিংবা -edতে শেষ হয়।

যে সব ক্রিয়া আগে পেয়েছেন এখানে তার তালিকা দেওয়া হ'ল:

Answer	Call	Dance	Expect	Help
Arrive	Change	Direct	Faint	Hoot
Ask	Clean	Double	Finish	Hurry
Boil	Cook	Enjoy	Fix	Like
Brush	Cross	Excuse	Happen	Listen

Look	Park	Refuse	Stop	Visit
Manage	Pick Up	Remember	Switch	Wait
Matter	Play	Rest	Talk	Walk
Mind	Prepare	Row	Telephone	Want
Miss	Promise	Seem	Thank	Warn
Move	Pull	Solve	Try	Wash
Need	Push	Start	Turn	Watch
Open	Rain	Stay	Use	Work

প্রতিদিনের কথাবার্ত্তায় যে সব ক্রিয়া আমরা খুব ব্যবহার করি তাদের মধ্যে অনেকগুলি আবার অনিয়মিত ক্রিয়া। কখন কখন অতীত কৃদন্ত পদের রূপ—অতীত কালের রূপের মত হয়, যেমন, hold ক্রিয়ার ক্ষেত্রে (held, *held*). আবার কখন কখন অতীত কৃদন্ত পদের রূপ ভিন্ন আকার নেয়. যেমন take ক্রিয়ার ক্ষেত্রে (took, *taken*).

এই গ্রন্থের শেষের দিকে আপনি এ পুস্তকে ব্যবহৃত অন্যান্য ক্রিয়াপদের সঙ্গে অনিয়মিত ক্রিয়াপদের পূর্ণ তালিকা পাবেন। এই তালিকায় ক্রিয়াগুলির বর্ত্তমান কালের, অতীত কালের আর অতীত কৃদন্ত পদের রূপ পরপর ঘরে দেওয়া হয়েছে।

এখানে অবশ্য আরো কয়েকটি ক্রিয়ার রূপ ঐভাবে দেওয়া হ'ল। এ ক্রিয়াগুলি আমরা পরবর্ত্তী কয়েকটি পাঠে ব্যবহার করব।

তালিকা—৩৮নং

Be,	Was, were	Been	Leave	Left	Left
Begin	Began	Begun	Let	Let	Let
Bring	Brought	Brought	Lose	Lost	Lost
Build	Built	Built	Make	Made	Made
Buy	Bought	Bought	Put	Put	Put
Choose	Chose	Chosen	Read	Read (red)	Read (red)
Come	Came	Come	See	Saw	Seen
Do	Did	Done	Send	Sent	Sent
Find	Found	Found	Speak	Spoke	Spoken
Grow	Grew	Grown	Spend	Spent	Spent
Have	Had	Had	Take	Took	Taken
Hear	Heard	Heard	Tell	Told	Told
Learn	Learnt	Learnt	Write	Wrote	Written

অনুশীলন—১

নিয়মিত ও অনিয়মিত ক্রিয়াপদগুলির তালিকা পড়ুন আর বিভিন্ন ক্রিয়া নিয়ে পুরাঘটিত বর্ত্তমান কালে সহজ কয়েকটি বাক্য তৈরী করুন। এই রকমে : I *have answered* his letter. They *have arrived* at the house. He *has asked* her to come.

পুরাঘটিত বর্ত্তমান কালের সঙ্গে ব্যবহৃত সময় নিরূপক

যে কাজ ইতিপূর্ব্বেই ঘটেছে আর বর্ত্তমান কালেও যার প্রভাব আছে সে সম্বন্ধে বলার জন্যে আমরা পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করি। এই কারণে already (ইতিপূর্ব্বেই) এই ইংরেজী শব্দটির বহু ক্ষেত্রে স্বভাবতঃই ব্যবহার করতে চাইব।

Please open the window.—But I have already opened it !

কিংবা, But I have opened it already !

যখন পুরাঘটিত বর্ত্তমান কালসূচক বাক্য না-সূচক বাক্যে পরিণত করা হয় তখন yet শব্দটা ব্যবহৃত হয়—"এখনো নয়" এই অর্থে।—Are your friends here ? No, they haven't arrived yet অথবা No, they haven't yet arrived.

এটার কাল যে হেতু **বর্ত্তমান** সে জন্যে অতীত "সময়-নিরূপক" এর সঙ্গে ব্যবহার করা চলবে না। উদাহরণ স্বরূপ, আমরা বলতে পারি না—He has arrived yesterday. একথা বললে ভুল হবে। এর বদলে আমাদের বলতে হবে—He arrived yesterday. অপর দিকে আমরা অতীত সময়ের কথা নির্দ্দেশ করতে পারি since (তখন থেকে) শব্দটি ব্যবহার ক'রে। এর অর্থ হচ্ছে যে ঘটনাটি অতীত ও বর্ত্তমান সময়ের মধ্যে কোন এক সময়ে ঘটেছে।

I have not seen her since Friday. (শুক্রবার থেকে তাঁকে আমি দেখিনি)

She has cooked the dinner and cleaned the kitchen since ten o'clock.

দশটা থেকেই তিনি খাবার রেঁধে রান্নাঘর পরিষ্কার ক'রে রেখেছেন।

যদি আমরা নির্দ্দেশ করতে চাই ঘটনা ঘটেছে খুব সম্প্রতি তাহ'লে আমরা

just শব্দটি ব্যবহার করতে পারি। এ শব্দটি অবশ্য মাঝামাঝি রাখতে হবে অর্থাৎ বিশেষ ক্রিয়াপদ have কিংবা has শব্দের পরেই রাখতে হবে :

I have just finished my dinner. আমি এখনই খাওয়া শেষ করেছি।

He has just arrived. তিনি এইমাত্র পৌঁচেছেন।

অনুশীলন—২

নিম্নলিখিত বাক্যগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন : (a) তাঁরা ইতিপূর্ব্বেই আমাদের চিঠির উত্তর দিয়েছেন। (b) তিনি এখনও কাপড় বদলান নি। (c) আজকে সকালে খবরের কাগজ দেখেছেন ? (d) আওয়াজটি এখন থেমেছে। (e) এখন তাঁর মনে পড়েছে। (f) আপনার প্রাতঃরাশ সেরেছেন কি ? (g) তাঁরা তাঁদের ছোট মেয়েটিকে এখনও খুঁজে পান নি। (h) গত বছর হতে ছেলেটা বেশ বড় হয়ে গেছে। (i) আমার মোটর সাইকেলটি কে নিয়েছে ? (j) এখনও বই পছন্দ করেন নি ?

অনুশীলন—৩

পুরাঘটিত বর্ত্তমান কালের পদ ব্যবহার ক'রে নিম্নলিখিত কথা ও প্রশ্নের জবাব দিন। উদাহরণ স্বরূপ :

Please open the window.—But I have already opened it ! (a) Is he learning his English lesson ? (learn ব্যবহার করুন). (b) Are you going to cook the lunch ? (c) Where is my pencil ? (leave ব্যবহার করুন). (d) Why are you putting that man on the bed ? (ব্যবহার করুন—faint). (e) Your car is very clean (ব্যবহার করুন—wash). (f) Is he coming this afternoon ? (ব্যবহার করুন—promise). (g) Here is the paper, if you want to read it. (ব্যবহার করুন—see). (h) They ought to hurry up, if they want to catch the bus. (ব্যবহার করুন—start). (i) Is there a letter for me ? (না-সূচক বাক্যে come ব্যবহার করুন). (j) When are you going to finish building that house ? (ব্যবহার করুন—build).

অনির্দ্দিষ্ট সর্ব্বনাম

বাংলার "কিছু" শব্দের মত ইংরেজীতে অনুরূপ গোষ্ঠীবদ্ধ কয়েকটি সর্ব্বনাম আছে। বাংলা ঐ শব্দের ইংরেজী হচ্ছে something. বাক্য-বিন্যাসটি লক্ষ্য করুন, some শব্দটির পরেই thing বিশেষ্যটি আসছে এবং দু'টি মিলে একটি কথা হচ্ছে।

বিভিন্ন রূপের তালিকা এখানে দেওয়া হ'ল :

তালিকা—৩৯নং

1	সামগ্রী সম্বন্ধে :	Something	নিশ্চয়াত্মক	কিছু
		Anything	প্রশ্ন-সূচক	কিছু
		Nothing	না-সূচক	কিছু নয়
		Everything	—	সকল বিষয়, প্রত্যেক বিষয়
2	ব্যক্তি সম্পর্কে :	Somebody	নিশ্চয়াত্মক	"কেহ", "কেউ"
		Anybody	প্রশ্ন-সূচক	"কেউ" ?
		Nobody	না-সূচক	কেউ না
		Everybody	—	প্রত্যেকে
3,	স্থান সম্বন্ধে :	Somewhere	নিশ্চয়াত্মক	কোথায়, কোন স্থানে
		Anywhere	প্রশ্ন-সূচক	কোথায় ?
		Nowhere	না-সূচক	কোথায় নয়
		Everywhere	—	সর্ব্বত্র

এই শব্দগুলি সব সময়ে একবচনে থাকে, বহুবচনে এদের কোন রূপ নেই। যেমন :

Everybody left his hat on the table—প্রত্যেকেই টেবিলের উপর তাঁর টুপি রেখেছিলেন।

Does anybody here speak French ?—এখানে কেউ ফরাসী ভাষা বলতে পারেন ?

There is nothing in my pocket আমার পকেটে কিছু নেই।

পরের এক পাঠে (৪৮), এই কথাগুলি নিয়ে অনুশীলনের ব্যবস্থা আছে।

ইতিমধ্যে কথাগুলির অর্থ দেখে রাখুন যাতে কথোপকথনে কথাগুলি ব্যবহারের সময় আপনি সেগুলি ঠিক বুঝতে পারেন।

কথোপকথন

বেনেডিক্‌ট্‌ পরিবার স্টেশন থেকে ট্যাক্সি ক'রে লণ্ডনের মধ্যে দিয়ে ইয়ংদের বাড়ীর দিকে যাচ্ছেন। সেখানেই তাঁরা থাকবেন। কথাবার্ত্তার প্রধান বিষয় হ'ল যান চলাচল—the traffic.

এ কথোপকথনে লক্ষ্য রাখার প্রধান বিষয় হ'ল—পুরাঘটিত বর্ত্তমান কালের ব্যবহার। আমরা ইতিপূর্ব্বে এ বিষয়ে যে আলোচনা করেছি তাতে পুরাঘটিত বর্ত্তমান কালের ব্যবহার আপনা থেকেই পরিষ্কার হওয়া উচিত। উদাহরণ স্বরূপ, হেলেনের প্রথম প্রশ্নই হচ্ছে—Why have we stopped ? (আমরা থেমেছি কেন ?)। হেলেন পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করছেন কারণ ঠিক এই **কথা বলার মুহূর্ত্তেই** ট্যাক্সিটা যে দাঁড়িয়ে আছে সেই ঘটনা নিয়েই তিনি উৎসুক, যদিও ট্যাক্সি থামার ঘটনাটি ঘটেছে অতীতে। কয়েক মুহূর্ত্ত পূর্ব্বে ঘটনাটি ঘটেছে। The light's just changing—now it's changed to green—এই বাক্যে প্রথম 's ব্যবহৃত হয়েছে ঘটমান বর্ত্তমান কালের is শব্দের সংক্ষিপ্ত রূপ, আর দ্বিতীয় 's হচ্ছে পুরাঘটিত বর্ত্তমান কালের has শব্দের সংক্ষিপ্ত রূপ হিসাবে।

নিম্নলিখিত বাক্য-বিন্যাসগুলি লক্ষ্য করুন :

Traffic lights—যান চলাচল নিয়ন্ত্রণের আলো।

Changed to red—বদলে লাল হয়েছিল।

Do something about it—এ সম্বন্ধে কিছু করুন।

Fix certain places where...নির্দ্দিষ্ট স্থান ঠিক করা যেখানে···

To warn motorists—মোটর চালকদের সতর্ক করার জন্যে।

Have made regulations—নিয়ম করেছেন।

কথোপকথনে এই বাক্যটি হচ্ছে আরো একটা উদাহরণ যাতে দেখবেন যে police কথার মত বহুত্ববাচক বিশেষ্য, আকারে একবচন হ'লেও ইংরেজীতে বহুবচনের ক্রিয়াপদ নিতে পারে, (তবে সব সময় নয়)। এ কথার আগে Government কথা দিয়ে যে বাক্যটি আছে তার সঙ্গে তুলনা করুন।

That helps a bit — এতে একটু সাহায্য হয়।
Turn to the left — বাঁ দিকে ঘোরা।
The short way to — যাবার সোজা রাস্তা।

আরো লক্ষ্য করবেন যে make ক্রিয়াটির পরে কেমন ভাবে এক কর্ম্মপদ আর তারপরে এক বিশেষণ পদ আসে। যেমন, My work makes me tired. (আমার কাজ আমাকে ক্লান্ত করায) কথোপকথনে পাবেন: They have made the road wider—তাঁরা রাস্তাটি আরো চওড়া করেছেন।

রেকর্ডের লিখিত ভাষ্য

Helen : Why have we stopped? Why doesn't the taxi go on?

John : It can't : the traffic light has changed to red.

Helen : There *is* a lot of traffic in London, isn't there!

Driver : You're quite right, madam. There *is* a lot of traffic. And the problem's grown since the war. The number of cars has doubled.

John : Oh. Has the government done anything about it?

Driver : Oh yes. They've fixed certain places where pedestrians can cross the road. And they've put up those orange lights, to warn motorists.

Helen : Yes, they're a very good idea.

Driver : And the police have made regulations about parking. That helps a bit. And they *have* made a few roads wider. But they haven't really solved the problem ; and there's more traffic every year.

Traffic lights. A pedestrian crossing.

John : This is a long stop, isn't it?

Driver : The light's just changing—ah, now it's changed to green···

Helen : Why has the driver turned to the left ?

John : This is the short way to the Youngs' house.

Helen : John, I think I've dropped my bag on the floor.

John : Oh, it's all right, I've picked it up. Here it is.

Helen : Oh, thank you.

পাঠ—৩৫

শব্দ-সংগ্রহ

afraid—ভীত

be afraid—ভীত হওয়া

baby—শিশু

camera—ক্যামেরা

carry—বওয়া

last night—গত রাত্রি

last week—গত সপ্তাহ

meet, met, met—মেলা, মিলেছিল, মিলিত হয়েছিল।

order—(সামগ্রীর জন্যে) আদেশ দেওয়া, হুকুম করা

pack—প্যাক করা, গুছিয়ে রাখা

property—সম্পত্তি

relief—উপশম (উদ্বেগ থেকে)

shelf—সেল্‌ফ, তাক

unpack—খোলা

while—যখন

পুরাঘটিত বর্ত্তমান কাল সম্বন্ধে আরো কিছু কথা

প্রধান যে-বিষয় নিয়ে এখন আমরা আলোচনা করতে চাই, সেটা হ'ল পুরাঘটিত বর্ত্তমান ও অতীত কালের মধ্যে পার্থক্য। এ বিষয়ে জানার অত্যন্ত প্রয়োজন কারণ ইংরেজী শিক্ষার্থীরা অনেক সময় ভাবেন যে তাঁরা অতীতের কথা বলতে গেলে অতীত কালের বদলে পুরাঘটিত বর্ত্তমান কাল অন্যতর হিসাবে ব্যবহার করতে পারেন। সুতরাং এখানে নিয়মটি দেওয়া হ'ল।

অতীতে যা ঘটেছে সে ঘটনা সম্বন্ধে যদি বলতে চান তাহ'লে অতীত কাল ব্যবহার করুন, পুরাঘটিত অতীত কাল ব্যবহার করবেন না। এটার প্রয়োজন অত্যন্ত বেশী, বিশেষ ক'রে যদি আপনি অতীত কাল-জ্ঞাপক (অতীত সময়

নিরূপক) কথা ব্যবহার করেন ; যেমন, yesterday কিংবা last week কিংবা six o'clock. অনেক সময় এই অতীত সময় নিরূপক কথাগুলি বাদ দেওয়া হয়। তাহ'লেও কথাবার্ত্তার ধারা থেকে বোঝা যায় যে অতীতে কোন এক সময়ে ঘটিত ঘটনার কথা বলছেন। উদাহরণ :

I was walking along the road yesterday, when I met George. He walked with me to the bank and we went in together. Then we had a drink, and he said good-bye.

কিন্তু যদি বর্ত্তমান অবস্থার কথা বলতে চান তাহ'লে পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করুন।

I am not hungry ; I have just had my dinner. The room is cold because somebody has opened the window.

যদি অতীত কালের কথা উল্লেখ করা হয় তাহ'লে কি হয় দেখুন : I am not hungry ; I had my dinner at one o'clock. (অতীত কাল !) The room is cold because Tom opened the window (অীতত কাল !) at seven o'clock. I have just shut it again.

কথোপকথনটি এখনই ধরা যাক। লিখিত ভাষ্য সামনে থাকলে ঐ বিষয়গুলি আলোচনার সুবিধা হবে।

কথোপকথন

ইয়ংদের বাড়ীতে বেনেডিক্‌ট্‌রা জামা কাপড় সুটকেশ থেকে বার করছেন। জন দেখলেন তিনি তাঁর ক্যামেরা হারিয়েছেন। লক্ষ্য করুন কেমন un শব্দ ক্রিয়ার আগে যোগ করে ক্রিয়ার বিপরীত অর্থ করা হয়। Pack a suitcase—এর অর্থ হ'ল সুটকেশ গুছিয়ে রাখা। Unpack শব্দের অর্থ হ'ল খুলে বার ক'রে নেওয়া।

কয়েকটি বাক্য-বিন্যাস :

What have you done with the things? — ও জিনিষগুলি নিয়ে কি করেছেন ?

Is there something you want ?— আপনি (আপনারা) কি কিছু চান ?

২৪নং পাঠে আমরা বলেছি something প্রশ্ন-বাক্যের সময় anything হয়। কিন্তু এখন দেখছেন যে নিয়মটি সকল ক্ষেত্রে প্রযোজ্য নয়। some এবং এ কথার যৌগিক শব্দ প্রশ্ন-বাক্যে ব্যবহার **করা যায়,** যেখানে আমরা "হ্যাঁ"—এই উত্তর আশা করতে পারি সে সব ক্ষেত্রে।

I've put most of them away—বেশীর ভাগগুলি আমি সরিয়ে রেখেছি।

I don't think so —আমার মনে হয় না।

Look round the room—ঘরে খুঁজে দেখুন।

I saw you carrying it—আমি দেখলাম আপনি নিয়ে চলেছেন।

I'm afraid, I regret to say—আমার ভয় হচ্ছে, দুঃখের সঙ্গে বলছি।

Lost property office—হারান জিনিষ জমা রাখার অফিস।

রেকর্ডের লিখিত ভাষ্য

John : Helen, are you going to unpack your suitcase ?

Helen : I've already unpacked it.

John : What have you done with the things ?

Helen : I've put most of them away in the cupboards and drawers. Why ? Is there something you want ?

I have already unpacked it.

John : Yes. Did you find my camera ?

Helen : No, I don't think it was in my case. You had it, didn't you ?

John : I don't know. I think I've lost it.

Helen : Didn't you put it in your suitcase ?

John : I've taken everything out of my case, and the camera isn't here.

Helen : Did you leave it in Edinburgh ?

John : I don't think so. We both looked round the room very carefully, and there wasn't anything.

Helen . I'm sure I saw you carrying it when we caught the train.

John : Well, I'm afraid I have lost it.

Helen : You must telephone to the Lost Property Office. But here's Elsa ; let's ask her.

Elsa : Hello. Are you looking for your camera ? I've put it on my table. You left it in the taxi, and I picked it up.

John : Well, that's a relief !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৩৪ এবং ৩৫

You must be quiet—the concert has begun ! . . . Has anybody been here while I've been out ? . . . Yes, somebody came at about twelve o'clock . . . . Where have you put their order ? . . . . They haven't sent it to us yet . . . . You haven't told us your news . . . . Do you want some breakfast ? . . . . No, thanks, I've already had my breakfast . . Who's moved my typewriter ? . . . . I can't see it . . . . Has she come back from her holiday yet ? . . . Yes, she's come to the office this morning, and she looks very well . . . Why haven't you switched on the light ? . . . . I hope the men have fixed that shelf in my bedroom . . . . .

কথোপকথন সম্বন্ধে টীকা

আমাদের নিজেদের প্রশ্ন করা যাক **কেন** আমরা কোন কোন স্থানে পুরাঘটিত বর্ত্তমান কাল আর অন্য স্থানে অতীত কাল ব্যবহার করব।

১। I *have* already *unpacked* it. পুরাঘটিত বর্ত্তমান কাল, কারণ হেলেন বলছেন বর্ত্তমান অবস্থার কথা। সুটকেশ এখন খালি। তাছাড়া সময়-নিরূপক already শব্দের যোগে পরিষ্কার বোঝা যাচ্ছে যে আমাদের পুরাঘটিত বর্ত্তমান কালের পদ ব্যবহার করতে হবে। কারণ "এই সময়ের

আগে," "যে সময়ের কথা বলছি তার আগেই শেষ বা সম্পূর্ণ হয়েছে" অর্থে already কথাটি পুরাঘটিত বর্ত্তমান কালের সঙ্গে খুব বেশী ব্যবহৃত হয়ে থাকে।

২। What *have* you *done* with the things? পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করা হয়েছে কারণ জন জানতে চাইছেন জিনিষগুলি **এখন** কোথায়?

৩। I *have put* them away এখানেও পুরাঘটিত বর্ত্তমান কাল, কারণ তিনি বোঝাতে চাইছেন **এখন** সামগ্রীগুলি কোথায় আছে।

৪। *Did* you *find* my camera? অতীত কাল ব্যবহার করা হয়েছে, কারণ জন প্রকৃতপক্ষে কোন্ সময় তা উল্লেখ না করলেও মনে করছেন, "সেই সময়ে (অতীত কালে) যখন আপনি স্যুটকেশ থেকে জিনিষ-পত্র বার করছিলেন"।

৫। You *had* it. হেলেন সরল অতীত কাল ব্যবহার করছেন, কারণ তিনি ভাবছেন তাঁরা বাড়ী ফেরার আগে, যখন (অতীত কালে) তাঁরা বেড়াচ্ছিলেন তখন জনের কাছে ক্যামেরা ছিল।

৬। I think I *have lost* it. পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার হচ্ছে কারণ জন তাঁর বর্ত্তমান অখুসী ক্যামেরাহীন অবস্থার কথাই ভাবছেন।

৭। Didn't you *put* it in the suitcase? অতীত কাল ব্যবহার হ'চ্ছে কারণ স্বভাবতঃই, যখন তাঁরা স্যুটকেশ সাজাচ্ছিলেন, তখনকার (অতীত কালের) কথাই ইঙ্গিত করছেন। নিশ্চয় অতীত কালে হবে, কারণ খুব সম্প্রতি তাঁরা স্যুটকেশ থেকে জিনিষ বার করেছেন।

৮। I *have* taken everything out. পুরাঘটিত বর্ত্তমান, কারণ কার্য্যের ফল এখনও বর্ত্তমান, স্যুটকেশ এখন খালি।

৯। Did you leave it in Edinburgh? অতীত কাল, ইঙ্গিত করছে, "যখন আমরা এডিনবরা ছাড়ছিলাম তখন"। কিন্তু হেলেন পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করতে পারেন—Have you left it in Edinburgh? পুরাঘটিত বর্ত্তমান ইঙ্গিত করবে "ওটা ওখানে এখনও রয়েছে।"

১০। We *looked* round the room. সরল অতীতকাল হতেই হবে, কারণ এটী ইঙ্গিত করছে সেই সময়ের কথা, যখন তাঁরা এডিনবরায়

স্যুটকেশ সাজাচ্ছিলেন। যদি জন বলতেন we have looked round the room, তাহ'লে তিনি মনে করতেন যে ঘরে তাঁরা **তখন** দাঁড়িয়ে আছেন সেই ঘরে।

১১। I *saw* you carrying it when we caught the train. (যখন আমরা ট্রেন ধরছিলাম তখন তোমার হাতে দেখেছিলাম)। হেলেনকে এখানে অতীতকাল ব্যবহার করতেই হবে কারণ তিনি প্রকৃতপক্ষে এক অতীতকালের কথা ইঙ্গিত করছেন।

১২। I *have put* it on my table. এলসা পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করছেন, কারণ তিনি মনে করছেন যে টেবিলের উপর **এখন** ক্যামেরাটি রয়েছে।

১৩। You left it in the taxi and I picked it up. এবারে অতীতকাল, কারণ ঘটনাটা ঘটেছে অতীতে। তিনি যদি বলতেন, You have it in the taxi, তাহ'লে তিনি মনে করতেন ওটা এখনও ট্যাক্সিতে আছে। কিন্তু তা ত' নয়।

"Did you leave it in Edinburgh ?" এ বাক্যটি ছাড়া আর সকল বাক্যই হয় পুরাঘটিত বর্ত্তমান কিংবা অতীতকালের পরিষ্কার উদাহরণ। এই টীকার পর দুই কালের মধ্যে পার্থক্য আপনার পরিষ্কার হ'যে যাওয়া উচিত। একটা অনুশীলন চেষ্টা করে দেখুন।

অনুশীলন—১

নিম্নলিখিত বাক্যে, ক্রিয়াপদটি প্রয়োজন মত হয় অতীত কিংবা পুরাঘটিত বর্ত্তমানকালে পরিণত করুন। (কতকগুলি প্রশ্ন আর কতকগুলি না-সূচক বাক্যে)।

(a) Your dinner is ready, and I (leave) it on the table. (b) You (send) those letters off yesterday. (c) He (not find) his watch yet, that he (lose) last week. (d) We can switch off the radio, because I (hear) the news already. (e) I (hear) it at nine o'clock this morning. (f) We (enjoy) the concert last night. (g) We (enjoy) our stay in England, and are sorry to say goodbye. (h) You (move) my box ? I can't find it. (i) What (happen) in the road ? There is

a crowd of people. (j) I am sure I had the jacket when we (start) from home.

While কথার ব্যবহার

While শব্দের অর্থ হচ্ছে "যখন..." অর্থাৎ "ঐ সময়ের মধ্যে যখন..."। এখানে দুটো উদাহরণ দেওয়া হ'ল :

Will you sit here while I look for my father ?

Please wait in the kitchen while we finish our breakfast ?

সম্বন্ধ-সূচক অব্যয় পদ during শব্দের ব্যবহারের সঙ্গে তুলনা করুন— Please don't talk to me during breakfast. While শব্দটি অনেক সময়ে পুরাঘটিত বর্ত্তমান কালের সঙ্গে ব্যবহৃত হয়, এই রকমের বাক্যে : Has anybody telephoned while I have been out ?

প্রশ্নকর্ত্তা ফেরামাত্রই এই কথা বলবেন, সুতরাং I have been out কথাটি অবস্থার পক্ষে উপযুক্ত হবে। কিন্তু যদি প্রশ্নকর্ত্তা ফেরার কিছু পরে প্রশ্ন করেন, তাহ'লে সেটা অতীতকালে বলতে হবে :

Did anybody telephone while I was out ?

While শব্দটি খুব বেশী সময় ঘটমান কালের সঙ্গে ব্যবহৃত হয় :

She sat and waited while I was washing the baby.

I will cook the supper while you are reading the paper.

Have gone এবং Have been to

Go শব্দের অতীত কৃদন্ত পদ হচ্ছে gone. উদাহরণ, Where is George ?—He has gone to the bank.

কিন্তু এমন অবস্থা হতে পারে যখন আমরা have gone কথার ব্যবহার করতে পারি না। উদাহরণ স্বরূপ, আপনি সরাসরি নিজে অন্য একজনকে বলতে পারেন না—I have gone to the bank this morning.—কারণ এই কথায় ইঙ্গিত থাকবে যে ওকথা বলার জন্যে যেন আপনি ওখানে নেই ! (Have gone যেহেতু পুরাঘটিত বর্ত্তমান কাল সেই হেতু ওর অর্থ

হচ্ছে am not here). এরকম ক্ষেত্রে আমরা *gone* শব্দের পরিবর্ত্তে *been* কথা ব্যবহার করি, যাতে গিয়ে ফিরে আসার ভাব ইঙ্গিত করা যায়। উদাহরণ :

Are you going to the bank ?—No, I have already been to the bank this morning. I went there at ten o'clock.

We have been to the cinema six times this week.

অনুশীলন—২

এইগুলি ইংরেজীতে বলুন : (a) আপনি যখন ঘুমোচ্ছিলেন তখন তাঁরা পৌঁচেছিলেন। (b) সঙ্গীত জলসার সময় গোলমাল করবেন না। (c) সকালে খাওয়ার পর থেকে আমি দশটি চিঠি লিখেছি। (d) আপনাব সব খবর ইতিপূর্ব্বে আমাকে বলেছেন। (e) জুন মাস থেকে এখন পর্য্যন্ত তিনি তিনবার প্যারিশ ঘুরে এলেন। (f) কিছুই হয়নি, সবই ঠিক আছে। (g) নাচে যাবার জন্যে আপনার নতুন পোষাক পছন্দ করেছেন ? (h) যখন আপনাকে দেখেছিলাম, তখন আপনি আপনাব কুকুরের খোঁজ করেছিলেন। ওটাকে খুঁকে পেযেছেন কি ? (i) হ্যাঁ, আমবা এইমাত্র এখানে এসেছি। আমাদের ছুটি চমৎকাব কেটেছে।

অনুশীলন—৩

ইংরেজীতে এই কথাগুলি কি ভাবে বলবেন : (a) যান চল্যাচলের আলো লাল থাকলে আপনাকে থামতে হবে আর যতক্ষণ না তা বদলে সবুজ হয়, ততক্ষণ অপেক্ষা করতে হবে। (b) তিনি ভয়ানক বিশ্রীভাবে কথা বলেন। এ সম্বন্ধে তাঁব নিশ্চয কিছু কবা দবকাব। (c) আমাদেব একটা সময ঠিক করতেই হবে যখন আমবা রাতের খাওয়া একসঙ্গে খেতে পারি। (d) পুলিশ বহুবার তাঁকে সতর্ক করেছে, কিন্তু তিমি এখন পর্য্যন্ত তাঁর গাড়ীতে কোন নতুন আলো লাগাননি। (e) এ সম্পর্কে কোন নিযম আছে কিনা আমি জানি না। (f) লম্বা বেডানতে ক্ষুধার্ত্ত হযেছি। (g) আমাব বর্ষাতিটা কি হ'ল ? আপনি ওটা নিয়ে কি করেছেন ? (h) তাঁদের মধ্যে বেশীজন ইতিমধ্যেই আমাদের কিছু দেবার জন্যে প্রতিজ্ঞা করেছেন। (i) চলে যাবার আগে বাড়ীটা ঘুরে দেখতে চান ? (j) রাস্তা দিয়ে তাঁকে (পুরুষ) দৌড়ে যেতে তিনি (স্ত্রী) দেখেছিলেন।

পাঠ—৩৬

শব্দ-সংগ্রহ

abbey—মঠ
after all—মোটের উপর, শেষে
ago—(কিছুকাল) আগে, পূর্ব্বে
business—কাজ কারবার
cathedral—গির্জ্জা
could—পারত
development—উন্নয়ন, উন্নতি
ever—কখন, সর্ব্বদা
factory—কারখানা
fortnight—পক্ষকাল
interest—আগ্রহ
last—শেষ
main—প্রধান
manager—পরিচালক, ম্যানেজার
modern—আধুনিক
parliament—লোকসভা
personnel—সকল কর্ম্মী (কোন এক কারখানার)
serious—গুরুতর
time—সময় (সুযোগ)
tower – চূড়া
true—সত্য
usual—সাধারণ
visit—দর্শন
zoo—চিড়িয়াখানা

"Have you read the book ?"

পুরাঘটিত বর্ত্তমান কাল সম্বন্ধে আলোচনা করার সময় আমরা বেশ কয়েকবার বলেছি যে এটা হচ্ছে বর্ত্তমান কালের কথা। অর্থাৎ যখন আমরা ক্রিয়ার এই রূপ ব্যবহার করি তখন আমরা বর্ত্তমান অবস্থার কথাই চিন্তা করি।

পুরাঘটিত বর্ত্তমান কালের আরো একটি ব্যবহারের কথা আমরা এখনও আলোচনা করিনি। সেটা হচ্ছে আমাদের অভিজ্ঞতা বর্ণনায় এটার ব্যবহার। এই পাঠের শিরোনামা দেখলে বুঝতে পারবেন আমরা কি বলতে চাইছি। "এ বইটা পড়েছেন ?" আপনার অভিজ্ঞতার মধ্যে এই বই পড়ার অভিজ্ঞতাও কি আছে ? "আপনি কখনও প্যারিশে গিয়েছেন ?" এখানেও, আপনার অভিজ্ঞতা সম্বন্ধেই আমাদের আগ্রহ।

সতর্কতার সঙ্গে লক্ষ্য করবেন যে এই সব প্রশ্নে ঐতিহাসিক সময় সম্বন্ধে কোন কথা নেই। কোন সময়ে, **কখন** ঘটনাটি ঘটেছিল সে বিষয়ে আমাদের কোন আগ্রহ নেই। আমাদের আগ্রহ শুধু ঘটনা যে ঘটেছিল সে সম্বন্ধে আর

এটা যে আমাদের অভিজ্ঞতার অংশ সেই সম্বন্ধে। ইংরেজীতে এই ভাব প্রকাশ করা হয়, পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার ক'রে।

Have you read this book ?

Have you ever been to Paris ?

বহুদিন পূর্ব্বে ঘটনাটি ঘটলেও কিছু আসে যায় না। যেমন আগে বলেছি, কোন্ সময়ে কখন ঘটেছে তার কোন গুরুত্ব নেই। হয়তো অনেক অনেকদিন আগে ঐ বইটি আপনি পড়েছিলেন কিংবা প্যারিশে গিয়েছিলেন, তাহ'লেও আমরা পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করি কারণ আমরা আপনার অভিজ্ঞতার বর্ত্তমান অবস্থার কথাই বিবেচনা করছি। এখানে একটু কথাবার্ত্তা দেওয়া হ'ল। এ থেকে বুঝবেন আমরা কি বলতে চাইছি :

Have you ever been to Paris ? Yes I have.

When did you go ? I think it was in 1921.

দেখছেন, কতদিন আগে ঘটনাটি ঘটেছে, তা সত্ত্বেও প্রথম প্রশ্ন-উত্তরে পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করা হয়েছে আর এটা ইংরেজী ব্যাকরণ মতই ঠিক হয়েছে। অবশ্য যদি কার্য্যটি খুব সম্প্রতি হয়ে থাকে আর আমরা এ বিষয়ে একটু জোর দিতে চাই তাহ'লে আমরা just কথাটি ব্যবহার করতে পারি। এক্ষেত্রে একথার অর্থ হ'ল "খুব সম্প্রতি"। যেমন,

I have just been to Paris.

Ago শব্দ

একটি অতীত কাল নিরূপক শব্দের দিকে আমাদের বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। এটা হচ্ছে ago. সময়ের পরিমাণ উল্লেখের পর এ শব্দটি ব্যবহার করা হয়। যেমন, I went there a week ago. অর্থাৎ "এক সপ্তাহ আগে আমি ওখানে গিয়েছিলাম।" দেখছেন যে কাল সম্বন্ধে যে শব্দ বা বাক্যাংশ থাকে সেই শব্দ বা বাক্যাংশের পরেই ago কথাটি আসে।

A week ago কিংবা two days ago প্রভৃতির মত বাক্যাংশ শুধুমাত্র অতীত কালের সঙ্গে ব্যবহার করা চলে। এই বাক্যাংশে অতীত কালের কথা থাকে সেজন্যে পুরাঘটিত বর্ত্তমান কালের সঙ্গে ব্যবহার করা যায় না।

আমরা বলতে পারি না—I have been there a week ago আমাদের বলতে হবে I went there a week ago.

Since শব্দের সঙ্গে অন্য খণ্ড বাক্য

আমরা ইতিপূর্ব্বেই দেখেছি কেমন ভাবে since কথাটি অব্যযপদ রূপে ব্যবহৃত হয়। যেমন, I have not seen her since January. "গত জানুয়ারী মাস থেকে আমি তাকে আর দেখতে পাইনি।"

Since শব্দটি একটি খণ্ড-বাক্যের সঙ্গেও ব্যবহার করা চলে। যেমন, I have not seen her since I came to London.' "লণ্ডনে আসার পর থেকে আর তাঁকে দেখিনি।" ইংরেজী বাক্যে শেষ পাঁচটি শব্দ মিলে একটী খণ্ড-বাক্য হয়েছে। Came ক্রিয়াপদ এতে আছে, তা থেকেই এটী আপনি ধরতে পারবেন।

লক্ষ্য করুন যে since শব্দের আগে ক্রিয়াপদটি হ'ল পুরাঘটিত বর্ত্তমান কালে আর since শব্দের পরে ক্রিযাপদটি হ'ল অতীত কালে। এ থেকেই দেখা যায় যে since শব্দটি অতীত ও বর্ত্তমানের মধ্যে যোগ-স্থাপক, আর এর অর্থ হ'ল, "অতীত কাল থেকে এখন পর্য্যন্ত যে সময গিয়েছে তার মধ্যে।" সুতরাং এটি পুরাঘটিত বর্ত্তমান কালের সঙ্গে ব্যবহার করার জন্যে এক সাধারণ সংযোজক।

Since এবং ago শব্দ দু'টী একই বাক্যে ব্যবহার করা সম্ভব। এখানে একটি উদাহরণ দেওয়া হ'ল:

It hasn't rained since a week ago.

গত এক সপ্তাহ ধরে আর বৃষ্টি পড়েনি।

এর অর্থ হ'ল, এক সপ্তাহ আগে যখন বৃষ্টি পড়ছিল তখন সেই ঘটনার পর থেকে আর বৃষ্টি পড়েনি।

অনুশীলন—১

Have you ever been to Paris? (আপনি কি কখন প্যারিশে গিয়েছিলেন?) এভাবে কারুর অভিজ্ঞতা সম্বন্ধে নানা প্রশ্ন করুন। এই ভাবগুলি ব্যবহার করুন: (a) তৈরী করা...বাড়ী? (b) রান্না-করা... কারুর রাতের প্রধান খাবার? (c) নাচা...আটজনের নাচ? (d) শেখা...

পিয়ানো বাজান ? (e) পড়া…শেকস্‌পিয়ারের "হ্যামলেট ?" (f) রাখা… দাড়ি ? (g) যাওয়া…কলেজ ? (h) খাওয়া…হোটেলে খাওয়া ? (i) ব্যবহার করা…যে আলোটা আপনাকে দিয়েছিলাম ? (j) সিদ্ধ করা… ডিম ?

অনুশীলন—২

নিম্নলিখিত বাক্য-বিন্যাসগুলি ব্যবহার ক'রে, নিজের মন থেকে বাক্য রচনা করুন : (a) Three days ago. (b) Ten years ago. (c) Since 1950. (d) Since I saw you. (e) Since lunchtime. (f) Five months ago.

সহকারী ক্রিয়াপদ রূপে Have

যখন আমরা have কিংবা has ক্রিয়াপদ সহকারী ক্রিয়ারূপে, অন্য ক্রিয়ার পুরাঘটিত বর্তমান কালের পদ সৃষ্টির জন্যে ব্যবহার করি তখন সহকারী ক্রিয়াপদটি "বিশেষ ক্রিয়া" রূপে গণ্য হয়। অর্থাৎ এর অর্থ হ'ল যে না-সূচক বাক্যে এটা হবে haven't কিংবা hasn't এবং প্রশ্ন-সূচক বাক্যে have কিংবা has শব্দটি কর্তার আগে রাখতে হবে।

এটার আরো অর্থ হ'ল যে এই ক্রিয়াটি ছোট্ট জবাবে ব্যবহার করা যাবে। উদাহরণ,

Has he gone by train ? Yes, he has.
Have you left the tickets at home ? No, I haven't.

কথোপকথন

এবারে কথোপকথন হ'ল ইংলণ্ডে জন ও হেলেন বেনেডিক্‌ট্‌, এই বিদেশী ভ্রমণকারীদের অভিজ্ঞতা সম্বন্ধে। তাঁদের নিমন্ত্রণকারী টম ইয়ং তাঁদের জিজ্ঞাসা করেন আগামী সপ্তাহে তাঁরা কি করবেন স্থির করেছেন ; আর তাঁরা তাঁকে বলেন যে সব স্থান তাঁরা ইতিমধ্যেই দেখছেন তার কথা।

এ সবের মধ্যে আছে The Houses of Parliament (আইন পরিষদের বাড়ী), Kew Gardens (কিউ নামক স্থানে আদর্শ উদ্ভিদ্‌

উদ্যান), St. Paul's Cathedral (সেণ্ট পল্ নামক গির্জ্জা বাড়ী) এবং the Zoo (চিড়িয়াখানা)।

জন যেমন বললেন, তাঁরা all the usual things (সাধারণ যা দেখার তা সব) দেখেছেন আর এখন তাঁকে ভাবতে হবে the business side of his visit (তাঁর এদেশ ভ্রমণের বৈষয়িক দিকটার কথা)। সুতরাং টম প্রস্তাব করেন যে তাঁরা মোটর গাড়ী তৈরীর কারখানা দেখুন, Reading-এ "Runacars" দেখুন। Reading -হচ্ছে লণ্ডনের পশ্চিমে একটী শিল্পপ্রধান সহর।

A motor-car factory —মোটর তৈরীর কারখানা।

Your main interest —আপনার প্রধান আগ্রহকর বিষয়।

I expect things have changed—আমার মনে হয় অবস্থা বদলে গেছে।

Since you were here last —শেষ যখন আপনারা এখানে এসেছিলেন তখন থেকে।

Personnel Manager —কর্ম্মীদের ব্যবস্থাপক কর্ত্তা।

Could I come, too ? —আমিও আসতে পারি কি ?

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : What are you going to do this week ?

John : Well, we don't really know.

Tom : Why not visit Kew Gardens ?

Helen : Well,......we've been there.

John : Yes, we've seen all the usual things. The Tower of London, and the Zoo, and the Houses of Parliament.

Tom : Have you visited Westminster Abbey ?

John : Yes, we went there a fortnight ago. But I haven't seen St. Paul's Cathedral since I was here in 1951.

Helen : *I* have ! I've been there two or three times.

John : But I really ought to think about the business side of my visit.

Tom : Yes ! You must visit a motor-car factory. After all, that is your main interest.

John : That's true. I haven't been to one yet. I expect things have changed since 1951.

The Zoo.

Tom : I'm sure they have. Yes, there have been some very big developments since you were here last. Tell me—would you like to go and see 'Runacars' ! of Reading ?

John : Yes, I would.

Tom : They have a big modern factory, and I happen to know the Personnel Manager there.

Helen : Could I come too ?

অনুশীলন—৩

কথোপকথন সম্বন্ধে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন :

(a) What are the Benedicts going to do this week ? (b) Have they been to Kew Gardens ? (c) What do you think they saw when they went to Kew Gardens ? (d) Where are the Houses of Parliament ? (e) When did they go to Westminster Abbey ? (f) What is the serious business of John's visit ? (g) Have motor-car factories changed since 1951 ? (h) Where does Tom ask John to go ? (i) Does he know anybody there ? (j) What does John say to this idea ?

পাঠ—৩৭

শব্দ-সংগ্রহ

abroad—বিদেশে
bridge—সেতু
career—বৃত্তি
civil—বেসামরিক
chemical—রাসায়নিক
country—দেশ

course—পাঠসমষ্টি, পাঠমালা
decide—স্থির করা
education—শিক্ষা
electrical—বৈদ্যুতিক
engineer—ইঞ্জিনিয়ার, যন্ত্রবিদ্
chemical engineer—রাসায়নিক ইঞ্জিনিয়ার
civil engineer—বেসামরিক ইঞ্জিনিয়ার
electrical engineer—বৈদ্যুতিক ইঞ্জিনিয়ার
mechanical engineer—যান্ত্রিক ইঞ্জিনিয়ার
especially—বিশেষতঃ
general—সাধারণ
hard—কঠিন, শ্রমসাধ্য
intend—ইচ্ছা করা
interested (in) আগ্রহশীল (কোন বিষয়ে)
interesting—আগ্রহকর
job—কাজ
kind—প্রকার
life—জীবন
like—মতন
live—বাস করা
mechanical—যান্ত্রিক, বলবিদ্যা সম্বন্ধীয়
opportunity—সুযোগ
sort—প্রকার
supply—সরবরাহ
under-developed—অল্প উন্নীত
university—বিশ্ববিদ্যালয়া
water-supply—জল সরবরাহ

When you have finished

ইংরেজীতে যখন সময়-জ্ঞাপক-পদের সঙ্গে ভবিষ্যত কাল ব্যবহার করি, তখন সেই পদ ভবিষ্যত কালে রাখা যায় না, বর্ত্তমানে কালে রাখতেই হবে। যেমন, I will go when I am ready. I will go—হচ্ছে ভবিষ্যত কাল আর সময় নির্দ্দেশ করছি এই কথা ব'লে when I am ready. দেখুন ক্রিয়াপদ এখানে ভবিষ্যত কালে নয়, বর্ত্তমান কালে।

শুধু will go ক্রিয়াপদের বেলা এই নিয়ম খাটে না, অন্য ক্রিয়া যেমন can go বা must go-র ক্ষেত্রেও এই একই নিয়ম চলে। মোট কথা আমরা যখন ইংরেজীতে "যখন পদ" ব্যবহার করি, তখন আমরা কখনও ভবিষ্যত কাল ব্যবহার করি না।

সরল বর্ত্তমান কাল ছাড়াও "যখন পদ" ব্যবহার হ'লে, আমরা পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার করতে পারি। উদাহরণ:

I will help you when I have finished my work.

Please give me the book when you have read it.

সংযোজক শব্দ সব সময় when হবারও প্রয়োজন নেই। সংযোজক শব্দ after, before কিংবা until-ও হতে পারে।

উদাহরণ :

We will talk about that after he has gone.

তিনি চলে যাবার পর আমরা ও সম্বন্ধে কথা বলব।

You can't eat that egg before (কিংবা until) I have cooked it.

আমি রান্না না করার আগে (কিংবা যতক্ষণ না রান্না করি ততক্ষণ) আপনি ডিমটা খেতে পারেন না।

কথোপকথন

হেলেন বেনেডিক্ট্ ও ডরথী ইয়ং, প্যাট্রিকের ভবিষ্যত সম্বন্ধে আলোচনা করছেন। এই কথোপকথনে "যখন পদে" পুরাঘটিত বর্ত্তমান কালের দু'একটি উদাহরণ পাবেন।

এ ছাড়া আরো কয়েকটি জিনিষ লক্ষ্য করবেন। ৩৬নং পাঠে আমরা দেখেছি কি ভাবে interest শব্দটি বিশেষ্য রূপে ব্যবহৃত হয়েছে। His main interest (তাঁর প্রধান আগ্রহ)। এবার আমরা এ শব্দ থেকে গঠিত দু'টী কথা পাব, দু'টীই বিশেষণ রূপে ব্যবহৃত হয় : interesting এবং interested. Interesting (আগ্রহকর)-বাক্যাংশে এই ভাবে ব্যবহার করা যায়—an interesting book, an interesting idea. রেকর্ডের লিখিত ভাষ্যে—that is very interesting. কিন্তু interested শব্দটি ব্যক্তি সম্পর্কে ব্যবহৃত হয়। I am not interested (আমি আগ্রহান্বিত নই)। বেশীর ভাগ ক্ষেত্রে শব্দটির পরে অব্যয় পদ in থাকে।

উদাহরণ :

He is interested in food ; I am interested in buildings.

আপনি ইতিপূর্ব্বেই like শব্দের ক্রিয়া রূপে ব্যবহার পেয়েছেন। এ শব্দটি বিশেষণ রূপেও ব্যবহার করা চলে, তখন এর অর্থ হয় "মতন"। যেমন :

A doctor like his father (তাঁর বাবার মতন ডাক্তার) ; A mechanical engineer like my husband (আমার স্বামীর মত যন্ত্রবিদ্ বা যান্ত্রিক ইঞ্জিনিযার) ।

এবারে আরো দু'টী শব্দ, kind ও sort :

There are several kinds of engineer.	—বেশ কযেক রকমের ইঞ্জিনিযার আছেন ।
Which sort do you like.	—কোন রকমের আপনি চান (পছন্দ করেন) ?
Not that sort.	—ও রকমের নয ।
...makes road and that sort of thing.	...রাস্তা ও ঐ রকম জিনিষ তৈরী করেন ।

এবারে দু'টী বাক্যাংশ যাতে অসমাপিকার ব্যবহার হয় ঃ

He's decided not to be a doctor.—তিনি স্থির করেছেন যে ডাক্তার হবেন না ।

He's made up his mind to go.—তিনি যাবেন বলে মন স্থির করেছেন ।

শেষের বাক্য-বিন্যাসটি লক্ষ্য করার মত । আর একটা উপায়ে বলা make up his mind, "স্থির করা" । এটাও স্মরণ রাখবেন যে যখন has সহকারী ক্রিয়াপদ রূপে ব্যবহৃত হয় তখন He has কথাটি বলা হয বা লেখা হয He's রূপে । চিহ্নিত 's এ ক্ষেত্রে is শব্দের বদলে বসেছে ব'লে ভুল করবেন না যেন ।

লক্ষ্য করুন—He is taking a course ; এবং বিপরীত a general course এবং a special course.

আরো কয়েকটি বাক্যাংশ লক্ষ্য করার মত ঃ

How interesting !	— কি চমৎকার !
To go abroad	— বিদেশে যেতে
He will take a job abroad	— তিনি বিদেশে একটা কাজ নেবেন ।
A lot of opportunities	— অনেক সুযোগ
Under-developed countries	— স্বল্প উন্নত দেশগুলি

রেকর্ডের লিখিত ভাষ্য

Helen : Has your son chosen his career yet, Mrs. Young ? What is he going to do when he leaves college ? Is he going to be a doctor like his father ?

Dorothy : Oh, no, he's decided not to be a doctor. He's seen the hard life a doctor has ! No, he's made up his mind to be an engineer.

Helen : Oh ! That's very interesting. A mechanical engineer, like my husband ?

Dorothy : No, not that sort. Of course, Patrick is very interested in cars, too, but he isn't going to make them.

Helen : There are several kinds of engineer, aren't there? Electrical engineers, chemical engineers—

A civil engineer.

Dorothy : Oh, no, Patrick is taking a general course on Civil Engineering at the university. You know —a civil engineer is a man who makes roads and bridges and that sort of thing. When he's finished the general course, he'll take a special course on water supply.

Helen : Oh, how interesting ! Does he intend to go abroad ?

Dorothy : Oh, yes, when he's finished his education, perhaps, he'll take a job abroad. There are a lot of opportunities for water supply engineers, especially in under-developed countries.

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৩৬ এবং ৩৭

Have you heard the news ?....No ; what's happened ?.... She's never read any of these bcoks······I haven't been to Paris since I was a young girl······Have you ever lived in London ?......Yes, I have······How long ago did you live there ?····· Oh, it was nineteen-thirty ; about twenty-five years ago······But since then we've lived in Manchester...... Tell my secretary to go home whcn she's finished those letters······He doesn't want to visit Enlgand until he's learnt English······If you've finished with my book, let me have it back......

অনুশীলন—১

ইংরেজীতে এগুলি কি ভাবে বললেন : (a) চুল বুরুশ করার পর আমাদের সঙ্গে আসতে পারেন। (b) ও চিঠিগুলি শেষ না করা পর্য্যন্ত তিনি (স্ত্রীলোক) বাড়ী যেতে পারবেন না। (c) গাড়ীটি ঠিক মত রাখার পর আমি ভিতরে আসব। (d) তাঁর পা'ছুটীকে যখন তিনি বিশ্রাম দিতে পারবেন তখন তিনি সুস্থ বোধ করবেন। (e) আমি কোন কিছু করার আগে আমাকে ধন্যবাদ দেবার দরকার নেই। (f) সমস্যা সমাধান না করা পর্য্যন্ত চেষ্টা বন্ধ করবেন না। (g) আপনার নতুন পোষাক পছন্দ হবার পর, তাড়াতাড়ি বাড়ী ফিরে আসবেন। (h) অনুষ্ঠান কখন আরম্ভ হয়েছে তা আমাকে জানান। (i) আমি আপনাকে তিনবার বারণ করেছি তবে কেন আপনি আমার টাইপরাইটার মেঝের উপর রেখেছেন ? (j) আমার খবর না শোনা পর্য্যন্ত আপনি এটা বুঝতে পারবেন না।

অনুশীলন—২

নিম্নলিখিত বাক্যগুলি আপনি ইংরেজীতে কি ভাবে বলবেন ? (a) তিনি বেশ আগ্রহকর বৃত্তি নিয়েছেন। (b) বৈদ্যুতিক ইঞ্জিনিয়ার হওয়া স্থির করেছেন ? (c) কলকারখানা সম্বন্ধে আপনার আগ্রহ নেই। (d) তিনি (স্ত্রীলোক) বিশ্ববিদ্যালয়ে ছাত্রজীবন উপভোগ করেন। (e) এ দেশ দেখার বহু সুযোগ (opportunities of visiting) আমি পেয়েছিলাম।

(f) ঐ লোকটি শিক্ষা সম্বন্ধে বিশেষভাবে আগ্রহান্বিত। (g) বহুদিন ধ'রে তিনি বিদেশে বাস করছেন। (h) বহু সংখ্যায় পদচারীরা সেতুটি পার হয়েছিলেন।

পাঠ—৩৮

শব্দ-সংগ্রহ

better—উত্তমতর, আরো ভালো
chemistry—রসায়ন বিদ্যা
colour—রং, বর্ণ
colour chemistry—রং সম্বন্ধীয রসাযন বিদ্যা
cool – ঠাণ্ডা
department – বিভাগ
develop—ক্রমশঃ উন্নতি করা, (ক্রমশঃ উন্নতি হওয়া)
dye—রং (যা দিযে রং গোলা হয)
earth—মাটী
engineering—ইঞ্জিনিয়ারিং, যন্ত্র নির্ম্মাণ বিদ্যা
examination—পরীক্ষা
excellent—চমৎকাব
final—চরম, শেষ
foreign—বৈদেশিক
go by—পাশ দিয়ে চলে যাওয়া
lie, lay, lain—শোওয়া হয়েছিল, শায়িত
paint—রং (যেমন দেওযালের রং)
practical—কার্য্যকারী, হাতে-কলমে, কাজের
question—প্রশ্ন
sound—শব্দ হওযা, আওযাজ দেওয়া
study—অধ্যয়ন করা
taste—চেখে দেখা
warm—গরম, উষ্ণ
what on earth ?—কেন, কি, কিসের জন্যে ?
wonderful—চমৎকার
would—"বে", "ব" (অতীতে)

I have been waiting for half an hour

এখনও আমরা পুরাঘটিত বর্ত্তমান কালের কথা আলোচনা করছি। ইতিপূর্ব্বে যেমন আমরা দেখেছি যে এতে অতীত কালে ঘটিত এক কাজের ফল বর্ত্তমানে আছে। কিন্তু কখন কখন আমরা বোঝাতে চাই যে কাজটি অতীত কাল থেকে চলে আসছে বর্ত্তমান মুহূর্ত্ত পর্য্যন্ত। এটা করা যায় পুরাঘটিত বর্ত্তমান কাল ব্যবহার ক'রে, live ক্রিয়ার মত কয়েকটি ক্রিয়ার ক্ষেত্রে।

উদাহরণ, We have lived in this house for ten years. এ বাড়ীতে আমরা দশ বছর ধরে আছি।

অনেক সময় অবিচ্ছিন্নতার ভাব প্রকাশের জন্যে, We have lived— এই কথার বদলে বলি, We have been living.

এই কালকে বলা হয় "অবিচ্ছিন্ন পুরাঘটিত বর্ত্তমান"। আপনার নিশ্চয় স্মরণ আছে যে ক্রিয়ার ing-যুক্ত আকার ব্যবহার ক'রে ঘটমান কাল পাওয়া যায়। এখানে দু'টী বাক্য তুলনা করার জন্যে দেওয়া হল :

She is lying on her bed (*now*) — তিনি (এখন) বিছানার উপর শুয়ে আছেন।

She has been lying on her bed for two hours (and she is still lying there)—দু'ঘণ্টা ধ'রে তিনি বিছানায় শুয়ে আছেন (এবং এখনও সেখানেই শুয়ে আছেন)

প্রথম উদাহরণে আমরা ঘটমান বর্ত্তমান কাল ব্যবহার করেছি, ঠিক কথা বলার সময় কি ঘটছে তা দেখাবার জন্যে। কিন্তু এতে আমরা এমন ইঙ্গিত করছি না যে এ ঘটনাটি অতীত কাল থেকে ঘটে আসছে। দ্বিতীয় উদাহরণে কিন্তু আমরা ইঙ্গিত করছি যে অতীত সময় থেকে কার্য্যটি বর্ত্তমান মুহূর্ত্ত পর্য্যন্ত চলেছে এবং সে জন্যে আমরা অবিচ্ছিন্ন পুরাঘটিত কাল ব্যবহার করছি। বেশ কয়েকটি ক্রিয়াপদ এই আকারে দেখা যায়, বিশেষ ক'রে এমন সব ক্রিয়া যাতে গতির ভাব একরকম নেই। যেমন : sit lie, wait, live, study, rest.

কোন ঘটনা বার বার ঘটার জন্যেও অবিচ্ছিন্ন ঘটমান বর্ত্তমান কাল ব্যবহার করা হয়। যেমন,

I have been telephoning to you for three days.

তিন দিন ধ'রে আমি আপনাকে টেলিফোন ক'রে আসছি। অবশ্য এ বাক্যের এমন অর্থ নয় যে তিন দিন ধ'রে অবিচ্ছিন্নভাবে টেলিফোন ক'রে চলেছিলাম। অর্থ হচ্ছে যে আমি গত তিন দিন থেকে বর্ত্তমান মুহূর্ত্ত পর্য্যন্ত সময়ের মধ্যে বার বার চেষ্টা করছিলাম আপনাকে পাবার জন্যে। অবিচ্ছিন্ন ঘটমান কাল সম্পর্কে তৃতীয় কথা হ'ল যে, ঘটনাটি ঠিক বর্ত্তমান মুহূর্ত্ত পর্য্যন্ত ঘটে আসার প্রয়োজন নেই। এখানে একটা উদাহরণ দেখান হ'ল :

What have you been doing this morning? I have

been writing letters. আজ সকালে কি করছিলেন? আমি চিঠি লিখছিলাম।

এতে এমন কথা ইঙ্গিত করছে না যে আমি এখন পর্য্যন্ত, এই কথা বলার মুহূর্ত্ত পর্য্যন্ত চিঠি লিখছিলাম। এতে শুধু ইঙ্গিত করছে যে, যে সময়ের কথা হচ্ছে সে সময়ে এক রকম অবিচ্ছিন্নভাবে আমি চিঠি লিখতে নিযুক্ত ছিলাম।

পুরাঘটিত বর্ত্তমান কালের সঙ্গে অবিচ্ছিন্ন পুরাঘটিত বর্ত্তমান কালের তুলনার গুরুত্ব বেশ আছে। সেই কারণে এখানে দু'টী বাক্য দেখান হচ্ছে:

That man has been speaking for two and a half hours.

I have written ten letters this morning. (এটাই আমি পেরেছি। কাজ শেষ হয়েছে আর তার ফল দেখা যেতে পারে)।

I have been writing letters all this morning. (এই রকমে সকাল বেলাটা আমি নিযুক্ত ছিলাম)।

এখানে তৃতীয় একটি উদাহরণ দেওয়া হ'ল:

She is tired and hot because she has been cooking. (বাক্যে এই ভাব ইঙ্গিত করছে যে তিনি এক রকম অবিচ্ছিন্নভাবে, বলতে গেলে এখন পর্য্যন্ত রান্না করছিলেন। এতে এমন ইঙ্গিত নেই যে তিনি বর্ত্তমান মুহূর্ত্তেও রান্না করছেন।)

সুতরাং অবিচ্ছিন্ন ঘটমান বর্ত্তমান কালের তিনটি প্রধান ব্যবহার আছে:

১) বর্ত্তমান মুহূর্ত্ত পর্য্যন্ত অবিচ্ছিন্ন ঘটনার জন্যে,

২) অতীত সময় থেকে বর্ত্তমান মুহূর্ত্ত পর্য্যন্ত সময়ের মধ্যে সংক্ষিপ্ত কিন্তু বার বার করা কাজের জন্যে,

৩) এবং অতীত সময় থেকে বর্ত্তমান মুহূর্ত্ত পর্য্যন্ত সময়ের মধ্যে যে কাজে অধিকাংশ সময় নিয়েছে সে কাজের জন্যে।

অনুশীলন—১

( ) চিহ্নিত ক্রিয়াগুলি উপযুক্ত কালে পরিণত করুন, হয় পুরাঘটিত

বর্ত্তমান কাল, (যেমন have done) কিংবা অবিচ্ছিন্ন পুরাঘটিত বর্ত্তমান কালে (যেমন have been doing)।

(a) I (wait) for you all the morning. (b) He (write) six books and I (read) them all. (c) He (write) a book, and now he needs a holiday. (d) What you (do) since I saw you last? (e) I (work) in an engineering factory. (f) They can't buy a new car because they (spend) all their money. (g) That man (speak) for two-and-a-half hours. (h) The police (watch) him for several weeks. (i) I (boil) some water for your tea. (j) The water (boil) for ten minutes. (k) You look tired—you (work) in the garden?

সময় সম্বন্ধে ব্যাখ্যা

কতক্ষণে ধ'রে একটা ঘটনা ঘটেছে অর্থাৎ সময় সম্বন্ধে বলার জন্যে আমরা প্রায়ই for এই অব্যয় পদ ব্যবহার করি। যেমন, For several weeks. কখন কখন এই অব্যয় পদ বাদ দেওয়া যায়, বিশেষ ক'রে যদি সেই বাক্যে for শব্দের কাছে আরো একটী for শব্দ থাকে। উদাহরণ দেখলে বুঝতে পারবেন।

I have been waiting here for half an hour. I have waited half an hour for that bus, and now I'm going home.

সময় সম্পর্কে last শব্দের দু'টী ব্যবহার লক্ষ্য করুন: For the last two years. গত দু'বছর ধ'রে।

Since we saw you last. শেষ যখন আপনার সঙ্গে দেখা হয় তখন থেকে।

কথোপকথনে year শব্দটি যে বাক্য-বিন্যাসে ব্যবহৃত হয়েছে তাও লক্ষ্য করুন:

She has done two years of Chemistry—তিনি দু'বছর রসায়ন বিদ্যা অধ্যয়ন করেছেন।

There is one more year to go. আরো এক বছর পড়তে হবে।

অনুশীলন—২

ইংরেজীতে এ কথাগুলি কি ভাবে বললেন: (a) আশা করি আপনি

অনেকক্ষণ ধরে অপেক্ষা করছেন না? (b) গত পক্ষ ধ'রে তিনি তাঁর বন্ধুদের সঙ্গে আছেন। (c) আপনি এখনও আমার প্রশ্নের (question) উত্তর দেননি। (d) গত কয়েক সপ্তাহে বেশ কয়েকটি সভা হয়ে গিয়েছে। (e) সারা সকাল কি করছিলেন? (f) এলসাকে একটী টুপি পছন্দ করতে সাহায্য করছিলাম, আর তিনি একটি সবুজ রংয়ের টুপি (a green one) পছন্দ করেছেন। (g) বেশ কযেক বছর ধ'রে আমাদের ব্যবসা ধীরে ধীরে বাডছে (has been developing)। (h) আধুনিক কারখানার কাজে একজন যুবকের পক্ষে চমৎকার সুযোগ আছে। (i) বেশ কয়েক বছর ধ'রে আমি রসায়ন সম্বন্ধে আগ্রহশীল কিন্তু রসায়ন বিদ্যা পাঠ করার সুযোগ পাইনি। (j) এখানে নদী পার হতে পারবেন না কারণ ওঁরা এখনও সেতু তৈরী করেন নি।

কথোপকথন

গ্রীষ্মকালের উষ্ণ সন্ধ্যায়, টম ইযং ও জন বেনেডিক্‌ট্‌ বাগান থেকে এইমাত্র ভিতবে এসেছেন আর এলসাব ভবিষ্যত সম্বন্ধে আলোচনা করছেন। তাঁরা আলোচনা করছেন এখন পর্য্যন্ত এলসা কি করছিলেন—What she has been doing until now. অবিচ্ছিন্ন পূবাঘটিত বর্ত্তমান কাল বেশ কয়েক বার ব্যবহৃত হয়েছে।

নিম্নলিখিত বিষযগুলিও লক্ষ্য করুন: (১) will পরিবর্ত্তিত হয়ে অতীত কালে would হয়। উদাহরণ, I think you will like it (বর্ত্তমান কাল); I thought you would like it. (অতীত কাল)। (২) Good for you : আপনার পক্ষে সুবিধাজনক (ভাল)। উদাহরণ স্বরূপ, Milk is good for you. অনেক সময় এ বাক্য-বিন্যাসের পরে অসমাপিকা আসে : It is good for you to drink milk. It will be good for her to study in England. (bad for you—বাক্য-বিন্যাসের তুলনা করুন)।

(৩) Opportunity কথার পর হয অসমাপিকা ক্রিয়া আসে না হয "of + ing" যুক্ত ক্রিয়াপদ আসে।

I haven't had an opportunity to visit you. কিংবা an opportunity of visiting you.

(৪) Sound যখন ক্রিয়ারূপে ব্যবহৃত হয় তখন look ও seem শব্দের

মত মনে হয়। এটী অ-কার্য্যজ্ঞাপক ক্রিয়া, অবিচ্ছিন্ন পুরাঘটিত বর্ত্তমান কালের চেয়ে বর্ত্তমান কালেই ব্যবহৃত হয়। (১৩নং পাঠের সঙ্গে তুলনা করুন)। কয়েকটি সম্ভাব্য বাক্য-বিন্যাস :

What is that noise ? It sounds like a telephone bell.

That sounds a good idea. That sounds splendid.

He sounded a very old man.

অন্যান্য ইন্দ্রিয় গ্রাহ্য ক্রিয়া যেমন, feel, taste এবং smell এই রকম উপায়েই ব্যবহার করা হয়।

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : Hello, Benedict, come inside. You look warm.

John : Yes, I've been sitting in the garden, in the sun.

Tom : Have a drink.

John : Oh, I've been hoping you would say that !

Tom : I think this beer is quite cool. Tell me, what has Elsa been doing since we saw you last ?

John : She's been studying colour chemistry for the last two years.

Tom : What on earth is colour chemistry ? It sounds rather interesting.

John : Yes, it *is* very interesting—and also very practical. It's the chemistry of paints and dyes.

Tom : And she's done two years of this ?

John : Yes, there's one more year to go. When she's taken her final examination, I want her to come to England.

Tom : Really ? Why is that ?

John : Well, there's an excellent chemistry department at Leeds University, and she'll do a year's work there. We'll miss her, because she's been living at home during her university course.

Tom : Yes, but a year soon goes by !

John : Yes. And it'll be good for her to study in a foreign country. She'll have better opportunities of getting a good job.

অনুশীলন—৩

নিম্নলিখিত বাক্যগুলি ইংরেজীতে কিভাবে বলবেন : (a) ছুটির পরে আপনাকে বেশ ভাল দেখাচ্ছে। (b) টেলিফোনে তাঁকে খুব ক্লান্ত ব'লে মনে হ'ল। (c) আমরা আশা করছিলাম যে অন্যরা (others) এসে আমাদের সাহায্য করবেন। (d) ও আজব জিনিষটার নাম কি ? (e) তিনি কাজের ইঞ্জিনিয়ার। (f) বাড়ীর ভিতরে বেশ গরম। (g) ম্যানচেষ্টারে কতদিন বসবাস করছেন ? (h) আপনার শেষ পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন কি ? (i) আপনি কি চান যে আমি যে ঘরে ঘুমোই সে ঘরেই ঘুমোব ? উঁ, তাহ'লে আমার বিছানার উপর কুকুরটাকে শুয়ে থাকতে দিয়েছেন কেন ? (j) আপনার কুঠরীতে আমার কিছু জিনিসপত্র রেখেছি। (k) আমি চলে গেলে আপনার মন কেমন করবে ? (l) দিন চলে যাচ্ছে, এখন পর্য্যন্ত তাঁরা নিখোঁজ বিমানটি খুঁজে পাননি।

পাঠ—৩৯

শব্দ-সংগ্রহ

agree—রাজি হওয়া
announcer—ঘোষক
cabinet—মন্ত্রীমণ্ডলী
cabinet minister—মন্ত্রণা সভাভুক্ত মন্ত্রী, ক্যাবিনেট মন্ত্রী
co-operative—সহযোগিতাকারী
economic—অর্থনৈতিক
explain—ব্যাখ্যা করা
go to bed—ঘুমোতে যাওয়া
go right—ঠিক যাওয়া, ঠিক হওয়া
go wrong—ভুল হওয়া
hard—শক্ত
hopeful—আশাপূর্ণ
ill—অসুস্থ
improve—উন্নতি হওয়া
journalist সাংবাদিক
minister—মন্ত্রী
opinion—অভিমত, মত
politician—রাজনীতিজ্ঞ
Russian—রুস ভাষা
situation—অবস্থা
talk—বক্তৃতা, কথা
that—জন্য, যেহেতু
trade—ব্যবসা-বাণিজ্য
trade union—ট্রেড্ ইউনিয়ন, শ্রমিক সঙ্ঘ
typist—টাইপিষ্ট
wages—মজুরী
well-known—সু-পরিচিত
worker—মজুর, শ্রমিক

কেমন পরোক্ষভাবে বিবৃতি করা যায়

যদি আপনি বলেন, "আপনাকে দেখে খুসী হ'লাম।" তাহ'লে এটিকে প্রত্যক্ষ বিবৃতি বলা যায়। যদি আপনি বলেন, "তিনি আমাকে বলেছেন যে তিনি আমাকে দেখে খুসী হয়েছেন।" তাহ'লে এটিকে আমরা পরোক্ষ বিবৃতি বলব। পরোক্ষ বিবৃতিতে অন্য ব্যক্তি কি বললেন বা ভাবলেন তার বিবরণ জানান হয় তবে ঠিক যে যে শব্দ সেই ব্যক্তি ব্যবহাব করেছেন তা ব্যবহার করা যায় না।

আমরা ইংরেজীতে সাধারণ কথাবার্ত্তায় বেশ পরিমাণে পরোক্ষ বিবৃতি ব্যবহার করে থাকি। কি ক'রে ইংরেজীতে এটা ব্যবহার করতে হয় তা আপনাদের শিখতে হবে। এটা শেখা তেমন কঠিন নয়। নিয়ম এখানে দেওয়া হ'ল :

"তিনি আমাকে বলেছেন" এই কথা-সমষ্টিকে আমরা বলি **"ভূমিকা"** আর "আমি আপনাকে দেখে খুসী হ'য়েছি—এই কথা-সমষ্টিকে বলব **বিবৃতি**। ভূমিকাতে আপান একটি ক্রিয়াপদ পাবেন। এক্ষেত্রে সেটা হচ্ছে, "বলেছিলেন"। এ ক্রিয়াপদটি যে কোন কালে থাকতে পাবে।

যদি ভূমিকার ক্রিয়াপদ ভবিষ্যত বা বর্ত্তমান কালের কোন একটি কাল হয়, তাহ'লে বিবৃতির ক্রিয়াপদে কালের কোন পরিবর্ত্তন হয় না। উদাহরণ :

প্রত্যক্ষ বিবৃতি : He says "I am hungry" (বর্ত্তমান কাল)।

পরোক্ষ বিবৃতি : He says he is hungry (বর্ত্তমান কাল)।

অবশ্য দু'টী উদাহরণেবই অর্থ এক, শুধু একটি সরাসরিভাবে বলা হয়েছে আর অন্যটিতে পরোক্ষভাবে বলা হয়েছে।

প্রত্যক্ষ বিবৃতি : She says "I went to bed early last night." (অতীত কাল)।

পরোক্ষ বিবৃতি : She tells me she went to bed early last night. (অতীত কাল)।

প্রত্যক্ষ বিবৃতি : They will say, "We can't do it." (বর্ত্তমান কাল)।

পরোক্ষ বিবৃতি : They will tell you they can't do it. (বর্ত্তমান কাল)।

প্রত্যক্ষ বিবৃতি : He thinks "I have done enough work."

(পুরাঘটিত বর্ত্তমান)।

পরোক্ষ বিবৃতি : He thinks he has done enough work.

(পুরাঘটিত বর্ত্তমান)।

কিন্তু যদি ভূমিকার ক্রিয়াপদ অতীতের কোন এক কালের হয় তাহ'লে বিবৃতির ক্রিয়াপদের পরিবর্ত্তন করতেই হবে। বর্ত্তমান কাল হবে অতীত কাল, will হবে would, can হবে could, has এবং have হবে had—এই রকমেই চলবে। এখানে আরো কয়েকটি উদাহরণ দেওয়া হ'ল।

প্রত্যক্ষ : He said "I am hungry." (বর্ত্তমান কাল)।

পরোক্ষ : He said he was hungry. (অতীত কাল)।

প্রত্যক্ষ : They said "We can't do it." (বর্ত্তমান কাল)।

পরোক্ষ : They told us they couldn't do it. (অতীত কাল)।

প্রত্যক্ষ : She said "I will try to help you". (ভবিষ্যৎ কাল)।

পরোক্ষ : She said she would try to help us.

(অতীতে ভবিষ্যৎ কাল)।

বিবৃতিতে অতীত কালের ক্রিয়াপদ পরিবর্ত্তিত হয়ে হচ্ছে পুরাঘটিত অতীত কাল অর্থাৎ had + কৃদন্ত পদ। উদাহরণ, Had gone.

প্রত্যক্ষ : John said "My father went away an hour ago."

(অতীত কাল)।

পরোক্ষ : John said his father had gone away an hour ago.

(পুরাঘটিত অতীত কাল)।

সর্ব্বনামের পুরাঘটিত অতীত কালের had শব্দটি সাধারণতঃ সংক্ষিপ্ত ক'রে করা হয় 'd.

John said he'd gone away an hour ago. সাধারণতঃ পরোক্ষ বিবৃতিতেও would শব্দটি ...'d-তে পরিণত হয়। এরকম হ'লেও দুই সংক্ষিপ্ত 'd তফাৎ নিয়ে যেন গোলমাল না হয়, সেদিকে লক্ষ্য রাখবেন। উদাহরণ স্বরূপ, এর আগের উদাহরণটি বলার সময় এই রকম হতে পারে : She said she'd try to help us.

অনুশীলন—১

যে সব উদাহরণ আগে দেওয়া হয়েছে সেগুলি আবার দেখুন, উচ্চস্বরে পাঠ করুন এবং বোঝার চেষ্টা করুন ঠিক কি পরিবর্ত্তন প্রত্যক্ষ ও পরোক্ষ বিবৃতিতে হচ্ছে।

পরোক্ষ বিবৃতিতে লক্ষ্য করার মত কয়েকটি বিষয়

প্রত্যক্ষ বিবৃতিতে ব্যবহৃত সর্ব্বনামগুলির পরিবর্ত্তন অনেক সময় প্রয়োজন হয়। উদাহরণ স্বরূপ মনে করুন যে প্যাট্রিক তাঁর বাবাকে বলছেন "আমি আপনার ও মার সঙ্গে কথা বলতে চাই।" এবং টম তাঁর স্ত্রীকে এই কথা জানাচ্ছেন: Tom tells Dorothy that Patrick says "I want to talk to you and mother." (সর্ব্বনাম 'I' প্যাট্রিকের পরিবর্ত্তে বসেছে)।

Tom says to Dorothy "Patrick says he wants to talk to us." ('I' সর্ব্বনাম পরিবর্ত্তন হ'যে হয়েছে he. 'Us' সর্ব্বনাম টম ও ডরথীকে বোঝাচ্ছে)।

Tom tells Dorothy that Patrick says he wants to talk to them.

('he' বোঝাচ্ছে প্যাট্রিককে এবং 'them' বোঝাচ্ছে টম ও ডরথীকে)

কখন কখন সময়-বিষয়ক বাক্য-বিন্যাসের পরিবর্ত্তন প্রয়োজন হয়। এই রকম—

প্রত্যক্ষ: He said to me, "I will see you tomorrow"

পরোক্ষ: He told me he would see me the next day

প্রত্যক্ষ: She said "I went there yesterday (last week)."

পরোক্ষ: She said she had been there the day (week) before.

Must এবং ought ক্রিয়াপদ দু'টী পরিবর্ত্তন না ক'রেই অতীত কালে ব্যবহার করা যায়।

প্রত্যক্ষ: He said "I must start soon."
("I ought to start soon").

পরোক্ষ: He said he must start soon.
(He ought to start soon.)

Say এবং tell ক্রিয়াপদ ছাড়াও অন্যান্য বহু ক্রিয়াপদ আছে যেগুলি পরোক্ষ উক্তির সঙ্গে ব্যবহার করা চলে। উদাহরণ :

Know (অতীতকালে knew). "I knew you were there."

Explain. "He explained that he couldn't come."

Understand. (অতীতকালে understood). "I understand that you feel ill ?"

Think. (অতীতকালে thought). "He thought I wanted to stay at home."

সংযোজক রূপে That

হয়ত' দেখে থাকবেন যে আগের কয়েকটি উদাহরণে আমরা that শব্দটি সংযোজক রূপে ব্যবহার করেছি। বাক্যের অর্থের কোন অদলবদল না ক'রে ঐ শব্দটি আমরা সাধারণতঃ বাদ দিতে পারি। উদাহরণ স্বরূপ :

She told me (that) she felt tired.

তিনি আমাকে বললেন যে তিনি ক্লান্ত বোধ করছিলেন।

লক্ষ্য করুন যে এই ভাবার্থে that শব্দটির উচ্চারণে সাধারণতঃ (ə) স্বরের আওয়াজ মৃদু। কিন্তু শব্দটির উচ্চারণে (a) আওযাজ দৃঢ যখন শব্দটি প্রতিপাদক রূপে ব্যবহৃত হয।

কথোপকথন

এবারে কথোপকথনে বহু পরিমাণে প্রত্যক্ষ উক্তি পাবেন, কারণ টম ইয়ং এবং জন বেনেডিক্ট্ এখনি বেতারে শোনা এক বক্তৃতাব কথা আলোচনা করছেন। জন অন্ততঃ অর্দ্ধেক শুনেছেন, আরম্ভটা শুনতে পাননি।

কথোপকথনটি পরীক্ষা ক'রে দেখার আগে এই বাক্য-বিন্যাসগুলি ভাল ক'রে দেখুন :

So am I ! — আমিও !

Trade has improved — ব্যবসায়ের উন্নতি হয়েছে।

And will go on improving — আর উন্নতি হযেই চলবে।

If everybody works hard — যদি প্রত্যেকে কঠিন পরিশ্রম করেন।

He was saying something about — বিষয়ে তিনি কিছু বলছিলেন।

That was when you came in — যখন আপনি এলেন তখন

In general — সাধারণতঃ

If nothing goes wrong — যদি কিছু গোলমাল না হয়।

I agree with him — আমি তাঁর সঙ্গে একমত।

He is quite right — তাঁর কথাই ঠিক।

রেকর্ডের লিখিত ভাষ্য

Announcer : You have been listening to Howard Jenks, talking about "Today and Tomorrow."

Tom : That was an interesting talk. Was that a cabinet minister ?

Tom : No, Jenks isn't a politician at all, but a well-known journalist.

John : I didn't hear the beginning. What did he say ?

Tom : He was talking about the economic situation. He said he was hopeful.

John : Hopeful, eh ! So am I !

Tom : He explained that trade had improved during the last twelve months.

John : Oh. Did he think it would go on improving ?

Tom : Yes, if everybody worked hard.

John : Was he saying something about the trade unions ?

Tom : Oh yes—that was when you came in. He said the trade unions had been very co-operative, and they must go on being co-operative.

John : And the workers' wages ?

Tom : He said the workers ought to have good wages, but only if they did good work. And in general, he thinks that if nothing goes wrong, everything will go right.

John : What do *you* think ?

Tom : Oh, I agree with him. I think he's quite right.
John : Yes, I think I've heard all those opinions before. Perhaps it wasn't a *very* interesting talk after all.

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৩৮ এবং ৩৯

I have been working in this factory since nineteen forty-eight···He told me he'd been writing a book for the last three years...How long have you been waiting ?...Oh, I got here about five minutes ago, and I've been watching the traffic...He's been learning Russian for several years, but he hasn't learnt it yet......She says she's ill, and can't come to work tomorrow······Well, tell her she must see a doctor ......Did he tell you he was interested in electrical engineering ?......Yes, and he said he intended to let his boy study it at the university......

অনুশীলন—৬

কল্পনা করুন হাওয়ার্ড জেঙ্কস্ (সাংবাদিক) যেন বেতারে বক্তৃতা দিচ্ছেন। কেমন ক'বে তিনি মত প্রকাশ করবেন যা টম ইয়ং শোনার পরে বলেছেন ? উদাহরণ স্বরূপ, He said he was hopeful—হবে "I am hopeful" এখানে ইয়ং-এর কয়েকটি পরোক্ষ উক্তি দেওয়া হ'ল : (a) He explained that trade had improved during the last twelve months. (b) He thought it would go on improving if everybody worked hard. (c) He said the trade unions had been co-operative and must go on being co-operative. (d) He said the workers ought to have good wages, but only if they did good work. (e) He thinks if nothing goes wrong everything will go right.

অনুশীলন—৩

এখানে কয়েকটি প্রত্যক্ষ উক্তি দেওয়া হ'ল। যে ভূমিকা দেওয়া হয়েছে তা ব্যবহার ক'রে পরোক্ষভাবে বলুন।

উদাহরণ :—

"I am hungry." (He said···) He said he was hungry.

(a) "I am going out." (He told us···) (b) "We are quite comfortable." (They say···) (c) "I want to speak to Fred". (Fred, Tom says...) (d) "You are wrong." (Elsa told Patrick...) (e) We haven't finished yet." (The two men explained that...) (f) "I will answer the telephone" (টেলিফোন ধরা) (The *typist* says···) (g) "I will answer the telephone" (The typist said ..) (h) "The money is mine." (Mr. Smith told everybody···) (i) "I saw him yesterday."(His wife told us...) (j) "I am sorry I am late." (You must say···)

The typist said she would answer the telephone

পাঠ—৪০

শব্দ-সংগ্রহ

account—হিসাব
advance—অগ্রিম দেওয়া
cashier—কোষাধ্যক্ষ
clerk—কেরানী
credit—ক্রেডিট, জমা
eat, ate, eaten—খাওয়া, খেয়েছিল, ভুক্ত
fetch—গিয়ে আনা
fill in—লিখে ভর্তি করা
form—ফরম (ছাপান)
helpful—উপকারী, সাহায্যকারী
keep—রাখা, ভরণ-পোষণ করা
love—ভালবাসা
matter—পদার্থ
note—কাগজের মুদ্রা
put in—রাখা
security—জামিন, বন্ধক
suggest—ইঙ্গিত করা, প্রস্তাব করা
surprised—আশ্চর্যান্বিত হয়েছিল
tie—নেকটাই

উদ্দেশ্য প্রকাশে অসমাপিকার ব্যবহার

ইংরেজীতে to এবং অসমাপিকার ব্যবহার ক'রে, কোন কাজের উদ্দেশ্য অনেক সময় প্রকাশ সম্ভব হয়। উদাহরণ :

He went to open the door—তিনি দরজা খুলতে গিয়েছিলেন। To open the door এই বাক্যাংশ, he went এই কাজের উদ্দেশ্য প্রকাশ করছে। আগের ক্রিয়াপদের অব্যবহিত পরেই অসমাপিকা না থাকলেও কিছু পরিবর্ত্তন হয় না—মাঝে হয়ত কোন কর্ম্মপদ বা সময় সম্পর্কে বাক্যাংশ থাকতে পারে।

She went to her room *to get ready.*—তিনি তৈরী হবার জন্যে তাঁর ঘরে গেছেন।

I've waited a long time *to hear the news*—খবরটা শোনার জন্যে আমি অনেক দিন ধরে অপেক্ষা করে আছি।

She woke the patient *to give* him a drink—রোগীকে পানীয় দেবার জন্যে তিনি তাঁকে জাগিয়েছিলেন।

প্রত্যেক উদাহরণে দেখবেন যে অসমাপিকা আর প্রথম ক্রিয়াপদ একই ব্যক্তির সম্পর্কে প্রযোজ্য : তিনি তাঁর ঘরে গিয়েছিলেন এবং তিনিই তৈরী হ'য়েছিলেন। যদি কাজের উদ্দেশ্য অপর ব্যক্তির সঙ্গে সংশ্লিষ্ট থাকে তাহ'লে আমরা অব্যয়পদ for ব্যবহার করি।

He opened the door *for her to come.* তিনি (পুরুষ) **তাঁর** (স্ত্রী) **জন্যে** দরজা খুললেন যাতে তিনি (স্ত্রী) **আসতে পারেন**।

এরকম বাক্যাংশের শেষে সর্ব্বনামটি সাধারণতঃ বাদ দেওয়া হয় :

He brought it home for *his wife to see (it.)* তিনি **তাঁর স্ত্রীর দেখার জন্যে** এটা বাড়ীতে এনেছিলেন।

যখন অসমাপিকা এই ভাবে ব্যবহৃত হয় তখন আমরা এটিকে "উদ্দেশ্য অসমাপিকা" বলতে পারি।

বিশেষ্যের সঙ্গে ব্যবহৃত অসমাপিকা

(ক্রিয়ার) কাজের উদ্দেশ্য দেখান ছাড়াও, অসমাপিকা ক্রিয়াপদ কোন বিশেষ্য বা সর্ব্বনামের সঙ্গে ব্যবহার ক'রে, কোন সামগ্রীর উদ্দেশ্য কিংবা ব্যবহারের কথা বলা যায়। উদাহরণ :

A chair is a thing *to sit on*—চেয়ার হচ্ছে বসবার সামগ্রী (এখানে লক্ষ্য করুন শেষ সর্ব্বনামটি বাদ দেওয়া হয়েছে)।

He has bought a new car *to drive.* (It কথাটি শেষে বলা হচ্ছে না)।

এভাবে ব্যবহৃত অসমাপিকা ক্রিয়া, প্রথম ক্রিয়াপদের কর্ত্তা কিংবা সামগ্রী সম্বন্ধে প্রয়োগ হতে পারে। উদাহরণ: He has a wife *to love* (স্ত্রী থাকার উদ্দেশ্য হচ্ছে এই যে তিনি স্ত্রীকে ভালবাসবেন।)

He has a wife *to love him.* (স্ত্রী থাকার উদ্দেশ্য হচ্ছে যে তিনি স্বামীকে ভালবাসবেন)।

যদি আমরা কোন তৃতীয় পক্ষ আনতে চাই তাহ'লে আমরা আবার for অব্যয়পদ ব্যবহার করি:

I have brought *a chair for you to sit on.*

There is a good *programme* on the radio *for the young people to hear.*

এ থেকে এক সম্ভাব্য ধরনের প্রশ্ন হতে পারে তা লক্ষ্য করুন:

What is this box for ?—বাক্সটা কিসের জন্যে ?

It's for you to put clothes in.—আপনি যাতে আপনার কাপড় রাখতে পারেন তার জন্যে।

আরো সাধারণ ভাবে: What's a box for ? It's (for people) to put things in.

লক্ষ্য করুন কেমন বারবার সর্ব্বনামের সঙ্গে ব্যবহৃত হচ্ছে:

I have *something to tell you.*

আপনাকে আমার **কিছু বলার আছে।**

Here is *something for you to look at.*

আপনার দেখার জন্যে এই কিছু রইল।

Is there *anything* (for us) to *eat.*

(আমাদের) **খাবার জন্যে কিছু আছে** কি ?

There's *nothing to drink* in the house.

পান করার মত** বাড়ীতে **কিছু নেই।

বিশেষণের সঙ্গে ব্যবহৃত "উদ্দেশ্য অসমাপিকা"

যে গুণ বর্ণিত হয়েছে তার কারণ, যুক্তি বা উদ্দেশ্য দেখাবার জন্যে

আমরা বিশেষণের পরে অসমাপিকা ব্যবহার করতে পারি। ইতিপূর্ব্বে এর উদাহরণ আমরা কয়েকটি পেয়েছি।

I am *glad to see* you.—আপনাকে **দেখে** আমি **খুসী** হ'লাম॥

I am *sorry to hear* your news.—আপনার খবর **শুনে দুঃখিত**।

Is she *ready to go* ?—তিনি কি **যাবার জন্যে তৈরী ?**

You are *lucky to have* that photo.—আপনার **ভাগ্য ভাল** যে ছবিটা **পেয়েছেন**।

We are *impatient to leave.*—আমরা **যাবার জন্যে অধৈর্য্য** হয়েছি।

এবারে একটি নতুন কথা—surprised : আশ্চর্য্যান্বিত

Are you surprised to see us ?—আমাদের দেখে কি আশ্চর্য্যান্বিত হয়েছেন ?

বাক্যের কর্ত্তা ছাড়াও অন্য এক পক্ষ আনয়নে for শব্দের ব্যবহার প্রয়োজন হয়।

This food is *good for you* to eat.

That problem is *hard for anybody* to solve.

অনুশীলন—১

প্রত্যেকটি প্রশ্নের উত্তর দিন, আপনার উত্তর to কথা দিয়ে আরম্ভ করুন। উদাহরণ স্বরূপ :

Why did he go to the window ?—To look out, কিংবা To open it, কিংবা To see what was happening outside.

(a) Why are you hurrying ?
(b) Why is she going out in the garden ?
(c) Why did those men come here ?
(d) What are you listening to the radio for ?
(e) Why did he pick up the telephone ?
(f) What are you waiting for ?
(g) Why have they come to London ?
(e) Why is he going into that shop ?
(i) Why are you looking at the ground ?
(j) Why are we stopping ?

অনুশীলন—২

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন : (a) একটি ক্ষুধার্ত্ত লোকের খাবার জন্যে কি কিছুই নেই ? (b) আপনার শোনার জন্যে আমার কাছে খুব আগ্রহকর কিছু আছে। (c) আমাদের বলার মত তাঁর কোন খবর নেই। (d) কি তাদের দরকার তা স্থির করার জন্যে তারা একটা সভা করেছিল। (e) তাঁর সবুজ সার্টের সঙ্গে যাতে মেলে সে জন্যে তাঁর বোন তাঁর জন্যে একটা লাল নেক্‌টাই কিনেছেন। (f) কুড়িজন লোকের বসার জন্যে আমাদের মাত্র দশটি চেয়ার আছে। (g) তিনি সারাদিন রান্না-ঘরে কাজ করেন, তাঁর ভাববার আর কিছু নেই। (h) আরো আটটা ঘর পরিষ্কার করতে হবে—আমরা এখনও শেষ করিনি। (i) আমার আরো কিছু কাজ করার আছে ? (j) তিনি (স্ত্রী) তাঁকে (পুরুষ) তাঁর কাপড়-জামা রাখার জন্যে একটা টানা দিয়েছেন। (k) ইঞ্জিনিয়ার হবার জন্যে তিনি পড়া-শোনা করবেন। (l) কিছু খাবার জন্যে আমরা থেমেছিলাম।

অনুশীলন—৩

এই প্রশ্নগুলির উত্তর দিন। আপনার উত্তর এই ভাবে আরম্ভ করুন, "For……to ……" উদাহরণ, Why have you brought this book ? —For my sister to read (it) :

(a) What is this cupboard for ? (b) Why are you taking your boy to the hospital ? (c) What is the pencil for ? (d) Why are you cooking that chicken ? (e) What are all these letters for ? (f) Why have we bought five new typewriters ?

কথোপকথন

জন বেনেডিক্‌ট্ তাঁর স্ত্রীকে বলছেন যে তিনি ব্যাঙ্ক থেকে কিছু টাকা তোলার জন্যে গিয়েছিলেন। উদ্দেশ্য অসমাপিকার বেশ কয়েকটি ব্যবহার আছে। তাছাড়া কয়েকটি পরোক্ষ উক্তিও আছে। (৩৯নং পাঠ দেখুন)।

এই বাক্য-বিন্যাস ও পদ-বিন্যাসগুলি লক্ষ্য করুন :

What's the matter ? ব্যাপার কি ?

You look worried. আপনাকে উদ্বিগ্ন বলে মনে হচ্ছে।

Wait a minute. এক মিনিট অপেক্ষা করুন, এক মুহূর্ত অপেক্ষা করুন।

There's nothing left. কিছুই পড়ে নেই, কিছুই বাকী নেই।

The bank at home. দেশের (নিজের) ব্যাঙ্কে।

I don't know what to do. কি করব জানি না।

He can't suggest anything. তিনি কিছুই প্রস্তাব করতে পারছেন না।

Just enough to keep us. আমাদের খাওয়ার খরচ চলে যাবার মত পরিমাণ।

A form for me to fill in. একটা ফর্ম আমার ভর্তি করার জন্যে।

He won't mind. তিনি কিছু মনে করবেন না।

রেকর্ডের লিখিত ভাষ্য

Helen : What's the matter, John ? You look worried.

John : Oh, it's nothing. I've just been to the bank, to get some money. The clerk asked me to wait a minute, and went to get the cashier. The cashier went to fetch the manager. The manager told me there was nothing left in my account. I was surprised.

A form to fill in.

Helen : But you wrote to the bank at home last week, to ask them for a new credit.

John : I know. I told the manager that, but he said the credit hadn't arrived. I didn't know what to do.

Helen : Couldn't the manager suggest anything ?

John : Yes, he was very helpful really. He said he was ready to advance me a little money—just enough to keep us until the credit arrives.

Helen : Oh well, that's fine.

John : But he said there was a form for me to fill in. And he said I must find security.

Helen : What does that mean ?

John : Well, I think it will be all right if Dr. Young writes a note to the bank. They know him quite well—he has his account there.

Helen : Oh, I'm sure Dr. Young won't mind.

কয়েকটি শব্দ সম্বন্ধে কথা

The matter—এটা what's the matter with- এই বাক্যাংশের সঙ্গে প্রায়ই ব্যবহৃত হয়। উদাহরণ, What's the matter with your watch ? (আপনার ঘড়ির হ'ল কি ?) এটার অর্থ হ'ল এরকম—What's wrong with…? এই বাক্যাংশের মত। সেই রকম, Is anything the matter ? Is anything wrong ? (কিছু গোলমাল হয়েছে ?) এই ক্রিয়াপদের সঙ্গে তুলনা করুন : It doesn't matter (কিছুই ক্ষতি হবে না)।

Fetch. (গিয়ে আনা) Bring শব্দের অর্থ থেকে এ শব্দের অর্থের কিছু পার্থক্য আছে। উদাহরণ স্বরূপ, আপনি বলতে পারেন, Come to-morrow and bring your sister with you. কিন্তু fetch কথাটি ব্যবহৃত হয় গিয়ে নিয়ে আসার জন্যে ? Go and fetch your sister.

Suggest. এ ক্রিয়াপদটি কোন অসমাপিকা ক্রিয়া নেয় না—আপনি বলতে পারেন না I suggest to go home now. (আমি বলি কি এখন বাড়ী যাই)। আমাদের একটা পদ ব্যবহার করতে হবে, বলতে হবে, I suggest (that) we go home now.

Note. ছোট চিঠি ; সারাংশ যা ছাত্ররা শিক্ষকের বক্তৃতার সময় লেখে ; কাগজের মুদ্রা ; সঙ্গীতের ধ্বনি।

পাঠ—৪১

শব্দ-সংগ্রহ

brown—কটা, বাদামী

fact—ঘটনা

in fact—প্রকৃতপক্ষে

find out—খুঁজে বার করা

grand mother—দিদিমা, ঠাকুরমা

heaven—স্বর্গ

have to—করতেই হবে
insured—বীমাকৃত
mark—দাগ
parcel—পারশেল
send off—পাঠিয়ে দেওয়া
special—বিশেষ
weigh—ওজন করা, ভারী হওয়া
whether—দুইয়ের মধ্যে একটি,কিনা
wonder—ভাবা, মনে করা
worth—মূল্যবান, প্রয়োজনীয়

কি করে পরোক্ষ প্রশ্নের প্রকাশ করতে হবে

৩৯নং পাঠে আমরা ইংরেজীতে পরোক্ষ উক্তি বা পরোক্ষ বিবৃতির কথা বলেছি। এবারে আমরা আলোচনা করব পরোক্ষ প্রশ্নের। নিম্নলিখিত প্রশ্ন দু'টী তুলনা করুন: John says to Helen : "Is Elsa ready ?" (প্রত্যক্ষ প্রশ্ন)। Helen says to Elsa : "Father wants to know *if you are ready.*" (পরোক্ষ প্রশ্ন)।

পার্থক্যটি দেখলেন। প্রত্যক্ষ প্রশ্ন হচ্ছে আসল প্রশ্ন, শেষে আছে প্রশ্ন-চিহ্ন। ক্রিয়াপদ is কর্ত্তাপদ Elsa-র আগে রয়েছে। পরোক্ষ প্রশ্ন ঠিক প্রশ্ন নয়, তবে যে তত্ত্ব অনুসন্ধান করা হচ্ছে তা প্রকাশ করার একটি উপায়। আরো দেখুন শেষে প্রশ্ন চিহ্ন নেই, এবং ক্রিয়াপদ are, কর্ত্তাপদ you-এর **পরে** আসছে।

ইংরেজীতে পরোক্ষ প্রশ্নের ভূমিকাতে এইরকম বাক্য-বিন্যাস থাকতে পারে: ask (জিজ্ঞাসা করা), want to know (জানতে চাওয়া), wonder (ভাবা), find out (দেখা বা খুঁজে বার করা)। অবশ্য এ ক্রিয়াগুলি যে কোন কালে থাকতে পারে। পরোক্ষ বিবৃতি সম্পর্কে যে নিয়ম, এক্ষেত্রেও সেই নিয়ম। যদি ভূমিকা বর্ত্তমান বা ভবিষ্যত কালে হয় তাহ'লে প্রশ্নের কালের কোন পরিবর্ত্তন হবে না। যদি ভূমিকা অতীত কালে থাকে, তাহ'লে প্রশ্নের কালের পরিবর্ত্তন হবে। বর্ত্তমান কাল পরিবর্ত্তন হ'য়ে হবে অতীত কাল; will হ'বে would, can হবে could. আর অতীত কাল পরিবর্ত্তন হ'য়ে হবে পুরাঘটিত অতীত এবং পুরাঘটিত বর্ত্তমান পরিবর্ত্তন কাল হ'য়ে হবে পুরাঘটিত অতীত।

এই রকম পরিবর্ত্তনের কয়েকটি উদাহরণ দেখে রাখা ভাল

প্রত্যক্ষ: He said to me, "Are you coming ?" (বর্ত্তমান কাল)
পরোক্ষ: He asked me if I was coming. (অতীত কাল)

প্রত্যক্ষ : He said to her, "Will you help me ?" (ভবিষ্যৎ কাল)
পরোক্ষ : He asked her if she would help him. (অতীতে ভবিষ্যৎ কাল)
প্রত্যক্ষ : He said to her, "Can you come ?" (Can, বর্ত্তমান কাল)
পরোক্ষ : He asked her if she could come. (Could, অতীত কাল)
প্রত্যক্ষ : He said to me, "Did you see them ?" (অতীত কাল)
পরোক্ষ : He asked me if I had seen them. (পুরাঘটিত অতীত)
প্রত্যক্ষ : He said to me, "Have you seen them ?" (পুরাঘটিত বর্ত্তমান)
পরোক্ষ : He asked me if I had seen them. (পুরাঘটিত অতীত)

এই উদাহরণগুলি মনোযোগ দিয়ে পাঠ করুন। ঠিক ভাবে বোঝার চেষ্টা করুন—প্রত্যক্ষ ও পরোক্ষ প্রশ্নের মাঝে কি পরিবর্ত্তন হয়, যদি ভূমিকার ক্রিয়াপদ অতীত কালে থাকে।

দুই প্রকারের প্রশ্ন

উপরের উদাহরণে সকল প্রত্যক্ষ প্রশ্ন—"হ্যাঁ" বা "না" গোষ্ঠির। অর্থাৎ এসব প্রশ্নের উত্তর হ্যাঁ বা না ব'লে দেওয়া যায়। প্রত্যেক ক্ষেত্রেই এগুলি এক বিশেষ ক্রিয়াপদ দিয়ে আরম্ভ করা হয়: are, will, can, did, have.

আরো এক প্রকারের প্রশ্ন দেখা যায়—এর প্রারম্ভে থাকে প্রশ্ন-সূচক শব্দ যেমন what ?, who ?, where ?, why ?, how ?

আপনি দেখে থাকবেন যে যখন আমরা "হ্যাঁ" বা "না" গুলিকে পরোক্ষ প্রশ্নে পরিণত করি আমরা তখন এক সংযোজক if ব্যবহার করি। (আমরা whether (কিনা) কথাটিও সংযোজক রূপে ব্যবহার করতে পারি)। কিন্তু যদি আমরা অন্য প্রকারের প্রশ্ন পরোক্ষ প্রশ্নে পরিণত করি তাহ'লে আমাদের প্রশ্ন-সূচক বাক্য সংযোজক রূপে ব্যবহার করতে হবে। যেমন ;

Where are you going ? He asked me *where I was* going.

What can we do ? She asked me *what we could* do.

How long have you been waiting ? They asked us *how long* we *had* been waiting.

এই রকমেই চলবে আর এটী খুবই সহজ। সকল প্রশ্ন-সূচক বাক্য নিয়ে এই ভাবেই চলতে হবে।

অনুশীলন—১

নিম্নলিখিত প্রত্যক্ষ প্রশ্নগুলি পরোক্ষ প্রশ্নে পরিণত করুন। ( ) চিহ্নে যে ভূমিকা দেওয়া আছে তা ব্যবহার করতে হবে। যেমন, "Is he ready (try to find out....) পরিবর্ত্তন ক'রে হবে "Try to find out if he is ready."

(a) "Have they answered our letter yet?" (The manager wants to know......) (b) "What is happening?" (I wonder......). (c) 'Where are those people going?' (Try to find out......) (d) "Why did you do it?' (The police want to know.....) (e) "Who are you talking to?" (I am going to ask him ...) (f) "Where have you been?" ("I asked him....). (g) "Is your brother at home?" (She asked me.. .) (h) "Why has Tom gone out?" (We all wondered......). (i) "Can you advance me some money?" (John asked the bank-manager..). (j) "How many curtains will she need? (I found out for her)

অন্য "ভূমিকা"

আগে যেমন বলেছি, পরোক্ষ প্রশ্নগুলি ঠিক প্রকৃত প্রশ্ন নয়। প্রকৃতপক্ষে কখন কখন এতে প্রশ্নের মত উত্তরও প্রকাশ পেয়ে থাকে। উদাহরণ স্বরূপ, এখানে একটী প্রত্যক্ষ প্রশ্ন দেওয়া হ'ল: What is his name? এখানে পরোক্ষ প্রশ্নের দু'টী ব্যবহার দেওয়া হ'ল

Ask him *what his name is* I know *what his name is*

সুতরাং আপনি দেখতে পাচ্ছেন যে know ক্রিয়াপদটি ভূমিকা রূপে এক পরোক্ষ প্রশ্নের পরিচয় দিতে পারে আর এই অর্থ খানিকটা এইরকম "এ প্রশ্নের উত্তর জানুন."

এখানে আরো কয়েকটি ঐ ধরনের ক্রিয়া দেওয়া হয়েছে। এগুলিতে "জিজ্ঞাসা করা"-র ভাব প্রকাশ হচ্ছে না, কিন্তু তাহ'লেও এগুলি পরোক্ষ প্রশ্নের ভূমিকা রূপে ব্যবহার করা যায়। যেমন, tell, say, explain, teach, show, remember, forget, learn, hear, see, understand, decide.

উদাহরণ : "How can I fix this shelf ?"—'I will show you (কিংবা I will explain) how you can fix it."

অনুশীলন—২

এই প্রত্যক্ষ প্রশ্নগুলিকে, ( ) চিহ্নে দেওয়া ভূমিকা ব্যবহার ক'রে, পরোক্ষ প্রশ্নে পরিণত করুন। যেমন,

"Was he there ?" (I don't remember···) হবে "I don't remember if he was there." "What is your name ?" (I didn't hear...) হবে "I didn't hear what your name was."

(a) "Will it rain tomorrow ?" (I can't tell you...) (b) "Is Smith a good man for the job ?" (The manager could not decide...) (c) "Where have I put my cigarettes ?" (She forgot...) (d) "How must we use the dye ?" (They taught us...) (e) "Which is my right hand and which is my left ?" (She didn't understand...) (f) "How much money ought you to take with you ?" (The bank cashier will explain...) (g) "Where will you put the picture ?" (Let us help you to decide...) (h) "What did she do with the bottle ?" (I didn't see...) (i) 'Are they interested in the problem ?" (They didn't say...) (j) "How far away is the house ?" (The policeman showed us...) (k) "Whose is this camera ?" (Does anybody know...?) (l) 'Where did he last see his daughter ?" (He told them...)

কথোপকথন

জন বেনেডিক্‌ট্ তাঁর স্ত্রীকে বোঝাচ্ছেন যে তিনি তাঁদের নিজের দেশে কয়েকজন আত্মীয়ের কাছে একটি পারশেল পাঠাচ্ছেন। কথোপকথনে অনেকগুলি পরোক্ষ প্রশ্ন আছে, সেগুলি মনোযোগ দিয়ে দেখা উচিত। বিশেষ ক'রে লক্ষ্য করুন এই পরোক্ষ প্রশ্ন I was not sure if (আমি ঠিক নিশ্চিত ছিলাম না যে...)।

আরো একটী পরোক্ষ প্রশ্ন বিশেষভাবে লক্ষ্য করুন। এটিতে প্রশ্নটি ঠিক খণ্ড-বাক্যের আকার নেয় নি। They asked the colour...(They asked his name—এই বাক্যের সঙ্গে তুলনা করুন)। মোট কথা

ডাকঘরের কর্ম্মীরা অসাধারণভাবে কৌতূহলী হয়েছিলেন। সন্দেহ হচ্ছে যে এই ধরনের প্রশ্ন অভ্যাসে যাতে আপনি বেশ রপ্ত হন সেই জন্যে!

লক্ষ্য করার মত কয়েকটি বাক্য-বিন্যাস

Send off a parcel—*Send* a parcel *off*. পারশেল পাঠান

I *had to* answer so many questions. আমি বাধ্য হয়েছিলাম······

First of all	সর্ব্ব প্রথম
How much does it *weigh* ?	(ক্রিয়া) ওটার ওজন কত ?
How much is it *worth* ?	(বিশেষণ) ওটার দাম (মূল্য) কত ?
What does it *look like* ?	ওটা দেখতে কেমন (অর্থাৎ ওটার রূপ বর্ণনা করুন)
Good heavens !	ওঃ ভগবান !
What a lot of...!	কতগুলো...!
After all	যাহোক, (পরিশেষে)
I had a long drink, in fact	সত্যি বলতে (প্রকৃত পক্ষে)
I had two !	আমি দুবার পানীয় পান করেছিলাম।
We will excuse you *for being* late.	দেরী করার জন্যে আপনাকে ক্ষমা করব।

রেকর্ডের লিখিত ভাষ্য

John : Hello Helen. Am I late ?

Helen : You certainly are ! We wondered where you were.

John : I've been sending those parcels off.

Helen : Why did you take so long ?

John : I had to answer so many questions ! First of all, they wanted to know where, I was sending the parcels. Then they looked in a book, to find out what the regulations were. After that the questions really began. They asked my name, and my English address. They asked how many parcels I was sending, and how much they weighed.

They wanted to know if the parcels were insured, and how much for. Next they asked what the parcels looked like. I said they were just parcels, with brown paper round them. But they wanted to know if there were any special marks on them. And then, of course, they asked what was inside, and where it was made, and how much it was worth.

They asked what was inside.

Helen : Good heavens, what a lot of questions ! Didn't they ask the colour of your grandmother's eyes ?

John : Very nearly ! Well, when I'd answered all those questions I was not sure if I wanted to send the parcels after all ! But I did ; and then I went and had a long drink. Two long drinks, in fact !

Helen : And we'll excuse you for being late.

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৪০ ও ৪১

She asked him where he'd been···He told her that he'd been to the bank to get some money...If you don't know what to do next, ask the manager...He will tell you what he wants you to do...The situation was very bad, and the government didn't know how to prove it......

Everybody agreed that they ought to do something. Can you explain this problem to me ? I don't know if anybody can solve it...We need a fortnight or more to finish this work...I'm surprised to hear that, I thought you'd already done it...

অনুশীলন—৩

(বাক-পদ্ধতির পুনঃ আলোচনা)

এগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন : (a) অবস্থার উন্নতি হয়ে চলবে। (b) আমাদের সকলকে কঠিন পরিশ্রম করতে হবেই। (c) আপনার পায়ে হয়েছে কি ? (d) আমার খবর শুনে আপনি আশ্চর্য্যান্বিত হয়েছেন ব'লে মনে হয়। (e) ব্যাগে কিছুই পড়ে নেই। (f) মনে হচ্ছে আপনাকে কতগুলি ফর্ম ভর্ত্তি করতে হবে। (g) আমি নিশ্চিত জানি যে তাঁকে (স্ত্রীলোক) সাহায্য করতে আপনি কিছু মনে করবেন না, করবেন কি ? (h) যান, একজন ডাক্তার ডেকে আমুন। (i) গত দু'তিন মাস তিনি বিদেশে কাজ করছেন। (j) বেশ আগ্রহকর।

পাঠ—৪২

শব্দ-সংগ্রহ

bathroom—কলঘর
breakdown—বন্ধ হওয়া (যেমন বিদ্যুৎ সরবরাহ)
by—দ্বারা
by car—গাড়ী ক'রে
current—ক্যারেণ্ট, বিদ্যুৎশক্তি
dark—অন্ধকার
fall, fell, fallen—পড়া, পড়েছিল, পতিত
fuse—ফিউজ, দাহ্য সংযোজক তার
fuse-box—ফিউজ-বাক্স, দাহ্য-সংযোজক তার ঢাকা বাক্স
rail—(সিঁড়ির) রেলিং
switch—সুইচ্
torch—মশালবাতি, টর্চ

কি ক'রে "যাতে" এবং "যে-জন্যে" বলতে হবে

আপনার স্মরণ আছে বোধ হয় যে ৪০নং পাঠে আমরা দেখেছি ইংরেজীতে কেমন ভাবে কাজের উদ্দেশ্য দেখানোর জন্যে অনেক সময়ে অসমাপিকা ক্রিয়া ব্যবহার করা হয়। উদাহরণ, "হাত ধোবার জন্যে তিনি কলঘরে গিয়েছিলেন।"

'He went to the bathroom to wash his hands.'

অসমাপিকা ক্রিয়া to wash ব্যবহার করা হয়েছে, He went বাক্যের উদ্দেশ্য বোঝাবার জন্যে। যখন উদ্দেশ্য প্রত্যক্ষ এবং মোটামুটি স্পষ্ট তখন এই ধরনের আকার ব্যবহার করা হয়।

যখন কাজের উদ্দেশ্য তেমন স্পষ্ট বোঝা যায় না আর তেমন প্রত্যক্ষ নয় তখন আমরা অসমাপিকা ক্রিয়াকে সুদৃঢ় করার জন্যে "So as to" বাক্য-বিন্যাস ব্যবহার করি। উদাহরণ, ধরুন এক জনসভায় খুব বেশী ভীড় হয়েছে। "তিনি একটা চেয়ারের উপর দাঁড়ালেন যাতে ভালভাবে দেখতে পান।"

He stood on a chair so as to see better.

So as এই বাক্য-বিন্যাস বিশেষ ক'রে না-সূচক (নিষেধাত্মক) উদ্দেশ্যে অনেক সময়েই ব্যবহার করা হয়: So as not to. উদাহরণ, জন বেনেডিক্ট্ এলসার পিয়ানো বাজনার বড় রকম ভক্ত নন: "তিনি তাঁর শোবার ঘরে গেলেন যাতে তাঁর বাজনা শুনতে না হয়।"

He went to his bedroom so as not to hear her.

৪০নং পাঠে আমরা দেখেছি যে "উদ্দেশ্য-অসমাপিকা" বাক্যের কর্ত্তা সম্বন্ধে নির্দ্দেশ করতে পারে: He went to the bathroom to wash his hands. (তিনি তাঁর হাত ধুলেন)। কিংবা "উদ্দেশ্য অসমাপিকা" বাক্যের কর্ম্ম সম্বন্ধেও ইঙ্গিত করতে পারে: I have bought a clock to stand beside my bed. (ঘড়িটি আমার বিছানার পাশে আছে)।

"So as to" পন্থাটি বেশীর ভাগ ক্ষেত্রে বাক্যের কর্ত্তা সম্বন্ধে নির্দ্দেশ জানাবার জন্যে ব্যবহার করা হয়। যদি কর্ম্ম সম্বন্ধে নির্দ্দেশ বা ইঙ্গিত জানাতে হয় তাহ'লে এর একটি বিশেষ অর্থ হয়—"এমন উপায়ে যাতে।" উদাহরণ, "তাঁরা যাদুঘর এমন ভাবে তৈরী করেছেন যাতে এটা বাড়ীর মত দেখায়।"

They built the museum so as to look like a house.

উদ্দেশ্য ব্যাখ্যাকারী ক্রিয়াপদটি যখন এক তৃতীয় পক্ষ সম্বন্ধে ইঙ্গিত জানায় তখন সেটা অসমাপিকা আকারে ব্যবহার করা যায় না। ক্রিয়াপদটি তখন ব্যবহার করা হয় so that শব্দ দিয়ে আরম্ভ করা এক খণ্ড-বাক্যের পরে। উদাহরণ, "তিনি রেডিওটা চালিয়ে দিলেন যাতে তাঁর স্ত্রী খবর বলা শুনতে পারেন।"

He switched on the radio so that his wife could hear the news.

তুলনা করুন: He switched on the radio so as to hear the news.

কথোপকথন

বাড়ীতে আলো হঠাৎ নিভে গেছে। ইয়ং পরিবার ও তাঁদের অতিথিরা অন্ধকারে রয়েছেন। এলসা প্যাট্রিককে জিজ্ঞাসা করছেন কি হয়েছে এবং তাঁরা হু'জনে একসঙ্গে মাটীর নিচে জিনিষ-পত্র রাখার ঘরে যাচ্ছেন দেখতে বিদ্যুতের আলোর ফিউজ পুড়ে গিয়েছে কিনা।

এ কথোপকথনে so as to এবং so that বাক্য-বিন্যাসের কয়েকটি উদাহরণ দেখবেন, তাছাড়া আরো দেখবেন উদ্দেশ্য অসমাপিকার সাধারণ কয়েকটি উদাহরণ।

একটী খুব গুরুত্বপুর্ণ বাক্য-বিন্যাস লক্ষ্য করুন Is this what you mean ? (এটাই কি আপনি মনে করছেন ?)। What শব্দটী এই ধরনের বাক্যে হু'টী কাজ করে "ওটা যেটা।" উদাহরণটি এই রকম হতে পারে :

She gave him what he asked for.

তিনি (স্ত্রীলোক) তাঁকে তিনি যা চেয়েছিলেন তা দিয়েছিলেন।

আরো হু'একটী বাক্য-বিন্যাস :

I'll see in a minute.	এক মিনিটে আমি খুঁজে বার করছি।
It's so dark.	এত অন্ধকার।
Never mind.	কিছু মনে করবেন না (হুঃখ করবেন না)।
Can use *both* my hands.	আমার হুই হাতই ব্যবহার করতে পারি। (both শব্দের অবস্থান লক্ষ্য করুন)

There's nothing wrong with··· ···র কোন কিছু গোলমাল নেই।

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : Are you there, Patrick ? What has happened ? What's the matter with the lights ?

Patrick : I don't know ; I'll see in a minute.

Elsa : But it's so dark.

Patrick : Never mind.

Elsa : Why are you going to the cellar, Patrick ?

Patrick : Because the fuse-box is down there. I'm going to see if the fuses are all right. Be careful ! Hold the rail, so as not to fall......There's the

fuse-box. Elsa, hold this torch, so that I can use both my hands.

Hold the rail, so as not to fall.

Elsa : All right. Is this what you mean ?

Patrick : Yes, that's fine. I must switch off the current, so as to take out the fuses··· Hold the torch on this side, so as to shine on the front. Good. The first fuse is all right. The second, and the third. Which is burnt ? There's nothing wrong with any of these fuses. What on earth has happened ?

Elsa : Shut the box and switch on···No ; still dark.

Tom : (উপর থেকে নিচে বলছেন) Patrick ! I've just telephoned to ask what's wrong. They say there's a break-down. It'll be all right in ten minutes.

অনুশীলন—১

নিচের দু'টী ক'রে ভাব এক একটী বাক্যে রচনা করুন। উদাহরণ, He wanted to wash, he went to the bath-room হতে পারে He went to the bath-room to wash. উদ্দেশ্য-অসমাপিকা, so as to কিংবা so that ব্যবহার করুন।

(a) They wanted to get there quickly. They went by car.

(b) The patient wanted to turn her light out without getting out of bed. They put the switch near the bed.

(c) I wanted to work. I went into the garden.

(d) I wanted to work quietly. I shut the door.

(e) He held the book up. He wanted everybody to see it.

অনুশীলন—২

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন : (a) তাঁর দু'টী জুতা তিনি পা

থেকে খুলে ফেলেছেন। (b) ডাক্তার বলেছেন যে আপনার একেবারে কোন গোলমাল নেই। (c) আপনার কাল সকালে উঠে পড়া ভাল। (d) কিন্তু আমার যে খিদে পেয়েছে। (e) আমরা দেখব কাল আপনি কেমন বোধ করেন। (f) কি করবেন ব'লে কি তাঁরা মনস্থির করেছেন? (g) আমার মনে হয় তিনি বৈদেশিক বাণিজ্য সম্বন্ধে কিছু বলবেন। (h) নিশ্চয় আপনার কথাই ঠিক। (i) আপনি কি আমার সঙ্গে একমত? (j) মাটির নিচের ঘরে কেন তাঁরা ফিউজের বাক্সটি লাগিয়েছেন, যাতে বিনা আলোতে আমরা ওটা খুঁজে না পাই?

অনুশীলন—৩

(বাক-পদ্ধতির পুনঃ পঠন)। এগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন

(a) মশালবাতি (টর্চ্চ্) নাড়িও না, দেখতে পাচ্ছি না আমি কি করছি। (b) আমাদের কি করা দরকার বলে মনে করেন? (c) আমি কি করতে হবে বলতে পারছি না। (d) অত আশ্চর্য্যান্বিত হবার দরকার নেই। (e) এই মাখনটুকুর ওজন কত? (f) আমি তাঁকে চিঠি লিখেছি—প্রকৃতপক্ষে আমি আমি ইতিপূর্ব্বেই লিখেছি, কিন্তু এখনও পাঠাইনি। (g) তাঁরা কোথায় থাকেন, জানেন কি?

পাঠ—৪৩

শব্দ-সংগ্রহ

alike—সমান, মতন
assembly—একত্রীকরণ
assembly line—যেখানে একত্রীকরণ ব্যবস্থা হয়েছে
body (গাড়ীর)—বডি, বহিরাবরণ
called—নামক, নাম
chassis—গাড়ীর কাঠামো
cheap—সস্তা
cheaply—সস্তায়
complete—সম্পূর্ণ
corner—কোণ, মোড়
divide—ভাগ করা
each—প্রত্যেক
expensive—ব্যয়বহুল
firm—ব্যবসা-প্রতিষ্ঠান
line—লাইন

machine—যন্ত্র
mass-production—বহুল পরিমাণে যন্ত্রে উৎপাদন
noisy—গণ্ডগোল, গোলমাল
noisiest—সবচেয়ে গোলমাল
own—নিজের
post—ডাকে দেওয়া
press—চাপ দেওয়া, চাপ-যন্ত্র
product—মাল, সামগ্রী
run—পরিচালনা করা
sheet—চাদর, পাত
steering—গাড়ীর নির্দ্দিষ্ট দিকে চালাবার অংশ
tractor—ট্রাকটর, কলের লাঙ্গল
truck—লরী
which—যাহা, যেগুলি, যেটি
whole—সমগ্র
world—পৃথিবী

গুণবাচক খণ্ড-বাক্য

"কোন বইটির বিষয় আপনি কথা বলছেন?" "যে বইটি আপনি গত সপ্তাহে আমাকে পড়তে দিয়েছিলেন।" এই উত্তরে, "আপনি গত সপ্তাহে আমাকে পড়তে দিয়েছিলেন।" কথাগুলি হচ্ছে বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য, কারণ কথাগুলি নির্দ্দেশ করছে যে বইটার কথা হচ্ছে, সেই বইটিকে।

ইংরেজীতে বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য সম্বন্ধে অত্যন্ত পরিষ্কার নিয়ম আছে। এ সম্বন্ধে এখন আলোচনা করব। প্রথমে এই পাঠে সামগ্রীর বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্যের আলোচনা করব আর পরবর্ত্তী পাঠে আলোচনা করব ব্যক্তির বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্যের। মনে করুন যে জিনিষের কথা বলছি তা হচ্ছে বাড়ী। আপনি বলতে পারেন, "রাস্তার মোড়ে যে বাড়ীটা"।

The house that stands at the corner of the street. বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য বা পদ হ'ল, that stands at the corner of the street এবং এটী নির্দ্দেশ করছে বা বর্ণনা করছে **কোন্** বাড়ীটির ক- আমরা বলছি। সংযোজক সর্ব্বনাম that (সাধারণতঃ শব্দটির উচ্চারণ করা হয় (ə) স্বরের সঙ্গে) ইঙ্গিত করছে বাড়ীটার কথা, কিন্তু সঙ্গে সঙ্গে ঐ শব্দের পরে থাকা stands ক্রিয়ার কর্ত্তাপদ রূপেও কাজ করছে।

অন্য একটি উদাহরণ দেখুন:

"গত বছর যে বাড়ীটি আমরা কিনেছিলাম।" The house (that) we bought last year.

বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য হ'ল, we bought last year. এটি নির্দ্দেশ করছে

যে বাড়ীটির কথা বলছি সে বাড়ীটিকে। খণ্ড-বাক্যের কর্ত্তা হ'ল we, that নয়। সংযোজক that সাধারণতঃ বাদ দেওয়া হয় যদি না সেটী খণ্ড-বাক্যের কর্ত্তা হয়। অন্য একটি উদাহরণ দেখুন:

"যে বইটি আপনি আমাকে গত সপ্তাহে পড়তে দিয়েছিলেন" – The book (that) you lent me last week.

সংযোজক "যে" (that) শব্দ হচ্ছে ধার ক্রিযার কর্ম্মপদ, কর্ত্তাপদ নয়, অর্থাৎ ইংরেজী বাক্যে lent-এর কর্ম্মপদ। সেজন্যে এরকম ইংরেজী বাক্যে that কথাটি বাদ দেওয়া যেতে পারে।

এ বাক্য-বিন্যাস যাতে ভুল না বোঝেন সেজন্যে খুব সতর্ক হবেন। সংযোজক শব্দের অভাবে ভুল করা খুবই সহজ। দেখুন যদি আমরা কথার কথার মানে করি তাহ'লে কি রকম দাঁড়ায়:

The money you gave me was enough.—টাকা আপনি আমাকে দিয়েছিলেন যথেষ্ট ছিল।

I have used all the money he gave me.—আমি সব টাকা খরচ করেছি, তিনি আমায় দিয়েছিলেন।

ইংরেজীতে এই ভাবেই বলা স্বাভাবিক। কিন্তু ভুলে যাবেন না যেন, যদি সংযোজক খণ্ড-বাক্যের কর্ত্তা হয় তাহ'লে that কথাটি বাদ দেওয়া যাবে না।

I have a watch that tells time.—আমার একটা ঘড়ি আছে তাতে সময় দেখা যায়।

দ্রষ্টব্য যে বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্যের আগে কোন কমা থাকে না।

সামগ্রী থেকে ভিন্ন, স্থান সম্পর্কে কথা বলার সময়, where কথা দিয়ে আমরা বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য ব্যবহার করতে পারি। উদাহরণ, "যে কারখানায় আমি কাজ করি"—The factory where I work.

শেষে অব্যয়পদ

এই ইংরেজী বাক্যটি দেখুন: You are looking at the photo. এবারে এই বাক্যটি দেখুন: What are you looking at? লক্ষ্য করেছেন কি, what এই প্রশ্ন-সূচক শব্দের পরে কেমন একেবারে শেষে "at" অব্যয়পদটি রয়েছে? ইংরেজীতে এটা সম্পূর্ণ স্বাভাবিক বাক্য-বিন্যাস।

বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্যে, যে সব ক্ষেত্রে ব্যবহৃত ক্রিয়াপদ এমন ধরনের যে তার পরে অব্যয়পদ আসে, সে সব ক্ষেত্রে ঠিক এই রকমই হয়ে থাকে। প্রথমে দেখা যাক বাংলায় এটা কেমন ভাবে হয়:

"যে ছবিটি আপনি দেখছেন তাতে আমাব বাবা-মাকে দেখা যাচ্ছে। এটা যদি সরাসরি ইংরেজীতে অনুবাদ করেন তাহ'লে ইংরেজীতে এই রকম দাঁড়াবে:

The photo at which you are looking shows my father and mother.

যদিও ইংরেজী বাক্য হিসাবে এটা অসম্ভব নয়, তাহ'লেও এ রকম ভাবে সাধারণতঃ আমরা ইংরেজীতে বলি না। আমরা which এই সংযোজকটি বাদ দিই এবং অব্যযপদটি খণ্ড-বাক্যের একেবারে শেষে বসাই:

The photo *you are looking at* shows my father and mother.

"ছবি আপনি দেখছেন দেখাচ্ছে আমার বাবা ও মাকে" অদ্ভুত মনে হচ্ছে? কিন্তু এটা ইংরেজীতে স্বাভাবিক বাক্য-বিন্যাস। সুতবাং আপনাকে এ রকম ভাবে পদের ব্যবহার শিখতে হবে।

কথোপকথন

কোন অনুশীলন করার আগে কথোপকথনের আলোচনা করা যাক। কারণ এতে বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্যের আরো কযেকটি উদাহরণ আছে। এতে হয় ত' এ নিয়ম বুঝতে আপনার কিছু সাহায্য হবে। টম ও ডরথী ইয়ং জন বেনেডিক্‌ট্‌কে বলেছেন যে কারখানায় তিনি কাজ করেন তা বর্ণনা করতে।

লক্ষ্য করার মত কয়েকটি বাক্য-বিন্যাস:

As you know	— আপনি ত' জানেন।
They are the sort that look good	— ওগুলো এমন যে দেখে ভাল বলে মনে হয়।
Hundreds of cars all alike	— শত শত মোটরগাড়ী সবগুলি এক রকম দেখতে।
Divide the whole...into departments	— সম্পূর্ণটা ভাগ করি...বিভাগে।

Each department has its special job — প্রত্যেক বিভাগে বিশেষ ধরনের কাজ হয়।

And so on — আর এই রকমই চলে।

The main assembly-line — প্রধান সংগঠন স্থানে।

All the parts are put together — সকল অংশ এক সঙ্গে লাগান হয়।

The department I run is called the press shop — যে বিভাগ আমি চালাই (পরিচালনা করি) সেটাকে বলে চাপ-যন্ত্রের বিভাগ।

It is full of machines — এটা যন্ত্রপাতিতে ভর্ত্তি।

Press out the sheet metal — ধাতুর পাত চেপে কেটে রাখা।

রেকর্ডের লিখিত ভাষ্য

Dorothy : Tell us about the factory where you work, Mr. Benedict.

John : Would you really like to know ?

Tom : Yes, let's hear about it.

John : Well, as you know, the firm I work for makes cars. We make trucks and tractors too ; but cars are our main product.

The place where all the parts are put together.

Tom : And the cars you make—are they very expensive ?

John : No ; they're the sort that look expensive but are really cheap. It's mass-production that makes this possible.

Dorothy : You mean, you make hundreds of cars all alike ?

John : Yes, and so we can make them cheaply. We divide the whole factory into departments, and each department has its special job. There's a department that builds the chassis, and another

that makes the steering, and so on. And then there's the main assembly-line.

Dorothy : What's that ?

John : Oh, that's the place where all the parts are put together, to make the complete car.

Tom : And your own department ?

John : The department I run is called the press shop. It's full of very big machines that press out the sheet metal for the bodies of the cars.

Dorothy : Is it very noisy ?

John : Noisy ! It's the noisiest place in the world !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৪২ ও ৪৩

Sit down beside me, so that I can see what you're doing . . . . Then I can show you how to do it . . . . He stood near the window, so as to see what was happening outside . . . . Please turn on the radio, so that we can hear the news . . . . What have you done with that letter I gave you to post ? . . . . He's got a job in a factory that makes cars . . . . He's in the department that builds the chassis . . . . The department where I work is called the press shop . . . . How much did that car we were looking at yesterday cost ? . . . .

অনুশীলন—১

উপরোক্ত কথোপকথন থেকে বার করুন : (a) পাঁচটি বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য, যাতে that হচ্ছে সেই খণ্ড-বাক্যের কর্ত্তাপদ।

(b) দু'টী বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য, যাতে that হচ্ছে কর্ম্মপদ আর তা বাদ দেওয়া হয়েছে।

(c) একটী বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য, যাতে অব্যয়পদ শেষে আছে।

(d) দু'টী বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য যাতে কোন স্থান সম্বন্ধে নির্দ্দেশ আছে।

অনুশীলন—২

এক নম্বর অনুশীলনে যে সব উদাহরণ বার করেছেন তাতে কোন্ শব্দ, খণ্ড-বাক্য দ্বারা বর্ণিত হচ্ছে তা বলুন।

অনুশীলন—৩

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন :

(a) এ হল-ঘরে যে ক্লাবটি সভা করে তার নাম কি ?

(b) এ প্রকারের সঙ্গীত আপনি উপভোগ করেন না।

(c) যে সব ব্যবসা-প্রতিষ্ঠানের কাছে আমরা চিঠি পাঠিয়েছিলাম তাদের সকলকার কাছ থেকেই উত্তর পেয়েছি।

(d) এটা কি সেই ড্রয়ার (টানা) যেখানে আপনি আমার কাগজ পত্র রাখেন ?

(e) যে ঘড়ি ঠিক সময় দেয় না তেমন ঘড়ি তিনি চান না।

(f) যে চমৎকার নতুন গাড়ীর কথা আপনি আমাদের বলছেন সেটী কখন আমরা দেখতে পাব ?

(g) রেডিও নয়, তিনি সত্যিই সিনেমা উপভোগ করেন।

(h) একটা ছোট শান্ত জায়গা আমি জানি, সেখানেই আমরা যাচ্ছি।

(i) যে সব বই পড়েছেন আর যে সব ছবি দেখেছেন তা আপনাকে ভুলে যেতেই হবে।

(j) শ্রীযুক্ত ফ্যারগুশান্ কি এই বাড়ীতেই থাকেন ?

অনুশীলন—৪

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন : (a) এ হাতঘড়ির দাম কত হ'তে পারে ? (b) যদি এক মিনিট অপেক্ষা করেন, তাহ'লে আমি খুঁজে বার করি। (c) কত লোক ! (d) এত নির্দয় হবার জন্যে তাকে আপনি ক্ষমা করতে পারেন না। (e) তিনি ব্যবসা এবং ঐ রকম বিষয়ে আগ্রহশীল। (f) ব্যাপার কি ? কি হয়েছে ? কাজ হঠাৎ বন্ধ হয়ে গেছে নাকি ? (g) আমাদের ছুটি এখনও ফুরায় নি, এখনও আব এক সপ্তাহ বাকি। (h) আমি ছেড়ে যেতে চাইনি, কিন্তু দুপুরের খাবার সময় আমাকে বার-মিংহাম যেতেই হ'য়েছিল। (i) আপনি আসছেন কিনা সে সম্বন্ধে আমবা স্থিরনিশ্চিত ছিলাম না। (j) বাড়ীটি কি বীমা করা আছে ?

পাঠ—৪৪

শব্দ-সংগ্রহ

affair—কাজ, কার্য্যকলাপ
almoner—হাসপাতালে ব্যবস্থাপক-কর্ম্মী
almost—প্রায়
chap—লোক
clever—চালাক
cold—সর্দ্দি হওয়া, ঠাণ্ডা লাগা
common—সাধারণ
cure—সারান (রোগ)
disease—রোগ
ear—কান
grocer—মুদী
illness—রোগ
in-patient—হাসপাতালের আবাসিক রোগী
nurse—নার্স, শুশ্রূষাকারিণী
out-patient—অনাবাসিক রোগী, বাইরের রোগী
person—ব্যক্তি
postman—ডাকপিয়ন
regular—নিয়মিত
regularly—নিয়মিতভাবে
sister—সিস্টার
social—সামাজিক
social worker—সমাজসেবী
specialist—বিশেষজ্ঞ চিকিৎসক
systematic—সুশৃঙ্খল
throat—গলা
treatment—চিকিৎসা

ব্যক্তি সম্পর্কে বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য

সামগ্রীর মত ব্যক্তিও বর্ণনা করা যায়। উদাহরণ, "কোন্ লোকটির কথা আপনি বলছেন?"—"যে লোকটিকে **কাল আমরা দেখেছিলাম**"।

৪৩নং পাঠে আমরা দেখেছি সামগ্রী সম্পর্কে সাধারণ সংযোজক হচ্ছে that. লোক সম্পর্কে আমরা সাধারণতঃ who কথাটি ব্যবহার করি।

The postman is the man *who brings the letters.* Who শব্দ ব্যবহার করা হয় যদি এটী বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্যের কর্ত্তা হয়। কিন্তু যদি সংযোজকটি কর্ত্তাপদ না হয় তাহ'লে সেটিকে আমরা সাধারণতঃ বাদ দিই। উদাহরণ,

"যে লোকটিকে কাল আমরা দেখেছিলাম"।

The man we saw yesterday.

সামগ্রী বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্যের মত আমরা ব্যক্তি বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্যের শেষে অব্যযপদ পাই। উদাহরণ, "যে লোকটির সঙ্গে আমি কথা বলছিলাম" ইংরেজীতে এটী হবে।

The man *I was talking to.*

এই বাক্য-বিন্যাস কেমনভাবে গঠিত হ'ল তা আপনি দেখতে পাবেন, যদি স্মরণ রাখেন যে "আমি একটি লোকের সঙ্গে কথা বলছিলাম ইংরেজীতে করলে হবে, I was talking to a man. আর talking to শব্দ দু'টী মিলে একটী কথা ব'লে আর সেটিকে সকর্ম্মক ক্রিযা ব'লে ধরতে হবে।

Whose এই সংযোজকের ব্যবহারও লক্ষ্য করুন :

"যে লোকটার বাড়ী প'ড়ে গিয়েছে।"

The man *whose house has fallen down.*

কথোপকথন

টম ইয়ং হাসপাতালে বাইবের বোগীদেব বিভাগটী জন ও হেলেন বেনেডিক্‌ট্‌কে দেখাচ্ছেন। এই হাসপাতালে তিনি বোগী পবীক্ষার কাজ করেন। কথোপকথনে ব্যক্তি বর্ণনাব্যঞ্জক বেশ কযেকটি খণ্ড-বাক্য আছে। (দ্রষ্টব্য : এ কথোপকথন গ্রামোফোন বেকর্ডে বাণীবদ্ধ কবা নেই)

At home বাক্য-বিন্যাসটি লক্ষ্য করুন। এটী এখানে ব্যবহাব কবা হয়েছে স্বচ্ছন্দ ও অন্তরঙ্গতার ভাব নির্দ্দেশ করার জন্যে। Make youiself at home "আবাম ক'রে বসুন" (অর্থাৎ নিজেব বাড়ীব মত মনে ক'রে স্বচ্ছন্দে আরাম করুন)। They look quite at home. "তাঁবা বেশ স্বচ্ছন্দে ও আরামে আছেন ব'লে মনে হচ্ছে।"

Their home affairs এর অর্থ হচ্ছে গৃহস্থালী সম্বন্ধে অসুবিধা যখন কেউ বিশেষ ক'রে রোজগারে লোক বা গৃহিণী অসুস্থ হন। The almoner (হাসপাতালে ব্যবস্থাপক কর্ম্মী) হ'চ্ছে এমন এক কর্ম্মী যাঁবা বোগীর কল্যাণ সম্পর্কে সমাজ সেবার দিকটা দেখেন।

লক্ষ্য করার মত কযেকটি বাক্য-বিন্যাস :

It takes a long time to···	অনেক সময লাগে···করতে
A sort of social worker	এক রকমের সমাজ-কল্যাণ কর্ম্মী
Helps them with their affairs	তাদের সাংসারিক ব্যাপারে,সাহায্য করে

The sort of job you can do	এরকম কাজ তুমি করতে পার।
Not systematic enough	প্রয়োজন অনুরূপ শৃঙ্খলাবদ্ধ নয়
A specialist in...	...বিষয়ে বিশেষজ্ঞ
Can cure almost anything	প্রায় সব রোগ সারাতে পারেন।
By the way—	ভাল কথা,
The common cold	সর্দি।

কথোপকথনের লিখিত ভাষ্য

Tom : This is the out-patients' department.

Helen : Out-patients. H'm. What are they ?

Tom : They are people who are ill, but who needn't stay in the hospital. Those people you see there, sitting on those seats—*they* are out-patients.

John : Some of them look quite at home here !

Tom : Oh yes, there are some who come here regularly for treatment. It takes a long time to cure some illnesses.

Helen : Who was that young woman you were talking to ? Was she a nurse ?

Tom : No, she was the almoner—a sort of social-worker who helps the patients with their home affairs.

Those people are out-patients.

Helen : Now she's a woman whose job sounds interesting.

John : Yes, my dear—but it isn't the sort of job you can do !

Helen : No, I'm not systematic enough. By the way, Dr. Young, who was that man we met in the hall ? He wasn't a patient, was he ?

Tom : No, he's a young doctor I know. He's a specialist

in diseases of the ear, nose and throat. A very clever chap. He can cure almost anything. But don't go to him if you have a cold !

John : Why not ?

Tom : Don't you know ? That's the one thing we doctors can't cure—the common cold !

অনুশীলন—১

উপরোক্ত কথোপকথন থেকে বার করুন :

(a) তিনটি বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য, যাতে who খণ্ড-বাক্যের কর্তা রূপে ব্যবহৃত হয়েছে।

(b) দু'টী বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য যাতে সংযোজক খণ্ড-বাক্যের কর্তা নয়, সেইজন্যে বাদ দেওয়া হয়েছে।

(c) একটি বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য যাতে সংযোজক বাদ দেওয়া হয়েছে আর অব্যয়পদ খণ্ড-বাক্যের শেষে রাখা হয়েছে।

(d) একটি বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য যাতে সংযোজক হচ্ছে সম্বন্ধবাচক বিশেষণ whose.

(e) দু'টী **সামগ্রী**-বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য।

অনুশীলন—২

১নং অনুশীলনে যে সব খণ্ড-বাক্য পেয়েছেন, সে সব খণ্ড-বাক্য যে সব শব্দ 'বর্ণনা' করছে তা লিখুন।

অনুশীলন—৩

কথোপকথন সম্বন্ধে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দিন :

(a) Which part of the hospital are our friends in ? (b) What is an out-patient ? (c) Then what is an in-patient ? (d) Why do you think the out-patients are sitting on seats ? (e) Is this the first time they have been at the hospital ? (f) Can doctors cure all illnesses at once ? (g) What is a hospital-nurse ? (h) Is Helen a good person to be an almoner ? Why not ? (i) What is a specialist ? (j) What do you do when you have a cold ?

অনুশীলন—৪

আমরা বিশেষ্যের বর্ণনা করতে পারি এই ভাবে :

A bed room is a room *we sleep in.* (শোবার ঘর হচ্ছে এমন একটা ঘর যেখানে আমরা শুই)। An almoner is a person *who helps patients.* (হাসপাতালের সমাজ-কর্ম্মী হচ্ছেন এমন একজন লোক যিনি রোগীদের সাহায্য করেন)। মোট কথা হচ্ছে আমরা বর্ণনাব্যঞ্জক খণ্ড-বাক্য ব্যবহার করি যাতে শব্দের অর্থ আরো পরিষ্কার ক'রে বলতে পারি। এই উপায় ব্যবহার ক'রে নিম্নলিখিত বিশেষ্যগুলি 'বর্ণনা' করুন।

(এই সব পাঠে যে সব শব্দ ইতিপুর্ব্বেই ব্যবহৃত হয়েছে তার বাইরে অন্য শব্দ নেবার প্রয়োজন নেই)।

(a) A typewriter. (b) A chair. (c) A pencil.
(d) A doctor. (e) A Scotsman.
(f) A raincoat. (g) A bank-manager.
(h) A journalist. (i) A zoo (j) Music.

অনুশীলন—৫

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন : (a) যার সঙ্গে আপনি রাস্তা দিয়ে যাচ্ছিলেন সে যুবকটি কে ? (b) ঐ বইটা পছন্দ করেন এমন লোক আমি দেখিনি। (c) উনি মুদী ওর কাছেই সাধারণতঃ আমরা যাই। (d) যার কুকুর বাগানে পাওয়া গিয়েছিল, সেটি কি এই ছেলেটি ? (e) লণ্ডনে আপনার জানা কোন লোকের নাম বলুন।

অনুশীলন—৬ (বাক-পদ্ধতির পুনঃ পঠন)

ইংরেজীতে এগুলি কেমন ভাবে বলবেন : (a) হঠাৎ কাজ বন্ধ হয়েছে কেন তা তারা খুঁজে দেখতে চান। (b) আমি তিন বছর ইঞ্জিনিয়ারিং পড়েছিলাম তারপর রসায়ন-বিদ্যার জন্য আমেরিকায় গিয়েছিলাম। (c) সাধারণভাবে তাদের বেশ ভাল লোক ব'লে মনে হ'ল, কিন্তু তাঁদের মধ্যে কয়েকজন নিঃসন্দেহে খুব সহযোগভাবাপন্ন নন। (d) যদি কোন কিছুর গোলমাল না হয় তাহ'লে যে টাকা আছে তাতেই আমাদের চলে যাবে। (e) আপনার মত যাঁদের রোগ তাঁদের পক্ষে দুধ উপকারী। (f) মনে হচ্ছে দরজায় ট্যাক্সি এসে দাঁড়িয়েছে। (g) তাঁর তিনটি বোন—সবগুলিই

একরকম দেখতে। (h) রাস্তায় শত শত লোক ছিল। (i) কাজটা তিন ভাগে আমরা ভাগ করেছিলাম, এক এক জন, এক এক অংশ করেছিলেন। (j) সারা ছুটিতে মাত্র কুড়ি পাউণ্ড খরচ হয়েছিল।

পাঠ—৪৫

শব্দ-সংগ্রহ

aunt—খুড়ি, পিসি
appendicitis—অন্ত্রের এক অংশের রোগ, এপেনডিসাইটিশ
appendix—অন্ত্রের এক অংশ, এপেন্‌ডিক্স
ashamed—লজ্জিত হয়েছিল
block—টুকরা
case—রোগ বা রোগী অর্থে
condition—অবস্থা
convenient—সুবিধাজনক
danger—বিপদ
housework—গৃহস্থালির কাজ
look after—যত্ন করা
mop—ন্যাতা
oak—সেগুন কাঠের মত ওক্ কাঠ
paint—রং লাগান
painter—রং করার মিস্ত্রী
parquet—একজাতীয় মেজে (কাঠের)
polish—পালিশ করা
suddenly—হঠাৎ
though—যদিও
woodwork—(বাড়ী সম্পর্কে) কাঠের কাজ

ইংরেজীতে "কর্ম্মবাচ্য"

যদি নিম্নলিখিত বাক্য দু'টী দেখেন তাহ'লে আপনি সহজেই বুঝতে পারবেন কর্তৃ ও কর্ম্মবাচ্যসূচক পদ বলতে আমরা কি বোঝাতে চাইছি।

কর্তৃবাচ্য—People *use* this book in all countries

কর্ম্মবাচ্য—The book is *used* in all countries.

ক্রিয়াটির কর্তৃবাচ্যে রূপ হচ্ছে use আর কর্ম্মবাচ্যে রূপ হচ্ছে used.

কর্তৃবাচক বাক্যে কর্ত্তা হচ্ছে, কাজ সম্পন্ন যে করছে সে, People.

কর্ম্মবাচক বাক্যে কর্ত্তা হ'ল কাজের গৃহীতা—the book.

ইংরেজীতে বহু ক্ষেত্রে কর্ম্মবাচক পদ ব্যবহার করা হয়। সেসব ক্ষেত্রে বাংলায় অন্য ধরনের রচনা প্রথা অবলম্বন করা যায়। কাজেই ইংরেজীতে কর্ম্মবাচ্য সব সময় ব্যবহার করতে পারেন যখন কার্য্য সম্পাদনকারী অজানা

হয় কিংবা অস্পষ্ট থাকে কিংবা বাক্য-প্রসঙ্গে তার (কার্য্য-সম্পাদনকারীর) একান্ত প্রয়োজন না হয়। উপরে যে বাক্য দেওয়া হয়েছে সেই উদাহরণ দেখুন People use this book কর্ত্তা হ'ল people—কথাটি খুব পরিষ্কার নয় আর বাক্যের কোন অর্থহানি হয় না যদি people কথাটি বাদ দিয়ে আমরা বাক্যটিকে কর্ম্মবাচ্যে পরিণত করি :

This book is used.

কর্ম্মবাচ্য কি ভাবে রচনা করা হয়

ক্রিয়াটির অতীত কৃদন্ত পদের রূপ ব্যবহার করতে হবে, be ক্রিয়াপদের কোন এক রূপের পরে। আগের উদাহরণ মত, use ক্রিয়ার অতীত কৃদন্ত পদ হচ্ছে used ; আর কর্ত্তৃবাচ্যের বাক্যটি আছে বর্ত্তমান কালে, সুতরাং be ক্রিয়ার অনুরূপ কালের আকার is, ব্যবহার করতে হবে। তাহ'লেই আমরা পাব is used.

এখানে কর্ম্মবাচ্যে অন্যান্য কালের উদাহরণ, কর্ত্তৃবাচ্যে অনুরূপ কালের পাশাপাশি দেওয়া হ'ল :

তালিকা—৪০নং

কর্ত্তৃবাচ্য	কর্ম্মবাচ্য
Some body *boils* the water	The water *is* **boiled**
Somebody *is washing* the car	The car *is being* **washed**
Somebody *has taken* my money	My money *has been* **taken**
Somebody *has been burning* papers	এই কালে কর্ম্মবাচ্য ব্যবহৃত হয় না।
Semebody *will do* it	It *will be* **done**
Somebody *is going to write* it	It *is going to be* **written**
Somebody *opened* the door	The door *was* **opened**
Somebody *was asking* questions	Questions *were being* **asked**
Somebody *had parked* a car	A car *had been* **parked**
Somebody *can move* this cupboard	This cupboard *can be* **moved**
Somebody *ought to teach* him	He *ought to be* **taught**
Somebody *must clean* the room	TL room *must be* **cleaned**

অনুশীলন—১

উপরের তালিকাটি খুব মনোযোগ দিয়ে পাঠ করুন দেখবেন যে (ক) কেমন ভাবে কর্তৃবাচ্যের কর্ম্মপদ, কর্ম্মবাচ্যে কর্তা রূপে ব্যবহৃত হচ্ছে,

(খ) অস্পষ্ট শব্দ somebody কর্ম্মবাচ্যে বাদ দেওয়া হ'চ্ছে ;
আর (গ) কেমন ভাবে কর্ম্মবাচ্যসূচক বাক্যে be ক্রিয়ার কাল, কর্তৃবাচ্য-সূচক বাক্যের ক্রিয়াপদের অনুরূপ কাল গ্রহণ করছে।

বহু অকর্ম্মক ক্রিয়ার নিজস্ব কোন কর্ম্মপদ থাকে না কিন্তু এরকম ক্রিয়ার পরে অব্যয়পদ থাকে। এই অব্যয়পদের কর্ম্মপদ থাকে। উদাহরণ, A woman is *looking after* our baby (একজন স্ত্রীলোক আমাদের শিশুটির দেখাশোনা করছে)। তাহ'লেও অর্থাৎ নিজস্ব কর্ম্মপদ না থাকলেও কর্ম্মবাচ্য ব্যবহার করা হয়। উদাহরণ, Our baby is being *looked after.*

আগেও আমরা বলেছি যে এরকম ক্ষেত্রে ক্রিযাটি এবং পরে থাকা অব্যয়-পদটি মিলিয়ে ইংরেজীতে একটি শব্দ ব'লে ধরা হয।

অনুশীলন—২

নিম্নলিখিত কর্তৃবাচক বাক্যগুলি কর্ম্মবাচ্যে পরিণত করুন আর প্রত্যেক ক্ষেত্রেই কর্তৃবাচক পদের কর্তাটি বাদ দিন।

(a) We keep the butter in this cupboard. (b) They are building a new house on the other side of the road. (c) Somebody has drunk all my beer. (d) The orchestra will play the national anthem now. (e) We are going to unpack these suitcases. (f) They chose another girl for the job of secretary. (g) Some men were fixing shelves in the bathroom. (h) Somebody had explained the situation to me. (i) You can learn this job quite quickly. (j) Somebody ought to fetch a doctor.

[দ্রষ্টব্য: যদি ক্রিয়ার অতীতকালের কৃদন্ত পদের রূপ আপনার ঠিকমত জানা না থাকে তাহ'লে ২০১নং পাতায় ও গ্রন্থের শেষের দিকে দেওয়া তালিকা থেকে বার ক'রে নিন] কর্ম্মবাচ্যের বাক্যগুলি না-সূচক ও প্রশ্ন-সূচক বাক্যে পরিণত ক'রে উচ্চস্বরে বলুন।

অনুশীলন—৩

নিম্নলিখিত বাক্যগুলি কর্ম্মবাচ্যে পরিণত করুন, কর্তৃবাচ্যের কর্তৃপদগুলি বাদ দিন। কর্ম্মবাচ্যে অতীত কৃদন্ত পদের পরে প্রত্যেক ক্ষেত্রে অব্যয়পদটি রাখতেই হবে।

(a) People mustn't walk on this floor. (b) Somebody has slept in this bed. (c) Somebody must write to that firm at once. (d) People can sit on those chairs. (e) The police and many other people are looking for him. (f) People in many countries listen to this programme. (g) Somebody ought to speak to that young man. (h) Of course people will look at you.

বিশেষণ রূপে অতীত কৃদন্ত পদের ব্যবহার

কর্ম্মবাচ্যে অতীত কৃদন্ত পদের ব্যবহার ছাড়াও, আমরা অতীত কৃদন্ত পদগুলি অনেক সময়ে বর্ণনাকারী ভাবে ব্যবহার করি। ইতিপূর্ব্বে এরকম কয়েকটি ব্যবহার দেখে থাকতে পারেন। উদাহরণ, I am worried (আমি চিন্তিত); You seem surprised (দেখে মনে হচ্ছে যে আপনি আশ্চর্য্যান্বিত হয়েছেন); He is interested in our business (তিনি আমাদের ব্যবসায়ে আগ্রহশীল)। Worried, surprised, interested, —প্রতিটি শব্দই অতীত কৃদন্ত পদ, বিশেষণ ভাবে ব্যবহার করা হয়েছে। এখানে আরো কয়েকটি উদাহরণ দেওয়া হ'ল :

I am *ashamed* of this dirty kitchen.	—এই নোংরা রান্নাঘরের জন্যে আমি লজ্জিত।
This department is called the press shop.	—এই বিভাগটি বলা হয় চাপন-বিভাগ।
The curtains are made of cotton.	—পর্দাগুলি কাপড়ের (তৈরী)।

কথোপকথন

শ্রীমতী ডরথী ইয়ং এলসার সঙ্গে গৃহস্থালির কাজ সম্বন্ধে কথা বলছেন। এমন সময় শ্রীমতী হেলেন বেনেডিকৃট্ ঘরে আসেন আর বলেন যে তাঁর বোন

অসুস্থ হ'য়ে পড়েছেন। কর্ম্মবাচ্যে বেশ কয়েকটি বাক্যের উদাহরণ এতে পাবেন। তাছাড়া বাক্-পদ্ধতির সুনিয়ম মত উদাহরণগুলিও দেখবেন।

The mop is kept in this cupboard. — ন্যাতা দেওয়াল আলমারীতে রাখা হয়।

I've been called away. — বাইরে যাবার জন্যে ডাক এসেছে।

She has been taken ill. — তিনি অসুস্থ হয়ে পড়েছেন।

Everything that can be done.— যা কিছু করা সম্ভব সবই।

এই বাক্য-বিন্যাসগুলিও লক্ষ্য করুন :

In good (bad) condition — ভাল (খারাপ) অবস্থায়

In outside (of the house) — বাড়ীর বাইরের দিকটা

What a splendid floor this is !— এটা কি চমৎকার মেঝে।

Help you with your house work. — আপনার গৃহস্থালির কাজে আপনাকে সাহায্য করা

If you like — যদি আপনি চান।

Be told *on* the telephone — টেলিফোনে বলা হবে।

It's a bad case — (বোগ বা রোগীর) অবস্থা খাবাপ।

To leave something rather late. — খুব বেশী দেরী পর্য্যন্ত ফেলে রাখা।

In danger, out of danger — বিপদে, বিপদেব বাইরে।

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : This is a very comfortable house, Mrs. Young.

Dorothy : Quite convenient. And it isn't in bad condition, though it was built in 1910. But I'm ashamed of the outside : the woodwork *must* be painted soon.

Elsa : What a splendid floor this is !

Dorothy : It's called parquet ; it's made of oak blocks. But it needs to be polished every week.

Elsa : Mrs. Young, may I help you with your housework ?

Dorothy : Oh, if you like, dear. The mop is kept in this cupboard under the stairs......Oh dear, this cupboard hasn't been tidied for a long time. Here's the mop, Elsa.

A very comfortable House.

Elsa : Thank you.

Helen : Mrs. Young ! Mrs. Young !

Elsa : What's the matter, Mother ?

Helen : I've been called away suddenly. My sister has been taken ill.

Dorothy : Oh, I *am* sorry, Mrs. Benedict.

Elsa : Aunt Lisa ? What's the matter with her ?

Helen : Appendicitis. I was told on the telephone a minute ago. It's a bad case. The appendix has been taken out, and they think she's out of danger. But it was left rather late ; and she's really very ill.

Dorothy : Oh, then you *must* go to her.

Helen : Yes, I think I'd better. I'm sure they've done everything that *can* be done ; but I *would* like to see her. I'll be back this evening.

অনুশীলন—৪

কথোপকথনের নিম্নলিখিত কর্ম্মবাচ্যের বাক্যগুলির জন্যে কর্ত্তৃবাচ্যের উপযুক্ত কর্ত্তাপদ বার করুন। উদাহরণ স্বরূপ, The woodwork must be painted soon. বাক্যটি কর্ত্তৃবাচ্যে হতে পারে, হয় some men কিংবা some workmen, কিংবা some painter, কিংবা we, কিংবা somebody must paint the woodwork soon.

এখানে কর্ম্মবাচ্যের ক্রিয়াপদগুলি দেওয়া হ'ল :

(a) Must be painted. (b) Needs to be polished. (c) Is kept. (d) Hasn't been tidied. (e) Have been called away. (f) Was told. (g) Has been taken out. (h) Was left. (i) Can be done.

অনুশীলন—৫

A parquet floor is made of oak blocks. ("পার্কি" মেঝে সেগুন কাঠের ছোট ছোট টুকরা দিয়ে তৈরী) (a) What is a table made of ? (b) What is a book made of ? (c) What is a window made of ? (d) What is your shirt made of ? (e) What is a cigarette made of ?

যখন কর্ত্তৃবাচ্যের কর্ত্তাপদের তেমন প্রয়োজন নেই তখন কর্ম্মবাচ্য ব্যবহার করতে ভুলবেন না।

পাঠ—৪৬

শব্দ-সংগ্রহ

adjust—ঠিক করা
besides—তাছাড়া, পাশে
black—কাল
brake—ব্রেক্ (গাড়ী থামাবার ব্যবস্থাকর যন্ত্র)
break, broke, broken—ভাঙ্গা, ভেঙ্গেছিল, ভগ্ন
cheek—ধৃষ্টতা
cut, cut, cut—কাটা, কেটেছিল, কর্ত্তিত
damage—নষ্ট করা, ক্ষতি করা
example—উদাহরণ
expert—দক্ষ লোক
get worse—আরও খারাপ হওয়া
herself—তিনি নিজে (স্ত্রী)
himself—তিনি নিজে (পুরুষ)
itself—এটা নিজে
leak—ফুটা হ'য়ে (তরল পদার্থ) পড়া
mend—সারান
myself—আমি নিজে
oil—তেল
ourselves—আমাদের,আমরা নিজে
overhaul—ভাল ক'রে মেরামত করা
pay, paid, paid—দেওয়া, দিয়েছিল, দেওয়া হয়েছিল

radiator—(মোটর গাড়ীর) 'রেডিয়েটর'
rude—অবিনীত
suppose—ধরুন, দেখছি
themselves—তাঁরা নিজে
type—টাইপ করা
worse—আরো খারাপ
yourself—আপনি নিজে
yourselves—আপনারা নিজে

"কোন কিছু করিয়ে নেওয়া"

মনে করুন আপনার কোট (জামা) ময়লা হয়েছে।. আপনি নিজে কাচতে পারেন না কিংবা নিজে কাচতে চান না। আপনি সেটি নিয়ে অন্য কারুর কাছে যান, মনে করুন আসল কোন ধোপার কাছে। আপনি বলেন, "আমার হয়ে এই জামাটি দয়া করে পরিষ্কার ক'রে দিন।" অর্থাৎ অন্য কথায় আপনি "জামাটা পরিষ্কার করিয়ে নিলেন।"

এ সবই সহজ ইংরেজীতে প্রকাশ করা যায় যদি have ক্রিয়াপদ ব্যবহার করা হয় আর তার পরেই কর্ম্মপদটি এবং কর্ম্মপদের পরে কোন অতীত কৃদন্ত পদ রাখা হয়। "আমি সব সময় আমার কাপড় জামা ফিপ্‌স্‌-এর দোকান থেকে পরিষ্কার করিয়ে নিই।"

I always have my clothes washed at Phipps'.

এই বাক্য-বিন্যাস ব্যবহার করার সময় আপনাকে শব্দের ধারাবাহিক অবস্থান সম্বন্ধে বিশেষ সতর্ক থাকতে হবে। যদি আপনি বলেন, I have cleaned my clothes তাহ'লে এ বাক্যের অর্থ সম্পূর্ণ বিভিন্ন হবে—I have my clothes cleaned এই বাক্য হ'তে। Have cleaned হচ্ছে clean ক্রিয়ার পুরাঘটিত বর্ত্তমান কাল আর ঐ বাক্যের অর্থ হচ্ছে যে আমি কাপড়-জামা নিজে পরিষ্কার করেছি।

দ্বিতীয় বাক্যের অর্থে have ক্রিয়াটি যখন এই ভাবে ব্যবহৃত হয় তখন এটীকে কখন "বিশেষ ক্রিয়াপদ" রূপে ধরা হয় না, সব সময় সাধারণ ক্রিয়া রূপে ধরা হয়। অর্থাৎ না-সূচক অর্থ করতে হ'লে don't, didn't শব্দ ব্যবহার করতে হবে এবং প্রশ্ন-সূচক অর্থ করতে হ'লেও do, did শব্দ ব্যবহার করতে হবে।

Where do you have your dresses made ?

She doesn't have her house painted very often.

Did you build that house or did you have it built ?

কিন্তু যৌগিক কালে ব্যবহারের সময় সাধারণ নিয়ম অনুযায়ী হবে।

He has had some shelves fixed in his office. (He hasn't had ইত্যাদি)।

I will have that machine moved out of the factory.

(I won't have ইত্যাদি)

He has had some shelves fixed in his office.

ভুলে যাবেন না যে এরকম বাক্য-বিন্যাসের অর্থ হচ্ছে যে, কর্ত্তা কাজটা নিজে করছে না কিন্তু অন্য কাউকে দিয়ে করিয়ে নিচ্ছে।

শেষে অতীত কৃদন্ত পদ ব্যবহারে ইঙ্গিত করছে যে বাক্য-বিন্যাসটির ভিত্তি কর্ম্মবাচ্যের উপর। নিম্নলিখিত বাক্যগুলি তুলনা করুন :

Her dresses are made in Paris. (কর্ম্মবাচ্য)

She has her dresses made in Paris.

"নিজে করুন"

কোন কাজ করিয়ে নেবার বিপরীত হচ্ছে সে কাজ নিজে করা। উদাহরণ—"আপনার নতুন পোষাক করিয়ে নেবেন না। নিজে তৈরী করুন।"

Don't have your new dress made. Make it yourself.

Yourself কথাটির অবস্থান লক্ষ্য করুন। এটী ঠিক কর্ম্মপদের পরেই আছে। "-self" যুক্ত শব্দ-গোষ্ঠীর মধ্যে এটী একটি আর এ শব্দগুলি সর্ব্বনাম অনুযায়ী বদলায়।

এখানে একটি তালিকা দেওয়া হ'ল :

I	—	myself	we	—	ourselves
you	—	yourself	you		yourselves

he	—	himself			
she	—	herself	they	—	themselves
it	—	itself			

উদাহরণ : He didn't send somebody to meet us, but came himself. Did you really make this splendid cake yourself ?

"আমাকে যেতে হয়েছিল"

এখন আমরা have ক্রিয়ার আরো একটি ব্যবহারের কথা আলোচনা করব। এটা অতীত ও ভবিষ্যৎ কালে must শব্দের বদলে ব্যবহৃত হয়।

He's waiting outside, you'll have to see him.

"তিনি বাইরে অপেক্ষা করছেন, আপনাকে তাঁর সঙ্গে দেখা করতেই হবে"।

I had to open the door before I could hear her.

"তাঁর কথা শোনার আগে আমাকে জানালাটা খুলতেই হয়েছিল।"

লক্ষ্য করুন যে have এবং had শব্দের অব্যবহিত পরেই আসছে to যুক্ত অসমাপিকা।

এই একই ধরনের বাক্য-বিন্যাস **বর্ত্তমান** কালেও ব্যবহৃত হয়, যখন এর অর্থ হয় অভ্যাসগত ভাবে। উদাহরণ,

I must go to the office. (এখন—বর্ত্তমান দায়িত্ব)

I have to go to the office. (প্রতিদিন, অভ্যাসগত দায়িত্ব)

Have ক্রিয়াটি যখন এই রকম বাক্য-বিন্যাসে ব্যবহৃত হয়, তখন এটীকে সাধারণ ক্রিয়া রূপে ধরা হয় এবং প্রশ্ন ও না-সূচক বাক্যে পরিবর্ত্তন করা হয় do ক্রিয়ার সহযোগে :

How often do you have to go to the office ?

"কতবার আপনাকে অফিসে যেতে হয় ?"

Did you have to open the door ?

"আপনাকে দরজাটা খুলতেই হয়েছিল ?"

We don't have to put much coke in the boiler.

" 'বয়লারে' আমাদের পোড়া কয়লা খুব বেশী দিতে হয় না।"

Have শব্দ নিয়ে এই ধরনের বাক্য-বিন্যাস, এ পাঠের প্রথমে আলোচিত অন্য have শব্দের সঙ্গে যোগ ক'রে ব্যবহার করা চলে.। যেমন,

Your jacket is dirty, you'll have to have it cleaned.

কথোপকথন

ডাক্তার ইয়ং গ্যারেজের দরজা সম্পর্কে উদ্বিগ্ন হয়েছেন। এলসার মোটর চালনা শেখার সময় প্যাট্রিক গাড়ী চালিয়ে গ্যারেজের দরজাটা ভেঙ্গে ফেলেছিল (২২নং পাঠ)।

Have এর ব্যবহার ছাড়াও আরও কয়েকটি বিষয় লক্ষ্য করার আছে। প্রথমে, এই বাক্যটি দেখুন।

The car wasn't damaged very much. "গাড়ীটি খুব বেশী ক্ষতিগ্রস্ত হয়নি।" ক্রিয়ার-বিশেষণ-জ্ঞাপক বাক্য-বিন্যাস very much শব্দের অবস্থানের গুরুত্ব অনেকখানি। গুরুত্ব আরো বেড়ে যায় অন্যান্য বাক্যে যেখানে much কথাটি বিশেষণ ব'লে ভুল করা হয়। তুলনা করুন :

I like whisky very much. "আমি 'হুইস্কী' মদ খুব পছন্দ করি।"

I like very much whisky. "আমি অনেকখানি হুইস্কী পছন্দ করি।"

সাধারণ ভাবে বলতে গেলে বিশেষণ বসে বিশেষ্যের আগে, সে জন্যে আমরা সাধারণতঃ কর্ম্মপদের পরে ক্রিযার বিশেষণ রাখি যাতে গোলমাল বা বোঝার ভুল না হয়।

একটী নতুন অ-কার্য্যজ্ঞাপক ক্রিয়াপদ suppose কথাটি লক্ষ্য করুন। এটা খানিকটা think কিংবা expect কথার মত কিন্তু ঠিক ততটা নির্দ্দিষ্ট ভাব প্রকাশ করে না। এটী বহু সময়ে অনাকাঙ্ক্ষিত কর্ত্তব্য সম্পর্কে ব্যবহৃত হয় :

Oh well, I suppose, I'll have to do the job, if you refuse to.

"ও, আপনি যদি করতে অস্বীকার করেন তাহ'লে দেখছি কাজটা আমাকেই করতে হবে।"

There are a lot of other things to be done. এই বাক্যে অসমাপিকার ব্যবহার লক্ষ্য করুন। এখানে অসমাপিকা ব্যবহার করা হয়েছে ভবিষ্যতে কি হওয়া প্রয়োজন তা দেখাবার জন্যে। এটী কর্ম্মবাচ্যের অসমাপিকা কারণ কাজগুলি করতে হবে, কাজগুলি নিজে কিছু করবে না।

Besides কথার বিভিন্ন ব্যবহার ঃ

ক্রিয়ার বিশেষণ ঃ No, thank you, I've had enough ; and besides, I don't really like tea.

"না, ধন্যবাদ আপনাকে, আমি যথেষ্ট পেয়েছি ; আর তাছাড়া আমি সত্যিই চা পছন্দ করি না।"

অব্যয় ঃ There are seven people there, besides me.

"আমাকে ছাড়া এখানে আরো সাতজন আছেন।"

অন্যান্য বাক্য-বিন্যাস ঃ

My watch often goes wrong. "আমার ঘড়ি প্রায়ই খারাপ হয়"।

It will get worse. "ওটা আরো খারাপ হবে।"

For example. "উদাহরণ স্বরূপ"।

দু'টী বিভিন্ন বাক্যের মধ্যে অর্থের পার্থক্য লক্ষ্য করুন।

The brakes don't work very well. (ব্রেক ভাল কাজ করে না —সাধারণতঃ তেমন সুবিধার ব্রেক নয়)

The brakes aren't working very well.

(ঠিক বর্ত্তমান সময়ে 'ব্রেক'-এ কিছু গোলমাল হয়েছে)

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : Patrick, that garage door that you broke, we haven't had it mended yet.

Patrick : No, I don't think we can have it mended. It's completely broken. We shall have to buy a new door.

Tom : That will cost a lot of money.

Patrick : I suppose I shall have to pay for it.

Tom : Well, after all, you broke it.

Patrick : But the car wasn't damaged very much, was it ?

Tom : No, but . . . it isn't in very good condition. We must have it overhauled.

Patrick : I had the oil changed last week.

Tom : Yes, but there are a lot of other things to be done, besides that. For example the radiator leaks. It'll get worse if we don't have it mended. And brakes aren't working very well ; they'll have to be adjusted.

Patrick : You know, Father, I don't want to be rude, but I don't think you look after your car very well.

Tom : I don't look after it !

Patrick : No ; a car has to be overhauled every three months, regularly. Ask Mr. Benedict—he's the expert on cars. You haven't had it done for nearly a year. Of course it goes wrong !

Tom : Well, what cheek ! Let me tell you, young man, your hair's too long. Go and have it cut !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৪৫ ও ৪৬

Go and fetch the man you were talking about—the man who helped you last week . . . . . . This music sounds better when it's played on a good piano ·····This book was written by that woman we saw at the cafe last night······ Do you remember that window that was broken a week ago ?......Has anything been done about it ?......We ought to have it mended......They had a new garage built when their old one fell down......

অনুশীলন—১

এগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন : (a) আমরা ক্লান্ত হয়েছিলাম, সেজন্যে আমরা আমাদের স্যুটকেশ্ ট্রেন থেকে ট্যাক্সি পর্য্যন্ত বইয়ে আনিয়েছিলাম। (b) আমি আপনার জামা বুরুশ করেছি। সেটা আপনার জন্যে তৈরী আছে। (c) আমি আপনার জামা আপনার জন্যেই বুরুশ ও পরিষ্কার

করিয়ে রেখেছি। (d) আপনার মেয়েকে টাইপ করা শিখিয়ে রাখতে আপনাকে হবেই। (e) জানালার কাছে এই টেবিলটা আমরা সরিয়ে রাখাতে পারি না? (f) তিনি (স্ত্রীলোক) চিঠিটা কর্তাকে দিয়ে লেখাননি, নিজেই লিখেছেন। (g) তিনি (স্ত্রী) এখনও চিঠিটা লেখেননি। (h) কোথায় আমার ঘড়িটা সারিয়ে নিতে পারি? (i) আপনার বন্ধুর জন্যে আর এক কাপ কফি আনিয়ে রাখব। (j) আপনার কি মনে হয় পারশেলটা বাড়ীতে পাঠাবার ব্যবস্থা করা আমাদের উচিত?

অনুশীলন—২

এগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন: (a) তাঁকে এখন যেতেই হবে। (b) প্রত্যেক দিন ভোর পাঁচটায় তাঁকে উঠতে হয়। (c) তখন অন্ধকার ছিল আর আমাকে টর্চ জ্বালতে হয়েছিল। (d) তিনি আমাকে বললেন যে আমাকে বাড়ী ছেড়ে বাইরে যেতেই হবে। (e) আমার মনে হয় আমাদের তাঁদের জিজ্ঞাসা করতেই হবে। (f) ক'তবার ক'রে আপনাকে তাঁর কাছে চিঠি লিখতে হয়? (g) যদি তাঁরা না আসতে চাইছিলেন, তাহ'লে তাঁদের আসবার দরকার ছিল না। (h) তাঁর কাজ করার প্রয়োজন নেই; কারণ তাঁর অনেক টাকা আছে। (i) আমি আশা করি এখনই আপনার যাবার দরকার হবে না। (j) তাঁরা আগামী কাল আসছেন এবং আমার মনে হয় আপনাকে তাঁদের সঙ্গে দেখা করতে হবে।

অনুশীলন—৩

নিম্নলিখিত বাক্যগুলি না-সূচক বাক্যে পরিণত করুন:

(a) He had put the photo on the piano. (b) He had the photo put on the piano. (c) I had to work all day yesterday. (d) He wants to have his hair cut. (e) He often has to go abroad. (f) I have mended the car. (g) I have the car mended at the garage in Oxford Street. (h) That's splendid—I will have to answer this letter. (i) She has to clean the rooms. (j) She has the rooms cleaned (k) She has cleaned the rooms. (l) She has had the rooms cleaned. (m) She has had to have the rooms cleaned.

অনুশীলন—৪

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন: (a) কলের লাঙলটা তিনি নিজে

চালাতে পছন্দ করেন। (b) ঐ কাজের কিছুটা করতে আমি আপনাকে সাহায্য করতে পারি ? (c) পারশেলটা পাঠিয়ে দেওয়া উচিত। (d) বাইরে বৃষ্টিতে দাঁড়িয়ে থাকা আপনার পক্ষে ভাল নয়। (e) সারা 'বাস'টা কাল দাড়ীওয়ালা লোকে বোঝাই ছিল। (f) এ সমস্যাটি বুঝতে অনেকখানি সময় নেয়। (g) এ রেডিওটাতে নানা রকমের হাতল আছে। (h) ভাল কথা, হারান বর্ষাতিটি কি রকম দেখতে ? (i) গতদিন রাত্রে জন টেলিফোনে তাঁর খবর আমাকে বলেছিলেন। (j) এখন বৃষ্টি থামার পর দিনটি কি চমৎকার হয়েছে।

পাঠ—৪৭

শব্দ-সংগ্রহ

corn—শস্য

cow—গরু

daylight—দিনের আলো

draw, drew, drawn—টানা, টেনেছিল, আকর্ষিত

farmer—চাষী

farming—চাষাবাদ

field—মাঠ, ক্ষেত

highest—সবচেয়ে উঁচু

milk—দুধ দোওয়া

object—আপত্তি করা

outdoor—ঘরের বাইরে

pity—দয়া

plough—লাঙ্গল

proud—গর্বিত

reap—শস্য কাটা

result—ফলাফল

sixpence—ছ'পেনী

used to—অভ্যস্ত

yield—উৎপাদন (চাষের)

বিশেষ্য রূপে ক্রিয়াপদের ব্যবহার

কখন কখন আমরা ক্রিয়াপদকে বিশেষ্যের মতন ব্যবহার করতে চাই। উদাহরণ, ধরুন কেউ আপনাকে জিজ্ঞাসা করলেন, কি আপনি পছন্দ করেন। আপনার উত্তর এই রকম আকার নিতে পারে I like...তারপরে ক্রিয়ার কর্ম্মপদ রূপে এক বিশেষ্য, যেমন, I like coffee. কিন্তু আপনি এও বলতে পারতেন যে "আমি পড়া পছন্দ করি"। "পড়া" শব্দটি ক্রিয়া, তাহ'লেও

এই ক্রিয়ার এক বিশেষ রূপ বিশেষ্য রূপে আমরা কোন বাক্যে ব্যবহার করতে পারি।

ইংরেজীতে দু'টী উপায়ে উপরোক্ত বাক্যটি আপনি বলতে পারেন :

I like *to read* (অসমাপিকা)

I like *reading* (-ing-যুক্ত ক্রিয়া এটিকে বলা হয় ক্রিয়াবাচক বিশেষ্যপদ)

কিন্তু সাধারণতঃ এ রকম উদ্দেশ্যে অসমাপিকার চেয়ে ক্রিয়াবাচক বিশেষ্য পদের ব্যবহার পছন্দ করা হয়। কারণ এটিতে বিশেষ্যের অনেকগুলি গুণ আছে। প্রথমতঃ অসমাপিকার আগে কোন অব্যয়পদ কখন থাকে না (অসমাপিকার আগে to শব্দটি অব্যয়পদ রূপে গণ্য করা হয় না, এটিকে অসমাপিকার পদাংশ পদ বলা হয়)। কিন্তু ক্রিয়াবাচক বিশেষ্যপদের আগে অব্যয়পদ থাকতে পারে ; এতে ক্রিয়াবাচক বিশেষ্যপদের প্রয়োজনীয়তা খুবই বেড়ে যায়। এখানে কয়েকটি উদাহরণ দেওয়া হ'ল :

Thank you *for sending* me that pencil.

He talked *about buying* some new curtains.

She excused him *for coming* late.

I look forward *to meeting* your friend.

I am ashamed *of looking* so tired.

যদি আপনি কোন কার্য্য সম্পর্কে কথা বলতে চান কিংবা শুদ্ধ ব্যাকরণগত ভাবে প্রকাশ করতে চান,—যদি আপনি কোন ক্রিয়াপদকে আপনার রচিত বাক্যের কর্ত্তা রূপে ব্যবহার করতে চান, তাহ'লে আপনি অসমাপিকা কিংবা ক্রিয়াবাচক বিশেষ্যপদ ব্যবহার করতে পারেন। কিন্তু যদি আপনি এক্ষেত্রে অসমাপিকা ব্যবহার করতে চান তাহ'লে আপনাকে সাধারণতঃ it শব্দ দিয়ে আরম্ভ করতে হবে। উদাহরণ, "বেড়ানো আপনার পক্ষে ভাল।"

Walking is good for you.

It is good for you to walk.

আরো একটি উদাহরণ, "গাড়ী এখানে রাখার জন্যে ছ পেনী লাগে।"

Parking here costs six pence.

It costs six pence *to park* here.

কোন্ আকার আপনি ঠিক করবেন ? যদি আপনি অনেকগুলি বাড়তি কথা ক্রিয়ার পরে যোগ করতে চান, তাহ'লে অসমাপিকা করাই ভাল।

It is good for you *to go for long walks over the hills.*

"পাহাড়ের উপরে অনেক দূর বেড়াতে যাওয়া আপনার পক্ষে ভাল।"

অপর দিকে যদি কর্ত্তাপদ সংক্ষিপ্ত হয় কিন্তু আপনার এ সম্বন্ধে অনেক কিছু বলার থাকে তাহ'লে ক্রিয়াবাচক বিশেষ্যপদ ব্যবহার করুন।

Walking is all right for young people, but when you are old......

"যুব লোকদের পক্ষে পায়ে হেঁটে বেড়ান ভাল কিন্তু যখন আপনি বৃদ্ধ হবেন......"

যদি আপনি একটা ক্রিয়াপদকে অন্য এক ক্রিয়াপদের কর্ম্মপদ রূপে ব্যবহার করতে চান তাহ'লে আগে আমরা যেমন দেখেছি, কোন কোন ক্ষেত্রে কিছুই আসে যায় না আমরা কি ব্যবহার করি—অসমাপিকা ক্রিয়া কিংবা ক্রিয়াবাচক বিশেষ্যপদ। যে সব ক্রিয়া আপনি জানেন, তাদের মধ্যে তিনটি, আমরা অসমাপিকা কিংবা ক্রিয়াবাচক বিশেস্যপদ যে ভাবেই ব্যবহার করি না কেন এক্ষেত্রে অর্থের কোন পরিবর্ত্তন হয় না : *like, begin, start* উদাহরণ :

"তিনি লিখতে আরম্ভ করলেন।"

He began to write—He began writing.

কোন কোন ক্রিয়াপদের সঙ্গে ক্রিয়াবাচক বিশেষ্যপদকে কর্ম্ম রূপে একেবারে ব্যবহার করা যায় না, ক্রিয়াপদ কর্ম্ম রূপে ব্যবহার করতে হ'লে অসমাপিকা রূপ নেয়। Ask, refuse, promise, manage, decide, hope প্রভৃতি ক্রিয়া হচ্ছে এই শ্রেণীর। উদাহরণ, I hope to go.

কোন কোন ক্রিয়া, কর্ম্ম রূপে শুধু ক্রিযাবাচক বিশেন্যপদ নেয়, কিন্তু অসমাপিকা পদ নেয় না। আপনি এরকম যে ক'টি ক্রিয়া জানেন তার মধ্যে কয়েকটি এখানে বাক্যের মধ্যে ব্যবহৃত হচ্ছে :

When will you *finish* writing ?—কখন আপনি লেখা **শেষ** করবেন ?

He *enjoys* reading.—তিনি পড়তে **ভালবাসেন**।

You mustn't *miss* seeing him.—তাঁর সঙ্গে দেখা করতে **ছাড়বেন** না।

Do you *mind* opening the door ?—দরজাটা খুলতে বললে কিছু **মনে** করবেন কি ?

I *suggest* burning that letter.—আমি চিঠিটা পুড়িয়ে ফেলতে **বলি**।

Don't *keep* saying that !—বারবার ওকথা বলতে **থাকবেন** না।

Keep, ক্রিয়ার এই নতুন অর্থও লক্ষ্য করুন।

I *can't help* thinking.—আমি না ভেবে **থাকতে পারছি** না।

Help ক্রিয়ার এই নতুন অর্থও লক্ষ্য করুন।

কতকগুলি ক্রিয়াপদের পর অসমাপিকা কিংবা ক্রিয়াবাচক বিশেষ্যপদ আসতে পারে কিন্তু তাদের অর্থ হয় ভিন্ন রকম।

This boy wants to wash.—সে হাত ধুতে চায় (নিজে)।

This boy wants washing.—তার হাত মুখ ধুইয়ে দেবার প্রয়োজন (অপর কাউকে করিয়ে দিতে হবে)।

Remember to post this letter.—ডাকে দিতে ভুলবেন না।

I remember posting it.—আমি ডাকে দিয়েছিলাম, কারণ আমার মনে আছে যখন ডাকে দিচ্ছিলাম।

You must stop drinking.—আপনাকে পান করা বন্ধ করতে হবে।

You must stop to drink.—পান করার জন্যে থামতে হবে।

কয়েকটি উদাহরণ এখানে আমরা দিয়েছি। এগুলি খুব প্রয়োজনীয়ের মধ্যে মাত্র কয়েকটি আর এগুলি আপনাকে ভালভাবে শিখতে হবে। অন্য অনেক ক্রিয়ার পরেই হয় অসমাপিকা না হয় ক্রিয়াবাচক বিশেষ্যপদের ব্যবহার আপনি দেখতে পাবেন। ব্যবহারের রীতির উপরই এটা নির্ভর করে অসমাপিকা কিংবা ক্রিয়াবাচক বিশেষ্যপদ কোনটি হবে। এ রীতি আপনি বাকপদ্ধতির ব্যবহার দেখেই উপলব্ধি করবেন।

অনুশীলন—১

এগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন : (a) আমাকে খাবার জন্য ধন্যবাদ। (b) বেতারের ভাল সঙ্গীত শুনতে বেশ লাগে। (c) বৃষ্টি থেমে গেল আর সূর্য্যের আলো দেখা দিতে আরম্ভ করল। (d) বারবার বুরুশ করলে আপনার চুল

ভাল হবে। (e) আপনাকে এই সব প্রশ্ন জিজ্ঞাসা করার জন্যে আশা করি আপনি আমাকে ক্ষমা করবেন। (f) জানতে চাওয়ার জন্যে আপনার লজ্জিত হবার প্রয়োজন নেই। (g) এ অফিসে কাজ করা, আমি সব সময়ে উপভোগ করেছি। (h) তিনি আবার চেষ্টা করার জন্যে প্রতিজ্ঞা করেছিলেন। (j) তিনি বলেন যে তিনি আমাদের সঙ্গে থাকার জন্যে আগ্রহের সঙ্গে আশা ক'রে আছেন। (k) আমি বলি কি আধ ঘন্টা অপেক্ষা করা যাক। (l) আমি না ভেবে থাকতে পাচ্ছি না যে তাঁরা শীঘ্রই পৌঁছবেন। (m) পুলিশ তাঁর (স্ত্রীলোক) প্যাসপোর্ট ফেরত দিতে অস্বীকার করে। (n) গাড়ীটা সারানোর প্রয়োজন। (o) আমি ঘরটা পরিষ্কার করাব চেষ্টা করছি, কিন্তু তিনি পিয়ানোর উপর জিনিষ রেখে চলেছেন। (keep শব্দের দু'বকম ব্যবহার দ্রষ্টব্য) (p) আলোগুলো নিভিয়ে দেবার কথা আপনার মনে ছিল কি? (q) হ্যাঁ, আমবা বাড়ী ছাড়ার আগে আলোগুলি নিভিযে দিযেছি বলে মনে আছে। (r) নির্দ্দেশগুলি টাইপ শেষ করার পর আমার সঙ্গে এসে দেখা করুন। (s) শুনে শুনে আমি ক্লান্ত হযে পড়েছি। (t) দুপুরেব খাবার পব ইংরেজী শেখার লম্বা পাঠ শুনতে গেলে আমি ক্লান্ত হ'য়ে পড়ি।

[দ্রষ্টব্য: এগুলি ইংরেজীতে বলার জন্যে অন্য সহজ উপায় থাকতে পারে। যদি ভিন্ন ভিন্ন উপায় আপনার জানা থাকে তাহ'লে বেশ ভালই। ইতিপুর্ব্বে যা শিখেছেন তাতে অন্ততঃ একটী উপাযে এই ভাবগুলি আপনার প্রকাশ করা উচিত।]

কথোপকথন

জন বেনেডিকৃট্ ডাক্তার ও শ্রীমতী ইযং-এর সঙ্গে কাজ হিসাবে চাষাবাদের গুণাগুণ আলোচনা করছেন। ক্রিযাবাচক বিশেষ্যপদের অনেকগুলি ব্যবহার আপনি পাবেন, farming—চাষাবাদ কথাটিও এর মধ্যে পাবেন। এখানে কয়েকটী নতুন বাক্য-বিন্যাস দেওয়া হ'ল, এতে ক্রিয়াবাচক বিশেষ্যপদ ব্যবহৃত হয়েছে:

You don't *object to* working hard. — কঠিন পরিশ্রম করতে আপনি আপত্তি করেন না।

You *are* quite *used to* getting up. — আপনি উঠে পডতে খুবই অভ্যস্ত।

The corn is *ready for* reaping—শস্য কাটার জন্যে **তৈরী** (পেকেছে)।
The light is *good enough for* reading. — পড়ার জন্যে আলো **যথেষ্ট**।
He is *proud* of being a good farmer. — ভাল কৃষক বলে তিনি **গর্ব্বিত**।
I am *good at* running. — আমি দৌড়তে **ওস্তাদ**।
He *tried his hand* at writing a book. — বই লিখতে তিনি **চেষ্টা** করে দেখেছেন।
I am *thinking of* sending. — পাঠাবার জন্যে আমি **ভাবছি**।

কোন কিছু try to do আর কোন কিছু try doing এই দুই বাক্য-বিন্যাসের মধ্যে তফাৎ লক্ষ্য করবেন। Try কথার পর কোন অসমাপিকা থাকলে তার অর্থ হয় "কোন কিছু কাজ করতে চেষ্টা করা"। উদাহরণ, Try to finish your work before five o'clock. কিন্তু try শব্দের পর কোন ক্রিয়াবাচক বিশেষ্যপদ থাকলে তার অর্থ হয় "পরীক্ষা করুন, দেখুন ফল কি হয়।" উদাহরণ, ঘুমোতে পারেন না? ঘুমোতে যাবার আগে এক গেলাস গরম দুধ খেয়ে দেখুন।" Can't you sleep? *Try drinking* a glass of hot milk before you go to bed.

কথোপকথনে অন্যান্য বাক্য-বিন্যাস:

As a doctor, are you — ডাক্তার হিসাবে আপনি…
As a matter of fact — প্রকৃতপক্ষে।
He must be doing well. — তিনি নিশ্চয় বেশ ভা[illegible] করছেন।
To be proud of something — কোন কিছুর জন্যে গর্ব্ব বোধ করা।
The highest yield of milk in Kent — কেণ্ট-এ (ইংলণ্ডের জেলায়) দুধের সর্ব্বোচ্চ উৎপাদন।
Have some outdoor exercises— বাড়ীর বাইরে কিছু ব্যায়াম করুন।
To milk a cow —গরুর দুধ দোওয়া।
The look of pity on her face — তাঁর (স্ত্রীলোক) মুখে দয়ার ভাব।

To draw the curtains (পরদাটা টানা)। Draw কথাটি এখানে pull শব্দের মত ব্যবহার হচ্ছে। Draw [illegible]টার খুবই সাধারণ ব্যবহার

হচ্ছে draw a picture (একটা ছবি আঁকা)। সেই অর্থে He showed me a drawing of his sister. (তিনি তাঁর বোনের আঁকা ছবি আমাকে দেখিয়েছিলেন)।

রেকর্ডের লিখিত ভাষ্য

John : Are you going to have a holiday this year, Mrs. Young ?

Dorothy : Yes, we're thinking of visiting Tom's brother Fred, who's a farmer.

John : Farming's a very nice job, if you don't object to working hard.

Tom : Yes, and if you don't mind getting up at five in the morning.

Dorothy : Well, Tom, as a doctor, you're quite used to getting up in the *night* !

Tom : Well, as a matter of fact, I have a letter from Fred here. Switch the light on, will you, dear ? The daylight isn't good enough for reading.

Dorothy : Would you mind drawing the curtains, Mr. Benedict ?

John : Oh yes — of course......

Dorothy : There, that's nice. I don't like sitting in the dark.

Would you mind drawing the curtains ?

Tom : Fred says here that his corn is ready for reaping. And he's thinking of buying some more fields next year.

John : Oh, he must be doing well.

Tom : Oh yes, I think he is.

Dorothy : He's very proud of having the highest yield of milk in Kent.

John : I expect you are looking forward to seeing him.
Tom : Yes, we certainly are. And I shall have some outdoor exercise. You know, when I was young, I was quite good at ploughing. Have you ever tried ploughing, Benedict ?
John : No, but I once tried my hand at milking a cow. The result was terrible ! I'll never forget the look of pity on that cow's face !

অনুশীলন—২

কথোপকথন সম্পর্কে এই প্রশ্নগুলির উত্তর দিন :

(a) Where are the Youngs going for their holiday ?
(b) What is the job of Tom's brother Fred ?
(c) Can a man enjoy farming ?
(d) Why do doctors sometimes have to get up in the night ?
(e) Why does Tom want Dorothy to switch on the light ?
(f) Who does she ask to draw the curtains ?
(g) What does Fred intend to do with his corn ?
(h) Why does John think Fred must be doing well ?
(i) Will visiting the farm be good for Tom ?
(j) Why did the cow have a look of pity on its face ?

অনুশীলন—৩ (বাক-পদ্ধতির পুনঃ পাঠ)

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন :

(a) গাড়ীটি খুব খারাপ অবস্থায় নয়, আমার মনে হয় এর দাম দু'শ পাউণ্ড হবে।

(b) শস্য আগষ্ট মাসে কাটা হবে।

(c) তিনি (স্ত্রী) ভুগছেন কিন্তু তিনি এখন বিপদের বাইরে।

(d) আমার মনে হয় আপনার দেখা করতে আসাটা একটু রাত ক'রেই করেছেন।

(e) তিনি (স্ত্রী) রান্না করতে খুব ভালবাসেন।

(f) বাড়ীর বাইরেটা খুব খারাপ ভাবে ক্ষতিগ্রস্ত হয়নি।

(g) যন্ত্রগুলির মধ্যে একটী খুব ভালভাবে চলছে না, আমার মনে হয় ক্রমশঃই সেটী আরো খারাপ হচ্ছে।

(h) আমাদের এখন সেটী সারানো দরকার। যতক্ষণ না একেবারে খারাপ না হয়, ততক্ষণ অপেক্ষা করা উচিত নয়।

পাঠ—৪৮

শব্দ-সংগ্রহ

butcher—মাংসওয়ালা
else—অন্যটী, কোন একটি
fit—লাগান
grill—ভাজা
honey—মধু
message—সংবাদ
might—হতে পারত
order—আদেশ করা
phone—ফোন করা, টেলিফোন
pot—পাত্র
purpose—উদ্দেশ্য
ring, rang, rung—বাজা, বাজিয়েছিল, বাজান
ring up—ফোন করা
same—একই
silly—বোকা
steak—গরুর মাংসের টুকরা
stew—মৃদু তাপে সিদ্ধ করা ঝোল-সমেত মাংস
tailor—দর্জ্জি
town—সহর

"অন্য কিছু" ইংরেজীতে কিভাবে বলবেন

আপনি আগেই জেনেছেন other এই বিশেষণটি। এর অর্থ হচ্ছে "অন্য"। Give me the other licence—"অন্য লাইসেন্স্‌টি আমাকে দিন"। 'অনির্দ্দিষ্ট' পদের সঙ্গে যুক্ত হ'য়ে another শব্দ রূপেও এটিকে দেখা যেতে পারে। Do you want another cake? "আপনি কি আরো একটা কেক্ চান?"

যখন other শব্দটি, thing কিংবা person-এর মত কোন অনির্দ্দিষ্ট বাক্য-বিন্যাসের সঙ্গে ব্যবহৃত হয় তখন নির্দ্দিষ্ট নিয়ম অনুসারে other শব্দের পরিবর্ত্তে else শব্দটি ব্যবহার করা চলে, কিন্তু সর্ব্বনামের পূর্ব্বে থাকার বদলে থাকে **পরে**। যেমন,

Give me another thing = Give me something else.

(আমাকে অন্য জিনিষ দিন = আমাকে অন্য কিছু দিন)

Else শব্দটি সকল প্রকার সর্ব্বনাম কিংবা বিশেষ্যের সঙ্গে ব্যবহৃত হয় না। এটী ব্যবহৃত হয় কেবলমাত্র—(ক) something-এর মত অনির্দ্দিষ্ট সর্ব্বনামের সঙ্গে, আর (খ) প্রশ্ন-সূচক বাক্যের সঙ্গে। Else শব্দের সাধারণ ব্যবহার সম্বন্ধে এখানে একটি তালিকা দেওয়া হ'ল :

তালিকা—৪১নং

something else	= some other thing, another thing
anything else	= any other thing (s)
nothing else	= no other thing (s)
somebody else	= some other person, another person
anybody else	= any other person (s)
nobody else	= no other person (s)
somewhere else	= (to, in, at) some other place, another place
anywhere else	= (to, in, at) any other place
nowhere else	= (to, in, at) no other place
everything else	= every other thing, all other things
everybody else	= every other person, all other people
everywhere else	= every other place, all other places
what else ?	= what other thing ?
who else ?	= what other person ?
where else ?	= (to, in, at) what other place ?

এটা স্মরণ রাখা অত্যন্ত প্রয়োজন যে এই বাক্য-বিন্যাসগুলিতে বহুবচনের ভাব প্রকাশ পেলেও এগুলি সব সময়েই একবচনে থাকে। যেমন,

Everybody else was reading a paper = All the other people were reading papers.

এখানে কতকগুলি বাক্য নমুনাস্বরূপ দেওয়া হ'ল :

Who else wants to go with me? — আমার সঙ্গে আর কে যেতে চান ?

There is somebody else waiting to see you. — আপনার সঙ্গে দেখা করার জন্যে আর একজন কেউ অপেক্ষা করছেন।

Nothing else is good enough for me.	— অন্য কিছু আর আমার পক্ষে উপযুক্ত নয়।
Let's go somewhere else.	— অন্য কোথায় যাওয়া যাক।
Where else can we go ?	— অন্য আর কোথায় আমরা যেতে পারি ?
I have done everything else.	— অন্য যা কিছু সবই আমি করেছি।

অনুশীলন —১

অর্থের পরিবর্ত্তন না ক'রে, বাক্যগুলি পরিবর্ত্তন করুন যাতে other কথার পরিবর্ত্তে else এই শব্দ ব্যবহার করতে পারেন :

(a) Give me another thing to eat. (b) Isn't there any other thing for us to do ? (c) What other thing can we take with us ? (d) No other person can tell you the answer. (e) Go and ask some other person to help you. (f) Is there any other person standing outside the door ? (g) Are there any other people waiting ? (h) All the other people in the building have gone home. (i) To what other place do you intend to go ? (j) Has he lived in any other place in England ? (k) What other person did you speak to ? (l) Somebody has taken all the other things out of my box. (m) If you feel too hot near the fire, sit in some other place. (n) He didn't tell me any other thing about his journey. (o) I want you to go to the bank, and to no other places.

কয়েকটি বিপরীত ভাবের কথা

He *cleaned* his suit.	He *had* his suit *cleaned.*
He cleaned it *himself.*	He got *somebody else* to clean it.
'Tom' and Dr. Young are *the same* person.	'John' is somebody *else.*
We are *in the same place.*	You are *somewhere else.*
We can go *at the same time.*	You can go (at) *another time.*

এই উদাহরণ থেকে আপনি দেখবেন যে some শব্দটি "পরিচয়" অর্থের

সঙ্গে সংশ্লিষ্ট, the same place হচ্ছে 'একই স্থানে'। আপনি আরো দেখতে পাবেন যে আমরা স্থান সম্পর্কে somewhere else বলতে পারি কিন্তু সময় সম্পর্কে else শব্দ নিয়ে কোন বাক্য-বিন্যাস নেই।

কথোপকথন

ইয়ং পরিবার—ডাক্তার ইয়ং, ডরথী ও প্যাট্রিক—ডাক্তার ইয়ং যে 'কলে' বেরুচ্ছেন সে সম্বন্ধে আলোচনা করছেন। তাঁরা else শব্দযুক্ত বাক্য-বিন্যাসের কয়েকটি ব্যবহার কাজে লাগাচ্ছেন। সবগুলিই, আমরা আগে যে নিয়ম দিয়েছি সেই নিয়ম অনুযায়ী হয়েছে।

লক্ষ্য করবেন যে telephone শব্দের সাধারণ সংক্ষিপ্ত শব্দ হ'ল phone. এটা বিশেষ্য ও ক্রিয়া উভয় রূপেই ব্যবহার করা চলে।

Mrs. Smith phoned	—শ্রীমতী স্মিথ্ ফোন করেছিলেন।
To answer the phone	—ফোন ধরতে

লক্ষ্য করার মত আরো কয়েকটি বাক্য-বিন্যাস :

Who else rang up besides Mrs. Smith ?	—শ্রীমতী স্মিথ্ ছাড়া আর কে ফোন করেছিলেন ?
I'd better go down there.	—আমার ওখানে যাওয়া দরকার দেখছি। (down শব্দ ব্যবহার হয়েছে সহর বা সহরতলীর "বাজারের দিকে" এই অর্থে)।
With only one purpose.	—মাত্র একটি উদ্দেশ্যে
I have a cake for tea.	—আমি চায়ের সময় একটি কেক খাব (বিকেলে tea খাবার সময় যে খাওয়া হয় সেই খাবার সময়)
You can get a pot.	—আপনি এক পাত্র (মধু) পেতে (কিনতে) পারেন।
From the grocer's	—মুদীর দোকান থেকে (' চিহ্নিত sটী লক্ষ্য করুন)
You might bring.	(আর একটী উপায়ে বলা—You could bring.)

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : Are there any messages for me ?

Dorothy : Yes, Mrs. Smith phoned. Her baby's ill again.

Tom : Oh, dear !

Dorothy : Can you call this evening ?

Tom : Yes, I think so. Did anybody else phone ?

Dorothy : I think there *was* somebody else—now who was it ? Patrick, you answered the phone ; who else rang up besides Mrs. Smith ?

Patrick : Oh, it was the tailor, to say your new suit is ready for fitting.

Tom : Oh good ! Well, I'd better go down there now. But I don't like driving into town with only one purpose. I like to do something else at the same time. Isn't there anything you want at the shops ?

Who else rang up besides Mrs. Smith ?

Dorothy : Oh yes, there's always something I want at the shops. I have a cake for tea ; what else would you like ?

Patrick : I'd like some honey.

Dorothy : Oh, that's a good idea. I haven't any honey in the house. Tom, you can get a pot from the grocer's.

Tom : The grocer's. Right ! And where else shall I go ?

Dorothy : Well, you might bring two pounds of steak from the butcher's.

Tom : For grilling, or for stewing ?

Dorothy : Oh, grilling.

Tom : Now, is there anything else you want while I'm out ?

Dorothy : Well, we need a ton of coal—

Tom : If you think I'm going to put a ton of coal in in the back of the car !

Dorothy : Oh, of course not, silly ! Only order it !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৪৭ ও ৪৮

I always enjoy listening to a good programme on the radio.. ...You don't help anybody, by standing there and doing nothing···Does anybody object to my shutting the window ?...Your clothes for mending are on the bed ; ··· I've put everything else in the cupboard...The manager and his secretary are here ;...is anybody else coming ?... Who else wants to look at these photos ?...I don't like sitting in this cafe ;···let's go somewhere else...All right, but where else *can* we go ?...

অনুশীলন—২

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন :

(a) ফোনের পাশে টেবিলের উপর আপনার জন্যে কয়েকটি খবর রয়েছে।

(b) টম্ ছাড়া আরো কয়েকজনকে আমি জানি যাঁরা ঘরের বাইরে ব্যায়াম করতে চাইবেন।

(c) আমার মনে হয় আপনার দেখবার জন্যে আর কিছু নেই।

(d) সিগারেট কেনার জন্যে কি আপনি দোকানে যাচ্ছেন ?

(e) সেই সময়ে, আমার জন্যে একটি কাগজ কিনে আনতে কিছু মনে করবেন ?

(f) চিঠিতে তাঁরা আর কিছু লিখেছেন কি ?

(g) আপনি টাইপ করার জন্যে কাগজ কেনার অর্ডার দিতে পারতেন, আলমারীতে কিছুই নেই।

(h) গতকাল আমাকে একজন টেলিফোন করেছিলেন, আপনি সেই লোক না অন্য কেউ ?

অনুশীলন—৩

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন :

(a) মুদী, মাংসওযালা, ব্যাঙ্কের পরিচালক প্রভৃতি। (b) এখন আপনাকে গাড়ীর সকল অংশ আবার একসঙ্গে লাগাতে হবে। (c) ফর্ম হচ্ছে এক-রকম ছাপা কাগজ যা লোককে ভর্ত্তি করতে হয। (d) নিশ্চয আমাব মনে আছে গত বছব ওর সঙ্গে দেখা কবেছিলাম। (e) আজে বাজে কথা না ব'লে আপনি থাকতে পারেন না, নয কি ? (f) আমার মনে হয ইতিমধ্যেই কাজটা তাঁরা শেষ করবেন এরকম আশা করা আমাদের পক্ষে ঠিক হবে না। (g) ডাক্তার হিসেবে আপনি জানেন এ রোগটি কেমন ভাবে সারাতে হয। (h) অনেক দূরে একটা বাড়ী আমি দেখতে পাচ্ছি, ওটা নিশ্চয় হাসপাতাল যেখানে মেরী কাজ কবে। (i) টেবিল সাজান ছাড়া আরো অনেক জিনিষ করতে হবে। (j) উদাহবণ স্বরূপ, যদি চান তাহ'লে রান্না কবার চেষ্টা ক'বে দেখতে পাবেন।

পাঠ - ৪৯

শব্দ-সংগ্রহ

American—মার্কিনী
crease—ভাঁজের দাগ
difference—তফাৎ
fashion—ফ্যাসন
length—দৈর্ঘ্য, কাপড়ের টুকরা
likeness—সাদৃশ্য
lovely—সুন্দব
nonsense—নিরর্থক
nowadays—আজকাল
party—সামাজিক মিলন, পার্টি
perfect (ly)—দোষহীন (ভাবে)
shoulder—কাঁধ
slim—ছিপছিপে (দোহারা), কৃশকায়
square—চৌকা
strong—শক্ত
suit—মানায
tailored—গাযের মাপমত দরজীর তৈরী
than—চেযে
three-quarters—চাবভাগেব তিনভাগ লম্বা
trousers—পান্তালুন, প্যাণ্ট
turn-ups—পেণ্টেব পাযার তলার দিকে মোড়া কাপড
wear, wore, worn—পরা, পরেছিল, পরিধিত

ইংরেজীতে কি ক'রে তুলনা করা যায়

প্রথমে দেখা যাক কি ক'রে বিশেষণগুলি তুলনা করা হয়। মনে করুন টম লম্বা কিন্তু ফ্রেড আরো লম্বা :

Tom is tall but Fred is taller.

Tall শব্দের মত ছোট বিশেষণগুলি দু'য়ের মধ্যে তুলনামূলক করা হয় শব্দের শেষে er যোগ ক'রে। যদি বিশেষণটি e অক্ষরে শেষ হয় তাহ'লে শুধু -r যোগ করলেই চলে। যদি এর হ্রস্ব স্বরবর্ণের পরে ব্যঞ্জনবর্ণ থাকে তাহ'লে সেই ব্যঞ্জনবর্ণ দ্বিগুণ করার পর -er যোগ করতে হবে। উদাহরণ, "টমের একটা সুন্দর বৃহৎ বাড়ী আছে কিন্তু ফ্রেডের সুন্দরতর, বৃহদ্তর বাড়ী আছে।"

Tom has a fine, big house, but Fred has a finer, bigger house.

লম্বা বিশেষণগুলি er যোগ ক'রে দু'য়ের মধ্যে তুলনামূলক করা হয় না, এগুলি তুলনামূলক করা হয় ঐ শব্দের আগে more শব্দ যোগ ক'রে : "আরো সুন্দর একটা বাড়ী, আরো সুবিধাজনক বাড়ী।"

A more beautiful, more convenient house.

অনেকের মধ্যে একের আতিশর্য্যবোধক (সবচেয়ে ভাল, সবচেয়ে খারাপ ইত্যাদি অর্থে) শব্দ গঠন করতে গেলে শব্দের শেষে -'er' এর পরিবর্ত্তে est যোগ করতে হবে, কিংবা more শব্দের পরিবর্ত্তে most কথা ব্যবহার করতে হবে। তাছাড়া সাধারণতঃ the শব্দটি প্রথমে রাখার প্রয়োজন হয়। যেমন, The finest, biggest and most convenient house I have ever seen.

"এমন সুন্দরতম, বৃহদতম এবং সর্ব্বাপেক্ষা সুবিধাজনক বাড়ী আমি আর দেখিনি।"

কয়েকটি গুরুত্বপুর্ণ বিশেষণের দুই কিংবা বহুর মধ্যে তুলনামূলক রূপ অনিয়মিত আকার ধারণ করে :

Good	better	best	well (স্বাস্থ্য সম্পর্কে)	better	best
Bad	worse	worst	ill (স্বাস্থ্য সম্পর্কে)	worse	worst

Little	less	least	little	smaller	smallest
	(পরিমাণে)		(পরিমাপে)		
Much	more	most	many	more	most
	(পরিমাণে)		(সংখ্যায়)		
Far	farther	farthest			

দু'টীর মধ্যে তুলনা করার সময় এই রকম বাক্য-বিন্যাস ব্যবহার করা হয়:

You are *shorter than* (I am — আপনি আমি যত তার চেয়ে বেঁটে।
(me — আপনি আমার চেয়ে বেঁটে।

You have a better car than (I have. আমার চেয়ে আপনার ভাল গাড়ী আছে।
(mine. আমার গাড়ীর চেয়ে আপনার গাড়ী ভাল।

He is *not* (*so tall as* (I am. — আমি যত লম্বা তিনি তত লম্বা নন।
(*as* (me. — তিনি আমার মত লম্বা নন।

The table is *as old as* the chair (is). টেবিলটা চেয়ারের মতই পুরান।

The chair is not (*so big as* the table (is). চেয়ারটি টেবিলের মত লম্বা নয়।
(*as* — টেবিলটা যত লম্বা চেয়ারটি তত লম্বা নয়।

আধুনিক ইংরেজী ভাষায় as ও then শব্দ দু'টী সংযোজক রূপে ব্যবহার করা যেতে পারে আর তার পরে খণ্ড-বাক্য আসতে পারে। কিংবা আগে যেমন দেখান হয়েছে তেমনি চলিত কথায়, কর্ম্ম সম্মিলিত অব্যয়পদ রূপে me, him, her, us ও them শব্দগুলি as ও than এর পরে আসতে পারে।

অন্যান্য বাক্য-বিন্যাস

This is the biggest building in the world.—পৃথিবীতে এটাই বৃহত্তম অট্টালিকা।

This is the bigger of the two buildings —বাড়ী দু'টীর মধ্যে এটী বৃহত্তর।

This room is much bigger, and much more convenient.—এ ঘরটি বৃহত্তর এবং আরো বেশী সুবিধাজনক।

And this one is still better.—এবং এটী আরো ভাল।

ক্রিয়ার বিশেষণের তুলনা

আপনি সম্ভবতঃ লক্ষ্য করেছেন যে গুণবাচক ক্রিয়ার-বিশেষণের মধ্যে বেশীর ভাগই বিশেষণের শেষে -ly যোগ ক'রে করা হয়। এই রকমে বিশেষণ quick, ক্রিয়ার বিশেষণে পরিণত করতে হ'লে হবে quickly. এরকম ক্রিয়ার বিশেষণগুলি তুলনা করতে গেলে আমাদের more কিংবা most শব্দ ব্যবহার করতে হবে। উদাহরণ,

regularly more regularly most regularly.

ক্রিয়ার বিশেষণের সঙ্গে than me ধরনের বাক্য-বিন্যাস ব্যবহার না করাই বিধেয়। এক্ষেত্রে পূর্ণ খণ্ড-বাক্য ব্যবহারই যুক্তিযুক্ত।

He comes to the office more regularly than I do.

"আমার চেয়ে তিনি নিয়মিত অফিসে আসেন।"

I don't speak English so well *as she does.*

"তিনি (স্ত্রীলোক) যেমন ইংরেজী বলেন, তেমন ইংরেজী আমি বলতে পারি না।"

এখানে do এই বিশেষ ক্রিয়ার ব্যবহার লক্ষ্য করুন। Than I কিংবা as she এই শব্দের চেয়ে, ক্রিয়ার সঙ্গে পূর্ণ খণ্ড-বাক্যের এই রকমে ব্যবহার শ্রেয়ঃ। এতে বাক্যের শেষে কর্ত্তার আকারে সর্ব্বনামের অদ্ভুত ব্যবহার এড়ান আর এ রকম অদ্ভুত ব্যবহার ইংরেজী ভাষায় স্বাভাবিক নয়। বিশেষ্যের ক্ষেত্রে কোন সমস্যার অবশ্য উদ্ভব হবে না।

He ran more quickly than the policeman (did).

তিনি পুলিশটার চেয়েও তাড়াতাড়ি দৌড়েছিলেন।

কতকগুলি সাধারণ ক্রিয়ার বিশেষণ তুলনার সময় অনিয়মিত রূপ গ্রহণ করে।

well better best

badly worse worst.

কখন কখন ক্রিয়ার বিশেষণের পরিবর্ত্তে, বিশেষণের দু'য়ের মধ্যে তুলনা-মূলক রূপ ব্যবহার করা হয়।

He ran quicker than the policeman.—পুলিশের চেয়ে তিনি দ্রুততর দৌড়লেন।

Please drive a bit slower.—দয়া ক'রে আরো একটু ধীরে চালান।

সাদৃশ্য ও বিভিন্নতা

কোন কিছুর মধ্যে তুলনা করতে গেলে, আমরা প্রায়ই বলি একটি সামগ্রী অন্য সামগ্রীর মতন কিংবা অন্য সামগ্রীর থেকে পৃথক।

Patrick is like his mother.

Your car is different from ours.

Different from শব্দদ্বয়ে আছে একটি বিশেষণ ও একটি অব্যয়পদ। কিন্তু like শব্দের মধ্যে বিশেষণ ও অব্যয় ভাবযুক্ত। এটী সর্ব্বনামের কর্ম্ম-পদের আকারের সঙ্গে ব্যবহার করা যায়।

You are like me, he is different from me.

এই রকম বাক্যাংশের সঙ্গে "অত্যন্ত" কথাটি কেমন ভাবে বলা যায় তা লক্ষ্য করুন।

You are *very much* like me.
He is *very different* from me.

Different এবং like শব্দের বিশেষ্য রূপ হ'ল difference এবং likeness.

There is a strong likeness between the two daughters.

দু'টী মেয়ের মধ্যে খুব বেশী সাদৃশ্য আছে।

What is the difference between a clerk and a cashier ?

কেরানী ও কোষাধ্যক্ষের মধ্যে তফাৎ কি ?

লক্ষ্য করবেন যে alike শব্দটি বিশেষ্যের আগে নয়, **পরে** ব্যবহৃত হয়: All the cars in the factory are alike. (৪৩নং পাঠ দ্রষ্টব্য)।

One শব্দটী

লক্ষ্য করবেন, বিশেষ্যের পুনরুক্তি এড়ানোর জন্যে কেমন ভাবে এই শব্দটি এক বা বহুবচনে ব্যবহার করা হয়।

I don't like that dress. Give me a longer *one.* Yes, this *one* is quite nice. But the green *ones* in the window are still nicer. I will try several different *ones.*

কথোপকথন

এলসা একটি নিমন্ত্রণে যাচ্ছেন আর তাঁর অতিথিসেবক শ্রীমতী ইয়ং তাঁকে একটী পোষাকী পোষাক ধার দিতে চাইছেন। যেসব কথা আমরা বলছিলাম সেই নিয়ম অনুযায়ী নানারূপ তুলনামূলক বাক্যাংশ এখানে পাবেন। বিশেষভাবে লক্ষ্য করবেন এইগুলি :

The most beautiful···I've ever seen.

সর্ব্বাপেক্ষা সুন্দর···আমি যত দেখেছি।

Not quite so tall as me—আমার মত ঠিক অতটা লম্বা নয়।

Slimmer than I am now—আমি এখন যেমন তার চেয়ে কৃশকায়।

Suit me better than the shorter ones (do).

ছোটগুলির চেয়ে আমাকে ভাল মানাবে।

More often···than we do—আমরা যা করি···তার চেয়ে বেশী ক'রে।

More square (squarer হয় না) — আরো চৌকা।

এ ছাড়া আরো কয়েকটি নতুন বাক্য-বিন্যাস দেখবেন :

Too long for you — আপনার পক্ষে বেশী লম্বা

Its fits me perfectly (মাপের জন্য) — ঠিক আমার গায়ের মাপের মত হয়েছে।

(তুলনা করুন—অলঙ্কারিক বা ফ্যাসন হিসেবে)

It suits me perfectly — ঠিক আমার মানানসই।

I *do* like — আমি **সত্যিই** পছন্দ করি।

প্রশ্ন-সূচক এবং না-সূচক অর্থে আমরা ইতিপূর্ব্বে do ক্রিয়ার অসমাপিকা রূপের ব্যবহার পেয়েছি। কিন্তু এ ধরনের বাক্য-বিন্যাস আমরা অন্য ক্রিয়া-পদের নিশ্চয়াত্মক আকারের সঙ্গে ব্যবহার করতে পারি। এতে সেই ক্রিয়ার সম্বন্ধে আরো জোর দেওয়া হয়। দেখুন কেমন do ও does জোর দেয় :

I *do* like them, She *does* like them.

A three-quarter-length skirt — চারভাগের তিন ভাগ লম্বা ঘাগরা (হাঁটুর কিছু নীচে পর্য্যন্ত লম্বা স্কার্ট)

Nowadays — আজকাল

Cut in the same way — একই রকমে কাটা।

Some of the younger men — যুবকদের মধ্যে কেউ কেউ।
Thank you *so* much for·· ing — অশেষ ধন্যবাদ·· করার জন্যে।

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : You're the kindest woman I know, Mrs. Young !

Dorothy : Oh, nonsense !

Tweed

Elsa : Yes, and this is the most beautiful party dress I've ever seen.

Dorothy : You aren't quite so tall as me, perhaps it will be too long for you.

Elsa : No, it fits me perfectly.

Dorothy : Let me look. Yes, that seems very nice I had it made for me five years ago Perhaps I was slimmer then than I am now !

Elsa : I *do* like these three-quarter-length skirts They suit me better than the shorter ones

Dorothy : I suppose nowadays fashions for women in one country are very much like those in another.

Elsa : Yes There's one small difference. I think English women more often wear tweed skirts or tailored suits than we do.

Dorothy : Of course, your men's fashions are different from ours The shoulders of their jackets are more square, and they aren't cut in the same way.

An American tie.

Elsa : Oh yes, there are small differences. But they all wear trousers with turn-ups, and creases at the front and back, and they all wear jackets and shirts and ties.

Dorothy : Nobody else wear ties quite like the American ones.

Elsa : Oh, some of the younger men in my country do !

Dorothy : Well, dear, I think you will look lovely this evening.

Elsa : Thank you *so* much for lending me the dress, Mrs. Young.

অনুশীলন—১

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন :

(a) তাঁর ভায়ের চেয়ে তিনি (স্ত্রী) ছোট। (b) ঐটার চেয়ে এ চেয়ারটি আরো আরামদায়ক। (c) আমরা আরো নিস্তব্ধ জায়গায় যেতে পারি কি ? (d) আমি যেমন তিনি তেমনি অপরিচ্ছন্ন ছিলেন না। (e) সত্যি আপনি আমার জানা লোকের মধ্যে সবচেয়ে অধৈর্য্য। (f) আপনি আরো একটু সতর্ক হতে পারেন কি ? (g) আমার মনে হয় এটাই ইংলণ্ডে সর্ব্বাপেক্ষা মন্থর গতির ট্রেন। (h) দশ মিনিট আগে আমি যেমন ক্ষুধার্ত্ত ছিলাম এখন তেমন নই। (i) আপনার অফিসের মতন আমাদের অফিস আধুনিক আর আরো অধিক সুবিধাজনক। (j) সর্ব্বাপেক্ষা আগ্রহকর ও গুরুত্ব-পূর্ণ যে সব প্রশ্ন আপনি জিজ্ঞাসা করতে পারেন তার মধ্যে এটী হ'ল একটি।

অনুশীলন—২

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন : (a) তিনি (স্ত্রী) এক বছর আগে যা বলতেন এখন তার চেয়ে অনেক ভাল ইংরেজী বলেন। (b) দয়া ক'রে গোলমাল কম করুন। (c) আমাদের বাড়ী স্টেশন থেকে আপনাদের বাড়ীর চেয়ে বেশী দূরে। (d) এর চেয়ে খারাপ উদাহরণ আমি আর দেখিনি। (e) দয়া ক'রে আমার কুকুরকে নিষ্ঠুরভাবে বকবেন না। (f) তাঁরা কি বলছিলেন তা শোনবার জন্যে তিনি খুবই চেষ্টা করেছিলেন। (g) আপনার আরো বেশী করে বিদেশে যাওয়া আর আরো বিদেশী ভাষা শেখা উচিত। (h) আপনার চেয়ে আমি বিষয়টি আরো পূর্ণভাবে অধ্যয়ন করেছি।

(i) আমরা দেখলাম যে সর্ব্বাপেক্ষা দরিদ্র লোকেরাসর্ব্বাপেক্ষা সাহায্যপরায়ণ।

(j) তাঁর নাম সুপরিচিত ; উদাহরণস্বরূপ আমার নামের চেয়েও বেশী পরিচিত।

অনুশীলন—৩

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন :

(a) বাইরে থেকে তাঁদের বাড়ী দেখতে স্টেশনের মত কিন্তু ভিতরে যাদুঘরের মত।

(b) কয়লা আর পোড়া কয়লার মধ্যে তফাৎ কি ?

(c) ও দুটী'র মধ্যে পার্থক্য অনেকখানি।

(d) তাঁর বাবার থেকে তিনি বেশ ভিন্ন ধরনের লোক।

(e) তাঁদের দু'জনের মধ্যে কোন সাদৃশ্য নেই।

পাঠ—৫০

শব্দ-সংগ্রহ

flat—চেপ্টা
fly, flies,—মাছি, অনেক মাছি
get better—ক্রমশঃ ভাল হওয়া
heavy—ভারী
ice—বরফ
prefer—কোন কিছুর মধ্যে একটা পছন্দ করা
put down—রেখে দেওয়া
sleepy—নিদ্রালু
such—এ রকম
would rather—বরঞ্চ··· ব

"যথেষ্ট" এবং "অত্যধিক"

এখন যে বিষয় নিয়ে আলোচনা করব তা ৪৯নং পাঠে সংক্ষেপে উল্লিখিত তুলনামূলক ভাবের সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত। যদি আপনি বলেন, "এটা অত্যন্ত বেশী বড", তাহ'লে আপনি প্রমাণ মাপের সম্ভাব্য কিছুর সঙ্গে তুলনা করছেন।

প্রথমে দেখা যাক বিশেষ্যের সঙ্গে ঐ ভাবগুলি কেমন ভাবে যুক্ত হয়। "আমাদের সঙ্গে যথেষ্ট রুটী আছে ; আপনি অত্যন্ত বেশী দুধ নিয়েছেন।"

We have *enough* bread. You have taken *too much* milk.

যে বিশেষ্যের গুণ বর্ণনা করছে ঠিক তার আগে কথা দু'টী থাকে আর ঐ

কথাগুলি পরিমাণ সংক্রান্ত। Quite আর much কিংবা far শব্দের যোগে যথাক্রমে enough ও too much কথার অর্থের অনেক সময় সামান্য কিছু বদল করা হয়।

We have quite enough bread. You have taken far too much (কিংবা much too much) milk.

যখন বিশেষণ কিংবা ক্রিয়ার বিশেষণের সঙ্গে যুক্ত হয় তখন too শব্দটি যে শব্দের গুণ বর্ণনা করে তার আগে বসে কিন্তু enough শব্দটি পরে যায়। এই রকম :

The water is *too hot.*—জল অত্যন্ত গরম।

The water is *hot enough.*—জল যথেষ্ট গরম।

He ran *too quickly.*—তিনি বড় তাড়াতাড়ি দৌড়েছিলেন।

He didn't run *quickly enough.*—তিনি তেমন তাড়াতাড়ি দৌড়তে পারেন নি।

এই বাক্য-বিন্যাসগুলির ভাব আবার আপনি কিছু পরিমাণে বদল করতে পারেন quite এবং far কিংবা much শব্দ যোগে ;

The water is much too hot. He ran far too quickly. He didn't run quite quickly enough.

এই রকম বাক্য-বিন্যাসের পর সাধারণতঃ, for সমেত এক বাক্যাংশ থাকে :

There is enough bread for ten people.

The water is far too hot for my hands.

উদ্দেশ্য-অসমাপিকাও সাধারণতঃ খুব বেশী ব্যবহার করা হয় :

He didn't run quickly enough to catch the bus.

(অর্থাৎ যদি তিনি আরো দ্রুত দৌড়তেন তাহ'লে তিনি 'বাস'টী ধরতে পারতেন)।

We have enough money to keep us for a year.

(এক বছর থাকার মত টাকা আমাদের আছে)।

The water is too dirty to use.

(ব্যবহারের পক্ষে ও জল খুব অপরিচ্ছন্ন)।

অনেক সময়ে আমরা for এবং অসমাপিকা দু'ই দেখতে পাই।

Those stones are too heavy for you to carry.

(ও পাথরগুলি আপনার বহন করার পক্ষে অত্যন্ত ভারী)।

The car isn't cheap enough for me to buy (it).

(আমার কেনার পক্ষে ও গাড়ীটা তেমন সস্তা নয়)।

So এবং Such শব্দের কয়েকটি ব্যবহার

So......that ব্যবহার ক'রে আগের মত অর্থ করা যায়। নিচের উদাহরণ দেখুন :

I was so tired that I went to sleep at once.

(আমি এমন ক্লান্ত হযেছিলাম যে তৎক্ষণাৎ ঘুমিযে পডলাম)।

আগের বাক্য-বিন্যাসের সঙ্গে এই ধরনের বাক্য-বিন্যাসের তুলনা করা যাক :

I was *so tired that* I went to sleep at once –

I was *tired enough* to go to sleep at once.

I was *so tired that* I couldn't stand up straight—

I was *too tired to* stand up straight.

লক্ষ্য করুন যে যখন So বিশেষণের সঙ্গে ব্যবহৃত হয (এক্ষেত্রে tired) তখন এটা বিশেষ্যেব পরে আসে। যখন এটী বিশেষ্যের আগে ব্যবহৃত হয (যেমন dirty water বাক্য-বিন্যাসে) তখন আমরা so শব্দটির বদলে such শব্দ ব্যবহার করি।

The water is too dirty to use. (ব্যবহারের পক্ষে ও জল অত্যন্ত নোংরা)।

The water is *so dirty* that I can't use it. (ও জল এত নোংরা যে আমি তা ব্যবহার করতে পারি না)।

I can't use *such dirty water*. (এমন ময়লা জল আমি ব্যবহার করতে পারিনা)।

গণনীয় বিশেষ্যের একবচনে a কিংবা an শব্দের সঙ্গে ব্যবহারের সময় such কথাটি a বা an এর আগে বসাতে হবে।

I have never seen such a big dog. (এমন বড় কুকুর আমি আর আগে দেখিনি)।

We'll soon go to sleep after such a good supper.

(এমন ভাল নৈশ ভোজনের পর আমরা শীঘ্রই ঘুমিয়ে পড়ব)।

অনুশীলন—১

নিম্নলিখিত বাক্যগুলি too শব্দ ব্যবহার ক'রে পুনরায় লিখুন, এই রকমে : This lesson is very hard ; I can't understand it, হবে—This lesson is too hard for me to understand. কর্ম্মপদ it বাদ দেওয়া হয়েছে। সব সময় for এবং to এ দুই শব্দের প্রয়োজন হবে না।

(a) That jacket is very small ; he is such a big man. (b) She is very silly ; she dosen't understand you. (c) I am very tired ; I can't walk up such a high hill. (d) It's a long way ; we can't get there this evening. ("far" ব্যবহার করুন). (e) He arrived very late ; the meeting had finished. (f) The book is very interesting ; a person can't put it down. (g) I'm very busy ; I can't help you. (h) He said it was very expensive ; he couldn't have it. (i) It was very dark ; a person couldn't see the way. (j) You are very impatient ; we need a patient man in this job.

অনুশীলন—২

এই বাক্যগুলি enough শব্দ ব্যবহার ক'রে পুনরায় লিখুন। উদাহরণ : He was very lucky ; he saw the manager, হবে—He was lucky enough to see the manager.

(a) They are quite rich ; they have four cars. (b) It isn't very light ; we can't read yet. (c) This box is quite comfortable ; I'll sit on it. (d) He isn't very old ; he doesn't remember the war. (e) Has he any money ? Can he pay for the tickets ? (f) There is plenty of food ; everybody can have some.

অনুশীলন—৩

এই বাক্যগুলি ঠিকমত শেষ করুন :

(a) The tea is cool enough... (b) He was so tired that ... (c) She looked so pale that... (d) It was such a nice day

that... (e) That river is too wide... (f) Is he thin enough ...? (g) The situation is so serious that... (h) The problem was too hard... (i) There was such a complete breakdown in the factory that... (j) I hope you were taught English well enough... (k) He was so ashamed of speaking rudely that... (l) We haven't enough money... (m) In this house there are too many stairs... (n) You speak too quietly... (o) This is such a modern office that...

কথোপকথন

অতিথি সেবকদের সঙ্গে বাগানে জন বেনেডিক্‌ট্‌ এক অলস সন্ধ্যা কাটাচ্ছেন। লক্ষ্য করার প্রধান বিষয় হ'ল too, enough এবং so ব্যবহৃত বাক্য-বিন্যাসের প্রয়োগ। (such শব্দ ব্যবহৃত কোন উদাহরণ বা বাক্য-বিন্যাস এতে পাবেন না।)

অধ্যয়নের জন্যে আরো কয়েকটি বিষয় এখানে দেওয়া হয়েছে।

৩৩নং পাঠে আমরা এ বিষয়টী একবার দেখেছি। যখন উত্তম পুরুষে ভবিষ্যৎ সম্পর্কে কোন প্রশ্ন হবে, তখন will I কিংবা will we কথার পরিবর্ত্তে সাধারণতঃ shall I কিংবা shall we কথা ব্যবহার করতে হবে। তখন, "কি ঘটার সম্ভাবনা" এই অর্থ হবে না (পূর্ণ ভবিষ্যৎ); কিন্তু "আপনি কি চান? আপনি কি পরামর্শ দেন।" এই অর্থ হবে। উদাহরণ, Shall I open the window? বাক্যের অর্থ মোটামুটি হবে "আপনি কি চান আমি জানালাটি খুলি?"

লক্ষ্য করুন, feel like শব্দদ্বয়ের পর এক ক্রিয়াবাচক বিশেষ্যপদ আসছে। এর অর্থ হ'চ্ছে "...ইচ্ছা করছে বা ইচ্ছা হচ্ছে" উদাহরণ, Do you feel like going to the cinema?—No, I feel more like staying at home.

How nice it is! (কি চমৎকার!) এই বাক্যে শব্দগুলির অবস্থান লক্ষ্য করুন। ঠিক প্রশ্নের মত নয়—How nice is it?

It শব্দের সঙ্গে ক্রিয়াবাচক বিশেষ্যপদের সুষ্ঠু বাক্য-পদ্ধতি মত ব্যবহার এই বাক্যে দেখবেন, It has been lovely having you with us. (আপনারা আমাদের সঙ্গে থাকায় আমাদের সময় চমৎকার কেটেছে)।

"কোন কিছুর মধ্যে একটী পছন্দ করা" অর্থের ইংরেজী শব্দ হচ্ছে prefer ; কিন্তু এটী সাধারণতঃ বেশী সুবিধাজনক ভাবে ব্যবহৃত হয় যুক্ত বাক্য-বিন্যাস would rather এই শব্দদ্বয়ের সঙ্গে। সে ক্ষেত্রে এ শব্দদ্বয়ের পর to-ব্যতিরিক্ত অসমাপিকা ক্রিয়া আসে।

Would you like to go to the cinema ? —(আপনি কি সিনেমায় যেতে চান ?)

No, I would rather stay at home. — (না, আমি বরং বাড়ীতেই থাকব।)

অন্যান্য বাক্য-বিন্যাস :

Does that seem terribly lazy ? — (ওটা কি ভয়ানক অলসতা বলে মনে হবে ?)

Bring the radio out. — (রেডিওটা বাড়ীর বাইরে আনুন।)

She telephoned a bit earlier. — (তিনি [নির্দ্ধারিত সময়ের] একটু আগেই ফোন করেছিলেন।)

Is getting better quickly. — (তাড়াতাড়ি ভাল হ'যে উঠছেন।)

I am so glad (so কথাটির উপর জোর পড়ছে) — (আমি কি খুসী হয়েছি।)

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : What would you like to do this evening, John ?

John : D'you know, it's so warm this evening that I don't feel like doing anything. Does that seem terribly lazy ? I'm much too comfortable to move.

Tom : Yes, I feel rather like that ! But let's sit in the garden. There

Let's sit in the garden. There aren't too many flies.

aren't too many flies, and it'll be cooler there than in the house.

Dorothy : Shall I bring the radio out ?

John : Oh no, let me do that. It's too heavy for you to carry.

Tom : I'll help you, John...I think this corner of the garden is flat enough for the chairs to stand up all right.

John : Oh, how nice it is here ! You know, we've enjoyed our stay with you so much that we don't want to go home.

Dorothy : It's been lovely having you.

Tom : I've put some beer on ice : it'll soon be cold enough to drink. I expect you would rather have lemonade, Dorothy. I'll go in and get the drinks in a minute.

Dorothy : I'll get them if you feel too sleepy.

Tom : Mrs. Benedict will be back soon. I hope she won't be too tired after her visit to the hospital.

John : She telephoned a bit earlier ; her sister Lisa is getting better quickly. She'll soon be well enough to get up.

Dorothy : Oh, I'm so glad !

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৪৯ ও ৫০

Mary is the tallest woman I have ever seen . . . Nonsense ! Margaret is much taller than her . . . . You'd better carry my suitcase—it isn't so heavy as yours . . . . Perhaps it isn't too heavy for me . . . . The weather is warm enough to sit in the garden . . . . In fact, it's warmer today than it was in the middle of July . . . . Please don't give me any more to drink . . . . I've drunk far too much already . . . . Which is the bigger of these two houses ? . . . . I think ours is the biggest house in the street . . . . But ours is more convenient than yours . . . .

পাঠ—৫১

শব্দ-সংগ্রহ

across—আড়াআড়ি, আড়াআড়ি ভাবে
bicycle—সাইকেল
close—বন্ধ করা
closing-time—(দোকান) বন্ধ করার সময়
cross-roads—মোড়ের মাথা, চৌমাথা
dotted—ফুটকি দেওয়া (সামগ্রী)
east—পূর্ব্ব দিকে
got lost—পথ হারিয়েছিল
leader—নেতা
map—মানচিত্র
mark—দাগ দেওয়া, চিহ্ন করা
path—পথ
south—দক্ষিণ, দক্ষিণে
take away—নিয়ে যাওয়া
village—গ্রাম
wish—ইচ্ছা করা

If ব্যবহার সম্বন্ধে কয়েকটি নিয়ম

ইংরেজীতে "সর্ত্তসাপেক্ষ বাক্য", অর্থাৎ যে সব বাক্যের প্রথমে if (যদি) থাকে সে সব বাক্য সম্বন্ধে অসুবিধার কথা সম্ভবতঃ আপনি শুনে থাকবেন। ইংরেজী ভাষায় এ সম্বন্ধে কয়েকটি নিয়ম আছে সত্য; কিন্তু এ নিয়মগুলি প্রয়োগ হয় শুধু যে ক্ষেত্রে 'if-যুক্ত খণ্ড-বাক্যে' প্রকাশিত ভাব অবাস্তব হয়—অর্থাৎ ভাবটি যদি অনিশ্চিত ও অনুমানসিদ্ধ হয়।

(ক) যখন if যুক্ত খণ্ড-বাক্যে প্রকাশিত ভাব বাস্তব হয় বা সত্য হ'তে **পারে**, তখন if ব্যবহারে কোন অসুবিধা একেবারে থ . ক না।

এ ক্ষেত্রে আপনি if শব্দের পরে যে কোন সর্ত্ত আরোপ করতে পারেন, যে কোন কাল ব্যবহার করতে পারেন এবং এ থেকে যে কোন সিদ্ধান্ত অনুমান করতে পারেন। উদাহরণ:

If this is your book, why don't you take it away ?

এটা যদি আপনার বই হয় তাহ'লে এটা নিয়ে যাচ্ছেন না কেন ?

If he was there, I'm sure he saw us.

যদি তিনি সেখানে ছিলেন, তাহ'লে নিশ্চয় আমাদের দেখেছেন।

If it will fall off, as you say, then don't push it !

আপনার কথামত যদি এটা পড়ে যেতে পারে তাহ'লে ঠেলবেন না।

ইত্যাদি, ইত্যাদি। If খণ্ড-বাক্য, বাক্যের প্রথমে কিংবা ফলাফলের পরেও আসতে পারে।

(খ) এখন ধরুন আপনি জানেন না আগামী কাল আবহাওয়া কেমন হবে। বৃষ্টি হতে পারে আর না হতেও পারে। উদাহরণ স্বরূপ, Will you go for a walk ? এ প্রশ্নের উত্তর নির্ভর করছে আপনার ভবিষ্যৎ কার্য্যের উপর আর ভবিষ্যৎ কার্য্য নির্ভর করছে বৃষ্টি পড়বে কিনা তার উপর। আপনি অনুমান করছেন বৃষ্টি **হবে** এবং বলছেন, "যদি বৃষ্টি পড়ে আমি বেড়াতে যাব না।"

If it rains, I won't go for a walk.

হয়ত' লক্ষ্য করে থাকবেন যে ফলাফলটি ভবিষ্যৎ কালে ব্যক্ত হচ্ছে : I *will* (not) *go* for a walk. অথচ if-যুক্ত খণ্ড-বাক্য ভবিষ্যৎ কালে **নেই**, আছে সরল বর্ত্তমান কালে।

এই ধরনের অনুমানসিদ্ধ if-যুক্ত খণ্ড-বাক্যে, ভবিষ্যৎ কাল একেবারে ব্যবহৃত হয় না। ভবিষ্যৎ কালের পরিবর্ত্তে সরল বর্ত্তমান কাল ব্যবহৃত হয়।

ওটা গেল ভবিষ্যতে কি হবে বা না হবে সেই সম্পর্কে। এখন বর্ত্তমান কালের কথা আলোচনা করা যাক। এখানে এক অবস্থার কথা বর্ণনা করা হচ্ছে। মনে করুন আমি খুব গরীব, আমার বলতে গেলে কোন পয়সা-কড়ি নেই। অথচ আমি কল্পনা করছি যে আমার অনেক পয়সা আছে। ভাবছি "আমার অনেক পয়সা আছে"—তার পরে কি হ'ল ? কল্পনার 'ফল' কি হ'ল দেখা যাক (কল্পনার পরে যা হ'ল তাকে আমরা 'ফলাফল' বলব)। বাংলায় বলতে গেলে বলব, "যদি আমার অনেক টাকা থাকত, তাহ'লে আমি একটী নতুন গাড়ী কিনতাম।" ইংরেজীতে বলতে গেলে হবে—If I had a lot of money, I would buy a new car.

এটা হচ্ছে, "বর্ত্তমান সর্ত্তসাপেক্ষ"। এর যোগ হচ্ছে বর্ত্তমান কাল সম্পর্কে কিংবা কোন বিশেষ কাল সম্পর্কে নয়। 'ফলাফলে' will-এর বদলে would আসে আর if-যুক্ত খণ্ড-বাক্যে বর্ত্তমান কাল বদ্‌লে সরল অতীত কাল হয়। উত্তম পুরুষে পুরোপুরি ব্যাকরণগত ভাবে বলতে গেলে, ভবিষ্যৎ কালের shall শব্দের অনুরূপ should শব্দ হওয়া উচিত (২৭নং পাঠ দ্রষ্টব্য)। কিন্তু would শব্দও ব্যবহৃত হতে পারে। আমার মনে হয়

প্রথম শিক্ষার্থীদের পক্ষে আপাততঃ সকল পুরুষেই একই রকম রূপ, অর্থাৎ would শব্দ ব্যবহার করা সুবিধাজনক হবে।

শেষে, এক অতীত অবস্থার কথা বিবেচনা করা যাক। আমি গতকাল সভায় যাইনি। কিন্তু কল্পনা করা যাক যে আমি গিয়েছিলাম। এ থেকে কি হয়? এক্ষেত্রেও আমরা এক অনুমান করি।

"যদি আমি গতকাল সভায় যেতাম তাহ'লে নতুন কার্য্যাধ্যক্ষের সঙ্গে আমার দেখা হত"। ইংরেজীতে এ অনুমান বলতে হবে—If I had gone to the meeting yesterday, I would have met the new secretary.

"অতীত সর্ত্তসাপেক্ষ" রূপের বেলায় 'ফলাফল' এই আকার নেয়—would have আর এর সঙ্গে অতীত কৃদন্ত পদ met এবং If-যুক্ত খণ্ড-বাক্য থাকে পুরাঘটিত অতীতকালে—had gone.

এই নিয়মগুলি এবারে এক তালিকায় ফেলা যাক।

তালিকা ৪১নং

যখন আমরা অনুমানসিদ্ধ ভাবে if ব্যবহার করি

	if-যুক্ত খণ্ড-বাক্য	"ফলাফল"
ভবিষ্যৎ কাল		
(বৃষ্টি না পড়তে পারে, কিন্তু)	If it rains	I *will wear* my raincoat.
বর্ত্তমান কাল		
(আমার পয়সা নেই, কিন্তু)	If *I had* some money	I *would pay* for this drink.
অতীত কাল		
(আমি যাইনি, কিন্তু)	If I *had gone*	I *would have met* him.

দ্রষ্টব্য ঃ ভবিষ্যৎ 'সর্ত্তসাপেক্ষ' রূপে আপনি will শব্দের পরিবর্ত্তে can কিংবা ought to ব্যবহার করতে পারেন। বর্ত্তমান 'সর্ত্তসাপেক্ষ' রূপে আপনি would শব্দের পরিবর্ত্তে could কিংবা ought to ব্যবহার করতে পারেন। অতীত 'সর্ত্তসাপেক্ষ' রূপে আপনি would have—এর পরিবর্ত্তে could have কিংবা ought to have ব্যবহার করতে পারেন।

কথোপকথন

এখন দেখা যাক এ নিয়মগুলি সাধারণ কথাবার্ত্তায় কেমন ভাবে কাজে লাগে। প্যাট্রিক আর এলসা বেড়াতে বেরিয়েছেন। যদিও তাঁদের একটী মানচিত্র আছে তাহ'লেও তাঁরা পথ হারিয়েছেন বলে মনে হয়।

অনুমানসিদ্ধ ভাবে if ব্যবহার ছাড়াও নিম্নলিখিত বাক্য-বিন্যাসগুলিও লক্ষ্য করুন :

We are just *here* (on the map). — আমরা (মানচিত্রের) ঠিক এখানে।

Come out on the main road. — বড রাস্তার উপরে এসে পডা।

We're walking south instead of east. — পূর্ব্ব দিকের পরিবর্ত্তে আমরা দক্ষিণ দিকে হাঁটছি।

We can still get across. — আমরা এখনও গিয়ে পড়তে পারি।

Across to the main road. — বড রাস্তার দিকে (উপরে)।

Go on another quarter of a mile. — আরো চারভাগের একভাগ মাইল চলে যাও।

A path across the fields. — মাঠের উপর দিয়ে পায়ে চলা পথ।

Marked with a dotted line — ফুটকি ফুটকি দিয়ে চিহ্ন করা।

It will bring us out on the road. — আমাদের ঐ রাস্তায় নিয়ে যাবে।

To go for a walk together. — একসঙ্গে বেড়াতে যাওয়া।

There's a nice thing to say. — বাঃ বেশ চমৎকার কথা! (বিদ্রূপে)

আরো লক্ষ্য করুন—I wish we had bicycles. সত্যি হ'লেও যা ঠিক সত্যি নয় এমন কিছুর জন্যে ইচ্ছা প্রকাশে wish ক্রিয়াপদ ব্যবহৃত হয়। এ wish ক্রিয়াপদের পর অন্য ক্রিয়াপদটি বর্ত্তমান সর্ত্তসাপেক্ষ-রূপ অনুযায়ী অতীত কালে থাকে।

রেকর্ডের লিখিত ভাষ্য

Elsa : Let *me* look at the map, Patrick. Now if you look carefully, you'll see that we are just *here*.

Patrick : No, we aren't, Elsa. We're at *this* corner.

Elsa : Excuse me Patrick, we've just come through that

village. Now if we had turned to the right at the cross-roads, we would have come out on the main road. But we didn't; so now we're walking south instead of east.

Can you see it there, marked with a dotted line ?

Patrick : Well, we can still get across to the main road. Look : if we go on another quarter of a mile, we'll come to a path across the fields. Can you see it there, marked with a dotted line ?

Elsa : Oh yes, I see.

Patrick : Well, if we take that path, it will bring us out on the road near that pub.

Elsa : A pub ! That's a good idea.

Patrick : And if we hurry, we can get there before closing-time. I wish we had bicycles. If we had bicycles we'd get there in five minutes.

Elsa : Never mind, let's go on quickly. I'm thirsty !

Patrick : Elsa, if you come back to England next year, will you come and see us ? We would be so glad if you did.

Elsa : Of course I will. And if you and I go for a walk together, I'll be the leader. Then perhaps we won't get lost !

Patrick : Well, there's a nice thing to say !

অনুশীলন—১

এই কথোপকথনে if শব্দের সকল ব্যবহারই অনুমানসিদ্ধ। এগুলি খুঁজে নিয়ে প্রত্যেকটি ৪২নং তালিকা ও তার পরে লেখা কথার সঙ্গে মিলিয়ে দেখুন, দেখুন যা বলা হয়েছে সেই মত ঠিক মেলে কিনা।

অনুশীলন—২

ভবিষ্যৎ, বর্ত্তমান ও অতীত সর্ত্তসাপেক্ষ রূপের 'ফলাফল' যোগ ক'রে নিম্নলিখিত বাক্যগুলি পূরণ করুন :

(a) If you were really my friend ...
(b) If she had opened the parcel at once ...
(c) If you don't send that letter today...
(d) If he hasn't enough money...
(e) If I didn't know him...
(f) If we don't ask them to come to our party...
(g) If you hadn't broken my watch...
(h) If you looked under the table...
(i) If Dr. Young had been here at the time...
(j) If they forget to bring their tickets...
(k) If you studied hard for a year...
(l) If they had arrived a bit earlier...

দ্রষ্টব্য : বর্ত্তমান সর্ত্তসাপেক্ষ রূপে (অনুমানসিদ্ধ if ব্যবহার) আমরা সাধারণতঃ if-যুক্ত খণ্ড-বাক্যে was কথার পরিবর্ত্তে were শব্দ ব্যবহার করি। উদাহরণ স্বরূপ, সাধারণ অতীতকালের রূপে, "আমি যদি বড় লোক হ'তাম" —এর ইংরেজী হচ্ছে, If I was rich. কিন্তু বর্ত্তমান সর্ত্তসাপেক্ষ রূপে এটা পরিবর্ত্তন হ'য়ে হয় If I were rich (আমি যদি বড় লোক হ'তাম)। প্রথম পুরুষেও এই রকম হবে, If he were my father (তিনি যদি আমার বাবা হতেন)। এই পরিবর্ত্তন ছাড়া, if-যুক্ত খণ্ড-বাক্যে—সরল, বর্ত্তমান, অতীত ও পুরাঘটিত অতীত কালের কোন পরিবর্ত্তন হয় না।

অনুশীলন—৩

উপযুক্ত if-যুক্ত খণ্ড-বাক্য যোগ ক'রে বাক্যগুলি সম্পূর্ণ করুন :

(a) If . . . , I will help you.
(b) If . . . , I would have helped you.
(c) If . . . , we wouldn't have lost our way.
(d) If . . . , I will have it washed for you.
(e) If . . . , they would certainly be very surprised.
(f) If . . . , you will miss your bus.
(g) If . . . , I would wear a thicker coat.

(h) If . . . , it would have been a terrible pity.

(i) If . . . , please give her our best wishes. (ভবিষ্যৎ সর্ত্তসাপেক্ষ রূপ ব্যবহার করুন)

(j) If . . . , you wouldn't have had to spend so much money.

(k) If . . . , we could take the train instead.

অনুশীলন—৪ (বাক-পদ্ধতির পুনঃ অধ্যয়ন)

ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন :

(a) যদি আমি নাচতে পারতাম !

(b) আমার হ'য়ে টেলিফোনটা ধরতে কিছু মনে করবেন কি ?

(c) একই উদ্দেশ্য নিয়ে তিনজন লোক ছিলেন।

(d) তাঁর চালাক ছেলের জন্যে তিনি বেশ গর্ব্বিত।

(e) প্যাট্রিক কি সত্যিই ইঞ্জিনিয়ারিং-এ বেশ ভাল ?

(f) ও লোকদের জন্যে এটা বেশ ভাল।

(g) যদি এতে অভ্যস্ত না হয় তাহ'লে এটা খুবই কঠিন লাগবে।

(h) প্রকৃতপক্ষে, আমি নতুন কাজ আরম্ভ করার জন্যে আগ্রহে অপেক্ষা করে আছি।

(i) আমার মনে হয় তিনি ঘরের বাইরে কিছু ব্যায়াম পছন্দ করেন।

(j) তিনি এলসার অদ্ভুত মুখভাব দিয়ে এক ছবি এঁকেছেন !

পাঠ—৫২

শব্দ-সংগ্রহ

charge—ভার, দায়িত্ব
easy, easier—সহজ, সহজতর
farm—জোতজমি, চাষাবাদ
foreman—তত্ত্বাবধায়ক কর্ম্মী
host, hostess অতিথিসেবক, অতিথিসেবিকা
indeed—বটে
in the meantime—ইতিমধ্যে
kindness—দয়া
luck—সৌভাগ্য
pass—ছাড়িয়ে যাওয়া
qualified—যোগ্য, উপযুক্ত
responsibility—দায়িত্ব
senior—বড় (পদে)
shy—লাজুক

কথোপকথন

আমরা প্রায় এ পাঠ-ধারা শেষ করে এনেছি, কাজেই একেবারে কথোপকথন থেকেই আরম্ভ করা যাক। তারপর পুনঃ অধ্যয়ন আর যা শিখেছেন তা ঠিকমত মনে রাখার জন্যে সাধারণ উপদেশ কিছু দেব।

ইয়ং ও বেনেডিক্‌ট্‌ পরিবাররা পরস্পরের কাছ থেকে বিদায় নিচ্ছেন কারণ বেনেডিক্‌ট্‌ পরিবার তাঁদের দেশে ফিরে যাচ্ছেন : back to their country.

They are asking for me. They কথাটি এখানে সাধারণ ভাবে ব্যবহৃত হয়েছে, যেমন আমরা বাংলায় বলি, "একজন"। এখানে they শব্দের অর্থ হ'ল "কারখানার লোকেরা"।

To be in charge of something—কোন কিছুর ভার প্রাপ্ত হওয়া।

I left a foreman in charge—আমি তত্ত্বাবধায়ক কর্ম্মীর (ফোরম্যান) উপর ভার দিয়ে এসেছিলাম।

While I was away. যেমন ৩৫নং পাঠে দেখেছি, while কথার পরে এক খণ্ড-বাক্য আসে। এটার সঙ্গে during শব্দের তফাৎ বুঝতে হবে কারণ during হচ্ছে অব্যয়পদ আর এ অব্যয়পদের পরে আসে কোন বিশেষ্য বা সর্ব্বনাম।

He has done very well. যে কাজ তাকে দেওয়া হয়েছিল তাতে তিনি বেশ ভাল করেছেন।

Take the responsibility (i. e. for running the department) —দায়িত্ব নেওয়া (যেমন বিভাগটা পরিচালনার জন্যে)।

He can't (do it) any longer.—তিনি আর পারবেন না।

Thank you for all your kindness.—আপনার সকল কৃপার জন্যে ধন্যবাদ।

Do come.—৪৯নং পাঠের কথোপকথনের উদাহরণমত বিশেষ ক্রিয়া do, অসমাপিকা ক্রিয়া come-এর আগে রাখা হয় যাতে নিমন্ত্রণের উপর জোর দেওয়া যায়।

As soon as possible—যত শীঘ্র সম্ভব। এটা খুবই প্রয়োজনীয় বাক্য-বিন্যাস। এটা বিশেষণ কিংবা ক্রিয়ার বিশেষণের সঙ্গে ব্যবহার করা চলে। যেমন, as big as possible, as quickly as possible.

She will be studying. এটা অবিচ্ছিন্ন ঘটমান ভবিষ্যৎ কাল, এটার ব্যবহার হয় যে কাজ ভবিষ্যতে কিছুকাল ধরে চলবে সে কাজ বর্ণনায়। উদাহরণ—

If you come at 7 o'clock this evening, *I will be having my supper*. যদি আপনি আজ সন্ধ্যা ৭টায় আসেন, তাহ'লে তখন আমি রাতের খাবার (সাপার) খেতে থাকব।

As she passes through London—লণ্ডন দিয়ে যাবার সময়।

লক্ষ্য করুন, ৫১নং পাঠে দেখান মত, will কথার সঙ্গে অতীত কাল ব্যবহারের উদাহরণ—We wish you could stay with us longer. (could হচ্ছে can ক্রিয়ার অতীত কাল)।

রেকর্ডের লিখিত ভাষ্য

Tom : And now we have to say goodbye. The Benedicts are going back to their own country.

John : Yes, they're asking for me at the factory. I left one of my senior foremen in charge while I was away. He's done very well, but he can't take the responsibility any longer.

Dorothy : Well, we wish you could stay with us longer.

Tom : Yes, indeed.

Dorothy : We've so much enjoyed having you.

Helen : And we say goodbye to our host and hostess – and thank you for all your kindness. We look forward to seeing you in our own country next year. Do come as soon as possible.

John : And write to tell us all your news.

Patrick : Elsa is coming to England again next year ; she will be studying chemistry at Leeds University. And she's promised to come and see us as she passes through London.

Elsa : You'll be a qualified engineer then; Patrick, and I'll be too shy to speak to you !

Tom :	And in the meantime, I shall just go on working and working...
Dorothy :	Now Tom, that's enough! We must say goodbye.
All :	Goodbye, everybody! Good luck!

অভ্যাসের জন্য বাক্য

পাঠ—৫১ ও ৫২

If we don't start at once, we'll miss the train......What will you do if the train has already gone when you get to the station?......If we had more money, we would buy another tractor for the farm......The work would be much easier if we had two tractors......Why didn't you wait for me?......If you had waited five more minutes you would have seen me......If you stay at this factory, you'll soon learn to be an excellent foreman......

পুনঃ অধ্যয়ন সম্পর্কে কিছু কথা

১। স্বভাবতঃই শব্দের অর্থের জন্যে আপনি শব্দ-সংগ্রহ আবার পড়তে চাইবেন। কারণ কথাগুলিই হচ্ছে ইটের মত, এর উপরে ভিত্তি ক'রে ভাষা গঠিত হয়। তবে স্মরণ রাখবেন যে বিশেষ্য ছাড়া বেশীর ভাগ শব্দই সাদাসিধে 'ইট' নয় যে যেখানে খুসী সেখানেই লাগান যাবে। কারণ এগুলি যেন বিশেষ আকারের 'ইট', যেগুলি জোড়া লাগাতে গেলে বিশেষ উপায় অবলম্বন করতে হবে। বাক্য-সংগঠন সম্বন্ধে আবার পড়ার সময় খুব মন দিয়ে দেখবেন এক এক শব্দ কেমনভাবে বাক্য-বিন্যাসে সাজান হয়েছে। তাহ'লেও ভুলে যাবেন না যে ইংরেজী কথার বাংলা মানে দেওয়া হলেও প্রত্যেক ইংরেজী শব্দের অর্থের পরিধি বাংলার অনুরূপ শব্দের একেবারে সম্পূর্ণ সমান নয়। একটা সহজ উদাহরণ হ'ল, afraid শব্দটি। এর অর্থ হচ্ছে, "ভীত" তাহ'লেও এই বাক্য-বিন্যাস I am afraid, শুধু বাংলা শব্দার্থ থেকে সম্পূর্ণ ভিন্ন। এর মানে হতে পারে, "আমি দুঃখিত আমাকে বলতে হচ্ছে"। এই উদাহরণে যেমন, I am afraid I don't know (আমি দুঃখিত আমি জানি না)।

সুতরাং, পৃথক পৃথকভাবে শব্দের অর্থ জানার চেয়ে, বাকপ্রসঙ্গে শব্দের সঠিক অর্থ শিক্ষা করুন।

২। যদি আপনি অনুবাদ অনুশীলনগুলি, [যেগুলি ইংরেজীতে কিভাবে বলবেন ব'লে আরম্ভ হয়েছে] আবার করতে চান, তাহ'লে স্মরণ রাখবেন যে একই ভাব কয়েকটি বিভিন্ন উপায়ে প্রকাশ করা সম্ভব আর প্রত্যেকটি উপায়ই হবে সঠিক। এ রকম উদাহরণ যখন পাবেন, তখন বিভিন্ন বাক্য-বিন্যাস লিখে রাখুন। বিভিন্ন উপায়ে একই ভাব প্রকাশের উপায় জানা থাকলে আপনার খুবই কাজে আসবে।

৩। পুনঃ পাঠের জন্যে যদি আপনি গ্রামোফোন রেকর্ড ব্যবহার করেন তাহ'লে যতদূর সম্ভব ইংরেজী বক্তাদের কণ্ঠস্বর অনুকরণ করার চেষ্টা করবেন। প্রত্যেক শব্দের সঠিক উচ্চারণ অনুকরণ করুন। স্বাভাবিক কথা-বার্ত্তায় কথাগুলি যে ভাবে একত্রে আসে তাও অনুকরণ করুন। সর্ব্বোপরি চেষ্টা করুন কথাগুলির উপর ঠিক মত জোর দিয়ে বলার। ইংরেজদের পক্ষে বিদেশীদের ইংরেজী ভাষা বোঝা খুবই কঠিন হ'য়ে পড়ে কারণ, বিদেশীদের বাক্যাংশ বা শব্দের ভুল অংশের উপর জোর দেওয়ার ভাব দেখা যায়।

বাক্যের শব্দের উপর জোর ও ছন্দের অনুকরণ করুন। গলার স্বরের উঁচু ও নিচু ভাব ঠিকমত অনুকরণ করুন। শব্দের সঠিক উচ্চারণের চেয়ে এই বিষয়গুলিই বেশী ক'রে ভাষার প্রকৃত রূপ প্রকাশ করে।

পুনরালোচনার জন্যে বাড়তি অনুশীলন

১। (অনিয়মিত ক্রিয়ার অতীতকাল সম্বন্ধে)

এগুলি ইংরেজীতে কি ভাবে বলবেন: (a) আমি ভেবেছি '.' তিনি এখানে আছেন। (b) তিনি সব হুইস্কী খেয়েছিলেন। (c) ফুলগুলি তাড়াতাড়ি বেড়ে গেল। (d) এ বাড়ীটি কে তৈরী করেছিল? (e) তিনি তাঁর ট্রেন ধরতে পেরেছিলেন। (f) কেউ আমাকে কিছু বলেন নি। (g) গত সপ্তাহে আমরা তাঁর সঙ্গে কথা বলেছিলাম। (h) তাঁকে (স্ত্রী) জিজ্ঞাসা করতে ভুলে গিয়েছি। (i) তিনি (স্ত্রীলোক) একটা নতুন হাত-ব্যাগ কিনেছেন। (j) সভা দশ মিনিট আগে আরম্ভ হয়েছে। (k) জানালাটা কে ভেঙ্গেছেন? (l) তাঁরা টেবিলের উপর দাঁড়িয়ে সব দেখেছিলেন। (m) টেলিফোনের ঘণ্টা বেজে উঠেছিল। (n) ধন্যবাদ, আমি বেশ ভালই

ঘুমিয়েছিলাম। (o) তিনি তাঁর (স্ত্রীলোক) হাত ধরেছিলেন। (d) অনেক টাকা দাম লেগেছে। (q) ছ'টার সময় তিনি (স্ত্রী) উঠেছিলেন। (r) কুকুরটা দৌড়ে বাগান থেকে বাইরে গেল। (s) তিনি (স্ত্রী) তাঁর ভগ্নীকে তাঁর সঙ্গে এনেছিলেন। (t) তাঁরা ঘরের চারপাশে বসেছিলেন। (u) কে আমার সাইকেল নিয়েছিলেন? (v) তাঁর মাথাব উপর একটি ঢিল পড়েছিল। (w) তিনি বিছানার উপর শুয়েছিলেন। (x) তাঁরা সকলে বাড়ী চলে গেলেন। (y) আমরা ছ'টার সময এলাম, দেখলাম তিনি আমাদের জন্যে অপেক্ষা করছেন।

২। (অনিয়মিত ক্রিয়ার অতীত কৃদন্ত পদ সম্বন্ধে। এসব বাক্যগুলি পুরাঘটিত বর্ত্তমান কালে বা কর্ম্মবাচ্যে হবে)।

নিম্নলিখিত বাক্যগুলি কি ভাবে ইংরেজীতে বলবেন :

(a) তাঁদের চিঠিটা কোথায় রেখেছেন? (b) আপনার সংবাদ সম্পূর্ণ বোঝা যায় নি। (c) তিনি প্রায়ই তাঁর বাবার গাডী চালিযেছেন। (d) তাঁকে (স্ত্রীলোক) কখন লেখা শেখান হয়নি। (e) বৌ-নির্ব্বাচন করেছেন কি? (f) বিমানটি একটি মাঠে পাওয়া গিয়েছিল। (g) কাকে আদেশ দেওয়া হয়েছিল? (h) কাজটি এখন শিখেছেন কি? (i) এই টানায় (ড্রয়ার) কি পুরান কাগজ রাখা হয়? (j) আমি পুলিশকে ফটোটা দেখিযেছি। (k) আপনি আমার রাতের খাবার কুকুরটাকে খেতে দিয়েছেন? (l) বইটি কখন লেখা হয়েছিল? (m) লোকটির নাম জানা নেই। (n) জানুয়ারী থেকে কিছুই করা হয় নি। (o) সব চিঠিগুলিই ট্রের উপর রাখা ছিল। (p) এই আগ্রহজনক প্রশ্ন সম্পর্কে কিছুই বলা হয় নি। (q) নতুন ম্যানেজার এসেছেন। (r) আপনার সঙ্গে কিছু খাবার এনেছেন কি? (s) আমি দুঃখিত পাঠ ইতিপূর্ব্বেই আরম্ভ হয়েছে। (t) শীঘ্র আসুন, আপনার মা নদীতে পড়ে গিয়েছেন। (u) মুদীকে দাম দেওয়া হয়নি। (v) সাবধান হউন। আপনাকে দেখে ফেলবেন। (w) খবর শুনেছেন কি? (x) আশ্চর্য্য! ছেলেটি কত বড় হয়ে গেছে।

৩। (অব্যয়পদ ও অব্যয়পদী বাক্যাংশ সম্বন্ধে)। উপযুক্ত অব্যয়পদ দিয়ে স্থান পূরণ করুন।

(a) A big parcel fell . . . the back . . . the truck. **(b)** We live a long way . . . the station, but we are quite . . . the

museum. (c) Go straight . . . this road, and then turn . . . the right. (d) It is warm . . . the room, but cold . . . (e) She got . . . . . . the car, and walked . . . the road . . . the house . . . the other side. (f) What are you talking . . . ? (g) There is a big tree . . . front . . . the building, and it keeps the sun . . . the windows. (h) He went . . . the stairs while I came . . . , and we met . . . the middle. (i) Why did they take your licence . . . . . . you ? (j) There was a lot . . . rain . . . the night. (k) The glass is so thick that you can't see . . . it. (l) There is a very big box . . . your way ; if you can't get . . . it, perhaps you can walk . . . it.

(৪) (সাম্প্রতিক পাঠে ব্যবহৃত বাক-পদ্ধতি সম্বন্ধে) ইংরেজীতে এগুলি কি ভাবে বলবেন :

(a) শেষ যখন আমরা গিয়েছিলাম তখন থেকে ওঁরা অনুষ্ঠানের প্রায় সব বদলে ফেলেছেন। (b) একটু পরে আসবেন। হয়ত' তখন আপনার জন্যে কিছু থাকতে পারে। (c) আমার যুব বন্ধুকে সাহায্য করার জন্যে ধন্যবাদ। (d) তিনি চিঠিগুলি লেখান নি, তিনি নিজে লিখেছেন। (e) আপনার নতুন জামা ঠিক আপনার গায়ে হয়নি, তবে রংটা নিশ্চয় আপনার পক্ষে ভাল হ'য়েছে। (f) আজকাল প্রত্যেকেই কিছু না দিয়েই কিছু পেতে চান। (g) মাঠের মাঝখান দিয়ে আপনার চলা ঠিক নয়, কারণ শস্যের পক্ষে এটা ভাল নয়। (h) আমি চাই ও বিভাগের প্রত্যেকেই একই ভাবে এই কাজ করুক। (i) তিনি বেশ পিয়ানো বাজান, যদিও কেউ তাঁকে পিয়ানো বাজনা শেখান নি। (j) দায়িত্ব নিতে আমি আপত্তি করছি না। (k) তাঁদের শীঘ্রই দেখতে যাবার কথা আপনি ভাবছেন কি ? (l) বোকার মতন দাঁড়িয়ে দেখার চেয়ে, তাঁরা কি আর কিছু করতে পারেন না ?

Goodbye.

ব্যাকরণের পরিশিষ্ট

বিশেষ্যের বহুবচন

১। সাধারণ বা নিয়মিত বহুবচনের রূপ

a wall	walls	a fly	flies
a day	days	a lady	ladies
a radio	radios	a potato	potatoes
a handkerchief	handkerchiefs	a wife	wives
		a life	lives
a glass	glasses	a bus	buses

২। কয়েকটি অনিয়মিত বহুবচন

a man	men	a child	children
a woman	women	a penny	pence (pennies)
a foot	feet		
a tooth	teeth		

৩। যে শব্দগুলি কখন একবচনে থাকে না

clothes trousers goods (=মালপত্র) etc., etc.

বিশেষণ ও ক্রিয়ার বিশেষণ

১। বিশেষণের সাধারণ তুলনামূলক রূপ

tall	taller	tallest
big	bigger	biggest (হ্রস্ব স্বরের পর ব্যঞ্জনবর্ণ দ্বিগুণ হয়)
late	later	latest (শব্দ যদি e অক্ষরে শেষ হয়, তাহ'লে শুধু r কিংবা-st যোগ করুন)
happy	happier	happiest (প্রথম শব্দাংশের উপর জোর পড়বে আর শেষ হবে y কিংবা le-তে)
childish	more childish etc.	(হিস্ আওয়াজে শেষ হয়)

helpful	more helpful etc.	(-ful আওয়াজে শেষ হয়)
tired	more tired etc.	(কৃদন্ত পদ)
comfortable	more comfortable etc.	(দু'টীর বেশী শব্দাংশ)

২। কয়েকটি অনিয়মিত তুলনামূলক রূপ

good	better	best	
well	better	—	(স্বাস্থ্য)
bad	worse	worst	
ill	worse	—	(„)
little	less	least	
much	more	most	
many	more	most	
far	farther	farthest	
	further	furthest	

৩। ক্রিয়ার বিশেষণের সাধারণ তুলনামূলক রূপ

quickly	more quickly	most quickly
often	more often	most often

৪। কয়েকটি অনিয়মিত তুলনামূলক রূপ

soon	sooner	soonest
late	later	latest
hard	harder	hardest

কখন কখন (চলতি কথায়) ক্রিয়ার বিশেষণের পরিবর্তে বিশেষণ ব্যবহৃত হয়। যেমন,

"He ran quicker than I did".

fast	faster	fastest
slow	slower	slowest
well	better	best
badly	worse	worst

Little, much, many, far—বিশেষণের তুলনামূলক রূপের সমান

ক্রিয়ার বিশেষণ ও অব্যয়পদ সম্বন্ধে কিছু কথা

কথোপকথনের লিখিত ইংরেজী ভাষ্য পড়ার সময় কখন কখন ঠিকমত

বুঝতে না পেরে আপনি ভাবতে পারেন on কথাটি কোন এক বাক্যে কেমন ভাবে কাজ করছে ; কারণ কখন দেখবেন on কথাটি ক্রিয়ার বিশেষণ রূপে ব্যবহৃত হচ্ছে আর কখন দেখবেন ঐ কথাটি আবার অব্যয়পদ রূপে ব্যবহৃত হচ্ছে। এ সমস্যাটীর সমাধান করার চেষ্টা করা যাক। একটা উদাহরণ দেখা যাক :

(ক) Put your coat *on the bed.*

(খ) *Put* your coat *on* কিংবা *Put on* your coat.

(ক)-তে on কথাটি অব্যয়পদ on the bed বাক্যাংশের অংশ। কিন্তু (খ)-তে, on কথাটি ক্রিয়ার বিশেষণ, put ক্রিয়ার অর্থটি পরিপূর্ণ করছে। আগে যেমন দেখিয়েছি, এ রকম ক্রিয়ার বিশেষণ কর্ম্মপদের পরে আসতে পারে (Put your coat on) কিংবা ক্রিয়ার বিশেষণটি, যে ক্রিযার সঙ্গে সংশ্লিষ্ট ঠিক তার পরেই আসতে পারে (Put on your coat). এটা অনেক সময় নির্ভর করে কর্ম্মপদের দীর্ঘতার উপর। যদি এটা শুধু সর্ব্বনাম হয়, তা নিশ্চয় ক্রিয়ার পরে আসবে। যেমন, Put it on (আমরা কখনো বলি না put on it)। কিন্তু যদি কর্ম্মপদটি লম্বা ধরনের হয় তাহ'লে আমরা সম্ভবতঃ ক্রিয়ার বিশেষণটা ক্রিয়ার ঠিক পরেই রাখি। যেমন, Put on that coat that is lying on the bed.

অন্যান্য উদাহরণ :

(ক) You left two words *out of that sentence.*

